স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ ॥

শ্রীপদ্মপুরাণ ।

আরাধিতো যদি হরিস্তপসা ততঃ কিং
নারাধিতো যদি হরিস্তপসা ততঃ কিং ।
অন্তর্ব্বহির্যদি হরিস্তপসা ততঃ কিং
নান্তর্ব্বহির্যদি হরিস্তপসা ততঃ কিং ॥

শ্রীনারদপঞ্চরাত্র ।

শুদ্ধিপত্র ।

পৃষ্ঠা ।	পঙ্‌ক্তি ।	অশুদ্ধ	শুদ্ধ ।
১৮	৪	সিংহবাহু	সিংহ বাহু
১৪৩	[illegible]	তত্রাবিষ্কুন	তত্র বিষ্কুন
১৬৩	[illegible]	ব্রহ্মণ্যপসমাশ্রয়ং	ব্রহ্মণ্যপশমাশ্রয়ং
২৮৯	২০	প্রেক্ষমাণাষু	প্রেক্ষমাণাসু
২৯০	৯	উপহৃত-মধুরঙ্গৈঃ	উপহৃত-মধু রঙ্গৈঃ
৭২৮	১১	প্রিরাসিত্বমতঃ	প্রিয়াসি ত্বমতঃ
৭৪২	১০	চৌষট্টী	চৌষট্টি
৮৬৯	২৫	নারদবক্ষ্যামি	নারদ বক্ষ্যামি

শ্রীশ্রীগৌরাঙ্গবিধুর্বিজয়তে।

নিবেদন।

বন্দেহহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবং।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবং
শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতাশ্রীবিশাখান্বিতাংশ্চ॥

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ং।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ॥

শ্রীমান্রাসরসারম্ভী বংশীবটতটস্থিতঃ।
কর্ষন বেণুস্বনৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েহস্তু নঃ।

কলিযুগপাবনাবতার শরণাগতবৎসল শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর শ্রীচরণ-কৃপায় "শ্রীশ্রীবৃহদ্ভক্তিতত্ত্বসার" গ্রন্থ প্রকাশিত হইল। যাঁহার কৃপাবলে পঙ্গু গিরি লঙ্ঘন করিতে ও মূক বাচালতা করিতে সমর্থ হয়, এবং যাঁহার কৃপাবলে অতীব দুঃসাধ্য কার্য্যসমূহও মুহূর্ত্তমধ্যে সুসাধ্য হইয়া উঠে, সেই অপারকরুণাময় শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রের কৃপাবলেই তদীয় অতি অজ্ঞ ক্ষুদ্রা-দপি ক্ষুদ্র একটা দাস ঈদৃশ সুবৃহৎ গ্রন্থের সম্পাদনে সমর্থ হইল। বস্তুতঃ এই গ্রন্থ সম্পাদন বিষয়ে তাঁহার কৃপাই যে মূল অবলম্বন এবং এই অধম যে কেবল উপলক্ষমাত্র তাহা বলাই নিষ্প্রয়োজন; যাঁহারা এই হতভাগ্যের মূর্খতা ও ভক্তিলেশহীনতার সহিত অণুমাত্রও পরিচিত আছেন, তাঁহারা নিশ্চয়ই তাহা অনায়াসে বুঝিতে পারিবেন।

এই গ্রন্থে গৌরগতপ্রাণ শ্রীবৈষ্ণবগণের ভজনসাধনের স[illegible] নিত্য কীর্ত্তনীয় ও নিত্য স্মরণীয় বহুসংখ্যক অষ্টক, স্তোত্র, ধ্যান প্রভৃ[illegible] এবং অন্যান্য অত্যাবশ্যকীয় নিত্য পাঠ্য বহুবিধ বিষয় সন্নিবেশিত হইয়াছে। গ্রন্থখানি যেরূপভাবে সম্পাদিত হইল, সেরূপ ভাবের গ্রন্থ বৈষ্ণবসমাজে সচরাচর দৃষ্টিগোচর হয় না বলিলেও বোধ হয় অত্যুক্তি হইবে না; ইহার নূতনত্ব ও বিশেষত্ব সম্বন্ধে মহাত্মাগণ একটু পর্য্যবেক্ষণ করিলেই সম্য[illegible] অবগত হইতে পারিবেন। এই গ্রন্থে স্বরচিত বা আধুনিক রচি[illegible] কোনও বিষয় স্থান প্রাপ্ত হয় নাই—সমস্ত বিষয়ই পরম পূজ্যপাদ মহাজনগণ কর্ত্তৃক রচিত শ্রীগ্রন্থসমূহ হইতে সংগৃহীত। সুতরাং বিষয়গুলি যে অতীব সুমধুর ও সুপ্রতিষ্ঠিত তাহা বলা বাহুল্য মাত্র।

এই গ্রন্থ-সন্নিবিষ্ট কতিপয় বিষয় অন্যান্য কএকখানি প্রচলিত গ্রন্থে কোথাও বা কিয়দংশ পরিত্যাগ পূর্ব্বক এবং কোথাও বা পাঠপরিবর্ত্তন ও মুদ্রাঙ্কন প্রভৃতি নানাবিধ ভ্রমসঙ্কুল করতঃ প্রকাশিত দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান গ্রন্থ-সঙ্কলন বিষয়ে পাঠবৈষম্য ও পরিবর্দ্ধন পরিবর্জ্জন-স্থলে কতিপয় গ্রন্থের সমাবেশ করিয়া অধিকাংশ গ্রন্থে গৃহীত অথচ সুসঙ্গত পাঠসমুদায়ই গ্রহণ করা হইয়াছে। বলা বাহুল্য, গ্রন্থখানিকে ভ্রমপ্রমাদ পরিশূন্য ও সর্ব্বাঙ্গসুন্দর করিবার জন্য যথাসাধ্য প্রয়াস পাইয়াছি, কিন্তু এ বিষয়ে কতদূর কৃতকার্য্য হইয়াছি তাহা আমার পরমারাধ্য হৃদয়সর্ব্বস্ব-ধন শ্রীবৈষ্ণববৃন্দের সম্পূর্ণ বিবেচনাধীন। পরিশেষে তাঁহাদের ভুবনপাবন শ্রীচরণসমীপে আমার কায়মনোবাক্যে ও করযোড়ে বিনীত প্রার্থনা এই যে, বর্ত্তমান গ্রন্থে এ অধমের অজ্ঞতা ও অযোগ্যতাপ্রযুক্ত এবং মুদ্রা-করের অনবধানতাবশতঃ যে সমস্ত ভ্রমপ্রমাদ রহিয়া গিয়াছে, তজ্জন্য তাঁহারা যেন স্বীয় স্বভাবসিদ্ধ ক্ষমাগুণে অধীনের অপরাধ মার্জ্জনা করতঃ ভ্রমসমূহ সংশোধন ও প্রদর্শন পূর্ব্বক এ দাসকে কৃতার্থ করেন। এ অধীনের

একটী নিবেদন এই যে, এই গ্রন্থের কলেবর পুষ্টি বা পূর্ণতার নিমিত্ত যদি কোন মহাত্মা শ্রীভগবদ্ভজন বিষয়ে বৈষ্ণবগণের অবশ্য প্রয়োজনীয় নূতন বিষয়সমূহের সন্নিবেশার্থে কৃপা পুরঃসর এ দাসকে আদেশ প্রদান করেন, তাহা হইলে পুনর্মুদ্রাঙ্কনকালে তাঁহাদিগের অমূল্য আদেশ প্রতিপালন বিষয়ে সবিশেষ যত্নবান্ হইবার একান্ত বাসনা রহিল।

উপসংহারে বক্তব্য এই যে, ধান্যকুড়িয়া নিবাসী স্বনামধন্য ও স্বধর্ম্মপরায়ণ দানবীর স্বর্গীয় শ্যামাচরণ বল্লভ জমিদার মহোদয়ের সুযোগ্য মধ্যমপুত্র শ্রীযুক্ত বাবু হরেন্দ্রনাথ বল্লভ মহাশয় এই গ্রন্থ-মুদ্রাঙ্কনের সমুদায় ব্যয়ভার বহন করিয়া বৈষ্ণব-জগতের একটী মহদুপকার সাধন করিলেন। তাঁহারই অনুগ্রহে ঈদৃশ মনোরম ও সুবৃহৎ গ্রন্থের এরূপ অল্পমূল্য-নির্দ্ধারণে সমর্থ হইলাম। তজ্জন্য তাঁহার নিকট যে কতদূর কৃতজ্ঞ তাহা আমি বলিতে অসমর্থ, যেহেতু সাধারণতঃ শ্রীবৈষ্ণবগণের অর্থাভাব-নিবন্ধন অতি অল্প মূল্যে গ্রন্থখানিকে বৈষ্ণবসমাজে প্রচারবিষয়ে মদীয় অন্যতম প্রধান উদ্দেশ্য সফল হইল। এক্ষণে এই গ্রন্থ শ্রীবৈষ্ণবগণের হৃদয়ারাধ্য-দেবের ভজন-সাধন বিষয়ে কিঞ্চিন্মাত্র সহায়তা করিলেও শ্রম সার্থক জ্ঞান ও পরমানন্দ লাভ করিব।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমোনমঃ॥

শ্যামাচরণ লাইব্রেরী।
ধানকুড়িয়া, ২৪ পরগণা।
১লা আশ্বিন, ১৩ ৩ সাল।

শ্রীবৈষ্ণবদাসানুদাস
দীন শ্রীরাধানাথ কাবাসী

সূচীপত্র।

শুদ্ধিপত্র।

মহাত্মাগণ কৃপা করিয়া প্রথমতঃ ভ্রমগুলি সংশোধন করিয়া লইয়া পরে পাঠ করিবেন।

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৵০	১১	যিহ	যিঁহ
৸০	১৪	জপান্তে	জপার্থে
৯৭-১১১	হেডিং	শ্রীশ্রীপ্রার্থনা	শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রি
১৬৩	৩	কূর্ব্বন্তি	কুর্ব্বন্তি
”	১৮	ব্রহ্মণ্যসমাশ্রয়ং	ব্রাহ্মণ্যপণমাশ্রয়ং
১৮৪	১২	যায়	যায়
১৯৪	৪	নামব্রাহ্মণি	নামব্রহ্মণি
২১৭	১৮	ত্যেভঃ	তেভ্যঃ
২৪৬	৫	দামোদবানন্ত	দামোদরানন্ত
২৫৯	২	নমাস্ত	মমাস্ত
২৬৮	১৭	প্রাণমীনাম্বুরাশিঃ	প্রাণমীনাম্বুরাশি-
”	১৮	ব্রজনবযুববরাজঃ	ব্রজনবযুবরাজঃ
২৭৫	১৬	যতোহস্তি	যতোঽস্তি
২৯০	৭	শ্রান্তয়ো	শ্রান্তয়োঃ
”	১৫	যুনোর্দিদৃক্ষা	যুনোর্দিদৃক্ষা
২৯১	১৮	তুভজভজ	ভজ ভজতু
২৯৭	১৩	সুভিগুণৈর্যন্ত্র	সভিগুণৈর্যন্ত্র
২৯৮	৭	নিঃশ্রেপ্রসাৎ	নিঃশ্রেয়সাৎ
৩০১	৩	কৃগুনামান	কংগুনামান
		[illegible]	পর্য্যন্তে

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩১৯	৬	অম্নুদযাট্যা	অম্নুদযাট্যা
৩২০	১২	স্বরূপে	স্বরূপে
৩২২	২২	স্ফরদ্রাস-	স্ফুরদ্রাস-
৩২৬	৪	বন্দ্যাঙ্ঘ্রি পদং	বন্দ্যাঙ্ঘ্রি পদ্মং
„	৮	কর্ত্তনস্থো	কীর্ত্তনস্থো
৩২৭	১৮	যং কেবলং	তং কেবলং
৩৩১	৪	নমে	নমো
৩৫২	১৪	বন্ধ্রং	রন্ধ্রং
„	১৮	গর্ব্বং	সর্ব্বং
৩৭৪	১০	কন্দর্পং	কন্দর্প-
৩৮৩	৯	মরান্দাখ্য	মরন্দাখ্য
„	১২	খী-প্রণয়-	সখী-প্রণয়-
৪১৯	১৪	কণায়তাক্ষীং	কর্ণায়তাক্ষীং
৪২১	২	দিব্যদ্বৃন্দারণ্য-	দীব্যদ্বৃন্দারণ্য-
৪২৭	২	শ্রীমদ্বন্দাবনং	শ্রীমদ্বৃন্দাবনং
৪৯১	১৩	শ্রী শ্রীরাধিকা-ধ্যানামৃ	শ্রীশ্রীরাধিকা-ধ্যানামৃতং
৫০১	১৯	জানুজ ফ	জানুজঙ্ঘান্তগুল্‌ফ
৫০২	৬	চতুর্ভঃ	চতুর্ভিঃ
„	২১	শ্র (শ্রং)	শ্রিয়ং
৫০৪	৭	ষ্কং	নিষ্কং
„	১৯	ক্রস্থ	চক্রস্থ
৫০৭	৬	সম্ভা	সম্ভাব্য

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৫৩৮	২১	লসীর	তুলসীর
৫৪০	১	ধেনুগ	ধেনুগণ।
,,	১৫	ন্দ	নন্দ
,,	২২	ভেজন	ভোজন
৫৪১	১৩	রাণী য়	রাণী বিদায়
৫৫৮	৯	দিব্যদুপত্যকায়াং	দীব্যদুপত্যকায়াং
৫৫৯	১৫	দাত-	দাতু-
,,	২২	চোপ হং	চোপশুহং
৫৬৫	১৯	প্রমসম্পদতুল্য	প্রেমসম্পদতুল্য
৫৬৮	১০	কালিন্দা	কালিন্দী
,,	২২	সিন্দুর	সিন্দূর
৫৮৫	৩	ঘোম্বেষু	ঘোরেষু
,,	৬	অক্রুর	অক্রূর
৬০০	১৬	মধুকব	মধুকর
৬৫৩	২	লসদ্দ্কূলাং	লসদ্দুকূলাং
৬৫৪	৭	বসন্তকালেত্তব	বসন্তকালোত্তব
৬৬৭	১০	ধর্ম্মিল্ল	ধম্মিল্ল
৬৭৯	৭	পুরুষ প্রণবঃ	পুরুষঃ প্রাণঃ প্রাণদঃ প্রণবঃ
,,	১৭	সুমুখঃ সূ	সুমুখঃ সূক্ষ্মঃ
৬৮০	১৫	সঙ্কর্ষণোহচ্যুত	সঙ্কর্ষণোহচ্যুতঃ
৬৯৮	১৬	খড়্গধারী	খড়্গধারী
৭০১	১০	শত্রু	শত্রু
৭০২	১০	কুন্মারবিন্দ	কুন্মারবিন্দ

পৃষ্ঠা	পঙ্ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৭১৮	৩	যূবতী	যুবতী
৭২৩	২	যূক্তা	যুক্তা
৭৪০	৭	সূমন্দিরা	সুমন্দিরা
৭৫৩	৩	নবনিধি	অষ্টসিদ্ধি
৭৫৪	১১	অদ্ভূত	অদ্ভুত
৭৬৫	৫	মণিযূত	মণিযুত
৭৭১	৮	শুক	শুকা
৭৭২	১২	প্রভু	প্রভু
৭৮০	১৬	প্রাণধণ	প্রাণধন
৭৯৫	১৩	কূপেবৃদ্ধৃত	কূপেষূদ্ধৃত
৮১৫	১	নিষিদ্ধোহপি	নিষিদ্ধোঽপি
৮২৪	২০	মূর্দ্ধ্ন্যাপ্নোতি	মূর্দ্ধন্যবাপ্নোতি
৮৬৫	১৬	এষ	এষ
৮৬৯	২১	যষ্টি	ষষ্টি
৮৭২	৭	বষ্টি	ষষ্টি
৮৭৮	১৯	তত্রেব	তত্রৈব
৮৮১	১০	ও ত্যাজ্যা	অত্যাজ্যা
৯০৩	১৩	তিনিই	তিনি
৯০৫	৭	কহিচিৎ	কহিচিত্ত
৯২৩	৭	পর্য্যাষিত্তং	পর্য্যুষিতং
৯২৭	১৯	দেবতা—নারায়ণ	মুক্তি—সালোক্য

৭৫৩ পৃষ্ঠায় ৬ পঙ্‌ক্তির পরে মধ্যস্থলে নবনিধি হেডিং হইবে।

শ্রীশ্রীগৌরচন্দ্রায় নমঃ।

শ্রীশ্রীবৃহদ্ভক্তিতত্ত্বসার।

—:*:—

শ্রীশ্রীগুরু-বন্দনা

আশ্রয় করিয়া বন্দোঁ শ্রীগুরু-চরণ।
যাহা হৈতে মিলে ভাই কৃষ্ণ-প্রেমধন ॥ ধ্রু ॥

জীবের নিস্তার লাগি নন্দসুত হরি।
ভুবনে প্রকাশ হন গুরুরূপ ধরি ॥
মহিমায় গুরু কৃষ্ণ এক করি জান।
গুরু-আজ্ঞা হৃদে সব সত্য করি মান ॥
সত্যজ্ঞানে গুরুবাক্যে যাহার বিশ্বাস।
অবশ্য তাহার হয় ব্রজভূমে বাস ॥
যার প্রতি গুরুদেব হন পরসন্ন।
কোন বিঘ্নে সেহ নাহি হয় অবসন্ন ॥
কৃষ্ণ রুষ্ট হলে গুরু রাখিবারে পারে।
গুরু রুষ্ট হলে কৃষ্ণ রাখিবারে নারে ॥

গুরু মাতা গুরু পিতা গুরু হন পতি।
গুরু বিনা এ সংসারে নাহি আর গতি॥
গুরুকে মনুষ্য জ্ঞান না কর কখন।
গুরু-নিন্দা কভু কর্ণে না কর শ্রবণ॥
গুরু-নিন্দুকের মুখ কভু না হেরিবে।
যথা হয় গুরুনিন্দা তথা না যাইবে॥
গুরুর বিক্রিয়া যদি দেখহ কখন।
তথাপি অবজ্ঞা নাহি কর কদাচন॥
গুরু-পাদপদ্মে রহে যার নিষ্ঠা ভক্তি।
জগৎ তারিতে সেই ধরে মহাশক্তি॥
হেন গুরু-পাদপদ্ম করহ বন্দনা।
যাহা হৈতে ঘুচে ভাই সকল যন্ত্রণা॥
গুরু-পাদপদ্ম নিত্য যে করে বন্দন।
শিরে ধরি বন্দি আমি তাহার চরণ॥
শ্রীগুরুচরণ-পদ্ম হৃদে করি আশ।
শ্রীগুরু বন্দনা করে সনাতন দাস॥

ইতি শ্রীশ্রীগুরু-বন্দনা সমাপ্তা।

শ্রীশ্রীবৈষ্ণব-শরণ

বৃন্দাবনবাসী যত বৈষ্ণবের গণ ।
প্রথমে বন্দনা করি সবার চরণ ॥
নীলাচলবাসী যত মহাপ্রভুর গণ ।
ভূমিতে পড়িয়া বন্দোঁ সবার চরণ ॥
নবদ্বীপবাসী যত মহাপ্রভুর ভক্ত ।
সবার চরণ বন্দোঁ হঞা অনুরক্ত ॥
মহাপ্রভুর ভক্ত যত গৌড়দেশে স্থিতি ।
সবার চরণ বন্দোঁ করিয়া প্রণতি ॥
যে দেশে যে দেশে বৈসে গৌরাঙ্গের গণ
ঊর্দ্ধবাহু করি বন্দোঁ সবার চরণ ॥
হঞাছেন হবেন প্রভুর যত দাস ।
সবার চরণ বন্দোঁ দন্তে করি ঘাস ॥
ব্রহ্মাণ্ড তারিতে শক্তি ধরে জনে জনে ।
এ বেদ পুরাণে গুণ গায় যেবা শুনে ॥
মহাপ্রভুর গণ সব পতিতপাবন ।
তাই লোভে মুঞি পাপী লইনু শরণ ॥
বন্দনা করিতে মুঞি কত শক্তি ধরি ।
তমোবুদ্ধি-দোষে মুঞি দম্ভ মাত্র করি ॥

তথাপি মূকের ভাগ্য মনের উল্লাস।
দোষ ক্ষমি মো অধমে কর নিজ দাস ॥॥
সর্ব্ব-বাঞ্ছা-সিদ্ধি হয় যম-বন্ধ ছুটে।
জগতে দুর্ল্লভ হঞা প্রেমধন লুটে ॥
মনের বাসনা পূর্ণ অচিরাতে হয়।
দেবকীনন্দন দাস এই লোভে কয় ॥

ইতি শ্রীশ্রীবৈষ্ণব-শরণ সমাপ্ত।

শ্রীশ্রীবৈষ্ণব-বন্দনা।

আভীব রাগ।

প্রাণ গোরাচাঁদ মোর ধন গোরাচাঁদ।
জগৎ বাঁধিল গোরা পাতি প্রেমফাঁদ ॥ ধ্রু ॥

মিনতি করিয়া তৃণ ধরিয়া দশনে।
নিবেদন করোঁ গুরু-বৈষ্ণব-চরণে ॥
শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দ-অবতারে।
যতেক বৈষ্ণব তাহা কে কহিতে পারে ॥
বৈষ্ণব জানিতে নারে দেবের শকতি।
মুঞি কোন্ ছার হও শিশু অল্পমতি ॥
জিহ্বার আরতি আর মনের বাসনা।
তেঞি সে করিতে চাহোঁ বৈষ্ণব-বন্দনা ॥
যে কিছু কহিয়ে গুরু-বৈষ্ণব-প্রসাদে।
ক্রমভঙ্গে না লইবে মোর অপরাধে ॥
বন্দোঁ শচী জগন্নাথ মিশ্র পুরন্দর।
যাঁহার নন্দন বিশ্বরূপ বিশ্বম্ভর ॥
বন্দনা করিব বিশ্বরূপ ধন্য ধন্য।
চৈতন্য-অগ্রজ নাম শ্রীশঙ্করারণ্য ॥
বন্দিব সে মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য।
পতিতপাবন অবতার ধন্য ধন্য ॥

বন্দোঁ লক্ষ্মী ঠাকুরাণী আর বিষ্ণুপ্রিয়া।
গদাধর পণ্ডিত গোসাঞি বন্দনা করিয়া॥
বন্দোঁ পদ্মাবতী দেবী হাড়াই পণ্ডিত।
যাঁর পুত্র নিত্যানন্দ অদ্ভুত-চরিত॥
দয়ার ঠাকুর বন্দোঁ প্রভু নিত্যানন্দ।
যাঁহা হৈতে নাটে গীতে সবার আনন্দ॥
বসুধা জাহ্নবা বন্দোঁ দুই ঠাকুরাণী।
যাঁর পুত্র বীরভদ্র জগতে বাখানি॥
বীরভদ্র গোসাঞি বন্দিব সাবধানে।
সকল ভুবন বশ যাঁর আচরণে॥
জাহ্নবার প্রিয় বন্দোঁ রামাই গোসাঞি।
যে আনিল গৌড়দেশে কানাই বলাই॥
যৈছে বীরভদ্র জানি তৈছে শ্রীরামাই।
জাহ্নবা মাতার আজ্ঞা ইথে আন নাই॥
শ্রীগোপীজনবল্লভ বন্দিব যতনে।
অদ্ভুত চরিত্র যাঁর না যায় বর্ণনে॥
গোসাঞি শ্রীরামচন্দ্র বন্দিব সাদরে।
জীব উদ্ধারিতে যিহঁ বহু গুণ ধরে॥
গোসাঞি শ্রীরামকৃষ্ণ বন্দোঁ একমনে।
যাঁহার অশেষ গুণ জগতে বাখানে॥
নিত্যানন্দ-সুতা বন্দোঁ গঙ্গা ঠাকুরাণী।
ভুবন ভরিয়া যাঁর সুযশ বাখানি॥

দয়ার ঠাকুর বন্দোঁ যতেক বৈষ্ণব।
যাঁদের কৃপায় পাই শ্রীরাধামাধব॥

ভাটিয়ারী রাগ।

ধন্য অবতার গোরা ন্যাসি-চূড়ামণি।
এমন সুন্দর নাম কোথাও না শুনি॥ ধ্রু॥

সাবধানে বন্দিব শ্রীমাধবেন্দ্রপুরী।
বিষ্ণুভক্তি-পথের প্রথম অবতরী॥
আচার্য্য-গোসাঞি বন্দোঁ অদ্বৈত ঈশ্বর।
যে আনিল মহাপ্রভু ভুবন-ভিতর॥
সীতা ঠাকুরাণী বন্দোঁ হঞা একমন।
শ্রীঅচ্যুতানন্দ বন্দোঁ তাঁহার নন্দন॥
বন্দিব শ্রীশ্রীনিবাস ঠাকুর পণ্ডিত।
নারদ খেয়াতি যাঁর ভুবন-পূজিত॥
ভক্তি করি বন্দিব মালিনী ঠাকুরাণী।
শ্রীমুখে গৌরাঙ্গ যাঁরে বলিলা জননী॥
শ্রীনারায়ণী দেবী বন্দিব সাবধানে।
আলবাটী প্রভু যাঁরে বলিলা আপনে॥
হরিদাস ঠাকুর বন্দোঁ বিরক্ত-প্রধান।
দ্রব্য দিয়া শিশুরে লওয়াইলা হরিনাম॥
গোপীনাথ ঠাকুর বন্দোঁ জগৎ-বিখ্যাত।
প্রভুর স্তুতিপাঠে যেই ব্রহ্মা সাক্ষাত॥

বন্দিব মুরারি গুপ্ত ভক্তিশক্তিমন্ত।
পূর্ব্ব অবতারে যার নাম হনুমন্ত॥
শ্রীচন্দ্রশেখর বন্দোঁ চন্দ্র সুশীতল।
আচার্য্যরত্ন যাঁর খ্যাতি নিরমল॥
গোবিন্দ গরুড় বন্দোঁ মহিমা অপার।
গৌরপদে ভক্তিদ্বারে যাঁর অধিকার॥
বন্দিব অম্বষ্ঠ নাম শ্রীমুকুন্দ দত্ত।
গন্ধর্ব্ব জিনিয়া যাঁর গানের মহত্ত্ব॥
বাসুদেব দত্ত বন্দোঁ বড় শুদ্ধভাবে।
উৎকলে যাঁহারে প্রভু রাখিলা সমীপে
বন্দোঁ মহা নিরীহ পণ্ডিত দামোদর।
পীতাম্বর বন্দোঁ তাঁর জ্যেষ্ঠ সহোদর॥
বন্দোঁ শ্রীজগন্নাথ শঙ্কর নারায়ণ।
বড় উদাসীন এই ভাই পঞ্চজন॥
বন্দোঁ মহাশয় চক্রবর্ত্তী নীলাম্বর।
প্রভুর ভবিষ্য যিঁহ কহিলা সত্বর॥
শ্রীরাম পণ্ডিত বন্দোঁ গুপ্ত নারায়ণ।
বন্দোঁ গুরু বিষ্ণু গঙ্গাদাস সুদর্শন॥
বন্দোঁ সদাশিব আর শ্রীগর্ভ শ্রীনিধি।
বুদ্ধিমন্ত খান বন্দোঁ আর বিদ্যানিধি॥
বন্দিব ধার্ম্মিক ব্রহ্মচারী শুক্লাম্বর।
প্রভু যাঁরে দিল নিজ প্রেমভক্তি বর॥

নন্দন আচার্য্য বন্দোঁ। লেখক বিজয়।
বন্দোঁ। রামদাস কবিচন্দ্র মহাশয়॥
বন্দোঁ। খোলাবেচা-খ্যাতি পণ্ডিত শ্রীধর।
প্রভু-সঙ্গে যাঁর নিত্য কৌতুক কোন্দল॥
বন্দোঁ। ভিক্ষু বনমালী পুত্রের সহিতে।
প্রভুর প্রকাশ যে দেখিলা আচম্বিতে॥
হলায়ুধ ঠাকুর বন্দোঁ। করিয়া আদর।
বন্দনা করিব শ্রীবাসুদেব ভাদর॥
বন্দিব ঈশানদাস করযোড় করি।
শচী ঠাকুরাণী যাঁরে স্নেহ কৈল বড়ি॥
বন্দোঁ। জগদীশ আর শ্রীমান্ সঞ্জয়।
গরুড় কাশীশ্বর বন্দোঁ। করিয়া বিনয়॥
বন্দনা করিব গঙ্গাদাস কৃষ্ণানন্দ।
শ্রীরায় মুকুন্দ বন্দোঁ। করিয়া আনন্দ॥
বল্লভ আচার্য্য বন্দোঁ। জগজনে জানি।
যাঁর কন্যা আপনি শ্রীলক্ষ্মী ঠাকুরাণী॥
সনাতন মিশ্র বন্দোঁ। আনন্দিত হৈয়া।
যাঁর কন্যা ধন্যা ঠাকুরাণী বিষ্ণুপ্রিয়া॥
আচার্য্য বনমালী বন্দোঁ। দ্বিজ কাশীনাথ।
প্রভুর বিবাহে যিঁহ ঘটক সাক্ষাৎ॥
প্রভুর বিবাহোৎসবে ছিল যত জন।
তাঁ সবার পাদপদ্ম বন্দি সর্ব্বক্ষণ॥

সুহই রাগ।

ভাল অবতার শ্রীগৌরাঙ্গ অবতার।
এমন করুণানিধি কভু নাহি আর॥ ধ্রু॥

গোসাঞি ঈশ্বরপুরী বন্দোঁ সাবধানে।
লোকশিক্ষাদীক্ষা প্রভু কৈল যাঁর স্থানে॥
কেশব ভারতী বন্দোঁ সান্দীপনী মুনি।
প্রভু যাঁরে ন্যাসী গুরু করিলা আপনি॥
বন্দিব শ্রীরামচন্দ্রপুরীর চরণ।
প্রভু যাঁরে কহিলেন শ্রীরামের গণ॥
পরমানন্দপুরী বন্দোঁ উদ্ধব-স্বভাব।
দামোদরপুরী বন্দোঁ সত্যভামার ভাব॥
নরসিংহতীর্থ বন্দোঁ পুরী সুখানন্দ।
শ্রীগোবিন্দপুরী বন্দোঁ পুরী ব্রহ্মানন্দ॥
নৃসিংহপুরী বন্দোঁ সত্যানন্দ ভারতী।
বন্দিব গরুড় অবধূত মহামতি॥
বিষ্ণুপুরী গোসাঞি বন্দোঁ করিয়া যতন।
বিষ্ণুভক্তিরত্নাবলী যাঁহার গ্রন্থন॥
ব্রহ্মানন্দস্বরূপ বন্দোঁ বড় ভক্তি করি।
কৃষ্ণানন্দপুরী বন্দোঁ শ্রীরাঘবপুরী॥
বিশ্বেশ্বরানন্দ বন্দোঁ বিষ্ণুপরকাশ।
মহাপ্রভুর পদে যাঁর বিশেষ বিশ্বাস॥

শ্রীকেশবপুরী বন্দোঁ অনুভবানন্দ।
বন্দিব ভারতী-শিষ্য নাম চিদানন্দ॥
শ্রীবংশীবদন বন্দোঁ যুড়ি দুই কর।
যাঁরে বংশী-অবতার কৈলা গদাধর॥
গৌরাঙ্গের প্রাণসম শ্রীবংশীবদন।
যাঁহার শরণে মিলে চৈতন্য-চরণ॥
বন্দোঁ রূপ সনাতন দুই মহাশয়।
বৃন্দাবনভূমি দুহেঁ করিলা নির্ণয়॥
শ্রীজীব গোসাঞি বন্দোঁ সবার সম্মত।
সিদ্ধান্ত করিয়া যে রাখিল ভক্তিতত্ত্ব॥
রঘুনাথদাস বন্দোঁ রাধাকুণ্ডবাসী।
রাঘব গোসাঞি বন্দোঁ গোবর্দ্ধন-বিলাসী॥
বন্দিব গোপালভট্ট বৃন্দাবন-মাঝে।
সনাতন-রূপ-সঙ্গে সতত বিরাজে॥
রঘুনাথভট্ট বন্দোঁ প্রভুর আজ্ঞাতে।
বৃন্দাবনে অধ্যাপক শ্রীশ্রীভাগবতে॥
কাশীশ্বর গোসাঞি বন্দোঁ হঞা একমতি।
মথুরামণ্ডলে যাঁর বিশেষ খেয়াতি॥
শুদ্ধ সরস্বতী বন্দোঁ বড় শুদ্ধমতি।
প্রভুর চরণে যাঁর বিশুদ্ধ ভকতি॥
প্রবোধানন্দ গোসাঞি বন্দিব যতনে।
যে করিলা মহাপ্রভুর গুণের বর্ণনে॥

লোকনাথ গোসাঞি বন্দোঁ। ভূগর্ভ ঠাকুর।
দীনহীন লাগি যাঁর করুণা প্রচুর॥
জগদানন্দ পণ্ডিত বন্দোঁ। সাক্ষাৎ সরস্বতী।
প্রভু যাঁরে করিলেন পরম পিরীতি॥
মহা-অনুভব বন্দোঁ। পণ্ডিত রাঘব।
পাণিহাটী গ্রামে যাঁর প্রকাশ বৈভব॥
পুরন্দর পণ্ডিত বন্দোঁ। অঙ্গদ-বিক্রম।
সপরিবারে লাঙ্গুল যাঁর দেখিলা ব্রাহ্মণ॥
কাশীমিশ্র বন্দোঁ। প্রভু যাঁহার আশ্রমে।
বাণীনাথ পট্টনায়ক বন্দিব সম্ভ্রমে॥
শ্রীপ্রদ্যুম্নমিশ্র বন্দোঁ। রায় ভবানন্দ।
কলানিধি সুধানিধি গোপীনাথ বন্দোঁ।॥
রায় রামানন্দ বন্দোঁ। বড় অধিকারী।
প্রভু যাঁরে লভিলা দুর্ল্লভ জ্ঞান করি॥
বক্রেশ্বর পণ্ডিত বন্দোঁ। দিব্য-শরীর।
অভ্যন্তরে কৃষ্ণতেজ গৌরাঙ্গ বাহির॥
বন্দিব সুগ্রীব মিশ্র শ্রীগোবিন্দানন্দ।
প্রভু লাগি মানসিক যাঁর সেতুবন্ধ॥
সম্ভ্রমে বন্দিব আর গদাধরদাস।
বৃন্দাবনে অতিশয় যাঁহার প্রকাশ॥
সদাশিব কবিরাজ বন্দোঁ। একমনে।
সকল বৈষ্ণব বশ যাঁর প্রেমগুণে॥

প্রেমময়-তনু বন্দোঁ সেন শিবানন্দ।
জাতি প্রাণ ধন যাঁর গোরাপদ-দ্বন্দ্ব॥
চৈতন্যদাস রামদাস আর কর্ণপূর।
শিবানন্দের তিন পুত্র বন্দিব প্রচুর॥
বন্দিব মুকুন্দ দত্ত ভাবে শুদ্ধচিত্ত।
ময়ূরের পাখা দেখি হইলা মূর্চ্ছিত॥
প্রেমের আলয় বন্দোঁ নরহরিদাস।
নিরন্তর যাঁর চিত্তে গৌরাঙ্গ-বিলাস॥
মধুর-চরিত্র বন্দোঁ শ্রীরঘুনন্দন।
আকৃতি প্রকৃতি যাঁর ভুবন-মোহন॥
সকল-মহান্তপ্রিয় শ্রীরঘুনন্দন।
নিতাই দিলেন যাঁরে সুমাল্য চন্দন॥
প্রেমসুখময় বন্দোঁ কানাই ঠাকুর।
মহাপ্রভু দয়া যাঁরে করিলা প্রচুর॥
রঘুনাথদাস বন্দোঁ প্রেমসুধাময়।
যাঁহার চরিত্রে সব লোক বশ হয়॥
আচার্য্য পুরন্দর বন্দোঁ পণ্ডিত দেবানন্দ।
গৌর-প্রেমময় বন্দোঁ শ্রীআচার্য্যচন্দ্র॥
আকাই হাটের বন্দোঁ কৃষ্ণদাস ঠাকুর।
পরমানন্দ পণ্ডিত বন্দোঁ সতীর্থ প্রভুর॥
গোবিন্দ ঘোষ ঠাকুর বন্দোঁ সাবধানে।
যাঁর নাম সার্থক প্রভু করিলা আপনে॥

বন্দিব মাধব ঘোষ প্রভুর প্রীতিস্থান।
প্রভু যাঁরে করিলা অভ্যঙ্গ-স্বরদান ॥
শ্রীবাসুদেব ঘোষ বন্দিব সাবধানে।
গৌরগুণ বিনা যেই অন্য নাহি জানে ॥
ঠাকুর শ্রীঅভিরাম বন্দিব সাদরে।
ষোল-সাঙ্গের কাষ্ঠ যেঁহো বংশী করে ধরে
সুন্দরানন্দ ঠাকুর বন্দিব বড় আশে।
ফুটাল কদম্বফুল জম্বীরের গাছে ॥
পরমেশ্বরদাস ঠাকুর বন্দোঁ সাবধানে।
শৃগালে লওয়ান নাম সংকীর্ত্তন-স্থানে ॥
ইষ্টদেব বন্দোঁ শ্রীপুরুষোত্তম নাম।
কে কহিতে পারে তাঁর গুণ অনুপাম ॥
সর্ব্বগুণহীন যে তাহারে দয়া করে।
আপনার সহজ-করুণাশক্তি-বলে ॥
সপ্তম বৎসরে যাঁর শ্রীকৃষ্ণ-উন্মাদ।
ভুবনমোহন নৃত্য শকতি অগাধ ॥
গৌরীদাস কীর্ত্তনীয়ার কেশেতে ধরিয়া।
নিত্যানন্দ-স্তব করাইলা শক্তি দিয়া ॥
গদাধরদাস আর শ্রীগোবিন্দ ঘোষ।
যাঁহার প্রকাশ দেখি প্রভুর সন্তোষ ॥
যাঁর অষ্টোত্তরশত ঘট, গঙ্গাজলে।
অভিষেক সর্ব্বজ্ঞাতা হন শিশুকালে ॥

করবীর মঞ্জরী আছিল যাঁর কানে।
পদ্ম-গন্ধ হৈল তাহা সবা বিদ্যমানে॥
যাঁর নামে স্নিগ্ধ হয় বৈষ্ণব সকল।
মূর্ত্তিমন্ত প্রেমসুখ যাঁর কলেবর।
কালা কৃষ্ণদাস বন্দোঁ বড় ভক্তি করি।
দিব্য উপবীত বস্ত্র কৃষ্ণতেজোধারী॥
কমলাকর পিপলাই বন্দোঁ ভাববিলাসী।
যে প্রভুরে বলিল লহ বেত্র দেহ বাঁশী॥
রত্নাকরসুত বন্দোঁ পুরুষোত্তম নাম।
নদীয়া বসতি যাঁর দিব্য-তেজোধাম॥
উদ্ধারণ দত্ত বন্দোঁ হঞা সাবহিত।
নিত্যানন্দ-সঙ্গে বেড়াইলা সর্ব্বতীর্থ॥
গৌরীদাস পণ্ডিত বন্দো প্রভুর আজ্ঞাকারী।
আচার্য্য গোসাঞিরে নিল উৎকল-নগরী॥
পুরুষোত্তম পণ্ডিত বন্দোঁ বিলাসী সুজন।
প্রভু যাঁরে দিলা আচার্য্য-গোসাঞির স্থান॥
বন্দিব সারঙ্গ দাস হঞা একমন।
মকরধ্বজ কর বন্দোঁ প্রভুর গায়ন॥
রুদ্রারি কবিরাজ বন্দোঁ ভাগবতাচার্য্য।
শ্রীমধু পণ্ডিত বন্দোঁ অনন্ত আচার্য্য॥
গোবিন্দ আচার্য্য বন্দোঁ সর্ব্বগুণশালী।
যে করিল রাধাকৃষ্ণের বিচিত্র ধামালী॥

সার্ব্বভৌম বন্দোঁ বৃহস্পতির চরিত্র।
প্রভুর প্রকাশে যাঁর অদ্ভুত কবিত্ব॥
বন্দিব প্রতাপরুদ্র ইন্দ্রদ্যুম্ন-খ্যাতি।
প্রকাশিলা প্রভু যাঁরে ষড়্‌ভুজ আকৃতি॥
দ্বিজ রঘুনাথ বন্দোঁ উড়িয়া বিপ্রদাস।
অভিন্ন অচ্যুত বন্দোঁ আচার্য্য শ্যামদাস॥
দ্বিজ হরিদাস বন্দোঁ বৈদ্য বিষ্ণুদাস।
যাঁর গীত শুনি প্রভুর অধিক উল্লাস॥
কানাই খুটিয়া বন্দোঁ বিশ্ব-পরচার।
জগন্নাথ বলরাম দুই পুত্র যাঁর॥
বন্দোঁ উড়িয়া বলরাম দাস মহাশয়।
জগন্নাথ বলরাম যাঁর বশ হয়॥
জগন্নাথ দাস বন্দোঁ সঙ্গীত-পণ্ডিত।
যাঁর গান-রসে জগন্নাথ বিমোহিত॥
বন্দিব শিবানন্দ পণ্ডিত কাশীশ্বর।
বন্দিব চন্দনেশ্বর আর সিংহেশ্বর॥
বন্দিব সুবুদ্ধি মিশ্র মিশ্র শ্রীশ্রীনাথ।
তুলসী মিশ্র বন্দোঁ মাহিতী কাশীনাথ॥
শ্রীহরিভট্ট বন্দোঁ মাহিতী বলরাম।
বন্দোঁ পট্টনায়ক মাধব যাঁর নাম॥
বসুবংশ রামানন্দ বন্দিব যতনে।
যাঁর বংশে গৌর বিনা অন্য নাহি জানে॥

বন্দিব পুরুষোত্তম নাম ব্রহ্মচারী।
শ্রীমধু পণ্ডিত বন্দোঁ বড় অধিকারী॥
শ্রীকর পণ্ডিত বন্দোঁ দ্বিজ রামচন্দ্র।
সর্ব্ব সুখময় বন্দোঁ যদু কবিচন্দ্র॥
বিলাসী বৈরাগী বন্দোঁ পণ্ডিত ধনঞ্জয়।
সর্ব্বস্ব প্রভুরে দিয়া ভাণ্ড হাতে লয়॥
জগন্নাথ পণ্ডিত বন্দোঁ আচার্য্য লক্ষ্মণ।
শ্রীকৃষ্ণ পণ্ডিত বন্দোঁ বড় শুদ্ধমন॥
সূর্য্যদাস পণ্ডিত বন্দোঁ বিখ্যাত সংসারে
বসুধা জাহ্নবা দুই কন্যা যাঁর ঘরে॥
মুরারি চৈতন্যদাস বন্দোঁ সাবধানে।
আশ্চর্য্য চরিত্র যাঁর প্রহ্লাদ-সমানে॥
পরমানন্দ গুপ্ত বন্দোঁ সেন জগন্নাথ।
কবিচন্দ্র মুকুন্দ বালক রমানাথ॥
শ্রীকংসারি সেন বন্দোঁ সেন শ্রীবল্লভ।
ভাস্কর ঠাকুর বন্দোঁ বিশ্বকর্ম্মা-অনুভব॥
সঙ্গীত-রচক বন্দোঁ বলরাম দাস।
নিত্যানন্দচন্দ্রে যাঁর সুদৃঢ় বিশ্বাস॥
মহেশ পণ্ডিত বন্দোঁ বড়ই উন্মাদী।
জগদীশ পণ্ডিত বন্দোঁ নৃত্যবিনোদী॥
নারায়ণীসুত বন্দোঁ বৃন্দাবনদাস।
যাঁহার কবিত্ব গীত জগতে প্রকাশ॥

বড়গাছির বন্দিব ঠাকুর কৃষ্ণদাস।
প্রেমানন্দ নিত্যানন্দে যাঁহার বিশ্বাস ॥
পরমানন্দ অবধৌত বন্দোঁ একমনে।
সর্ব্বদা উন্মত্ত দেহবাহ্য নাহি জানে ॥
বন্দিব সে অনাদি গঙ্গাদাস পণ্ডিত।
যদুনাথ দাস বন্দোঁ মধুর-চরিত ॥
পুরুষোত্তমপুরী বন্দোঁ তীর্থ জগন্নাথ।
শ্রীরাম তীর্থ বন্দোঁ পুরী রঘুনাথ ॥
বাসুদেব তীর্থ বন্দোঁ আশ্রমী উপেন্দ্র।
বন্দিব অনন্তপুরী হরিহরানন্দ ॥
মুকুন্দ কবিরাজ বন্দোঁ নির্ম্মল-চরিত।
বন্দিব আনন্দময় শ্রীজীব পণ্ডিত ॥
বন্দনা করিব শিশু কৃষ্ণদাস নাম।
প্রভুর পালনে যাঁর দিব্য তেজোধাম ॥
মাধব আচার্য্য বন্দোঁ কবিত্ব শীতল।
যাঁহার রচিত গীত শ্রীকৃষ্ণমঙ্গল ॥
গৌরীদাস পণ্ডিতের অনুজ কৃষ্ণদাস।
বন্দিব নৃসিংহ আর শ্রীচৈতন্যদাস ॥
রঘুনাথ ভট্ট বন্দোঁ করিয়া বিশ্বাস।
বন্দোঁ দিব্য-লোচন শ্রীরামচন্দ্র দাস ॥
শ্রীশঙ্কর বন্দোঁ বড় অকিঞ্চন-রীতি।
ডম্ফের বাদ্যেতে যে প্রভুর কৈল প্রীতি ॥

প্রেমানন্দময় বন্দোঁ আচার্য্য মাধব।
ভক্তিবলে হৈলা গঙ্গাদেবীর বল্লভ॥
নারায়ণ পৈড়ারি বন্দোঁ চক্রবর্ত্তী শিবানন্দ।
বন্দনা করিতে বৈষ্ণবের নাহি অন্ত॥
এই অবতারে যত অশেষ বৈষ্ণব।
কহনে না যায় সবার অনন্ত বৈভব॥
অনন্ত বৈষ্ণবগণ অনন্ত মহিমা।
হেন জন নাহি যে করিতে পারে সীমা॥
বন্দনা করিতে মোর কত আছে বুদ্ধি।
বেদেহ জানিতে নারে বৈষ্ণবের শুদ্ধি॥
সবাকার উপদেষ্টা বৈষ্ণব ঠাকুর।
শ্রবণ-নয়ন-মন-বচনের দূর॥
শরণ লইয়া ভজ বৈষ্ণব-চরণে।
সংক্ষেপে কহিল কিছু বৈষ্ণব-বন্দনে॥
বৈষ্ণব-বন্দনা পড়ে শুনে যেই জন।
অন্তরের মল ঘুচে শুদ্ধ হয় মন॥
প্রভাতে উঠিয়া পড়ে বৈষ্ণব-বন্দনা।
কোন কালে নাহি পায় কোনহ যন্ত্রণা॥
দেবের দুর্ল্লভ সেই প্রেমভক্তি লভে।
দেবকীনন্দন দাস কহে এই লোভে॥

ইতি শ্রীশ্রীবৈষ্ণব-বন্দনা সমাপ্তা।

শ্রীশ্রীসংক্ষিপ্ত-বৈষ্ণববন্দনা।

ভজ ভজ মন শ্রীগুরু-চরণ
সকল বেদের স্মার।
পতিত দুর্গতে প্রেমধন দিতে
পরম করুণা যাঁর॥
বন্দোঁ শ্রীচৈতন্য নিত্যানন্দ ধন্য
সীতানাথ সেই ঠামে।
যুগল চরণ করিব বন্দন
গদাধর তার বামে॥
নবদ্বীপপুরী বৃন্দাবন করি
সুরধুনীতীরে বাস।
সেই ত নগরে আনন্দে বিহরে
চৈতন্যের যত দাস॥
সবার চরণ করিব বন্দন
নীলাচলবাসী যত।
সংক্ষেপে চরণ করিব বন্দন
বিস্তারি বন্দিব কত॥
শ্রীরূপ সনাতন করিয়া বন্দন
জীব ভট্ট রঘুনাথ।
ভট্ট-গোপাল-চরণ করিব বন্দন
দাস-রঘুনাথ-সাথ॥

মিশ্র পুরন্দর নবদ্বীপে ঘর
বন্দি তাঁহার চরণ।
স্বরূপ দামোদর চরণ বন্দিব
করিয়া অতি যতন॥
শ্রীবাস মহাশয় রামানন্দ রায়
বন্দনা করিব আগে।
যাঁহার নাটকে যত দুঃখ থাকে
সিংহরবে করী ভাগে॥
শ্রীশচী ঠাকুরাণী চরণ দুখানি
বন্দনা করিব আমি।
শ্রীবাস-ঘরণী অচ্যুত-জননী
দুহুঁ-পদে পরণামি॥
গৌরাঙ্গ-চরণ ভজে যেই জন
তাঁহার চরণ সেবি।
বৈষ্ণব-চরণ করিব বন্দন
শ্রীগুরু-চরণ ভাবি॥
অনাথের বন্ধু করুণার সিন্ধু
সর্ব্বজীবে করেন দয়া।
দীন হীন জনে আপনার গুণে
প্রভু দেহ পদ ছায়া॥
ঠাকুর গৌরীদাস অম্বিকা নিবাস
বন্দনা করিব তাঁরে।

বন্দোঁ অভিরাম অতি বলবান্
বংশীকাষ্ঠ করে ধরে॥
বন্দোঁ সরস্বতী অতি শুদ্ধমতি
চরণ বন্দিব তাঁর।
জাতি কুল ছাড়ি ধিক্ ধিক্ করি
গৌরাঙ্গ করিল সার॥
বন্দোঁ নরহরি লইয়া গাগরী
নগরে নগরে ফেরে।
দুঃখী তাপী জনে আপনার গুণে
বিতরল সকরুণে॥
শ্রীরঘুনন্দন করিয়া কীর্ত্তন
বন্দিব তাঁহার পায়।
যাঁহার কীর্ত্তনে বাহুর দোলনে
ভুলিলা গৌরাঙ্গরায়॥
বসু রামানন্দ সেন শিবানন্দ
করি চরণ বন্দন।
কবি কর্ণপূর ভকতের সূর
বন্দিব তাঁহার নন্দন॥
বন্দিব শ্রীধর মাধব শঙ্কর
প্রভুর সহিত খেলা।
বন্দোঁ হরিদাস মহিমা প্রকাশ
নামে বাঁধিল ভেলা॥

দ্বিজ হরিদাস কাঞ্চন-নগরে বাস
গৌরপ্রেমেতে আনন্দ।
দুই পুত্র যাঁর গুণের সাগর
শ্রীদাস গোকুলানন্দ॥
বন্দোঁ বাসুঘোষ সদাই সন্তোষ
গোবিন্দ যাঁহার ভাই।
যাঁহার অঙ্গনে বিনোদ-বন্ধনে
নাচে গৌর নিতাই॥
চৌষট্টি মহান্ত চরিত্র অনন্ত
সকলই ব্রজের গোপী।
গিরি-পুরীগণ করিব বন্দন
আদি কেশব ভারতী॥
বন্দোঁ দুই ভাই জগাই মাধাই
হরি হরি বলি নাচে।
যাঁরে দিয়া নাম গৌর গুণধাম
রাখিলা আপন কাছে॥
গয়া-গঙ্গা-কাশী- অযোধ্যাদি-বাসি-
গণের বন্দনা করি।
সবার চরণ করিব বন্দন
যে থাকে মথুরাপুরী॥
নগর-ভিতরে যেবা বাস করে
যত বা যমুনা-তীরে।

তা সবা-চরণ করিব বন্দন
ধরি আমি শিরোপরে॥
ব্রজবাসি-ঘরে যেবা বাস করে
জলের গাগরী বয়।
তা সবা-চরণ করিতে বন্দন
মনের উল্লাস হয়॥
বৃন্দাবনপুরী আনন্দ-লহরী
বাস করে যত জন।
তা সবা-চরণ করিব বন্দন
সানন্দিত হয়ে মন॥
যত কুঞ্জবাসী ব্রজেতে নিবাসী
সবার বন্দনা করি।
সংক্ষেপে চরণ করিব বন্দন
বিস্তারি বন্দিতে নারি॥
মধুবনে হয় তালবনে রয়
কুমুদবনে যার ঘর।
বহুলা-নিবাসী যত ব্রজবাসী
সবে মোরে দয়া কর॥
শ্রীকুণ্ডনিবাসী শ্যামকুণ্ডবাসী
গোবর্দ্ধনবাসী যত।
একত্র করিয়া করিব বন্দন
বিস্তারি বর্ণিব কত॥

দিঘী কাম্যবনে থাকে যত জনে
সবার চরণ ধরি।
বৃষভানুপুরে আর নন্দীশ্বরে
সকলের বন্দনা করি॥
যাবট-নিকটে কিশোরীর বটে
বাস করে যত জন।
কোকিলবন-বাসী বৈঠল-নিবাসী
করি চরণ বন্দন॥
পদচিহ্ন-স্থানে রাসলীলা স্থানে
দহিগ্রামে যত জন।
কোটবন-বাসী শেষশায়ী-নিবাসী
করি চরণ বন্দন॥
ব্রজ বৃন্দাবনে মণ্ডলী-বন্ধনে
তিনশত চৌষট্টি গ্রাম।
মুঞি মূঢ়মতি কি আছে শকতি
প্রত্যেক্যে লইতে নাম॥
রামঘাট-তটে আর অক্ষয়-বটে
নন্দঘাটে যত জন।
ভদ্রবন-বাসী ভাণ্ডীর-নিবাসী
করি চরণ বন্দন॥
বেলবনে ঘর মান সরোবর
লোহবনে যার ঘর।

বলদেব-বাসী যত ব্রজবাসী
সবে মোরে দয়া কর॥
রাওলে গোকুলে যমুনার কুলে
বনে উপবনে যত।
সংক্ষেপে চরণ করিব বন্দন
এই মোর অভিমত॥
নন্দীশ্বরে গিয়া রামকৃষ্ণ দেখিয়া
আনন্দে হইল ভোর।
খেলনবনে গিয়া যমুনা দেখিয়া
মন ফিরি গেল মোর॥
হেচড়ী খেচরী পেটকা পিছুড়ী
মিলি গ্রামে যত জন।
দহেগা-পহেগা- ভহেগা-নিবাসী
করি চরণ বন্দন॥
বৈষ্ণব-বন্দন যে করে পঠন
যেবা করয়ে কীর্ত্তন।
অবিলম্বে তারে অবশ্য মিলয়ে
শ্রীকৃষ্ণপ্রেম-রতন॥
দেবকীনন্দন করিব বন্দন
আমা হতে নাহি হয়।
দন্তে তৃণ ধরি নিবেদন করি
দ্বিজ হরিদাসে কয়॥

বৈষ্ণব-বন্দন প্রাতে যেই জন
যেবা পড়য় শুনয়।
বৃন্দাবনে যায় কুঞ্জসেবা পায়
নাহিক শমন ভয়॥

ইতি শ্রীশ্রীসংক্ষিপ্ত-বৈষ্ণববন্দনা সমাপ্তা।

শ্রীশ্রীহাটপত্তন।

প্রণমহ কলিযুগ সর্ব্বযুগসার।
হরিনাম সংকীর্ত্তন যাহাতে প্রচার॥
কলি ঘোর-পাপাচ্ছন্ন অন্ধকারময়।
পূর্ণ শশধর ভেল চৈতন্য তাহায়॥
শচীগর্ভসিন্ধুমাঝে চন্দ্রের প্রকাশ।
পাপ তাপ দূরে গেল তিমির-বিনাশ॥
ভকত চকোর তায় মধুপান কৈল।
অমিয়া মথিয়া তাহা বিস্তার করিল॥
পূর্ণকুম্ভ নিত্যানন্দ অবধৌত রায়।
ইচ্ছা ভরি পান কৈল অদ্বৈত তাহায়॥
চাকিয়া চাকিয়া খায় আর যত জন।
প্রেমদাতা নিতাইচাঁদ পতিতপাবন॥
প্রেমের সমুদ্র ভেল চৈতন্য গোসাঞি।
নদী নালা সব আসি হৈল এক ঠাঁই॥
পরিপূর্ণ হঞা বহে প্রেমামৃতধারা।
হরিদাস পাতিল তাহে নাম নৌকাপারা॥
সংকীর্ত্তন-ঢেউ তাহে তরঙ্গ বাড়িল।
ভকত-মকর তাহে ডুবিয়া রহিল॥
তৃণরূপী ভাসে যত পাষণ্ডীর গণে।
ফাঁফরে পড়িয়া তারা ভাবে মনে মনে॥

হরিনামের নৌকা করি নিতাই সাজিল।
দাঁড় ধরি হরিদাস বাহিয়া চলিল॥
প্রেমের পাথারে নৌকা ছাড়ি দিল যবে।
কূল পাব বলি কেহ নৌকা ধরে লোভে॥
চৈতন্যের ঘাটে নৌকা চাপিল যখন।
হাটের পত্তন নিতাই রচিল তখন॥
ঘাটের উপরে হাট থানা বসাইল।
পাষণ্ডদলন নাম নিশান গাড়িল॥
চারিদিকে চারি রস কুঠরী পূরিয়া।
হরিনাম দিল তার চৌদিকে বেড়িয়া॥
চৌকিদার হরিদাস ফুকারে ঘনেঘন।
হাট কর বেচ কিন যার যেই মন॥
হাটে বসি রাজা হৈল প্রভু নিত্যানন্দ।
মুচ্ছুদ্দি হইল তাহে মুরারি মুকুন্দ॥
ভাণ্ডারী চৈতন্য ভেল আর গদাধর।
অদ্বৈত মুন্সী ভেল পরখাই দামোদর॥
প্রেমের রমণী ভেল দাস নরহরি।
চৈতন্যের হাটে ফিরে লইয়া গাগরী॥
ঠাকুর অভিরাম আইলা হাসিয়া হাসিয়া।
কৃষ্ণপ্রেমে মত্ত হয়ে ফিরেন গর্জ্জিয়া॥
আর যত ভক্ত আইল মণ্ডলী করিয়া।
হাট মধ্যে বৈসে সব সদাগর হঞা॥

দাঁড়ী ধরি গৌরীদাস পণ্ডিত ঠাকুর।
তৌল করি ফিরেন প্রেম যার যত দূর।
শ্রীবাস শিবানন্দ লিখেন দুই জন।
এই মত প্রেমসিন্ধু-হাটের পত্তন॥
সংকীর্ত্তনরূপ মদ হাটে বিকাইল।
রাজ-আজ্ঞা শিরে ধরি সবে পান কৈল
পান করি মত্ত সবে হইল বিভোল।
নিতাই-চৈতন্যের হাটে হরি হরি বোল॥
দীন হীন দুরাচার কিছু নাহি মানে।
ব্রহ্মার দুর্ল্লভ প্রেম দিলা জনে জনে॥
এই মত গৌড়দেশে হাট বসাইয়া।
নীলাচলে বাস কৈলা সন্ন্যাস করিয়া॥
তাঁহা যাঞা কৈল প্রভু প্রতাপ প্রচুর।
সার্ব্বভৌম ভট্টাচার্য্যের দর্প কৈলা চূর॥
প্রতাপরুদ্রেরে কৃপা কৈল গৌরহরি।
রামানন্দ-সঙ্গে দেখা তীর্থ গোদাবরী॥
হাট করি লেখা জোখা হুমার করিয়া।
রামানন্দের কণ্ঠে থুইলা ভাণ্ডার পূরিয়া
সনাতন রূপ যবে আসিয়া মিলিল।
ভাণ্ডার স্মঙরি রূপ মোহর করিল॥
মোহর লইয়া রূপ করিল গমন।
প্রভু পাঠাইল তারে শ্রীবৃন্দাবন॥

তাঁহা যাই কৈলা রূপ টাঁকশাল পত্তন।
কারিকর আইল যত স্বরূপের গণ॥
কারিকর লঞা রূপ অলঙ্কার কৈল।
ঠাকুর বৈষ্ণব যত হৃদয়ে ধরিল॥
সোহাগা মিশ্রিত কৈল রস পরখিয়া।
গলিত কাঞ্চন ভেল প্রকাশ নদীয়া॥
পাঁজা করি শ্রীরূপ গোসাঞি যবে খুইলা।
শ্রীজীব গোসাঞি তাহা গড়ন গড়িলা॥
থরে থরে অলঙ্কার বহুবিধ কৈল।
সদাগর হঞা কেহ বেতন লইল॥
নরোত্তম ঠাকুর আর শ্রীশ্রীনিবাস।
অলঙ্কার ঝালাইয়া করিলা প্রকাশ॥
এই সব রস দেখি সর্ব্বশাস্ত্রে কয়।
লোভ-অনুসারে মিলে রূপের কৃপায়॥
শ্রীগুরু-কৃপায় ইহা মিলিকে সর্ব্বথা।
সংক্ষেপে কহিল কিছু এই সব কথা॥
প্রেমের হাট প্রেমের বাট প্রেমের তরঙ্গ।
প্রেমাধীন গৌরচন্দ্র পূর্ব্বলীলারঙ্গ॥
প্রেমের সাগরে হংস রূপ গোসাঞি ভেল।
নীর ক্ষীর রত্ন মণি পৃথক করিল॥
মুঞি অতি ক্ষুদ্র জীব অতি মন্দ ছার।
কি জানি চৈতন্যলীলা সমুদ্র পাথার॥

শ্রীগুরু-বৈষ্ণব-পদ ধরি ।
চৈতন্যের হাটে নিত্য ঝাড়ুগিরি করি
করুণাসাগর মোর গৌর নিত্যানন্দ ।
দাস নরোত্তম কহে হাটের প্রবন্ধ ॥

ইতি শ্রীশ্রীহাটপত্তন সমাপ্ত

শ্রীশ্রীনাম-সঙ্কীর্ত্তন।

(১)

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
জয় জয় শচীসুত গৌরাঙ্গসুন্দর।
জয় নিত্যানন্দ পদ্মাবতীর কোঙর॥
জয় জয় সীতানাথ অদ্বৈত গোসাঞি
যাঁহার কৃপাতে পাই চৈতন্য নিতাই॥
জয় জয় শ্রীবাস জয় গদাধর।
জয় স্বরূপ রামানন্দ প্রেমের সাগর॥
জয় জয় গৌরভক্ত করুণাসাগর।
তাঁ সবার পদরেণু শিরে রহু মোর॥
জয় জয় গুরু গোসাঞি শরণ তোঁহার।
যাঁহার কৃপাতে তরি এ ভব-সংসার॥
জয় রূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥
জয় জয় নীলাচলচন্দ্র জগন্নাথ।
মো পাপীরে কৃপা করি কর আত্মসাৎ॥
জয় শ্রীগোপালদেব ভক্ত-বৎসল।
নবঘন জিনি তনু পরম উজ্জ্বল॥

জয় জয় গোপীনাথ প্রভু প্রাণ মোর।
পুরী গোসাঞিঃ লাগি যাঁর নাম ক্ষীরচোর
জয় রাধে জয় কৃষ্ণ জয় বৃন্দাবন।
জয় জয় শ্রীরাসমণ্ডল সর্ব্বোত্তম॥
জয় রস-নাগরী জয় জয় নন্দলাল।
জয় জয় মোহন শ্রীমদনগোপাল॥
জয় জয় বংশীবট জয় শ্রীপুলিনা।
জয় জয় শ্রীকালিন্দী জয় শ্রীযমুনা॥
জয় জয় দ্বাদশ বন কৃষ্ণলীলাস্থান।
তালবন খেজুরবন ভাণ্ডরীবন নাম॥
জয় জয় বেলবন খদির বহুলা।
জয় জয় কুমুদ কাম্যবনে কৃষ্ণলীলা॥
জয় জয় নিভৃত নিকুঞ্জ রম্য স্থান।
জয় জয় শ্রীবনাদি ভদ্রবন নাম॥
জয় জয় শ্যামকুণ্ড জয় ললিতাকুণ্ড।
জয় জয় রাধাকুণ্ড প্রতাপে প্রচণ্ড॥
জয় জয় মানসগঙ্গা জয় গোবর্দ্ধন।
জয় জয় দানঘাট লীলা সর্ব্বোত্তম॥
জয় জয় বৃষভানুপুর নামে গ্রাম।
যথায় সঙ্কেত রাধাকৃষ্ণ-লীলাস্থান॥
জয় জয় বিমলাকুণ্ড জয় নন্দীশ্বর।
জয় জয় কৃষ্ণকেলি পাবন-সরোবর॥

জয় জয় রোহিণীনন্দন বলরাম।
জয় জয় রাধাকৃষ্ণ স্বয়ং রসধাম ॥
জয় জয় মধুবন মধুপানস্থান।
যাঁহা মধুপানে মত্ত হৈলা বলরাম ॥
জয় জয় রামঘাট পরম নির্জ্জন।
যাঁহা রাসলীলা কৈলা রোহিণীনন্দন ॥
জয় জয় নন্দঘাট জয়াক্ষয়বট।
জয় জয় চীরঘাট যমুনা-নিকট ॥
জয় জয় বৃষভানু অভিমন্যু জয়।
কৃষ্ণপ্রাণতুল্য শ্রীদামাদি জয় জয় ॥
জয় জয় পৌর্ণমাসী বলি যোগমায়া।
রাধাকৃষ্ণলীলা কৈলা কায়া আচ্ছাদিয়া ॥
জয় শ্রীসরলা বংশী ত্রিলোকাকর্ষিণী।
কৃষ্ণাধরে স্থিতা নিত্য আনন্দরূপিণী ॥
জয় জয় ললিতাদি সর্ব্ব সখীগণ।
যাঁ সবার প্রেমাধীন শ্রীনন্দনন্দন ॥
জয় জয় বৃন্দাবন কৃষ্ণপ্রিয়তম।
রাধাকৃষ্ণ লীলা কৈলা অতি মনোরম ॥
জয় জয় ব্রজগোপশ্রেষ্ঠ নন্দরাজ।
জয় জয় ব্রজেশ্বরী শ্রেষ্ঠা গোপীমাঝ ॥
জয় জয় সর্ব্বশ্রেষ্ঠ শ্রীবৃন্দাবন।
দেব-অগোচর স্থান কন্দর্পমোহন ॥

জয় জয় রত্নবেদী রত্নসিংহাসন।
জয় জয় রাধাকৃষ্ণ সঙ্গে সখীগণ ॥
শুন শুন ওরে ভাই করিয়ে প্রার্থনা।
ব্রজে রাধাকৃষ্ণলীলা করহ ভাবনা ॥
এই সব রসলীলা যে করে স্মরণ।
শিরে ধরি বন্দি আমি তাঁহার চরণ ॥
আনন্দে বলহ হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরু-বৈষ্ণব-পদে মজাইয়া মন ॥
শ্রীগুরু-বৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
নামসংকীর্ত্তন কহে নরোত্তম দাস ॥

(২)

জয় রাধে জয় কৃষ্ণ জয় বৃন্দাবন ॥
শ্রীগোবিন্দ গোপীনাথ মদনমোহন ॥
শ্যামকুণ্ড রাধাকুণ্ড গিরি-গোবর্দ্ধন।
কালিন্দী যমুনা জয় জয় মহাবন ॥
কেশীঘাট বংশীবট দ্বাদশ কানন।
যাঁহা সব লীলা কৈল শ্রীনন্দনন্দন ॥
শ্রীনন্দ-যশোদা জয় জয় গোপগণ।
শ্রীদামাদি জয় জয় ধেনুবৎস-ধন ॥
জয় বৃষভানু জয় কৃত্তিকাসুন্দরী।
জয় পৌর্ণমাসী জয় আভীর-নাগরী ॥

জয় জয় গোপীশ্বর বৃন্দাবনমাঝ।
জয় জয় কৃষ্ণসখা বটু দ্বিজরাজ॥
জয় রামঘাট জয় রোহিণীনন্দন।
জয় জয় বৃন্দাবনবাসী যত জন॥
জয় দ্বিজপত্নী জয় নাগকন্যাগণ।
ভক্তিতে যাঁহারা পাইল গোবিন্দ-চরণ
শ্রীরাসমণ্ডল জয় জয় রাধাশ্যাম।
জয় জয় রাসলীলা সর্ব্ব-মনোরম॥
জয় জয়োজ্জ্বল-রস সর্ব্বরস-সার।
পরকীয়াভাবে যাহা ব্রজেতে প্রচার॥
শ্রীজাহ্নবা-পাদপদ্ম করিয়া শরণ।
দীন কৃষ্ণদাস কহে নামসংকীর্ত্তন॥

(৩)

ধাওল নদীয়া-লোক গৌরাঙ্গ দেখিতে।
আনন্দে আকুল চিত না পারে চলিতে
চিরদিনের গোরাচাঁদ-বদন হেরিয়া।
দুঃখিত চকোর আঁখি রহল মাতিয়া॥
হেরিয়া ভকতগণ আনন্দে বিভোর।
জননী ধাইয়া গোরাচাঁদে করে ক্রোড়॥
মরণ শরীরে যেন পাইল পরাণ।
গৌরাঙ্গ নদীয়াপুরে বাসুঘোষ গান॥

(৪)

হরি হে দয়াল মোর জয় রাধানাথ।
বার বার এইবার লহ নিজ সাথ॥
বহু যোনি ভ্রমি নাথ লইনু শরণ।
নিজগুণে কৃপা কর অধমতারণ॥
জগত-কারণ তুমি জগত-জীবন।
তোমা ছাড়া কার নাহি হে রাধারমণ॥
ভুবন-মঙ্গল তুমি ভুবনের পতি।
তুমি উপেক্ষিলে নাথ কি হইবে গতি॥
ভাবিয়া দেখিনু এই জগৎ-মাঝারে।
তোমা বিনা কেহ নাই এ রামে উদ্ধারে॥

(৫)

হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
যাদবায় মাধবায় কেশবায় নমঃ॥
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন।
এই সব নাম প্রভুর আদি সংকীর্ত্তন॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ শ্রীঅদ্বৈত সীতা।
হরি গুরু বৈষ্ণব ভাগবত গীতা॥
ঠাকুরের ঠাকুর আমার বৈষ্ণব গোসাঞি।
কলি-ভব তরাইতে আর কেহ নাই॥

শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥
এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্ট-পূরণ॥
এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈলা বাস।
রাধাকৃষ্ণ নিত্যলীলা করিলা প্রকাশ॥
এই ছয় গোসাঞি যাঁর তাঁর মুঞি দাস।
তাঁ সবার পদরেণু মোর পঞ্চ গ্রাস॥
মনের আনন্দে বল হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরু-বৈষ্ণব-পদে মজাইয়া মন॥
শ্রীগুরু-বৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
নামসংকীর্ত্তন কহে নরোত্তম দাস॥

ইতি শ্রীশ্রীনামসংকীর্ত্তন সমাপ্ত।

শ্রীশ্রীচৌত্রিশ-পদাবলী

ক	কলিযুগে শ্রীকৃষ্ণচৈতন্য অবতার।
খ	খেলিবার প্রবন্ধে কৈল খোল করতাল ॥
গ	গড়াগড়ি যান প্রভু নিজ সংকীর্ত্তনে।
ঘ	ঘরে ঘরে হরিনাম দেন সর্ব্বজনে ॥
ঙ	উচ্চৈঃস্বরে কান্দে প্রভু জীবের লাগিয়া।
চ	চেতন করেন জীবে কৃষ্ণনাম দিয়া ॥
ছ	ছল ছল করে আঁখি নয়নের জলে।
জ	জগৎ পবিত্র কৈল গৌর-কলেবরে ॥
ঝ	ঝলমল মুখ যাঁর পূর্ণ শশধর।
ঞ	এমন কোথা দেখি নাই দয়ার সাগর ॥
ট	টলমল করে অঙ্গ ভাবেতে বিহ্বল।
ঠ	ঠমকে ঠমকে যায় বলে হরিবোল ॥
ড	ডোর কৌপীন ক্ষীণ কটির উপরে।
ঢ	ঢলিয়া ঢলিয়া পড়ে গদাধরের ক্রোড়ে ॥
ণ	আন পরসঙ্গ গোরা না শুনে শ্রবণে।
ত	তান-মান-গান-রসে মজাইয়া মনে ॥
থ	থির নাহি হয় প্রভুর নয়নের জল।
দ	দীন হীন জনেরে ধরিয়া দেন কোল ॥
ধ	ধেয়াইয়া পূরব পিরীতি-পরসঙ্গ।
ন	না জানি কাহার ভাবে হইলা ত্রিভঙ্গ ॥

প প্রেমরসে ভাসাইলা অখিল সংসার।
ফ ফুটিল শ্রীবৃন্দাবন সুরধুনী-ধার॥
ব ব্রহ্মা মহেশ্বর যাঁরে করে অন্বেষণ।
ভ ভাবিয়া না পান যাঁরে সহস্রবদন॥
ম মত্ত-মাতঙ্গ-গতি মধুর মন্দ হাস।
য যশোমতী মাতা যাঁর ভুবনে প্রকাশ॥
র রতিপতি জিনি রূপ অতি মনোরম।
ল লীলা-লাবণ্য যাঁর অতি অনুপম॥
ব বসুদেবসুত যেই শ্রীনন্দনন্দন।
শ শচীর নন্দন এবে বলে সর্ব্বজন॥
ষ ষড়্‌ভুজ রূপ হৈলা অত্যাশ্চয্যময়।
স সধাকার প্রাণধন গোরা রসময়॥
হ হরি হরি বল ভাই কর মহাযজ্ঞ।
ক্ষ ক্ষিতিতলে জন্মি কেহ না হও অবিজ্ঞ॥

এ চৌত্রিশ-পদাবলী যে করে কীর্ত্তন।
দাস নরোত্তম মাগে তাঁহার চরণ॥

ইতি শ্রীশ্রীচৌত্রিশ-পদাবলী সমাপ্ত।

শ্রীশ্রীগৌরাঙ্গের অষ্টোত্তরশত নাম

জয় জয় গৌরহরি শচীর নন্দন।
শ্রীচৈতন্য বিশ্বম্ভর পতিতপাবন ॥
জয় মহাপ্রভু গৌরচন্দ্র দয়াময়।
অধমতারণ নাথ ভকত-আশ্রয় ॥
জীবের জীবন গোরা করুণাসাগর।
জগন্নাথমিশ্র-সুত গৌরাঙ্গসুন্দর ॥
প্রেমময় প্রেমদাতা জগতের গুরু।
শ্রীগৌরগোপালদেব বাঞ্ছাকল্পতরু ॥
নিত্যানন্দ ঠাকুরের মহানন্দদাতা।
সর্ব্বাভীষ্টপূর্ণকারী সর্ব্বচিত্তজ্ঞাতা ॥
শ্রীগদাধরের প্রাণ অখিলের পতি।
লক্ষ্মীর সর্ব্বস্ব ধন অগতির গতি ॥
শ্রীবিষ্ণুপ্রিয়ার নাথ নিত্যানন্দময়।
সর্ব্বগুণনিধি সর্ব্বরসের আলয় ॥
জগদানন্দের প্রিয় নবদ্বীপচন্দ্র।
অদ্বৈত-আরাধ্য কৃষ্ণ পুরুষ স্বতন্ত্র ॥
বংশীর বল্লভ নবদ্বীপ-সুনাগর।
ভুবনবিজয়ী সর্ব্বজন-মুগ্ধকর ॥
রসিকেন্দ্র-চূড়ামণি রসিক সুঠাম।
ভক্তাধীন ভক্তপ্রিয় সর্ব্বানন্দধাম ॥

স্বরূপের সুখদাতা রূপের জীবন।
শ্রীসনাতনের নাথ নিত্য সনাতন॥
শ্রীজীব-বৎসল প্রভু ভকত-বৎসল।
ভট্ট গোসাঞির প্রিয় দুর্ব্বলের বল
শ্রীরঘুনাথের নাথ শ্রীবাসের বাস।
ভগবান্ ভক্তরূপ অনন্ত-প্রকাশ॥
লোকনাথ লোকাশ্রয় ভকত-রঞ্জন।
শ্রীরঘুনাথদাসের হৃদয়ের ধন॥
অভিরাম ঠাকুরের সখা সর্ব্বপাতা।
চিন্তামণি চিন্তনীয় হরিনামদাতা॥
পরমেশ পরাৎপর দুঃখ-বিমোচন।
জগাই মাধাই আদি পাপী-উদ্ধারণ॥
রসরাজমূর্ত্তি রামানন্দ-বিমোহন।
সার্ব্বভৌম পণ্ডিতের গর্ব্ব-বিনাশন॥
অমোঘের প্রাণদাতা দুর্জ্জন-দলন।
পূর্ণকাম নির্ম্মলাত্মা লজ্জা-নিবারণ॥
পরমাত্মা সারাৎসার বৈষ্ণবজীবন।
সুখদাতা সুখময় ভবন ভাবন॥
বিশ্বরূপ বিশ্বনাথ বিশ্ব-বিমোহন।
শ্রীগৌরগোবিন্দ ভক্তচিত্ত-সুরঞ্জন॥
নয়নের অভিরাম ভাবুক-রমণ।
ভক্তচিত্তচোর ভক্তচিত্ত-বিনোদন॥

নদীয়াবিহারী হরি রমণীমোহন।
দ্বিজকুলচন্দ্র দ্বিজকুল-পূজ্যতম ॥
সুকবি শ্রীনিধি দক্ষ নয়ন-রঞ্জন।
বারেক আমার হৃদে দেহ শ্রীচরণ ॥
ভাবুক সন্ন্যাসী সর্ব্বজীব-নিস্তারক।
ভাবুক জনার সুখ দিতে সুনায়ক ॥
প্রতাপরুদ্রের অভিলাষ-পূর্ণকারী।
স্বরূপাদি ভকতের সদা আজ্ঞাকারী ॥
সর্ব্ব-অবতার-সার করুণানিধান।
পরম উদার প্রভু মোরে কর ত্রাণ ॥
অনন্ত প্রভুর নাম অনন্ত মহিমা।
অনন্তাদি দেবে যাঁর দিতে নারে সীমা।
গৌরাঙ্গ মধুর নাম মন কর সার।
যাহা বিনা কলিযুগে গতি নাহি আর ॥
যেই নাম সেই গৌরা জানিহ নিশ্চয়।
নামের সহিত প্রভু সতত আছয় ॥
গৌরনাম হরিনাম একই যে হয়।
ভাগবতবাক্য এই কভু মিথ্যা নয় ॥
কর কর ওরে মন নাম-সংকীর্ত্তন।
পাপ তাপ দূরে যাবে পাবে প্রেমধন ॥
গৌরনাম কৃষ্ণনাম অতি সুমধুর।
সদা আস্বাদয়ে যেই সে বড় চতুর ॥

শিব আদি যেই নাম সদা করে গান।
সে নামে বঞ্চিত হলে কিসে হবে ত্রাণ
এই শত অষ্ট নাম যে করে পঠন।
অনায়াসে পায় সেই চৈতন্য-চরণ॥
শত অষ্ট নাম যেই করয়ে শ্রবণ।
তার প্রতি তুষ্ট সদা শচীর নন্দন॥
শ্রীচৈতন্য-পাদপদ্ম করিয়া স্মরণ।
শত অষ্ট নাম গায় এ শচীনন্দন॥

ইতি শ্রীশ্রীগৌরাঙ্গের অষ্টোত্তরশত নাম সমাপ্ত।

শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তরশত নাম।

জয় জয় গোবিন্দ গোপাল গদাধর।
কৃষ্ণচন্দ্র কর কৃপা করুণাসাগর॥
জয় জয় গোবিন্দ গোপাল বনমালী।
শ্রীরাধার প্রাণধন মুকুন্দ মুরারি॥
হরিনাম বিনে রে গোবিন্দ নাম বিনে।
বিফলে মনুষ্যজন্ম যায় দিনে দিনে॥
দিন গেল মিছা কাজে রাত্রি গেল নিদ্রে।
না ভজিনু রাধাকৃষ্ণ-চরণারবিন্দে॥
কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু।
মিছা মায়ায় বদ্ধ হয়ে বৃক্ষসম হইনু॥
ফলরূপে পুত্র কন্যা ডাল ভাঙ্গি পড়ে।
কালরূপে সংসারেতে পক্ষ বাসা করে॥
যখন কৃষ্ণ জন্ম নিল দেবকী-উদরে।
মথুরাতে দেবগণ পুষ্পবৃষ্টি করে॥
বসুদেব রাখি আইল নন্দের মন্দিরে।
নন্দের আলয়ে কৃষ্ণ দিনে দিনে বাড়ে॥
নন্দ রাখিল নাম শ্রীনন্দনন্দন॥
যশোদা রাখিল নাম যাদুবাছাধন॥
উপানন্দ নাম রাখে সুন্দর গোপাল।
ব্রজবালক নাম রাখে ঠাকুর রাখাল॥

সুবল রাখিল নাম ঠাকুর কানাই।
শ্রীদাম রাখিল নাম রাখালরাজা ভাই ॥
ননীচোরা নাম রাখে যতেক গোপিনী।
কেলেসোণা নাম রাখে রাধা বিনোদিনী
কুব্জা রাখিল নাম পতিতপাবন হরি।
চন্দ্রাবলী নাম রাখে মোহনবংশীধারী ॥
অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া।
কৃষ্ণ নাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া ॥
কণ্ব মুনি রাখে নাম দেব চক্রপাণি।
বনমালী নাম রাখে বনের হরিণী ॥
গজরাজ নাম রাখে শ্রীমধুসূদন।
অজামিল নাম রাখে দেব নারায়ণ ॥
পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ।
দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু ॥
সুদাম রাখিল নাম দারিদ্র্যভঞ্জন।
ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন ॥
দর্পহারী নাম রাখে অর্জ্জুন সুধীর।
পশুপতি নাম রাখে গরুড় মহাবীর ॥
যুধিষ্ঠির রাখে নাম দেব যদুবর।
বিদুর রাখিল নাম কাঙ্গালের ঠাকুর ॥
বাসুকি রাখিল নাম দেব সৃষ্টিস্থিতি।
ধ্রুবেলাকে নাম রাখে ধ্রুবের সারথি ॥

নারদ রাখিল নাম ভক্তপ্রাণধন।
ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মীনারায়ণ ॥
সত্যভামা নাম রাখে সত্যের সারথি।
জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি ॥
বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার।
অহল্যা রাখিল নাম পাষাণ-উদ্ধাব ॥
ভৃগুমুনি নাম রাখে জগতের হরি।
পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারি ॥
কুঞ্জকেশী নাম রাখে বলী সদাচারী।
প্রহ্লাদ রাখিল নাম নৃসিংহ মুরারি ॥
দৈত্যারি দ্বারকানাথ দারিদ্র্যভঞ্জন।
দয়াময় দ্রৌপদীর লজ্জা-নিবারণ ॥
স্বরূপে তোমার হয় গোলোকেতে স্থিতি।
বৈকুণ্ঠে বৈকুণ্ঠনাথ কমলার পতি ॥
বাসুদেব-প্রদ্যুম্নাদি-চতুর্ব্যূহ-সহ।
মহৈশ্বর্য্য-পূর্ণ হয়ে বিহার করহ ॥
অনিরুদ্ধ সঙ্কর্ষণ নৃসিংহ বামন।
মৎস্য-কূর্ম্ম-বরাহাদি অবতারগণ ॥
ক্ষীরোদকশায়ী হরি গর্ব্ভোদবিহারী।
কারণসাগরে শক্তি মায়াতে সঞ্চারী ॥
বৃন্দাবনে কর লীলা ধরি গোপবেশ।
সে লীলার অন্ত প্রভু নাহি পায় শেষ ॥

পূতনা-বিনাশকারী শকট-ভঞ্জন।
তৃণাবর্ত্ত-বক-কেশী-ধেনুক-মর্দ্দন॥
অঘারি গোবৎসহারী ব্রহ্মার মোহন।
গিরিগোবর্দ্ধনধারী অর্জ্জুন-ভঞ্জন॥
কালীয়দমনকারী যমুনাবিহারী।
গোপীকুল-বস্ত্রহারী শ্রীরাসবিহারী॥
ইন্দ্রদর্পনাশকারী কুব্জামনোহারী।
চানূর-কংসাদি-নাশী অক্রূর-নিস্তারী॥
নবীন-নীরদ-কান্তি শিশুগোপবেশ।
শিখিপুচ্ছ-বিভূষিত ব্রহ্ম পরমেশ॥
পীতাম্বর বেণুধর শ্রীবৎস-লাঞ্ছন।
গোপগোপী-পরিবৃত কমল-নয়ন॥
বৃন্দাবন-বনচারী মদনমোহন।
মথুরামণ্ডলচারী শ্রীযদুনন্দন॥
সত্যভামা-প্রাণপতি রুক্মিণীরমণ।
প্রদ্যুম্নজনক শিশুপালাদি-দমন॥
উদ্ধবের গতিদাতা দ্বারকার পতি।
ত্রিভুবন-পরিত্রাতা অখিলের গতি॥
শাল্ব-দন্তবক্র-নাশী মহিষী-বিলাসী।
সাধুজন-ত্রাণকর্ত্তা ভূভার-বিনাশী॥
পাণ্ডবের সখা কৃষ্ণ বিদুরের প্রভু।
ভীষ্মের উপাস্যদেব ভুবনের বিভু॥

দেবের আরাধ্য-দেব মুনিজন-গতি।
যোগিধ্যেয়-পাদপদ্ম রাধিকার পতি॥
রসময় রসিক-নাগর অনুপম।
নিকুঞ্জবিহারী হরি নবঘনশ্যাম॥
শালগ্রাম দামোদর শ্রীপতি শ্রীধর।
তারকব্রহ্ম সনাতন পরম-ঈশ্বর॥
কল্পতরু কমললোচন হৃষীকেশ।
পতিতপাবন গুরু জ্ঞান-উপদেশ॥
চিন্তামণি চতুর্ভুজ দেব চক্রপাণি।
দীনবন্ধু দেবকীনন্দন যদুমণি॥
অনন্ত কৃষ্ণের নাম অনন্ত মহিমা।
নারদাদি ব্যাসদেব দিতে নারে সীমা॥
নাম ভজ নাম চিন্ত নাম কর সার।
অনন্ত কৃষ্ণের নাম মহিমা অপার॥
শতভার-স্বর্ণ-গোকোটি-কন্যা-দান।
তথাপি না হয় কৃষ্ণনামের সমান॥
যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছেন আপনি শ্রীহরি॥
শুন শুন ওরে ভাই নামসংকীর্ত্তন।
যে নাম শ্রবণে হয় পাপ-বিমোচন॥
কৃষ্ণনাম ভজ জীব আর সব মিছে।
পলাইতে পথ নাই যম আছে পিছে॥

কৃষ্ণনাম হরিনাম বড়ই মধুর।
যেই জন কৃষ্ণ ভজে সেই সে চতুর॥
ব্রহ্মা-আদি দেব যাঁরে ধ্যানে নাহি পায়
সে হরি বঞ্চিত হৈলে কি হবে উপায়॥
হিরণ্যকশিপুর করি উদর বিদারণ।
প্রহ্লাদে করিল রক্ষা দেব নারায়ণ॥
বলিরে ছলিতে প্রভু হইলা বামন।
দ্রৌপদীর লজ্জা হরি কৈলা নিবারণ॥
অষ্টোত্তরশত নাম যে করে পঠন।
অনায়াসে পায় রাধাকৃষ্ণের চরণ॥
ভক্তবাঞ্ছা পূর্ণ কর নন্দের নন্দন।
মথুরায় কংস ধ্বংস লঙ্কায় রাবণ॥
বকাসুরবধ-আদি কালীয়দমন।
দ্বিজহরি কহে এই নামসংকীর্ত্তন॥

ইতি শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তরশত নাম সমাপ্ত।

শ্রীশ্রীপ্রার্থনা।

সাধকাবস্থার লালসা।

(১)

গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।
হরি হরি বলিতে নয়নে ববে নীর॥
আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥
রূপ-রঘুনাথ-পদে হইবে আকুতি।
কবে হাম বুঝব সে যুগল-পিরীতি॥
রূপ-রঘুনাথ-পদে রহু মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস॥

(২)

হরি হরি! কি মোর করম অতি মন্দ।
ব্রজে রাধাকৃষ্ণ-পদ না সেবিনু তিল আধ
না বুঝিনু রাগের সম্বন্ধ॥

স্বরূপ সনাতন রূপ রঘুনাথ ভট্টযুগ
ভূগর্ভ শ্রীজীব লোকনাথ।
ইঁহা সবার পাদপদ্ম না সেবিনু তিল আধ
কিসে মোর পূরিবেক সাধ॥
গৌর-গোবিন্দ-লীলা শুনিলে গলয়ে শিলা
না ডুবিল তাহে মোর চিত।
কৃষ্ণদাস কবিরাজ রসিক-ভকত-মাঝ
যে রচিল চৈতন্যচরিত॥
তাঁহার ভক্তের সঙ্গ তাঁর সঙ্গে যাঁর সঙ্গ
তাঁর সঙ্গে নৈল কেন বাস।
কি মোর দুঃখের কথা জনম গোঙানু বৃথা
ধিক্ ধিক্ নরোত্তম দাস॥

(৩)

রাধাকৃষ্ণ! নিবেদন এই জন করে।
দোঁহ অতি রসময় সকরুণ-হৃদয়
অবধান কর নাথ মোরে॥
হে কৃষ্ণ গোকুলচন্দ্র হে গোপীপ্রাণবল্লভ
হে কৃষ্ণপ্রিয়া-শিরোমণি।
হেমগৌরী শ্যাম-গায় শ্রবণে পরশ পায়
গুণ শুনি জুড়ায় পরাণী॥

জয় রাধে জয় কৃষ্ণ জয় জয় রাধে কৃষ্ণ
কৃষ্ণ কৃষ্ণ জয় জয় রাধে।
অঞ্জলি মস্তকে ধরি নরোত্তম ভূমে পড়ি
কহে দোঁহে পূরাও মনসাধে ॥

(৪)

হরি হরি! হেন দিন হইবে আমার।
দোঁহ অঙ্গ নিরখিব দোঁহ অঙ্গ পরশিব
সেবন করিব দোঁহাকার ॥
ললিতা-বিশাখা-সঙ্গে সেবন করিব রঙ্গে
মালা গাঁথি দিব নানা ফুলে।
কনক সম্পুট করি কর্পূর তাম্বূল ভরি
যোগাইব বদন-কমলে ॥
রাধাকৃষ্ণ-শ্রীচরণ সেই মোর প্রাণধন
সেই মোর জীবন-উপায়।
জয় পতিতপাবন দেহ মোরে এই ধন
তুয়া বিনে অন্য নাহি ভায় ॥
শ্রীগুরু করুণাসিন্ধু অধম-জনার বন্ধু
লোকনাথ লোকের জীবন।
হা হা প্রভু! কর দয়া দেহ মোরে পদছায়া
নরোত্তম লইল শরণ ॥

(৫)

হরি হরি ! বিফলে জনম গোঙাইনু।
মনুষ্য-জনম পাইয়া রাধাকৃষ্ণ না ভজিয়া
জানিয়া শুনিয়া বিষ খাইনু ॥
গোলোকের প্রাণধন হরিনাম-সংকীর্ত্তন
রতি না জন্মিল কেন তায়।
সংসার-বিষানলে দিবানিশি হিয়া জ্বলে
জুড়াইতে না কৈনু উপায় ॥
ব্রজেন্দ্রনন্দন যেই শচীসুত হৈল সেই
বলরাম হৈল নিতাই।
দীন হীন যত ছিল হরিনামে উদ্ধারিল
তার সাক্ষী জগাই মাধাই ॥
হা হা প্রভু নন্দসুত বৃষভানুসুতাযুত
করুণা করহ এইবার।
নরোত্তম দাস কয় না ঠেলিহ রাঙ্গা পায়
তোমা বিনা কে আছে আমার ॥

(৬)

হরি হরি ! কবে মোর হইবে সুদিন।
ভজিব সে রাধাকৃষ্ণ হঞা প্রেমাধীন ॥
সুযন্ত্রে মিশায়ে গাব সুমধুর তান।
আনন্দে করিব দোঁহার রূপ-গুণ গান ॥

রাধিকা গোবিন্দ বলি কান্দিব উচ্চৈঃস্বরে।
ভিজিবে সকল অঙ্গ নয়নের নীরে॥
এইবার করুণা কর রূপ সনাতন।
রঘুনাথ দাস মোর শ্রীজীব জীবন॥
এইবার করুণা কর ললিতা বিশাখা।
সখ্যভাবে মোর প্রভু সুবলাদি সখা॥
সবে মিলি কর দয়া পূরুক মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস॥

(৭)

তুয়া প্রিয় পদসেবা এই ধন মোরে দিবা
তুমি প্রভু করুণার নিধি।
পরম মঙ্গল যশ শ্রবণে পরম রস
করি কিবা কার্য্য নহে সিদ্ধি॥
প্রাণেশ্বর! নিবেদন চরণ-কমলে।
গোবিন্দ গোকুলচন্দ্র পরম-আনন্দ-কন্দ
গোপীকুলপ্রিয় দেহ মোরে॥
দারুণ সংসার-গতি বিষয়েতে লুব্ধ মতি
তুয়া বিস্মরণ-শেল বুকে।
জর জর তনু মন অচেতন অনুক্ষণ
জীয়ন্তে মরণ ভেল দুখে॥

মো বড় অধম জনে কর কৃপা-নিরীক্ষণে
দাস করি রাখ বৃন্দাবনে।
শ্রীকৃষ্ণচৈতন্য নাম প্রভু মোর গৌরধাম
নরোত্তম লইল শরণে॥

(৮)

গোবিন্দ গোপীনাথ! কৃপা করি রাখ নিজ পদে।
কাম ক্রোধ ছয় জনে লয়ে ফিরে নানা স্থানে
বিষয় ভুঞ্জায় নানামতে॥
হইয়া মায়ার দাস করি নানা অভিলাষ
তোমার শরণ গেল দূরে।
অর্থলাভ এই আশে কপট-বৈষ্ণববেশে
ভ্রমিয়া বেড়াই ঘরে ঘরে॥
অনেক দুঃখের পরে লয়েছিলে ব্রজপুরে
কৃপাডোর গলায় বান্ধিয়া।
দৈবমায়া বলাৎকারে খসাইয়া সেই ডোরে
ভবকূপে দিলেক ডারিয়া॥
পুনঃ যদি কৃপা করি এ জনার কেশে ধরি
টানিয়া তুলহ ব্রজধামে।
তবে সে দেখিবে ভাল নতুবা পরাণ গেল
কহে দীন দাস নরোত্তমে॥

(৯)

পতিতপাবন প্রভু মদনগোপাল !

গোবিন্দ গোপীনাথ তুমি অনাথের নাথ
কৃপা কর মো অধমেরে।
সংসারসাগর ঘোরে পড়িয়াছি কারাগারে
কৃপাডোরে বান্ধি লহ মোরে॥
অধম চণ্ডাল আমি দয়ার ঠাকুর তুমি
শুনিয়াছি বৈষ্ণবের মুখে।
এ বড় ভরসা মনে ফেল লয়ে বৃন্দাবনে
বংশীবট যেন দেখি সুখে॥
কৃপা কর আয়গুরি লহ মোরে কেশে ধরি
শ্রীযমুনা দেহ পদছায়া।
অনেক দিনের আশ নহে যেন নৈরাশ
দয়া কর না করিহ মায়া॥
অনিত্য শরীর ধরি আপন আপন করি
পাছে পাছে শমনের ভয়।
নরোত্তম দাসের মনে প্রাণ কান্দে রাত্রিদিনে
পাছে ব্রজপ্রাপ্তি নাহি হয়॥

(১০)

ধন মোর নিত্যানন্দ পতি মোর গৌরচন্দ্র
প্রাণ মোর যুগল-কিশোর।

অদ্বৈত আচার্য্য বল গদাধর মোর কুল
নরহরি বিলাসই মোর ॥
বৈষ্ণবের পদধূলি তাহে মোর স্নান-কেলি
তর্পণ মোর বৈষ্ণবের নাম।
বিচার করিয়া মনে ভক্তিরস-আস্বাদনে
মধ্যস্থ শ্রীভাগবত পুরাণ ॥
বৈষ্ণবের উচ্ছিষ্ট তাহে মোর মন নিষ্ঠ
বৈষ্ণবের নামেতে উল্লাস।
বৃন্দাবনে চবুতারা তাহে মোর মন ঘেরা
কহে দীন নরোত্তম দাস ॥

(১১)

নিতাই-পদ-কমল কোটীচন্দ্র-সুশীতল
যে ছায়ায় জগত জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই রাধাকৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি ধর নিতাইর পায় ॥
সে সম্বন্ধ নাহি যার বৃথা জন্ম গেল তার
সেই পশু বড় দুরাচার।
নিতাই না বলিল মুখে মজিল সংসার-সুখে
বিদ্যা-কুলে কি করিবে তার ॥
অহঙ্কারে মত্ত হয়ে নিতাই-পদ পাসরিয়ে
অসত্যেরে সত্য করি মানি।

নিতাইর করুণা হবে ব্রজে রাধাকৃষ্ণ পাবে
ভজ নিতাইর চরণ দুখানি ॥
নিতাই-চরণ সত্য তাঁহার সেবক নিত্য
নিতাই-পদ সদা কর আশ।
নরোত্তম বড় দুঃখী নিতাই মোরে কর সুখী
রাখ রাঙ্গা চরণের পাশ ॥

(১২)

ওরে ভাই ! ভজ মোর গৌরাঙ্গ-চরণ।
না ভজিয়া মৈনু দুঃখে ডুবি গৃহ-বিষকূপে
দগ্ধ কৈল এ পাঁচ পরাণ ॥
তাপত্রয়-বিষানলে অহর্নিশি হিয়া জ্বলে
দেহ সদা হয় অচেতন।
রিপুবশ ইন্দ্রিয় হৈল, গোরা-পদ পাসরিল
বিমুখ হইল হেন ধন ॥
হেন গৌর দয়াময় ছাড়ি সব লাজ-ভয়
কায়মনে লওরে শরণ।
পামর দুর্ম্মতি ছিল তারে গোরা উদ্ধারিল
তারা হৈল পতিতপাবন ॥
গোরা দ্বিজ নটরাজে বান্ধহ হৃদয়-মাঝে
কি করিবে সংসার-শমন।

নরোত্তম দাস কয় গোরা-সম কেহ নয়
না ভজিতে দেন প্রেমধন ॥

(১৩)

শ্রীগৌরাঙ্গের দুটী পদ যার ধন সম্পদ
সে জানে ভকতি-রস-সার।
গৌরাঙ্গের মধুর লীলা যার কর্ণে প্রবেশিলা
হৃদয় নির্ম্মল ভেল তার ॥
যে গৌরাঙ্গের নাম লয় তার হয় প্রেমোদয়
তারে মুঞি যাই বলিহারি।
গৌরাঙ্গ-গুণেতে ঝুরে নিত্যলীলা তারে স্ফুরে
সে জন ভকতি-অধিকারী ॥
গৌরাঙ্গের সঙ্গিগণে নিত্যসিদ্ধ করি মানে
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ।
শ্রীগৌড়মণ্ডল-ভূমি যেবা জানে চিন্তামণি
তার হয় ব্রজভূমে বাস ॥
গৌর-প্রেমরসার্ণবে সে তরঙ্গে যেবা ডুবে
সে রাধামাধব-অন্তরঙ্গ।
গৃহ বা বনেতে থাকে হা গৌরাঙ্গ বলে ডাকে
নরোত্তম মাগে তার সঙ্গ ॥

(১৪)

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া কর মোরে।
তোমা বিনে কে দয়ালু জগৎ সংসারে॥
পতিত-পাবন-হেতু তব অবতার।
মো সম পতিত প্রভু না পাইবে আর॥
হা হা প্রভু নিত্যানন্দ প্রেমানন্দে সুখী
কৃপাবলোকন কর আমি বড় দুঃখী॥
দয়া কর সীতাপতি অদ্বৈত গোসাঞি।
তব কৃপাবলে পাই চৈতন্য নিতাই॥
হা হা স্বরূপ সনাতন রূপ রঘুনাথ।
ভট্টযুগ শ্রীজীব হা প্রভু লোকনাথ॥
দয়া কর শ্রীআচার্য্য প্রভু শ্রীনিবাস।
রামচন্দ্র-সঙ্গ মাগে নরোত্তম দাস॥

(১৫)

যে আনিলা প্রেমধন করুণা প্রচুর।
হেন প্রভু কোথা গেলা আচার্য্য ঠাকুর
কাঁহা মোর স্বরূপ রূপ কাঁহা সনাতন।
কাঁহা দাস রঘুনাথ পতিতপাবন॥
কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ।
এককালে কাঁহা গেলা গৌর নটরাজ॥

পাষাণে কুটিব মাথা অনলে পশিব।
গৌরাঙ্গ সুখের নিধি কোথা গেলে পাব॥
সে সব সঙ্গীর সঙ্গে যে কৈল বিলাস।
সে সঙ্গ না পাঞা কান্দে নরোত্তম দাস॥

(১৬)

হরি হরি! বড় দুঃখ রৈল মোর মনে।
পাইয়া দুর্লভ তনু শ্রীকৃষ্ণ-ভজন বিনু
হেন জন্ম গেল অকারণে॥
শ্রীনন্দনন্দন হরি নবদ্বীপে অবতরি
জগৎ ভরিয়া প্রেম দিল।
আমি সে অধম অতি বৈষ্ণবে না হৈল রতি
তে কারণে করুণা নহিল॥
স্বরূপ সনাতন রূপ রঘুনাথ ভট্টযুগ
তাহাতে না হৈল রতি মতি।
দিব্য চিন্তামণি-ধাম বৃন্দাবন যার নাম
হেন স্থানে নহিল বসতি॥
ছাড়িয়া বৈষ্ণব-সেবা নিস্তার পেয়েছে কেবা
অনুক্ষণ খেদ উঠে মনে।
নরোত্তম দাস কহে জীবের উচিত নহে
শ্রীগুরু-বৈষ্ণব-সেবা বিনে॥

(১৭)

ঠাকুর-বৈষ্ণব-পদ অবনীর সুসম্পদ
শুন ভাই হয়ে একমন।
আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ॥
বৈষ্ণব-চরণরেণু মস্তকে ভূষণ বিনু
আর নাহি ভূষণের অন্ত।
বৈষ্ণব-চরণজল কৃষ্ণভক্তি দিতে বল
আর কেহ নহে বলবন্ত॥
তীর্থজল ত্রিভুবনে লিখিয়াছেন পুরাণে
সে সব ভক্তির প্রবঞ্চন।
বৈষ্ণবের পাদোদক সম নহে সেই সব
যাতে হয় বাঞ্ছিত-পূরণ॥
বৈষ্ণব-সঙ্গেতে মন আনন্দিত অনুক্ষণ
সদা হয় কৃষ্ণ-পরসঙ্গ।
দীন নরোত্তম কান্দে হিয়া ধৈর্য্য নাহি বান্ধে
মোর দশা কেন হৈল ভঙ্গ॥

(১৮)

ঠাকুর-বৈষ্ণবগণ করি মুঞি নিবেদন
মো বড় অধম দুরাচার।

দারুণ সংসার-নিধি তাহে ডুবাইল বিধি
কেশে ধরি মোরে কর পার॥
বিধি বড় বলবান্ না শুনে ধরম-জ্ঞান
সদাই করম-পাশে বান্ধে।
না দেখি তারণ-লেশ যত দেখি সব ক্লেশ
অনাথ কাতরে তেঞি কান্দে॥
কাম ক্রোধ মদ যত নিজ অভিমান তত
আপন আপন স্থানে টানে।
ঐছন আমার মন ফিরে যেন অন্ধজন
সুপথ বিপথ নাহি মানে॥
না লইনু সত-মত অসতে মজিল চিত
তুয়া পদে না করিনু আশ।
নরোত্তম দাসে কয় দেখে শুনে লাগে ভয়
এইবার তরায়ে লহ পাশ॥

(১৯)

হরি হরি! কি মোর করম অভাগ।
বিফলে জনম গেল হৃদয়ে রহিল শেল
নাহি ভেল হরি-অনুরাগ॥
যজ্ঞ দান তীর্থস্নান পুণ্যকর্ম্ম ধর্ম্ম-জ্ঞান
অকারণে সব গেল মোহে।
বুঝিলাম মনে হেন উপহাস হয় যেন
বস্ত্রহীন অলঙ্কার দেহে॥

সাধুমুখে কথামৃত শুনিয়া বিমল চিত্ত
নাহি ভেল অপরাধ-কারণ।
সতত অসত-সঙ্গ সকলি হইল ভঙ্গ
কি করিব আইলে শমন॥
শ্রুতি স্মৃতি সদা কয় শুনিয়াছি এই হয়
হরি-পদ অভয় শরণ।
জনম লভিয়া সুখে রাধাকৃষ্ণ বল মুখে
চিত্তে কর ও রূপ ভাবন॥
রাধাকৃষ্ণ-পদাশ্রয় তনু মন রহু তায়
আর দূরে যাউক বাসনা।
নরোত্তম দাসে কয় আর মোর নাহি ভয়
তনু মন সঁপিনু আপনা॥

(২০)

হরি হরি! আর কি এমন দশা হব।
এ ভব-সংসার ত্যজি পরম আনন্দে মজি
আর কবে ব্রজভূমে যাব॥
সুখময় বৃন্দাবন কবে হবে দরশন
সে ধূলি মাখিব কবে গায়।
প্রেমে গদগদ হয়ে রাধাকৃষ্ণ-নাম লয়ে
কান্দিয়া বেড়াব উভরায়॥
নিভৃত নিকুঞ্জে যাঞা অষ্টাঙ্গে প্রণাম হঞা
ডাকিব হা রাধানাথ বলি।

কবে যমুনার তীরে পরশ করিব নীরে
কবে পিব করপুটে তুলি ॥
আর কবে এমন হব শ্রীরাসমণ্ডলে যাব
কবে গড়াগড়ি দিব তায়।
সখীর অনুগা হয়ে কুঞ্জসেবা লব চেয়ে
দোঁহে ডাকিবেন সখি আয় ॥
কবে গোবর্দ্ধন গিরি দেখিব নয়ন ভরি
রাধাকুণ্ডে করিব প্রণাম।
ভ্রমিতে ভ্রমিতে কবে এ দেহ পতন হবে
এই আশা করে নরোত্তম ॥

(২১)

হরি হরি! আর কবে পালটিবে দশা!
এ সব করিয়া বামে যাব বৃন্দাবনধামে
এই মনে করিয়াছি আশা ॥
ধন জন পুত্র দারে এ সব করিয়া দূরে
একান্ত করিয়া কবে যাব।
সর্ব্ব দুঃখ পরিহরি ব্রজপুরে বাস করি
মাধুকরী মাগিয়া খাইব ॥
যমুনার জল যেন অমৃত-সমান হেন
কবে পিব উদর পূরিয়া।
কবে রাধাকুণ্ড-জলে স্নান করি কুতূহলে
শ্যামকুণ্ডে রহিব পড়িয়া ॥

ভ্রমিব দ্বাদশ বনে কৃষ্ণলীলা যে যে স্থানে
প্রেমে গড়াগড়ি দিব তাঁহা।
সুধাইব জনে জনে ব্রজবাসিগণ-স্থানে
কহ আর লীলাস্থান কাঁহা॥
ভজনের স্থান কবে নয়নগোচর হবে
আর যত আছে উপবন।
তার মধ্যে বৃন্দাবন নরোত্তম দাসের মন
আশা করে যুগল-চরণ॥

(২২)

করঙ্গ কৌপীন লঞা ছেঁড়া কান্থা গায়ে দিয়া
তেয়াগিয়া সকল বিষয়।
কৃষ্ণে অনুরাগ হবে ব্রজের নিকুঞ্জে হবে
যাইয়া করিব নিজালয়॥
হরি হরি! কবে মোর হইবে সুদিন।
ফল মূল বৃন্দাবনে খাব দিবা-অবসানে
ভ্রমিব হইয়া উদাসীন॥
শীতল যমুনাজলে স্নান করি কুতূহলে
প্রেমাবেশে আনন্দ হইয়া।
বাহু'পর বাহু তুলি বৃন্দাবনে কুলি কুলি
কৃষ্ণ বলি বেড়াব কান্দিয়া॥

দেখিব সঙ্কেত-স্থান জুড়াবে তাপিত প্রাণ
প্রেমাবেশে গড়াগড়ি দিব।
কাঁহা রাধা প্রাণেশ্বরি কাঁহা গোবর্দ্ধনধারি
কাঁহা নাথ বলিয়া কান্দিব॥
মাধবীকুঞ্জের'পরি সুখে বসি শুকশারী
গায় সদা রাধাকৃষ্ণ-রস।
তরুতলে বসি তাহা শুনি পাসরিব দেহা
কবে সুখে গোঙাব দিবস॥
শ্রীগোবিন্দ গোপীনাথ মদনমোহন-সাথ
দেখিব রতন-সিংহাসনে।
দীন নরোত্তম দাস করে এই অভিলাষ
এমতি হইবে কত দিনে॥

(২৩)

হরি হরি কবে হব বৃন্দাবনবাসী।
নিরখিব নয়নে যুগলরূপরাশি॥
ত্যজিব শয়ন-সুখ বিচিত্র পালঙ্ক।
কবে ব্রজের ধূলায় ধূসর হবে অঙ্গ॥
ষড়রস-ভোজন দূরেতে পরিহরি।
কবে ব্রজে মাগিয়া খাইব মাধুকরী॥
পরিক্রমা করিয়া ফিরিব বনে বনে।
বিশ্রাম করিব গিয়া যমুনা-পুলিনে॥

তাপ দূর করিব শীতল বংশীবটে।
কবে কুঞ্জে বসিব সে বৈষ্ণব-নিকটে
নরোত্তম দাস কহে করি পরিহার।
হেন দশা কবে আর হইবে আমার॥

(২৪)

আর কবে হেন দশা হব।
ব্রজের ধূলা কবে ভূষণ করিব॥
আর কবে শ্রীরাসমণ্ডলে।
গড়াগড়ি দিব কুতূহলে॥
শ্যামকুণ্ডে রাধাকুণ্ডে স্নান।
করি কবে জুড়াব পরাণ॥
আর কবে যমুনার জলে।
মজ্জন করিব কুতূহলে॥
সাধুসঙ্গে বৃন্দাবনে বাস।
নরোত্তম দাস করে আশ॥

সাধকদেহে অদ্ধবাহ্যদশায় সিদ্ধাভিমান-লালসা।

(২৫)

রাধাকৃষ্ণ ভজোঁ মুঞি জীবনে মরণে।
তাঁর স্থানে তাঁর লীলা শুনি রাত্রিদিনে॥

যে স্থানে যে লীলা কৈল যুগল-কিশোর।
সখীর সঙ্গিনী হয়ে তাহে হও ভোর॥
শ্রীরূপমঞ্জরি দেবি! কর মোরে দয়া।
অনুক্ষণ দেহ মোরে পাদপদ্ম-ছায়া॥
শ্রীরসমঞ্জরি দেবি! কর অবধান।
নিরবধি করি তুয়া পাদপদ্ম-ধ্যান॥
বৃন্দাবনে নিত্য নিত্য যুগল-বিলাস।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস॥

(২৬)

রাধাকৃষ্ণ প্রাণ মোর যুগলকিশোর।
জীবনে মরণে আর কেহ নাহি মোর॥
কালিন্দীর তীরে কেলি কদম্বের বন।
রতনবেদীরোপরে বসাব দুজন॥
শ্যাম-অঙ্গে দিব চুয়া চন্দনের গন্ধ।
চামর ঢুলাব কবে হেরিব মুখচন্দ্র॥
গাঁথিয়া মালতী-মালা দিব দোঁহার গলে।
অধরে তুলিয়া দিব কর্পূর-তাম্বূলে॥
ললিতা-বিশাখা-আদি যত সখীবৃন্দে।
আজ্ঞায় করিব সেবা চরণারবিন্দে॥
শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভুর দাস-অনুদাস।
নরোত্তম দাস করে এই অভিলাষ॥

(২৭)

হরি হরি ! কবে মোর হইবে সুদিন।
কেলি কৌতুক রঙ্গে করিব সেবন॥
ললিতা-বিশাখা-সনে আর যত সখীগণে
মণ্ডলী করিয়া তছু মেলি।
রাইকানু করে ধরি নৃত্য করে ফিরি ফিরি
নিরখি গোঙাব কুতূহলী।
আলস-বিশ্রাম-ঘর গোবর্দ্ধন গিরিবর
রাইকানু করাব শয়ন।
নরোত্তম দাস কয় এই যেন মনে হয়
অনুক্ষণ চরণ-সেবন॥

(২৮)

হরি হরি ! কবে মোর হইবে সুদিন।
গোবর্দ্ধন গিরিবর কেবল নির্জ্জন স্থল
রাইকানু করিব সেবন॥
ললিতা-বিশাখা-সঙ্গে সেবিব পরম রঙ্গে
সুখময় রাতুল পদতলে।
কনক সম্পুট করি কর্পূর তাম্বূল ভরি
যোগাইব বদন-কমলে॥
সুগন্ধি-চন্দন-গুঁড়ি কনক কটোরা পূরি
কবে দিব দুজনার গায়।

মল্লিকা মালতী যূথী নানা ফুলে মালা গাঁথি
কবে দিব দোঁহার গলায়॥
সুবর্ণের ঝারি করি রাধাকুণ্ডে জল পূরি
দোঁহাকার অগ্রেতে রাখিব।
গুরুরূপা সখী বামে ত্রিভঙ্গ-ভঙ্গিম-ঠামে
চামরের বাতাস করিব॥
দোঁহার অরুণ আঁখি পুলক হইয়া দেখি
দুঁহু পদ পরশিব করে।
শ্রীচৈতন্যদাসের দাস সদা করে অভিলাষ
নরোত্তম মনে মনে স্ফুরে॥

(২৯)

হরি হরি! আর কবে এমন দশা হব।
কবে বৃষভানুপুরে আহিরী-গোপের ঘরে
তনয়া হইয়া জনমিব॥
যাবটে আমার কবে এ পাণিগ্রহণ হবে
বসতি করিব কবে তায়।
সখীর পরম প্রেষ্ঠ যে তাহার হয় শ্রেষ্ঠ
সেবন করিব কবে তায়॥
তেঁহ কৃপাবান্ হঞা রাতুল চরণে লঞা
আমারে করিবে সমর্পণ।

সফল হইবে দশা পূরিবে মনের আশা
সেবিব সে কমল-চরণ ॥
বৃন্দাবনে দুইজন চতুর্দ্দিকে সখীগণ
সেবন করিব অবশেষে।
সখীগণ চারিভিতে নানা রত্ন লয়ে হাতে
রহিব মনের অভিলাষে ॥
দোঁহ চন্দ্রমুখ দেখি জুড়াবে তাপিত আঁখি
নয়নে বহিবে অশ্রুধার।
বৃন্দার আদেশ পাব পরম আনন্দ হব
কবে হেন হইবে আমার ॥
শ্রীরূপমঞ্জরী সখী মোরে অনাথিনী দেখি
রাখিবে রাতুল দুই পায়।
নরোত্তম দাসের মনে প্রিয় নর্ম্ম সখীগণে
কবে দাসী করিবে আমায় ॥

(৩০)

হরি হরি! আর কবে হেন দশা হব।
ছাড়িয়া পুরুষ-দেহ কবে বা প্রকৃতি হব
দুঁহু অঙ্গে চন্দন পরাব ॥
টানিয়া বান্ধিব চূড়া তাহে নবগুঞ্জ বেড়া
নানা ফুলে গাঁথি দিব হার।

পীত বসন অঙ্গে পরাইব সখীসঙ্গে
বদনে তাম্বূল দিব আর ॥
দুঁহু রূপ মনোহারী দেখিব নয়ন ভরি
নীলাম্বরে রাইকে সাজাইয়া।
রতনের জরি আনি বান্ধিব বিচিত্র বেণী
দিব তাহে মালতী গাঁথিয়া ॥
হেন রূপমাধুরী দেখিব নয়ন ভরি
এই করি মনে অভিলাষ।
জয় রূপ সনাতন দেহ মোরে এই ধন
নিবেদয় নরোত্তম দাস ॥

(৩১)

হা হা প্রভু কর দয়া করুণাসাগর।
মিছা-মায়া-জালে তনু দহিছে আমার ॥
কবে হেন দশা হবে সখীসঙ্গ পাব।
বৃন্দাবনের ফুল গাঁথি দোঁহারে পরাব ॥
সম্মুখে রহিয়া কবে চামর ঢুলাব।
অগুরু-চন্দন-গন্ধ দোঁহা অঙ্গে দিব ॥
সখীর আজ্ঞায় কবে তাম্বূল যোগাব।
সিন্দূর-তিলক কবে দোঁহারে পরাব ॥
বিলাস-কৌতুক-কেলি দেখিব নয়নে।
চন্দ্রমুখ নিরখিব বসায়ে সিংহাসনে ॥

সদা সে মাধুরী দেখি মনের লালসে।
কত দিনে হবে দয়া নরোত্তম দাসে॥

(৩২)

কবে কৃষ্ণধন পাব হিয়ার মাঝারে থোব
জুড়াইব এ পাপ পরাণ।
সাজাইয়া দিব হিয়া বসাইব প্রাণপ্রিয়া
নিরখিব সে চন্দ্রবয়ান॥
হে সজনি! কবে মোর হইবে সুদিন।
সে প্রাণনাথের সঙ্গে কবে বা ফিরিব রঙ্গে
সুখময় যমুনা-পুলিন॥
ললিতা বিশাখা নিয়া তাহারে ভেটিব গিয়া
সাজাইয়া নানা উপহার।
সদয় হইয়া বিধি মিলাবে সে গুণনিধি
হেন ভাগ্য হইবে আমার॥
দারুণ বিধির নাট ভাঙ্গিল প্রেমের হাট
তিলমাত্র না রাখিল তার।
কহে নরোত্তম দাস কি মোর জীবনে আশ
ছাড়ি গেল ব্রজেন্দ্রকুমার॥

(৩৩)

এইবার পাইলে দেখা চরণ দুখানি।
হিয়ার মাঝারে রাখি জুড়াব পরাণী॥

তাঁরে না দেখিয়া মোর মনে বড় তাপ।
অনলে পশিব কিম্বা জলে দিব ঝাঁপ ॥
মুখের মুছাব ঘাম খাওয়াব পাণ গুয়া।
শ্রমেতে বাতাস দিব এ চন্দন চুয়া ॥
বৃন্দাবনের ফুলেতে গাঁথিয়া দিব হার।
বিনাইয়া বান্ধিব চূড়া কুন্তলের ভার ॥
কপালে তিলক দিব চন্দনের চাঁদ।
নরোত্তম দাস কহে পিরীতের ফাঁদ ॥

(৩৪)

এইবার করুণা কর বৈষ্ণব গোসাঞি।
পতিতপাবন তোমা বিনে কেহ নাই ॥
যাঁহার নিকটে গেলে পাপ দূরে যায়।
এমন দয়াল প্রভু কেবা কোথা পায় ॥
গঙ্গার পরশ হইলে পশ্চাতে পাবন।
দর্শনে পবিত্র কর এ তোমার গুণ ॥
হরিস্থানে অপরাধে তারে হরিনাম।
তোমা স্থানে অপরাধে নাহিক এড়ান ॥
তোমা সবার হৃদয়েতে গোবিন্দ-বিশ্রাম।
গোবিন্দ কহেন মোর বৈষ্ণব পরাণ ॥
প্রতি জন্মে করি আশা চরণের ধূলি।
নরোত্তমে কর দয়া আপনার বলি ॥

(৩৫)

হরি হরি! কি মোর করম অনুরত।
বিষয়ে কুটিল মতি সাধুসঙ্গে নৈল রতি
কিসে আর তরিবার পথ॥
স্বরূপ সনাতন রূপ রঘুনাথ ভট্টযুগ
লোকনাথ সিদ্ধান্তসাগর।
শুনিতাম সে সব কথা ঘুচিত মনের ব্যথা
তবে ভাল হইত অন্তর॥
যখন গৌর নিত্যানন্দ অদ্বৈতাদি ভক্তবৃন্দ
নদীয়া-নগরে অবতার।
তখন না হৈল জন্ম এবে দেহে কিবা কর্ম্ম
মিছা মাত্র বহি ফিরি ভার॥
হরিদাস-আদি মেলি মহোৎসব-আদি কেলি
না হেরিনু সে সুখ-বিলাস।
কি মোর দুঃখের কথা জনম গোঙানু বৃথা
ধিক্ ধিক্ নরোত্তম দাস॥

(৩৬)

বৃন্দাবন রম্যস্থান দিব্য চিন্তামণি-ধাম
রতন মন্দির মনোহর।
আবৃত কালিন্দী-নীরে রাজহংস কেলি করে
কুবলয় কনক উৎপল॥

তার মধ্যে হেমপীঠ　　অষ্টদলেতে বেষ্টিত
অষ্টদলে প্রধান নায়িকা।
তার মধ্যে রত্নাসনে　　বসি আছেন দুইজনে
শ্যাম-সঙ্গে সুন্দরী রাধিকা॥
ও রূপ-লাবণ্যরাশি　　অমিয়া পড়িছে খসি
হাস্য-পরিহাস-সম্ভাষণে।
নরোত্তম দাস কয়　　নিত্যলীলা সুখময়
সেবা দিয়া রাখহ চরণে॥

(৩৭)

শ্রীরূপমঞ্জরী-পদ　　সেই মোর সম্পদ
সেই মোর ভজন পূজন।
সেই মোর প্রাণধন　　সেই মোর আভরণ
সেই মোর জীবনের জীবন॥
সেই মোর বাঞ্ছাসিদ্ধি　　সেই মোর ভক্তিঋদ্ধি
সেই মোর বেদের ধরম।
সেই ব্রত সেই তপ　　সেই মোর মন্ত্র জপ
সেই মোর ধরম করম॥
অনুকূল হবে বিধি　　সে পদ-সম্পদ-নিধি
নিরখিব এ দুই নয়নে।
সে পদ-মাধুরী-রাশি　　প্রাণ-কুবলয়-শশী
প্রফুল্লিত হবে নিশিদিনে॥

তুয়া অদর্শন-অহি গরলে জারল দেহি
চিরদিন তাপিত জীবন।
হা হা প্রভু কর দয়া দেহ মোরে পদছায়া
নরোত্তম লইল শরণ॥

(৩৮)

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
কৃপা করি সবে মেলি করহ করুণা।
অধম পতিত জনে না করিহ ঘৃণা॥
এ তিন সংসার মাঝে তুয়া পদ সার।
ভাবিয়া দেখিলে মনে কেহ নাহি আর॥
সে পদ পাবার আশে খেদ উঠে মনে।
ব্যাকুলহৃদয়ে সদা করিয়ে ক্রন্দনে॥
কিরূপে পাইব কিছু না পাই সন্ধান।
স্বামী-লোকনাথ-পদ নাহিক স্মরণ॥
তুমি ত দয়াল প্রভু চাহ একবার।
নরোত্তম হৃদয়ের ঘুচাও অন্ধকার॥

(৩৯)

হা হা প্রভু লোকনাথ! রাখ পদদ্বন্দ্বে।
কৃপাদৃষ্টে চাহ যদি হইয়া আনন্দে॥

মনোবাঞ্ছাসিদ্ধি তবে পূর্ণ হয় তৃষ্ণ।
হেথায় চৈতন্য মিলে হেথা রাধাকৃষ্ণ॥
তুমি না করিলে দয়া কে করিবে আর।
মনের বাসনা পূর্ণ কর এইবার॥
এ তিন সংসারে মোর আর কেহ নাই।
কৃপা করি নিজ পদতলে দেহ ঠাঞি॥
রাধাকৃষ্ণ-লীলা-গুণ গাঙ রাত্রদিনে।
নরোত্তম-বাঞ্ছা পূর্ণ নহে তুয়া বিনে॥

(৪০)

লোকনাথ প্রভু তুমি দয়া কর মোরে।
রাধাকৃষ্ণলীলা যেন সদা চিত্তে স্ফুরে॥
তোমার সহিতে থাকি সখীর সহিতে।
এই ত বাসনা মোর সদা উঠে চিতে॥
সখীগণজ্যেষ্ঠ যেঁহো তাঁহার চরণে।
মোরে সমর্পিবে কবে সেবার কারণে॥
তবে সে হইবে মোর বাঞ্ছিত পূরণ।
আনন্দে সেবিব দোঁহার যুগল চরণ॥
শ্রীরূপমঞ্জরি সখি! কৃপাদৃষ্টে চায়ে।
তাপিত নরোত্তমে সিঞ্চ সেবামৃত দিয়ে॥

(৪১)

শুনিয়াছি সাধুমুখে বলে সর্ব্বজন।
শ্রীরূপ-কৃপায় মিলে যুগল-চরণ॥

হা হা প্রভু সনাতন গৌর-পরিবার।
সবে মেলি বাঞ্ছা পূর্ণ করহ আমার॥
শ্রীরূপের কৃপা যেন আমা প্রতি হয়।
সে পদ আশ্রয় যার সেই মহাশয়॥
প্রভু লোকনাথ কবে সঙ্গে লয়ে যাবে।
শ্রীরূপের পাদপদ্মে মোরে সমর্পিবে॥
হেন কি হইবে মোর মুখ্য সখীগণে।
অনুগত নরোত্তমে করিবে শাসনে॥

(৪২)

এই নব দাসী বলি শ্রীরূপ চাহিবে।
হেন শুভক্ষণ মোর কতদিনে হবে॥
শীঘ্র আজ্ঞা করিবেন দাসী হেথা আয়।
সেবার সুসজ্জা-কার্য্য করহ ত্বরায়॥
আনন্দিত হয়ে হিয়া তাঁর আজ্ঞাবলে।
পবিত্রমনেতে কার্য্য করিব তৎকালে॥
সেবার সামগ্রী রত্ন-থালেতে করিয়া।
সুবাসিত বারি স্বর্ণ ঝারিতে পূরিয়া॥
দোঁহার সম্মুখে লয়ে দিব শীঘ্রগতি।
নরোত্তমের দশা কবে হইবে এমতি॥

(৪৩)

শ্রীরূপ-পশ্চাতে আমি রহিব ভীত হঞা।
দোঁহে পুনঃ কহিবেন আমা পানে চাঞা॥

সদয়-হৃদয় দোঁহে কহিবেন হাসি।
কোথায় পাইলে রূপ এই নব দাসী॥
শ্রীরূপমঞ্জরী তবে দোঁহ বাক্য শুনি।
মঞ্জুলালী দিল মোরে এই দাসী আনি॥
অতি নম্রচিত্ত আমি ইহারে জানিল।
সেবা-কার্য্য দিয়া তবে হেথায় রাখিল॥
হেন তত্ত্ব দোঁহাকার সাক্ষাতে কহিয়া।
নরোত্তমে সেবায় দিবে নিযুক্ত করিয়া॥

(৪৪)

হরি হরি! কবে হেন দশা হবে মোর।
সেবিব দোঁহার পদ আনন্দে বিভোর॥
ভ্রমর হইয়া সদা রহিব চরণে।
শ্রীচরণামৃত সদা করিব আস্বাদনে॥
এই আশা পূর্ণ কর যত সখীগণ।
তোমাদের কৃপায় হয় বাঞ্ছিত পূরণ॥
বহুদিন বাঞ্ছা করি পূর্ণ যাতে হয়।
সবে মেলি দয়া কর হইয়া সদয়॥
সেবা-আশে নরোত্তম কান্দে দিবানিশি।
কৃপা করি কর মোরে অনুগত দাসী॥

(৪৫)

কিরূপে পাইব সেবা আমি দুরাচার।
শ্রীগুরু-বৈষ্ণবে রতি না হৈল আমার॥

অশেষ মায়াতে মন মগন হইল।
বৈষ্ণবেতে লেশমাত্র রতি না জন্মিল॥
বিষয়ে ভুলিয়া অন্ধ হৈনু দিবানিশি।
গলে ফাঁস দিতে ফিরে মায়ার পিচাশী
ইহারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধু-কৃপা বিনে আর নাহিক উপায়॥
অদোষ-দরশী প্রভু পতিত-উদ্ধার।
এইবার নরোত্তমে করহ নিস্তার॥

(৪৬)

গোরা পঁহু না ভজিয়া মৈনু।
প্রেম-রতন-ধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি ধন তেয়াগিনু।
আপন করম-দোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি কৈনু অসতে বিলাস।
তে কারণে লাগিল যে কর্ম্মবন্ধ-ফাঁস॥
বিষয় বিষম বিষ সতত খাইনু।
গৌর-কীর্ত্তন-রসে মগন নহিনু॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ পাইয়া।
নরোত্তম দাস কেন না গেল মরিয়া॥

ইতি শ্রীল-নরোত্তমদাস-ঠাকুরমহাশয়-বিরচিতা
শ্রীশ্রীপ্রার্থনা সমাপ্তা।

শ্রীশ্রীপ্রার্থনা।

(অতিরিক্ত পদ।)

পূজ্যপাদ শ্রীল-ঠাকুরমহাশয়-কৃত প্রার্থনার নিম্নলিখিত সুন্দর পদগুলি বটতলার গ্রন্থে দৃষ্ট হয় না। এগুলি শ্রীশ্রীপদকল্পতরু প্রভৃতি গ্রন্থ হইতে সংগৃহীত হইল।

(১)

প্রাণেশ্বরি ! এইবার করুণা কর মোরে।

দশনেতে তৃণ ধরি অঞ্জলি মস্তকে করি
এই জন নিবেদন করে॥

প্রিয়-সহচরী-সঙ্গে সেবন করিব রঙ্গে
অঙ্গবেশ করাইতে সাজে।

রাখ এই সেবা-কাজে নিজ পদ-পঙ্কজে
প্রিয়-সহচরীগণ-মাঝে॥

সুগন্ধি চন্দন মণিময় আভরণ
কৌষিক বসন নানা রঙ্গে।

এই সব সেবা যার দাসী যেন হও তার
অনুক্ষণ থাকোঁ তার সঙ্গে॥

জল সুবাসিত করি রতন-ভৃঙ্গারে ভরি
কর্পূর-বাসিত গুয়াপাণ।

এ সব সাজাইয়া ডালা লবঙ্গ-মালতী-মালা
ভক্ষ্য দ্রব্য নানা অনুপাম ॥
সখীর ইঙ্গিত হবে এ সব আনিব কবে
যোগাইব ললিতার কাছে।
নরোত্তম দাস কয় এই যেন মোর হয়
দাঁড়াইয়া রহোঁ সখীর পাছে ॥

(২)

অরুণ-কমল-দলে শেজ বিছাইব
বসাইব কিশোর-কিশোরী।
অলকা-আবৃত-মুখ- পঙ্কজ মনোহর
মরকত-শ্যাম হেম-গোরী ॥
প্রাণেশ্বরি! কবে মোরে হবে কৃপাদিঠি।
আজ্ঞায় আনিব কবে চম্পক ফুলবর
শুনব বচন দুঁহু মিঠি ॥
মৃগমদ-তিলক সসিন্দূর বনায়ব
লেপব চন্দন গন্ধে।
গাঁথিয়া মালতীফুল- হার পহিরায়ব
ধাওয়াব মধুকরবৃন্দে ॥
ললিতা কবে মোরে বীজন দেওয়ব
বীজব মারুত মন্দে।
শ্রমজল সকল মিটব দুঁহু কলেবর
হেরব পরম আনন্দে ॥

নরোত্তম দাস- আশ পদপঙ্কজ-
সেবন-মাধুরী-পানে।
হোয়ব হেন দিন না দেখিয়ে কিছু চিন
তুঁহু জন হেরব নয়ানে॥

(৩)

কুসুমিত বৃন্দাবনে নাচত শিখিগণে
পিককুল ভ্রমর ঝঙ্কারে।
প্রিয়-সহচরী-সঙ্গে গাইয়া যাইবে রঙ্গে
মনোহর নিকুঞ্জ-কুটীরে॥
হরি হরি! মনোরথ ফলিব আমারে।
তুঁহুক মন্থর গতি কৌতুকে হেরব অতি
অঙ্গ ভরি পুলক অন্তরে॥
চৌদিকে সখীর মাঝে রাধিকার ইঙ্গিতে
চিরুণী লইয়া করে করি।
কুটিল কুন্তল সব বিথারিয়া আঁচরব
বনাইব বিচিত্র কবরী॥
মৃগমদ মলয়জ সব অঙ্গে লেপব
পরাইব মনোহর হার।
চন্দন কুঙ্কুমে তিলক বনাইব
হেরব মুখ-সুধাকর॥
নীল পটাম্বর যতনে পরাইব
পায়ে দিব রতন-মঞ্জীরে।

ভৃঙ্গারের জলে রাঙ্গা চরণ ধোয়াইব
মুছব আপন চিকুরে॥
কুসুম-কোমল-দলে শেজ বিছাইব
শয়ন করাব দোঁহাকারে।
ধবল চামর আনি মৃদু মৃদু বীজব
ছরমিত দুঁহুক শরীরে॥
কনক-সম্পুট করি কর্পূর তাম্বূল ভরি
যোগাইব দোঁহার বদনে।
অধর-সুধারসে তাম্বূল সুবাসে
ভুখব অধিক যতনে॥
শ্রীগুরু করুণাসিন্ধু লোকনাথ দীনবন্ধু
মুঞি দীনে কর অবধান।
রাধাকৃষ্ণ বৃন্দাবন প্রিয় নর্ম্ম সখীগণ
নরোত্তম মাগে এই দান॥

(৪)

হরি হরি! কবে মোর হইবে সুদিন।
গোবর্দ্ধন গিরিবরে পরম নিভৃত ঘরে
রাইকানু করাব শয়ন॥
ভৃঙ্গারের জলে রাঙ্গা চরণ ধোয়াইব
মুছাইব আপন চিকুরে।
কনক-সম্পুট করি কর্পূর তাম্বূল পূরি
যোগাইব দুঁহুক অধরে॥

প্রিয়-সখীগণ-সঙ্গে সেবন করিব রঙ্গে
চরণ সেবিব নিজ করে।
দুঁহুক কমল-দিঠি কৌতুকে হেরব
দুঁহু অঙ্গ পুলক অন্তরে॥
মল্লিকা মালতী যূথী নানা ফুলে মালা গাঁথি
কবে দিব দোঁহার গলায়।
সোণার কটোরা করি কর্পূর চন্দন ভরি
কবে দিব দোঁহাকার গায়॥
আর কবে এমন হব দুঁহু মুখ নিরখিব
লীলারস নিকুঞ্জ-শয়নে।
শ্রীকুন্দলতার সঙ্গে কেলি কৌতুক রঙ্গে
নরোত্তম করিবে শ্রবণে॥

(৫)

কদম্বতরুর ডাল নামিয়াছে ভূমে ভাল
ফুটিয়াছে ফুল সারি সারি।
পরিমলে ভরল বৃন্দাবনে সকল
কেলি করে ভ্রমরা ভ্রমরী॥
রাইকানু বিলাসই রঙ্গে।
কিবা রূপ-লাবণি বৈদগধি-খনি ধনি
মণিময় আভরণ অঙ্গে॥
রাধার দক্ষিণ কর ধরি প্রিয় গিরিধর
মধুর মধুর চলি যায়।

আগে পাছে সখীগণ করে ফুল বরিষণ
কোন সখী চামর ঢুলায়॥
পরাগে ধূসর স্থল চন্দ্র-করে সুশীতল
মণিময় বেদীর উপরে।
রাইকানু কর যোড়ি নৃত্য করে ফিরি ফিরি
পরশে পুলকে তনু ভরে॥
মৃগমদ চন্দন করে করি সখীগণ
বরিষয়ে ফুল গন্ধরাজে।
শ্রমজল বিন্দু বিন্দু শোভা করে মুখ-ইন্দু
অধরে মুরলী নাহি বাজে॥
হাস-বিলাস-রস সরল মধুর ভাষ
নরোত্তম-মনোরথ ভরু।
দুঁহুক বিচিত্র বেশ কুসুমে রচিত কেশ
লোচন-মোহন লীলা করু॥

(৬)

হেদে হে নাগরবর শুন হে মুরলীধর
নিবেদন করি তুয়া পায়।
চরণ-নখর-মণি যেন চাঁদের গাঁথনি
ভাল শোভে আমার গলায়॥
শ্রীদাম-সুদাম-সঙ্গে যখন বনে যাও রঙ্গে
তখন আমি দাঁড়ায়ে দুয়ারে।

মন বলে সঙ্গে যাই গুরুজনের ভয় পাই
আঁখি রহে তুয়া পানে চায়ে॥
তুয়া বঁধু পড়ে মনে চাই বৃন্দাবন-পানে
এলাইলে কেশ নাহি বাঁধি।
রন্ধনশালাতে যাই তুয়া বঁধু গুণ গাই
ধোঁয়ার ছলনা করি কাঁদি॥
মণি নও মাণিক নও আঁচলে বাঁধিলে রও
ফুল নও যে কেশে করি বেশে।
নারী না করিত বিধি তুয়া হেন গুণনিধি
লঞা বেড়াতাম দেশে দেশে॥
অগুরু চন্দন হইতাম তুয়া অঙ্গে মাখা রইতাম
ঘামিয়া পড়িতাম তুয়া পায়।
কি মোর মনের সাধ বামন হয়ে চাঁদে হাত
বিধি কি পূরাবে সাধ আমার॥
নরোত্তম দাসে কয় শুন ওহে দয়াময়
তুমি আমায় না ছাড়িহ দয়া।
যে দিন তোমার ভাবে আমার পরাণ যাবে
সেই দিন দিও পদছায়া॥

(৭)

আজি রসে বাদর নিশি।
প্রেমে ভাসল সব বৃন্দাবনবাসী॥

শ্যাম-ঘন বরিষয়ে প্রেম-সুধাধার।
কোরে রঙ্গিণী রাধা বিজুরী-সঞ্চার॥
প্রেমে পিছল পথ গমন ভেল বঙ্ক।
মৃগমদ-চন্দন-কুঙ্কুমে ভেল পঙ্ক॥
দিগ বিদিগ নাহি প্রেমের পাথার।
ডুবিল নরোত্তম না জানে সাঁতার॥

(৮)

প্রভু হে ! এইবার করহ করুণা।
যুগল-চরণ দেখি সফল করিব আঁখি
এই বড় মনের বাসনা॥
নিজ-পদ-সেবা দিবা নাহি মোরে উপেক্ষিবা
দুঁহু পঁহু করুণাসাগর।
দুঁহু বিনু নাহি জানোঁ এই বড় ভাগ্য মানোঁ
মুঞি বড় পতিত পামর॥
ললিতা-আদেশ পাঞা চরণ সেবিব যাঞা
প্রিয়-সখী-সঙ্গে হর্ষ-মনে।
দুঁহু দাতা-শিরোমণি অতি দীন মোরে জানি
নিকটে চরণ দিবে দানে॥
পাব রাধাকৃষ্ণ পা ঘুচিবে মনের ঘা
দূরে যাবে এ সব বিকল।
নরোত্তম দাস কয় এই বাঞ্ছা সিদ্ধি হয়
দেহ প্রাণ সকল সফল॥

(৯)

হরি বলব আর মদনমোহন হেরব গো।
এইরূপে ব্রজের পথে চলব গো॥
যাব গো ব্রজেন্দ্রপুর হব গো গোপিকার নূপুর
তাঁদের চরণে মধুর মধুর বাজব গো।
বিপিনে বিনোদ খেলা সঙ্গেতে রাখালের মেলা
তাঁদের চরণের ধূলা মাখব গো॥
রাধাকৃষ্ণের রূপমাধুরী হেরব দু নয়ন ভরি
নিকুঞ্জের দ্বারে দ্বারী রইব গো।
ব্রজবাসী তোমরা সবে এই অভিলাষ পূরাও এবে
আর কবে শ্রীকৃষ্ণের বাঁশী শুনব গো॥
এই দেহ অন্তিম-কালে রাখব শ্রীযমুনার জলে
জয় রাধাগোবিন্দ বলে ভাসব গো।
কহে নরোত্তম দাস না পূরিল অভিলাষ
আর কবে ব্রজবাস করব গো॥

ইতি শ্রীশ্রীপ্রার্থনার অতিরিক্ত পদ সমাপ্ত।

শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা।

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
সোঽয়ং রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকং॥

শ্রীগুরু-চরণপদ্ম কেবল ভকতি-সদ্ম
বন্দোঁ মুঞি সাবধান মতে।
যাঁহার প্রসাদে ভাই এ ভব তরিয়া যাই
কৃষ্ণপ্রাপ্তি হয় যাহা হতে॥
গুরুমুখপদ্ম-বাক্য হৃদয়ে করিয়া ঐক্য
আর না করিহ মনে আশা।
শ্রীগুরু-চরণে রতি এই সে উত্তম গতি
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥
চক্ষুদান দিল যেই জন্মে জন্মে প্রভু সেই
দিব্যজ্ঞান হৃদে প্রকাশিত।
প্রেমভক্তি যাহা হৈতে অবিদ্যা-বিনাশ যাতে
বেদে গায় যাঁহার চরিত॥
শ্রীগুরু করুণাসিন্ধু অধম-জনার বন্ধু
লোকনাথ লোকের জীবন।

শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা।

হা হা প্রভু কর দয়া দেহ মোরে পদছায়া
এবে যশ ঘুষুক ত্রিভুবন ॥
বৈষ্ণব-চরণ-রেণু ভূষণ করিয়া তনু
যাহা হৈতে অনুভব হয়।
মার্জ্জন হয় ভজন সাধুসঙ্গে অনুক্ষণ
অজ্ঞান-অবিদ্যা-পরাজয় ॥
জয় সনাতন-রূপ প্রেমভক্তি-রস-কূপ
যুগল উজ্জ্বলময় তনু।
যাহার প্রসাদে লোক পাসরিল সর্ব্ব শোক
প্রকটিল কল্পতরু জনু ॥
প্রেমভক্তি-রীতি যত নিজ গ্রন্থে সুবেকত
লিখিয়াছে দুই মহাশয়।
যাহার শ্রবণ, হৈতে পরানন্দ হয় চিতে
যুগল-মধুর-রসাশ্রয় ॥
যুগোল-কিশের-প্রেম লক্ষবাণ জিনি হেম
হেন ধন প্রকাশিল যারা।
জয় রূপ সনাতন দেহ মোরে সেই ধন
সে রতন মোর গলে হারা ॥
ভাগবতশাস্ত্র-মর্ম্ম নববিধ-ভক্তি-ধর্ম্ম
সদাই করিব সুসেবন।
অন্য-দেবাশ্রয় নাই তোমারে কহিল ভাই
এই তত্ত্ব পরম কারণ ॥

সাধু-শাস্ত্র-গুরু-বাক্য চিত্তেতে করিয়া ঐক্য
সতত ভাসিব প্রেম-মাঝে।
কর্ম্মী জ্ঞানী ভক্তিহীন ইহাকে করিব ভিন
নরোত্তম এই তত্ত্ব গাজে ॥ ১ ॥

শ্রীমদ্রূপ-গোস্বামীপাদেনোক্তং।
অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা ॥

অন্য অভিলাষ ছাড়ি জ্ঞান কর্ম্ম পরিহরি
কায়মনে করিব ভজন।
সাধুসঙ্গে কৃষ্ণসেবা না পূজিব দেবী দেবা
এই ভক্তি পরম কারণ ॥
মহাজনের যেই পথ তাতে হব অনুরত
পূর্ব্বাপর করিয়া বিচার।
সাধন স্মরণ লীলা ইহাতে না কর হেলা
কায়মনে করিয়া সুসার ॥
অসৎ-সঙ্গ কর ত্যাগ ছাড় অন্য অনুরাগ
কর্ম্মী জ্ঞানী পরিহরি দূরে।
কেবল ভকত-সঙ্গ প্রেমকথা-রসরঙ্গ
লীলাকথা ব্রজরসপুরে ॥
যোগী ন্যাসী কর্ম্মী জ্ঞানী অন্যদেব-পূজক-ধ্যানী
ইহ লোক দূরে পরিহরি।

কর্ম্ম ধর্ম্ম দুঃখ শোক যেবা থাকে অন্য যোগ
ছাড়ি ভজ গিরিবরধারী ॥
তীর্থযাত্রা পরিশ্রম কেবল মনের ভ্রম
সর্ব্বসিদ্ধি গোবিন্দ-চরণ।
দৃঢ় বিশ্বাস হৃদে করি মদ মাৎসর্য্য পরিহরি
সদা কর অনন্যভজন ॥
কৃষ্ণভক্ত-সঙ্গ করি কৃষ্ণভক্ত-অঙ্গ হেরি
শ্রদ্ধান্বিত শ্রবণ কীর্ত্তন।
অর্চ্চন স্মরণ ধ্যান নবভক্তি মহাজ্ঞান
এই ভক্তি পরম কারণ ॥
হৃষীকে গোবিন্দ-সেবা না পূজিব দেবীদেবা
এই ত অনন্যভক্তি-কথা।
আর যত উপালম্ভ বিশেষ সকলি দম্ভ
দেখিতে লাগয়ে মনে ব্যথা ॥
দেহে বৈসে রিপুগণ যতেক ইন্দ্রিয়গণ
কেহ কার বাধ্য নাহি হয়।
শুনিলে না শুনে কাণ জানিলে না জানে প্রাণ
দঢ়াইতে না পারি নিশ্চয় ॥
কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য্য দম্ভ সহ
স্থানে স্থানে নিযুক্ত করিব।
আনন্দ করি হৃদয় রিপু করি পরাজয়
অনায়াসে গোবিন্দ ভজিব ॥

কৃষ্ণ-সেবা কামার্পণে ক্রোধ ভক্তদ্বেষি-জনে
লোভ সাধুসঙ্গে হরিকথা।
মোহ ইষ্টলাভ বিনে মদ কৃষ্ণগুণগানে
নিযুক্ত করিব যথা তথা॥
অন্যথা স্বতন্ত্র কাম অনর্থাদি যার ধাম
ভক্তিপথে সদা দেয় ভঙ্গ।
কিবা বা করিতে পারে কাম ক্রোধ সাধকেরে
যদি হয় সাধুজনার সঙ্গ॥
ক্রোধে বা না করে কিবা ক্রোধ ত্যাগ সদা দিবা
লোভ মোহ এই ত কথন।
ছয় রিপু সদা হীন করিব মনের অধীন
কৃষ্ণচন্দ্র করিয়া স্মরণ॥
আপনি পলাবে সব শুনিয়া গোবিন্দ-রব
সিংহ রবে যেন করিগণ।
সকল বিপত্তি যাবে মহানন্দ সুখ পাবে
প্রেমভক্তি পরম কারণ॥
অসৎ-সঙ্গ কুটিনাটী ছাড় অন্য পরিপাটী
অন্য দেবে না করিহ রতি।
আপন আপন স্থানে পিরীতি সবাই টানে
ভক্তিপথে পড়য়ে বিগতি॥
আপন ভজন-পথ তাহে হব অনুরত
ইষ্টদেব-স্থানে লীলাগান।

নৈষ্ঠিক ভজন এই তোমারে কহিনু ভাই
হনুমান, তাহাতে প্রমাণ ॥

শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমাত্মনি।
তথাপি মম সর্ব্বস্বং রামঃ কমললোচনঃ ॥

দেবলোক পিতৃলোক পায় তারা নানা সুখ
সাধু সাধু বলে অনুক্ষণ।
যুগল ভজয়ে যাঁরা প্রেমানন্দে ভাসে তাঁরা
তাঁদের নিছনি ত্রিভুবন ॥
পৃথক্ আয়াস-যোগ দুঃখময় বিষভোগ
ব্রজবাস গোবিন্দ-সেবন।
কৃষ্ণকথা কৃষ্ণনাম সত্য সত্য রসধাম
ব্রজলোক-সঙ্গে অনুক্ষণ ॥
সদা সেবা-অভিলাষ মনেতে করি বিশ্বাস
সদাকাল হইয়া নির্ভয়।
নরোত্তম দাস বলে পড়িনু অসৎ-ভোলে
পরিত্রাণ কর মহাশয় ॥ ২ ॥

তুমি ত দয়ার সিন্ধু অধম-জনার বন্ধু
মোরে প্রভু কর অবধান।
পড়িনু অসৎ-ভোলে কাম-তিমিঙ্গিলে গিলে
ওহে নাথ কর পরিত্রাণ ॥

যাবৎ জনম মোর অপরাধে হৈনু ভোর
নিষ্কপটে না ভজিনু তোমা।
তথাপিহ তুমি গতি না ছাড়িহ প্রাণপতি
মোর সম নাহিক অধমা॥
পতিতপাবন নাম ঘোষণা তোমার শ্যাম
উপেক্ষিলে নাহি মোর গতি।
যদি হই অপরাধী তথাপিহ তুমি গতি
সত্য সত্য যেন সতীর পতি॥
তুমি ত পরম দেবা নাহি মোরে উপেক্ষিবা
শুন শুন প্রাণের ঈশ্বর।
যদি করি অপরাধ তথাপিহ তুমি নাথ
সেবা দিয়া কর অনুচর॥
কামে মোর হত চিত নাহি শুনে নিজ হিত
মনের না ঘুচে দুর্ব্বাসনা।
মোরে নাথ অঙ্গীকুরু তুমি বাঞ্ছাকল্পতরু
করুণা দেখুক সর্ব্বজনা॥
মো সম পতিত নাই ত্রিভুবনে দেখ চাই
নরোত্তম-পাবন নাম ধর।
ঘুষুক সংসারে নাম পতিতপাবন শ্যাম
নিজ দাস কর গিরিধর॥
নরোত্তম বড় দুঃখী নাথ মোরে কর সুখী
তোমার ভজন-সংকীর্ত্তনে।

অন্তরায় নাহি যায় এই ত পরম ভয়
নিবেদন করোঁ অনুক্ষণে ॥ ৩ ॥

আন কথা আন ব্যথা নাহি যেন যাও তথা
তোমার চরণ-স্মৃতি-মাঝে।
অবিরত অবিকল তুয়া গুণ কল কল
গাই যেন সতের সমাজে ॥
অন্য ব্রত অন্য দান নাহি করোঁ বস্তুজ্ঞান
অন্য-সেবা অন্য-দেবপূজা।
হা হা কৃষ্ণ বলি বলি বেড়াব আনন্দ করি
মনে মোর নহে যেন দুজা ॥
জীবনে মরণে গতি রাধাকৃষ্ণ প্রাণপতি
দোঁহার পিরীতি-রস-সুখে।
যুগল সহিত যারা মোর প্রাণ গলে হারা
এই কথা রহু মোর বুকে ॥
যুগল-চরণ-সেবা এই ধন মোরে দিবা
যুগলের মনের পিরীতি।
যুগল-কিশোর-রূপ কামরতিগণভূপ
মনে রহু ও লীলা-কিরীতি ॥
দশনেতে তৃণ ধরি হা হা কিশোর কিশোরী
চরণাব্জে নিবেদন করি।

ব্রজরাজকুমার শ্যাম রষভানুকুমারী নাম
শ্রীরাধিকা নাম মনোহারী ॥
কনক-কেতকী রাই শ্যাম মরকত-কাই
কন্দর্প-দরপ করু চূর।
নটবর-শিরোমণি নটিনীর শিখরিণী
দুঁহু গুণে দুঁহু মন ঝুর ॥
শ্রীমুখ সুন্দর-বর হেম-নীল-কান্তিধর
ভাব-ভূষণ করু শোভা।
নীল-পীত-বাসধর গৌরীশ্যাম মনোহর
অন্তরের ভাবে দুঁহে লোভা ॥
আভরণ মণিময় প্রতি অঙ্গে অভিনয়
তছু পায় নরোত্তম কয়।
দিবানিশি গুণ গাও পরম আনন্দ পাও
মনে এই অভিলাষ হয় ॥ ৪ ॥

রাগের ভজন পথ কহি এবে অভিমত
লোক-বেদ-সার এই বাণী।
সখীর অনুগা হঞা ব্রজে সিদ্ধ দেহ পাঞা
সেই ভাবে জুড়াবে পরাণী ॥
রাধিকার সখী যত তাহা বা কহিব কত
মুখ্য সখী করিয়ে গণন।

ললিতা বিশাখা তথা সুচিত্রা চম্পকলতা
রঙ্গদেবী সুদেবী কথন॥
তুঙ্গবিদ্যা ইন্দুরেখা এই অষ্ট সখী লেখা
এবে কহি নর্ম্ম সখীগণ।
সেবাপরা সখীগণ অসংখ্য তাহার গণ
মুখ্য মুখ্য করিয়ে গণন॥
শ্রীরূপমঞ্জরী সার শ্রীরতিমঞ্জরী আর
লবঙ্গমঞ্জরী মঞ্জুলালী।
শ্রীরসমঞ্জরী-সঙ্গে কস্তুরিকা-আদি রঙ্গে
প্রেমসেবা করে কুতূহলী॥
এ সব অনুগা হঞা প্রেমসেবা লব চাঞা
ইঙ্গিতে বুঝিব সব কাযে।
রূপে গুণে ডগমগি সদা হব অনুরাগী
বসতি করিব সখীমাঝে॥
বৃন্দাবনে দুইজন চতুর্দ্দিকে সখীগণ
সময় বুঝিয়া রহে সুখে।
সখীর ইঙ্গিত হবে চামর ঢুলাব কবে
তাম্বূল যোগাব চাঁদমুখে॥
যুগল-চরণ সেবি নিরন্তর এই ভাবি
অনুরাগে থাকিব সদায়।
সাধনে ভাবিব যাহা সিদ্ধদেহে পাব তাহা
রাগপথের এই সে উপায়॥

সাধনে যে ধন চাই সিদ্ধদেহে তাহা পাই
পক্কাপক্ক মাত্র সে বিচার।
পাকিলে সে প্রেমভক্তি অপক্কে সাধনরীতি
ভকতি-লক্ষণ তত্ত্বসার॥

নরোত্তম দাসে কয় এই যেন মোর হয়
ব্রজপুরে অনুরাগে বাস।
সখীগণ-গণনাতে আমারে গণিবে তাতে
তবহুঁ পূরিবে অভিলাষ॥ ৫॥

সখীনাং সঙ্গিনীরূপামাত্মানং বাসনাময়ীং।
আজ্ঞাসেবাপরাং তত্তৎকৃপালঙ্কারভূষিতাং॥
কৃষ্ণং স্মরন জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজসমীহিতং।
তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা॥

যুগল-চরণে প্রীতি পরম আনন্দ তথি
রতিপ্রেমা হউ পরবন্ধে।
কৃষ্ণনাম রাধানাম উপাসনা রসধাম
চরণে পড়িয়া পরানন্দে॥

মরণে স্মরণে প্রাণ মধুর মধুর নাম
বিলাস যুগল স্মৃতিসার।
সাধ্য সাধন এই আর নাই ইহা বই
এই তত্ত্ব সর্ব্বসিদ্ধি-সার॥

জলদ-সুন্দর কান্তি মধুর মধুর ভাঁতি
বৈদগ্ধি অবধি সুবেশ।
পীত-বসন-ধর আভরণ মণিবর
ময়ূরচন্দ্রিকা করু কেশ॥
মৃগমদ চন্দন কুঙ্কুম বিলেপন
মোহন মূরতি ত্রিভঙ্গ।
নবীন কুসুমাবলি শ্রীঅঙ্গে শোভয়ে ভালি
মধুলোভে ফিরে মত্ত ভৃঙ্গ॥
ঈষৎ মধুর স্মিত বৈদগ্ধি-লীলামৃত
লুবধল ব্রজবধূবৃন্দে।
চরণ-কমলোপর মণিময় নূপুর
নখমণি ঝলমল চন্দ্রে॥
নূপুর-মরাল-ধ্বনি কুলবধূ মরালিনী
শুনিয়া রহিতে নারে ঘরে।
হৃদয়ে বাড়য়ে রতি যেন মিলে পতি সতী
কুলের ধরম যায় দূরে॥
গোবিন্দ-শরীর নিত্য তাঁহার সেবক সত্য
বৃন্দাবন-ভূমি তেজোময়।
শীতল-কিরণ-কর কল্পতরু-গুণধর
তরুলতা ষড় ঋতু রয়॥
গোবিন্দ আনন্দময় নিকটে বনিতাচয়
বিহরে মধুর অতি শোভা।

ব্রজপুর-বনিতার চরণ-আশ্রয় সার
কর মন একান্ত করি লোভা ॥
ধন্য লীলারসধন রাধাকৃষ্ণ-শ্রীচরণ
ভাব মন একচিত্ত হয়ে।
অন্য বোল গণ্ডগোল না শুনিহ উত্তরোল
রাখ প্রেম হৃদয়ে ভরিয়ে ॥
পাপপুণ্যময় দেহা সকল অনিত্য এহি
ধন জন সব মিছা ধন্ধ।
মরিলে যাইবে কোথা ইহাতে না পাও ব্যথা
তবু কার্য্য কর সদা মন্দ ॥
রাজার যে রাজ্যপাট যেন নাটুয়ার নাট
দেখিতে দেখিতে কিছু নয়।
হেন মায়া করে যেই পরম ঈশ্বর সেই
তাঁরে মন সদা কর ভয় ॥
পাপে না করিহ মন অধম সে পাপী জন
তারে মন দূরে পরিহরি।
পুণ্য যে সুখের ধাম তার না লইও নাম
পুণ্য মুক্তি দুই ত্যাগ করি ॥
প্রেমভক্তি সুধানিধি তাহে ডুব নিরবধি
আর যত ক্ষারনিধিপ্রায়।
নিরন্তর সুখ পাবে সকল সন্তাপ যাবে
পরতত্ত্ব কহিল উপায় ॥

অন্যের পরশ যেন নাহি হয় কদাচন
ইহাতে হইবে সাবধান।
রাধাকৃষ্ণনাম-গান এই সে পরম ধ্যান
আর না করিহ পরমাণ॥
কর্ম্মী জ্ঞানী মিছাভক্ত না হইবে অনুরক্ত
শুদ্ধ ভজনেতে কর মন।
ব্রজজনের যেই মত তাহে হবে অনুগত
এই সে পরম তত্ত্বধন॥
প্রার্থনা করিবে সদা শুদ্ধভাবে প্রেমকথা
নাম মন্ত্রে করিয়া অভেদ।
একান্ত করিয়া মন ভজ রাঙ্গা শ্রীচরণ
গ্রন্থিপাপ হবে পরিচ্ছেদ॥
রাধাকৃষ্ণ-শ্রীচরণ ভরসা করিয়া মন
কমল বলিয়া হৃদে লও।
গাইয়া তাঁদের গুণ হৃদে করি আন্দোলন
পরম আনন্দ সুখ পাও॥
হেমগিরি-তনু রাই আঁখি দরশন চাই
রোদন করয়ে অভিলাষে।
জলধর ঢর ঢর অঙ্গ অতি মনোহর
রূপেতে ভুবন পরকাশে॥
সখীগণ চারিপাশে সেবা করে অভিলাষে
পরম সে শোভা সুখ ধরে।

এই মনে আশা মোর ঐছে রসে হঞা ভোর
নরোত্তম সদাই বিহরে ॥ ৬ ॥
রাধাকৃষ্ণ কর ধ্যান স্বপনে না বল আন
প্রেম বিনা আন নাহি চাও।
যুগল-কিশোর-প্রেম যেন লক্ষবাণ হেম
আরতি-পিরীতি-রসে ধ্যাও ॥
জল বিনে যেন মীন দুঃখ পায় আয়ুহীন
প্রেম বিনা সেই মত ভক্ত।
চাতক-জলদ-গতি এমতি প্রেমের রীতি
জানে যেই সেই অনুরক্ত ॥
মকরন্দ ভ্রমর যেন চকোর চন্দ্রিকা তেন
পতিব্রতা স্ত্রীলোকের পতি।
অন্যত্র না চলে মন যেন দরিদ্রের ধন
এই মত প্রেমভক্তি-রীতি ॥
বিষয় গরলময় তাহে মান সুখচয়
সে না সুখ দুঃখ করি মান।
গোবিন্দ-বিষয়-রস সঙ্গ কর তার দাস
প্রেমভক্তি সত্য করি জান ॥
মধ্যে মধ্যে আছে দুষ্ট দৃষ্টি করি হয় রুষ্ট
গুণহি বিগুণ করি মানে।
গোবিন্দ-বিমুখ জনে স্ফূর্তি নহে হেন ধনে
লৌকিক করিয়া সব জানে ॥

অজ্ঞান অভাগা যত নাহি লয় সত-মত
অহঙ্কারে না জানে আপনা।
অভিমানী ভক্তিহীন জগমাঝে সেই দীন
বৃথা তার অশেষ ভাবনা॥
আর সব পরিহরি পরম ঈশ্বর হরি
সেব মন প্রেম করি আশ।
এক ব্রজরাজপুর গোবিন্দ রসিকবর
কর মন সদা অভিলাষ॥
নরোত্তম দাস কহে সদা মোর প্রাণ দহে
হেন ভক্ত সঙ্গ না পাইয়া।
অভাগোর নাহি ওর মিছা মোহে হৈনু ভোর
দুঃখ রহে অন্তরে জাগিয়া॥ ৬॥

বচনের অগোচর বৃন্দাবন লীলাস্থল
স্বপ্রকাশ প্রেমানন্দ-ঘন।
যাহাতে প্রকট সুখ নাহি জরা মৃত্যু দুঃখ
কৃষ্ণলীলারস অনুক্ষণ॥
রাধাকৃষ্ণ দুঁহু প্রেম লক্ষবাণ যেন হেম
যাহার হিল্লোলে রসসিন্ধু।
চকোর-নয়ন-প্রেম কাম রতি করে ধ্যান
পিরীতি সুখের দুঁহে বন্ধু॥

রাধিকা প্রেয়সীবরা বাম দিকে মনোহরা।
কনক-কেশর-কান্তি ধরে।
অনুরাগে রক্ত শাড়ী নীলপট্ট মনোহারী।
প্রত্যঙ্গে ভূষণ শোভা করে॥
করয়ে লোচন পান রূপ লীলা দুঁহু ধ্যান
আনন্দে মগন সহচরী।
বেদ-বিধি-অগোচর রতন-বেদীর'পর
সেব নিতি কিশোর কিশোরী॥
দুর্ল্লভ জনম হেন নাহি ভজ হরি কেন
কি লাগিয়া মর ভব-বন্ধে।
ছাড় অন্য ক্রিয়া কর্ম্ম নাহি দেখ বেদধর্ম্ম
ভক্তি কর কৃষ্ণপদ-দ্বন্দ্বে॥
বিষয় বিষম-গতি নাহি ভজ ব্রজপতি
নন্দের নন্দন সুখসার।
স্বর্গ আর অপবর্গ সংসার নরক-ভোগ
সর্ব্বনাশা জনমবিকার॥
দেহে না করিহ আস্থা মৈলে দেহে কি অবস্থা
দুঃখের সমুদ্র কর্ম্মগতি।
দেখিয়া শুনিয়া ভজ সাধু-শাস্ত্র মত যজ
যুগল-চরণে কর রতি॥
জ্ঞানকাণ্ড কর্ম্মকাণ্ড কেবল বিষের ভাণ্ড
অমৃত বলিয়া যেবা খায়।

নানা যোনি সদা ফিরে কদর্য্য ভক্ষণ করে
তার জন্ম অধঃপাতে যায়॥
রাধাকৃষ্ণে নাহি রতি অন্য দেবে বলে পতি
প্রেমভক্তি কিছু নাহি জানে।
নাহি ভক্তির সন্ধান ভরমে করয়ে ধ্যান
বৃথা তার সে ছার ভাবনে॥
জ্ঞান কর্ম্ম করে লোক নাহি জানে ভক্তিযোগ
নানামতে হইয়া অজ্ঞান।
তার কথা নাহি শুনি পরমার্থতত্ত্ব জানি
প্রেমভক্তি ভক্তগণপ্রাণ॥
জগৎ-ব্যাপক হার অজ ভব আজ্ঞাকারী
মধুর মূরতি লীলাকথা।
এই তত্ত্ব জানে যেই পরম রসিক সেই
তাঁর সঙ্গ করিব সর্ব্বথা॥
পরম নাগর কৃষ্ণ তাঁহে হও অতি তৃষ্ণ
ভজ তারে ব্রজভাব লয়ে।
রসিক-ভকত-সঙ্গে রহিব পিরীতি-রঙ্গে
ব্রজপুরে বসতি করিয়ে॥
শ্রীগুরু ভকতজন তাঁহার চরণে মন
আরোপিয়া কথা-অনুসারে।
সখীর সর্ব্বদা মত হইয়া তাঁহার যূথ
সদা বিহরিব ব্রজপুরে॥

লীলারস সদা গান যুগল-কিশোর প্রাণ
প্রার্থনা করিব অভিলাষে।
জীবনে মরণে ভাই আর কিছু নাহি চাই
কহে দীন নরোত্তম দাসে॥ ৮॥

আন কথা না শুনিব আন কথা না কহিব
সকলি কহিব পরমার্থ।
প্রার্থনা করিব সদা লালসা সে ইষ্ট কথা
ইহা বিনু সকলি অনর্থ॥
ঈশ্বরের তত্ত্ব যত তাহা বা কহিব কত
অনন্ত অপার কেবা জানে।
ব্রজপুর-প্রেম নিত্য এই সে পরম তত্ত্ব
ভজ সদা অনুরাগ-মনে॥
গোবিন্দ গোকুলচন্দ্র শত শত রস-কন্দ
পরিবার গোপগোপী সঙ্গে।
নন্দীশ্বর যাঁর ধাম গিরিধারী যাঁর নাম
সখী-সঙ্গে তাঁরে ভজ রঙ্গে॥
প্রেমভক্তিতত্ত্ব এই তোমারে কহিল ভাই
আর দুর্ব্বাসনা পরিহর।
শ্রীগুরু-প্রসাদে ভাই এ সব ভজন পাই
প্রেমভক্তি-সখী অনুচর॥

সার্থক ভজন-পথ সাধুসঙ্গ অবিরত
স্মরণ ভজন কৃষ্ণকথা।
প্রেমভক্তি হয় যদি তবে হয় মনশুদ্ধি
তবে যায় হৃদয়ের ব্যথা॥
বিষয় বিপত্তি জান সংসার স্বপন মান
নরতনু ভজনের মূল।
অনুরাগে ভজ সদা প্রেমভাবে লীলাকথা
আর যত হৃদয়ের শূল॥
রাধিকা-চরণ-রেণু ভূষণ করিয়া তনু
অনায়াসে পাবে গিরিধারী।
রাধিকা-চরণাশ্রয় যে করে সে মহাশয়
তাঁরে মুঞি যাই বলিহারি॥
জয় জয় রাধানাম বৃন্দাবন যাঁর ধাম
কৃষ্ণ-সুখ-বিলাসের নিধি।
হেন রাধাগুণ-গান না শুনিল মোর কান
বঞ্চিত করিল মোরে বিধি॥
তার ভক্ত-সঙ্গে সদা রসলীলা প্রেমকথা
যে কহে সে পাবে ঘনশ্যাম।
ইহাতে বিমুখ যেই তার কভু সিদ্ধি নাই
নাহি শুনি যেন তার নাম॥
কৃষ্ণনাম গানে ভাই রাধিকা-চরণ পাই
রাধানাম-গানে কৃষ্ণচন্দ্র।

সংক্ষেপে কহিনু কথা ঘুচাই মনের ব্যথা
দুঃখময় অন্য-কথা-দ্বন্দ্ব ॥
অহঙ্কার অভিমান অসৎ-সঙ্গ অসৎ জ্ঞান
ছাড়ি ভজ গুরু-পাদপদ্ম।
কর আত্ম নিবেদন দেহ গেহ পরিজন
গুরুবাক্য পরম মহত্ত্ব ॥
শ্রীকৃষ্ণচৈতন্যদেব রতি মতি তাঁরে সেব
প্রেম-কল্পতরুবর-দাতা।
ব্রজরাজনন্দন রাধিকার প্রাণধন
অপরূপ এই সব কথা ॥
নবদ্বীপে অবতরি রাধাভাব অঙ্গীকরি
তাঁর কান্তি অঙ্গের ভূষণ।
তিন-বাঞ্ছা-অভিলাষী শচীগর্ভে পরকাশি
সঙ্গে সব পারিষদগণ ॥
গৌরহরি অবতরি প্রেমের বাদর করি
সাধিল মনের নিজ কাজ।
রাধিকার প্রাণপতি কি লাগি কাঁদয়ে নিতি
ইহা বুঝ ভকত-সমাজ ॥
গোপতে সাধিব সিদ্ধি সাধন নবধা ভক্তি
প্রার্থনা করিব দৈন্যে সদা।
করি হরি সংকীর্ত্তন আনন্দে মগন মন
ইষ্টলাভ বিনু সব বাধা ॥

এ সংসার বাটোয়ারে কামপাশে বাঁধি মারে
ফুকারে কহয়ে হরিদাস।
করহ ভকত-সঙ্গ প্রেমকথা রসরঙ্গ
তবে হবে বিপদ-বিনাশ॥
স্ত্রী পুত্র বান্ধব যত মরে যাবে শত শত
আপনারে হও সাবধান।
মুঞি সে বিষয়-হত না ভজিনু হরিপদ
মোর আর নাহি পরিত্রাণ॥
রামচন্দ্র কবিরাজ সেই সঙ্গে মোর কাজ
তাঁর সঙ্গ বিনে সব শূন্য।
যদি হয় জন্ম পুনঃ তাঁর সঙ্গ হয় যেন
নরোত্তম তবে হয় ধন্য॥
আপন ভজন-কথা না কহিবে যথা তথা
ইহাতে হইবে সাবধানে।
না করিহ কেহ রোষ না লইহ কেহ দোষ
প্রণমহ সবার চরণে॥

শ্রীগৌরাঙ্গ প্রভু মোরে যে বলান বাণী।
তাহা বিনে ভাল মন্দ কিছুই না জানি॥
লোকনাথপ্রভুপদ হৃদে করি আশ।
প্রেমভক্তিচন্দ্রিকা কহে নরোত্তম দাস॥ ৯॥

ইতি শ্রীশ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা সমাপ্তা।

পাষণ্ডদলন (১)।

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্গুরুং ।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখং ॥
শ্রীগোবিন্দং ঘনশ্যামং পীতাম্বরধরং পরং ।
শ্রীনন্দনন্দনং নৌমি শ্রীগোপীজনবল্লভং ॥
শ্রীরামং রেবতীকান্তং প্রেমানন্দকলেবরং ।
রৌহিণেয়ং ভজেদ্দেবং কৃষ্ণভক্তিপ্রদায়কং ॥
গৌরো গৌড়ং জগৌ ভক্তিভাবং সংন্যস্য যৎকরে ।
তং বংশীবদনং বন্দে প্রভুং শক্ত্যবতারকং ॥
শ্রীকৃষ্ণচরণাম্ভোজমধুপেভ্যো নমোনমঃ ।
কথঞ্চিদাশ্রয়াদ্যেষাং শ্বাপি তদ্গন্ধভাগ্ভবেৎ ॥

জয় জয় জগদ্গুরু শ্রীকৃষ্ণচৈতন্য ।
যাঁহার কৃপায় জীব হয় ধন্য ধন্য ॥
জয় জয় শ্রীগোবিন্দ পূর্ণানন্দধাম ।
জয় বলরাম জয় হরে কৃষ্ণ নাম ॥
জয় প্রভু নিত্যানন্দ জাহ্নবা-জীবন ।
জয় গৌরপ্রিয় প্রভু শ্রীবংশীবদন ॥
জয় জয় কৃষ্ণভক্ত করুণাসাগর ।
যাঁহাদের গুণ হয় জ্ঞান-অগোচর ॥
সেই সব ভক্তপদ করিয়া বন্দন ।
মুঞি ক্ষুদ্র হঞা কহি পাষণ্ডদলন ॥

শুন শুন ওরে ভাই হঞা একমন।
সকল ছাড়িয়া ভজ শ্রীকৃষ্ণ-চরণ॥
পরম পুরুষ কৃষ্ণ সর্ব্বোপাধিমুক্ত।
প্রকৃতির গুণত্রয়ে হইয়া সংযুক্ত॥
জগতের সৃষ্টি-স্থিতি-লয়ের কারণ।
হরি ব্রহ্মা হর নাম করেন ধারণ॥
কিন্তু সত্ত্ব-মূর্ত্তি সেই শ্রীকৃষ্ণভজনে।
অবহেলে সুখ লাভ হয় জেনো মনে॥ ১॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্গুণাস্তৈ
র্যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধত্তে।
স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ
শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ॥ ১॥

ভজনীয় ভগবান্ নন্দের নন্দন।
তাহার প্রমাণ কহি শুন দিয়া মন॥
ব্রহ্মার অর্পিত অর্ঘ্য-জল মহামৃত।
যাঁর পদনখ হৈতে হইয়া নিঃসৃত॥
শিবের সহিত পৃথ্বী করয়ে উদ্ধার।
সেই কৃষ্ণ বিনা কেবা ভগবান্ আর॥
অতএব নন্দসুতে সদা ভজ ভাই।
নন্দসুত কৃষ্ণ বিনা ভগবান্ নাই॥ ২॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

অথাপি যৎপাদনখাবসৃষ্টং
জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ।
সেশং পুনাত্যন্যতমো মুকুন্দাৎ
কো নাম লোকে ভগবৎপদার্থঃ ॥ ২

ভৃগুমুখে কৃষ্ণগুণ করিয়া শ্রবণ।
বিস্মিত সংশয়শূন্য হঞা মুনিগণ ॥
অন্যদেব-উপাসনা করিয়া বর্জ্জন।
সুখ লাগি লইলেন কৃষ্ণের শরণ ॥ ৩ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তন্নিশম্যাথ মুনয়ো বিস্মিতা মুক্তসংশয়াঃ।
ভূয়াংসং শ্রদ্দধুর্বিষ্ণুং যতঃ ক্ষেমো যতোঽভয়ং ॥ ৩ ॥

আগম পুরাণ-তন্ত্র-আদি শাস্ত্রগণ।
চরাচর জগতের মোহের কারণ ॥
কল্পাবধি অন্য দেবে বলিয়া প্রধান।
জল্পনা করেন করু তাহে কিবা আন ॥
বেদাদি শাস্ত্রের ভাই তাৎপর্য্য সকলে।
আনয়ন কর যদি বিবেচনাস্থলে ॥
তাহাতে সিদ্ধান্ত এই হইবে নিশ্চয়।
কৃষ্ণ বিনা ভগবান্ কেহ না আছয় ॥

এই শাস্ত্রবাক্যে ভাই যতেক সুধীর।
সর্ব্বেশ্বর বলি কৃষ্ণে করিলেন স্থির ॥ ৪ ॥

তথাহি পদ্মপুরাণে।

ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেব হি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে ॥ ৪ ॥

সূত কহিলেন শুন শুন ঋষিগণ।
যত যত অবতার করিনু কীর্ত্তন ॥
তার মধ্যে কেহ কেহ কৃষ্ণাংশ-সম্ভূত।
আর কেহ কেহ কলারূপে পরিণত ॥
সর্ব্বশক্তিপূর্ণ হেতু নন্দসুত হরি।
একমাত্র ভগবান্ জেনো দৃঢ় করি ॥
যখন অসুরগণ হইয়া প্রবল।
ভুবন ব্যাকুল করে প্রকাশিয়া বল ॥
সেই কালে অংশ-কলা-রূপে ভগবান্।
অবতীর্ণ হঞা করে সর্ব্ব লোক ত্রাণ ॥ ৫ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।
ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ৫ ॥

ব্রহ্মা-শিব-আদি যত আছে দেবগণ।
তাঁহাদের প্রতি দ্বেষ না করি কখন॥
সর্ব্বদেবেশ্বরেশ্বর নন্দসুত হরি।
কায়মনোবাক্যে তাঁরে ভজ দৃঢ় করি॥ ৬॥

তথাহি পাদ্মে।

হরিরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
ইতরে ব্রহ্মরুদ্রাদ্যা নাবজ্ঞেয়াঃ কদাচন॥ ৬॥

দুই বাহু তুলি মুঞি ত্রিসত্য করিয়া।
যাহা বলিতেছি তাহা শুন মন দিয়া॥
বেদ হৈতে ভাল শাস্ত্র কভু দেখি নাই।
কেশব হইতে শ্রেষ্ঠ দেব কেহ নাই॥ ৭॥

তথাহি নারসিংহে।

সত্যং সত্যং পুনঃ সত্যমুৎক্ষিপ্য ভুজমুচ্যতে।
বেদাচ্ছাস্ত্রং পরং নাস্তি ন দেবঃ কেশবাৎ পরঃ॥ ৭

শত্রু মিত্র বিষ পথ্য অধর্ম্ম সুধর্ম্ম।
কৃষ্ণ সুপ্রসন্নে হয় কহিলাম মর্ম্ম॥
আর যার প্রতি কৃষ্ণ বিরূপ থাকয়।
তাহার সকল ভাই ঘটে বিপর্য্যয়॥ ৮॥

তথাহি পদ্মপুরাণে।

অরির্মিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ।
সুপ্রসন্নে হৃষীকেশে বিপরীতে বিপর্য্যয়ঃ॥ ৮॥

কৃষ্ণের নিমিত্ত যদি কোন ভাগ্যবান্।
কদাচন পাপ কার্য্য করে সমাধান॥
তাঁর সেই পাপ ধর্ম্মমধ্যে গণ্য হয়।
শ্রীমুখের আজ্ঞা ইথে নাহিক সংশয়॥
আর যদি কেহ কৃষ্ণে করি অনাদর।
ধর্ম্ম কার্য্য করে সদা হইয়া তৎপর॥
তার সেই ধর্ম্ম শ্রীকৃষ্ণের মহিমায়।
পাপ মধ্যে গণ্য হয় কহিনু তোমায়॥ ৯॥

তথাহি পদ্মপুরাণে।

মন্নিমিত্তং কৃতং পাপমপি ধর্ম্মায় কল্পতে।
মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপং স্যান্মৎপ্রভাবতঃ॥ ৯॥

নিজ মাতা পরিহরি চণ্ডালী-পূজনে।
যেমন তৎপর হয় মহাপাপী জনে॥
সেইরূপ মহাপাপী ভবে আছে যেবা।
সেই কৃষ্ণ ছাড়ি অন্য দেবে করে সেবা॥ ১০॥

তথাহি স্কান্দে।

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
স্বমাতরং পরিত্যজ্য শ্বপচীং বন্দতে হি সঃ॥ ১০॥

বাসুদেবে পরিত্যাগ করিয়া যে জন।
অন্য দেবতার করে অর্চ্চন বন্দন॥

সে মূঢ় অমৃত ত্যজি বিষ করে পান।
শাস্ত্রবাক্য ইথে কভু না ভাবিহ আন॥ ১১

তথাহি স্কান্দে

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
ত্যক্ত্বামৃতং স মূঢ়াত্মা ভুঙ্‌ক্তে হলাহলং বিষং॥ ১১

মায়ার কিঙ্কর হঞা ভবে যেই জন।
বিষ্ণুকে ছাড়িয়া করে অন্যদেবার্চ্চন॥
সেই জন স্বর্ণরাশি করি পরিহার।
পাংশুরাশি লৈতে ইচ্ছা করে অনিবার॥ ১২

তথাহি মহাভারতে।

যস্তু বিষ্ণুং পরিত্যজ্য মোহাদন্যমুপাসতে।
স হেমরাশিমুৎসৃজ্য পাংশুরাশিং জিঘৃক্ষতি॥১২॥

বিষ্ণুকে অবজ্ঞা করি যেই মূর্খ জন।
অন্য দেবতার করে আশ্রয় গ্রহণ॥
তৃষ্ণার্ত্ত হইয়া সেই ছাড়ি গঙ্গাজল।
মৃগতৃষ্ণা প্রতি ধায় হইয়া বিকল॥ ১৩॥

তথাহি মহাভারতে।

অনাদৃত্য তু যো বিষ্ণুমন্যদেবং সমাশ্রয়েৎ।
গঙ্গাম্ভসঃ স তৃষ্ণার্ত্তো মৃগতৃষ্ণাং প্রধাবতি॥ ১৩॥

অবিদ্যার দাস হঞা যেই দুরমতি।
বিষ্ণুর অপেক্ষা হীন দেবের সংহতি ॥
বিষ্ণুর সমান বলে সেই ত চণ্ডাল।
প্রকৃত চণ্ডাল কভু নহে ত চণ্ডাল ॥ ১৪ ॥

তথাহি পঞ্চরাত্রে।

যো মোহাদ্বিষ্ণুমন্ত্রেন হীনদেবেন দুর্ম্মতিঃ।
সাধারণং সকৃদ্‌ব্রূতে সোঽন্ত্যজো নান্ত্যজোঽন্ত্যজঃ ॥ ১৪ ॥

যে সকল জড়বুদ্ধি বিষ্ণু-ভগবানে।
অন্যান্য দেবের সহ করে তুল্যজ্ঞানে ॥
তাহারা একাগ্র মন যদ্যপি করয়।
তথাপি কৃষ্ণের নিষ্ঠা ভক্তি না লভয় ॥ ১৫ ॥

তথাহি বৈষ্ণবতন্ত্রে।

ন লভেয়ুঃ পুনর্ভক্তিং হরেরৈকান্তিকীং জড়াঃ।
একাগ্রমনসশ্চাপি বিষ্ণুসামান্যদর্শিনঃ ॥১৫॥

দ্বিজগণে সম্বোধিয়া কহেন শঙ্কর।
আপনারা সত্ত্বগুণনিষ্ঠ নিরন্তর ॥
অতএব সদা কর কৃষ্ণের ভজন।
কৃষ্ণমন্ত্র জপ কর কৃষ্ণের স্মরণ ॥ ১৬ ॥

তথাহি হরিবংশে।

হরিরেব সদারাধ্যো ভবদ্ভিঃ সত্ত্ব-সংস্থিতৈঃ।
বিষ্ণুমন্ত্রং সদা বিপ্রাঃ পঠধ্বং ধ্যাত কেশবং ॥ ১৬ ॥

বিপ্রগণে লক্ষ্য করি কহেন পার্ব্বতী।
হায় হায় বড় দুঃখ হতেছে সম্প্রতি॥
সর্ব্বসুখদাতা আর সবার ঈশ্বর।
শ্রীকৃষ্ণ বিরাজমানে যতেক বর্ব্বর॥
সংসারেতে দুঃখভোগ করে সর্ব্বক্ষণ।
মায়ার প্রভাব এ কি করি দরশন॥
যাঁর অন্বেষণ লাগি দিগম্বর হঞা।
জটা ভস্ম ধরি শিব বেড়ান ভ্রমিয়া॥
সেই রাধাকান্ত কৃষ্ণ হইতে প্রধান।
কে আছে দেবতা আর না জানি সন্ধান॥ ১৭॥

তথাহি হরিবংশে।

অহো বত মহৎ কষ্টং সমস্তসুখদে হরৌ।
বিদ্যমানেঽপি সর্ব্বেশে মূঢ়াঃ ক্লিশ্যন্তি সংস্থতৌ॥
যমুদ্দিশ্য সদা নাথো মহেশোঽপি দিগম্বরঃ।
জটাভস্মানুলিপ্তাঙ্গস্তপস্বী বীক্ষতে জনৈঃ।
ততোঽধিকোঽস্তি কো দেবো লক্ষ্মীকান্তান্মধুদ্বিষঃ॥ ১৭

দম তপ সত্য ধর্ম্ম অমাৎসর্য্য যাগ।
ধৃতি শ্রুতি ক্ষমা লজ্জা দান দ্বেষত্যাগ
এই বার গুণে বিপ্র হইয়া শোভন।
কৃষ্ণ-পাদপদ্ম যদি না করে ভজন॥

তবে সেই বিপ্রাপেক্ষা একান্ত ভকত।
চণ্ডাল পরম শ্রেষ্ঠ জানিহ সতত॥
সেই সে করিতে প্যারে সর্ব্বকুলোদ্ধার।
ওহে ভাই এই বাক্য জেনো সারাৎসার॥
গর্ব্বপূর্ণ বিপ্র নারে স্বদেহ শোধিতে।
কুল-উদ্ধারের কথা রহুক দূরেতে॥
ভকতি-হীনের গুণ দম্ভের কারণ।
অতএব সর্ব্বকাল শ্রেষ্ঠ ভক্তগণ॥ ১৮॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

বিপ্রাদ্দ্বিষড়্‌গুণযুতাদরবিন্দনাভ-
পাদারবিন্দবিমুখাৎ শ্বপচম্বরিষ্ঠং।
মন্যে তদর্পিতমনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি স কুলং ন তু ভূরিমানঃ॥ ১৮॥

নিত্য সুখ পুরুষার্থ লভিতে মনন।
যাহার আছয়ে তার সদা সর্ব্বক্ষণ॥
হরির স্মরণ আর শ্রবণ কীর্ত্তন।
অর্চ্চনাদি করা চাহিও করিয়া যতন॥
যেহেতু সবার আত্মা ঈশ্বর শ্রীহরি।
শুকের বচন ইহা জেনো সত্য করি॥ ১৯॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তস্মাদ্ভারত! সর্ব্বাত্মা ভগবান্ হরিরীশ্বরঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যশ্চেচ্ছতাভয়ং॥ ১৯॥

সর্ব্বদা হরিকে ভাই করিবে স্মরণ।
বারেক নাহিক তাঁরে হবে বিস্মরণ॥
শাস্ত্রেতে নিষেধ বিধি যত্বেক আছয়।
সে সব উহার দাস জানিহ নিশ্চয়॥ ২০

তথাহি পদ্মপুরাণে।

স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ॥

পুরুষের মুখ বাহু উরু পদ হৈতে।
গুণত্রয় দ্বারা চারি আশ্রম সহিতে॥
ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি।,
ক্রমে ক্রমে জন্মিয়াছে কহিনু বিস্তারি॥
ভিন্ন ভিন্ন হয় সব উহাদের ধর্ম্ম।
তোমার নিকটে এই কহিলাম মর্ম্ম॥
সেই একমাত্র কৃষ্ণ পুরুষ হইতে।
সবার হঞাছে জন্ম জানিহ নিশ্চিতে॥
অতএব কৃষ্ণ প্রভু পিতা সবাকার।
এই বাক্য খণ্ডিবারে আছে সাধ্য কার॥
পিতা প্রভু হেতু কৃষ্ণ যারা নাহি ভজে।
রৌরবে পড়িয়া তারা চিরকাল মজে॥
পুরুষ শবদে আত্মা পুরাণে কহয়।
সেই আত্মা কৃষ্ণচন্দ্র জানিহ নিশ্চয়॥

অজ্ঞানে হইয়া অন্ধ রহে যেই জন।
সেই পাপী নাহি করে কৃষ্ণের ভজন ॥ ২১ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক ॥
য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরং।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥ ২১ ॥

কৃষ্ণচন্দ্রে স্তুতি করি কহে দেবগণ।
নিবেদন করি শুন কমললোচন ॥
যারা তব পাদপদ্ম করি অনাদর।
আপনাদিগকে মুক্ত ভাবে নিরন্তর ॥
তব পদে ভকতির অভাব কারণ।
তাহাদের শুদ্ধা বুদ্ধি নহে কদাচন ॥
বহু জনমের পুণ্যে সেই সব জন।
মোক্ষপদ-সন্নিহিত যদি কভু হন ॥
তথাপি তাহারা বিঘ্নে হঞা অভিভূত।
অধোদেশে পড়ে ইহা কহিনু নিশ্চিত ॥
তব পদে ভক্তি বিনা মুক্তি নাহি হয়।
বেদাদি সকলে ইহা ফুকারিয়া কয় ॥ ২২ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

যেঽন্যেঽরবিন্দাক্ষ! বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।

আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥ ২২ ॥

সেই সে পরম ধর্ম্ম পুরুষের হয়।
কৃষ্ণপদে অহৈতুকী ভক্তি সুনিশ্চয় ॥
যাহাতে হয়েন আত্মা সদা পরসন্ন।
হেন কৃষ্ণভক্তি ছাড়ি নাহি লও অন্য ॥ ২৩।

তথাহি শ্রীমদ্ভাগবতে।

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে
অহৈতুক্যপ্রতিহতা যযাত্মা সুপ্রসীদতি ॥ ২৩ ॥

কৃষ্ণে স্তব করি কহে গান্ধিনী-নন্দন।
ওহে প্রভু আর এক করুন শ্রবণ ॥
আপনি অত্যন্ত ভক্তপ্রিয় সত্যশীল।
হিতকারী দয়াবান্ কৃতজ্ঞ সুশীল ॥
অতএব সব ছাড়ি বুদ্ধিমান্ জন।
আপনার পাদপদ্মে লয়েন শরণ ॥
আপনি করেন পূর্ণ স্বদাসের কাম।
সেহ বেশী নহে আত্মাবধি কর দান ॥
আপনার উপচয় আর অপচয়।
কভু নাহি দেখি নাথ কহিনু নিশ্চয় ॥

এই সব শাস্ত্র দৃষ্টে কহিলাম ভাই।
সকল ছাড়িয়া ভজ দয়াল কানাই ॥ ২৪ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

কঃ পণ্ডিতস্ত্বদপরং শরণং সমীয়াদ্
ভক্তপ্রিয়াদৃতগিরঃ সুহৃদঃ কৃতজ্ঞাৎ।
সর্ব্বান্ দদাতি সুহৃদো ভজতোঽভিকামা-
নাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যস্য ॥ ২৪ ॥

শ্রীকৃষ্ণ কেমন দয়াময় তাহা শুন।
তোমার নিকটে আমি বলি পুনঃ পুনঃ ॥
অসাধ্বী পুতনা কৃষ্ণে নাশিবার তরে।
বিষ মাখাইয়া নিজ স্তনের উপরে ॥
কৃষ্ণচন্দ্রে সেই স্তন পান করাইল।
তাহাতে পুতনা ধাত্রীগতি লাভ কৈল ॥
কৃষ্ণ তার ভক্তবেশ করিয়া দর্শন।
ধাত্রীর সদৃশ গতি কৈলেন অর্পণ ॥
অতএব কৃষ্ণাপেক্ষা দয়ালু বা কেবা।
যে তাঁর শরণ লঞা সদা করি সেবা ॥
দয়ালের শিরোমণি নন্দের নন্দন।
উদ্ধবের বাক্য এই ব্যাসের লিখন ॥ ২৫ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

অহো বকী যং স্তনকালকূটং
জিঘাংসয়াপায়য়দপ্যসাধ্বী।

লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং
কং বা দয়ালুং শরণং ব্রজেম ॥ ২৫ ॥

পরম পবিত্র ভাই শ্রীকৃষ্ণের যশ।
যাহার শ্রবণে হয় হৃদয় সরস ॥
এহেন কৃষ্ণের পদপল্লব-প্লবনে।
সাধুরা করেছে সদা আশ্রয় গ্রহণে ॥
সে পদপল্লব-প্লব আশ্রয় মাত্রেতে।
সংসার-সাগর পার হবে নির্ভয়েতে ॥
আশ্রয়-প্রভাবে ভাই সংসার-সাগর।
বৎসপদতুল্য হয় জানি নিরন্তর ॥
আর সেই কৃষ্ণপদপল্লব-প্লবন।
আশ্রয়েতে লাভ হয় বৈকুণ্ঠ-ভুবন ॥
তথা হৈতে কোন কালে না হয় পতন।
তব সন্নিধানে সব করিনু কীর্ত্তন ॥
অতএব সব ছাড়ি ভজ কৃষ্ণপদ।
পরম আনন্দ পাবে হবে নিরাপদ ॥
যাহারা লঞাছে কৃষ্ণ-চরণে শরণ।
বিঘ্নের মাথায় তারা করি পদার্পণ ॥
নির্ভয়েতে জগমাঝে ভ্রমিয়া বেড়ান।
সত্য সত্য এই বাক্য না ভাবিহ আন ॥
এই সব শাস্ত্রবাক্যে যার মিথ্যাজ্ঞান।
সে পাষণ্ড মিছা কেন রাখয়ে পরাণ ॥ ২৬ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সমাশ্রিতা যে পদপল্লবপ্লবং
মহৎপদং পুণ্যযশো-মুরারেঃ।
ভবাম্বুধির্বৎসপদং পরং পদং
পদং পদং যদ্বিপদাং ন তেষাং ॥
তথা ন তে মাধব! তাবকাঃ ক্বচিদ্
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥ ২৬ ॥

অর্জ্জুনে কহেন কৃষ্ণ করিয়া যতন।
ওহে সখা গুহ্য কথা করহ শ্রবণ ॥
আশ্রম-বিহিত ধর্ম্ম করি পরিহার।
অনন্যভাবেতে লহ শরণ আমার ॥
তাহা হৈলে সর্ব্ব পাপ হইতে মোচন।
করিব তোমায় আমি কুন্তীর নন্দন ॥
অতএব সর্ব্ব ধর্ম্ম দূরে পরিহরি।
একনিষ্ঠ হঞা ভাই ভজ ভজ হরি ॥ ২৭ ॥

তথাহি শ্রীমদ্ভগবদ্গীতায়াং।

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ২৭ ॥

আর কহি শুন ভাই হঞা একমন।
সর্ব্ব ধর্ম্ম একবারে করিয়া বর্জ্জন॥
শরণাগত-পালক কৃষ্ণের শরণ।
একান্তভাবেতে যিনি করেন গ্রহণ॥
তিনি আর দেব ঋষি ভূত পিতৃ নর।
ঋণে কভু নহে ঋণী জেনো নিরন্তর॥
অতএব লাজ ভয় করি পরিহার।
অনন্যভাবেতে ভজ নন্দের কুমার॥
কৃষ্ণচন্দ্র যার প্রতি হন পরসন্ন।
কার সাধ্য করে ভাই তারে অবসন্ন॥
হেন কৃষ্ণচন্দ্রে যেবা নাহিক ভজয়।
বড়ই দুর্ব্বুদ্ধি তার কহিনু নিশ্চয়॥ ২৮

তথাহি শ্রীমদ্ভাগবতে।

দেবর্ষি-ভূতাপ্তনৃণাং পিতৄণাং
ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্!
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং
গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তং॥ ২৮॥

একমাত্র ভজনীয় নন্দের নন্দন।
তব সন্নিধানে তাহা করিনু কীর্ত্তন॥
এবে শুন কহি ভাই অধিকারী-কথা।
যে কথাশ্রবণে ঘুচে অন্তরের ব্যথা॥

শ্রীকৃষ্ণভজনে হয় সবে অধিকারী।
কিবা বিপ্র কিবা শূদ্র কি পুরুষ নারী॥
ভুক্তিমুক্তি-স্পৃহাশূন্য শ্রদ্ধাবান্ জন।
শ্রীকৃষ্ণভক্তিতে অধিকারী সদা হন॥
ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাদি বিচার।
কৃষ্ণভক্তি নাহি করে কহি বার বার॥
মাঘস্নান-প্রসঙ্গেতে দিলীপ রাজারে।
কহেন বশিষ্ঠ দেব করিয়া বিস্তারে॥
শ্রীকৃষ্ণভক্তিতে যৈছে সবে অধিকারী।
তৈছে মাঘস্নানে ইহা কহিনু বিচারি॥ ২৯॥

তথাহি পাদ্মে।

সর্ব্বেঽধিকারিণো হ্যত্র হরিভক্তৌ যথা নৃপ॥ ২৯॥

ময়ূরধ্বজ-দেশেতে নীচ শূদ্রগণ।
শ্রীকৃষ্ণ-মন্ত্রেতে দীক্ষা করিয়া গ্রহণ॥
শঙ্খ-চক্র-আদি চিহ্ন ধারণ করিয়া।
যাজ্ঞিকের ন্যায় রহে শোভিত হইয়া॥ ৩০॥

তথাহি কাশীখণ্ডে।

অন্ত্যজা অপি তদ্রাষ্ট্রে শঙ্খচক্রাঙ্কধারিণঃ।
সংপ্রাপ্য বৈষ্ণবীং দীক্ষাং দীক্ষিতা ইব সংবভুঃ॥ ৩০॥

ওহে ভাই যাঁহাদের গোবিন্দ-ভক্তিতে।
অধিকার হইয়াছে জানিবে নিশ্চিতে॥

তাঁহাদের জাতি-ব্যাখ্যা করিবে বর্জ্জন।
সকল শাস্ত্রেতে ইহা ফুকারিয়া কন॥
শূদ্র বা ধীবর কিম্বা চণ্ডাল অধম।
যদ্যপি একান্তে ভজে গোবিন্দ-চরণ॥
তাঁহারে সামান্যরূপে কভু না হেরিবে।
কৃষ্ণভক্ত বলি তাঁরে বন্দনা করিবে॥
কৃষ্ণভক্তে নীচজ্ঞানে যে করে দর্শন।
নিশ্চয় তাহার হয় নরকে পতন॥ ৩১॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা।
বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবং॥ ৩১

কৃষ্ণ কন চারিবেদী ব্রাহ্মণকুমার।
যদ্যপি নাহিক হন ভকত আমার॥
তিনিও আমার প্রিয় হইতে না পারে।
সত্য সত্য সত্য ইহা কহি বারে বারে॥
চণ্ডাল যদ্যপি হয় আমার ভকত।
সেই মোর প্রিয় হয় জানিহ সতত॥
তাঁহারে করিবে দান লবে তাঁর ঠাঁই।
মোর তুল্য পূজ্য সেহ ভুবনে সদাই॥ ৩২॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

ন মে প্রিয়শ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথাহ্যহং ॥ ৩২ ॥

সধবা বা পতিহীনা যেবা কোন নারী।
কৃষ্ণপাদপদ্ম ভজে দৃঢ় ভক্তি করি ॥
সে নারী নিজের শত এক কুলোদ্ধারে।
ব্রহ্মার বচন ইহা কহিনু তোমারে ॥ ৩৩ ॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

সভর্তৃকা বা বিধবা বিষ্ণুভক্তিং করোতি যা।
সমুদ্ধরতি চাত্মানং কুলমেকোত্তরং শতং ॥ ৩৩ ॥

গোবিন্দের প্রতি সদা ভক্তি করে যাঁরা।
বরণ সঙ্কর হইলেও পূত তাঁরা ॥
আর যারা কৃষ্ণপদে ভক্তি না করয়।
কুলীন হলেও তারা ম্লেচ্ছতুল্য হয় ॥ ৩৪ ॥

তথাহি দ্বারকামাহাত্ম্যে।

সঙ্কীর্ণযোনয়ঃ পূতা যে ভক্তা মধুসূদনে।
ম্লেচ্ছতুল্যাঃ কুলীনাস্তে যে ন ভক্তা জনার্দ্দনে ॥ ৩৪ ॥

হরিভক্তিশূন্য জন চণ্ডাল নিশ্চয়।
হরিভক্ত চণ্ডাল সে সর্ব্বশ্রেষ্ঠ হয় ॥ ৩৫ ॥

তথাহি বৃহন্নারদীয়ে।

বিষ্ণুভক্তিবিহীনা যে চাণ্ডালাঃ পরিকীর্ত্তিতাঃ।
চাণ্ডালা অপি বৈ শ্রেষ্ঠা হরিভক্তিপরায়ণাঃ॥ ৩৫

শূদ্র কভু নহে ভাই কৃষ্ণভক্তগণ।
ভাগবত বলি হয় তাঁদের গণন॥
যারা কৃষ্ণপদে ভক্তি নাহি করে ভাই।
সকল বর্ণের মধ্যে শূদ্র তাহারাই॥ ৩৬॥

তথাহি পদ্মপুরাণে।

ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা মতাঃ।
সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে॥ ৩৬॥

অর্জ্জুনেরে কহিলেন দেবকীনন্দন।
ওহে সখা আর এক করহ শ্রবণ॥
অন্য দেবে রতি ছাড়ি দুরাচার জন।
যদি করে মনোবাক্যে আমার ভজন॥
তাহার নিশ্চয়-বুদ্ধি জানিবে নিশ্চয়।
আর সেহ মহাসাধু বলি মান্য হয়॥
নীচ জাতি আর নারী বৈশ্য শূদ্রগণ।
যদি লয় মোর পদে একান্ত শরণ॥
সেহ সবে শ্রেষ্ঠ গতি পাইবে নিশ্চয়।
ভক্ত বিপ্র ক্ষত্রিয়ের কথা কি আছয়॥ ৩৭॥

তথাহি শ্রীভগবদ্গীতায়াং।

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ॥
মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিং।
কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা॥ ৩৭॥

হরিভক্তিযুক্ত হরিনামপরায়ণ।
দুর্ব্বৃত্তি-সদ্বৃত্তিশালী তাঁরা যদি হন॥
তথাপি তাঁদের করি নিত্য নমস্কার।
সভা মাঝে সুত ইহা বলে বার বার॥ ৩৮॥

তথাহি বৃহন্নারদীয়ে।

হরিভক্তিপরা যে চ হরিনামপরায়ণাঃ।
দুর্ব্বৃত্তা বা সুবৃত্তা বা তেভ্যো নিত্যং নমো নমঃ॥ ৩৮॥

চণ্ডাল যদ্যপি ভাই কৃষ্ণভক্ত হয়।
ভক্তিহীন বিপ্রাপেক্ষা শ্রেষ্ঠ সে নিশ্চয়॥
যতি যদি হয় কৃষ্ণভক্তি-বিরহিত।
চণ্ডাল অপেক্ষা নীচ জানিহ নিশ্চিত॥ ৩৯॥

তথাহি নারদীয়ে।

শ্বপচোঽপি মহীপাল! বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ।
বিষ্ণুভক্তিবিহীনো যো যতিশ্চ শ্বপচাধিকঃ॥ ৩৯॥

শ্রীকৃষ্ণভক্তের এবে বিশেষ লক্ষণ।
তোমার নিকটে কহি করহ শ্রবণ॥
যিনি কৃষ্ণ-স্মৃতি হেতু দেহের জনম।
মৃত্যু-ক্ষুধা-ভয়-তৃষ্ণা-আদির কারণ॥
সংসার-ধর্ম্মেতে নাহি হন বিমোহিত।
তিনি ভাগবত-শ্রেষ্ঠ জানিহ নিশ্চিত॥ ৪০॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং যো
জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ।
সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ
স্মৃত্যা হরের্ভাগবতপ্রধানঃ॥ ৪০॥

ত্রৈলোক্যাধিপত্যলাভ হৈলে উপস্থিত।
ইন্দ্রাদি দেবের অন্বেষিত আরাধিত॥
গোবিন্দ-পদারবিন্দ হৈতে যার মন।
লব নিমিষার্দ্ধ নাহি করয়ে গমন॥
গোবিন্দ-পদারবিন্দ করে সার জ্ঞান।
তাহাকে জানিহ ভাই বৈষ্ণব প্রধান॥ ৪১

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ত্রিভুবনবিভবহেতবেহপ্যকুণ্ঠ-
স্মৃতিরজিতাত্মসুরাদিভির্বিমৃগ্যাৎ।

ন চলতি ভগবৎপদারবিন্দাৎ
লবনিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ ॥ ৪১ ॥

এহেন বৈষ্ণবে ভাই করিতে ভজন।
অর্জ্জুনেরে কহিলেন দেবকীনন্দন ॥
অন্য দেবতার পার্থ ছাড়িয়া পূজন।
সর্ব্বদা করহ তুমি বৈষ্ণব-ভজন ॥
বৈষ্ণব সকল সর্ব্ব দেবের সহিত।
করেন পবিত্র পৃথ্বী জানিহ নিশ্চিত ॥ ৪২ ॥

তথাহি আদিপুরাণে।

বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় ! মা ভজস্বান্যদেবতাঃ।
পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সর্ব্বদেবমিদং জগৎ ॥ ৪২ ॥

যাঁহার আছয়ে কৃষ্ণে নিষ্কামা ভকতি।
দেবগণ বৈরাগ্যাদি সদ্‌গুণ সংহতি ॥
বশীভূত হঞা তাঁর শরীরের মাঝ।
ওহে ভাই সদাকাল করেন বিরাজ ॥
কৃষ্ণভক্তিবিহীনের মহৎ গুণ নাই।
বিষয়-সুখেতে তিহ ধাবিত সদাই ॥ ৪৩ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্‌গুণা
মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ৪৩ ॥

ভগবান্ কহিলেন শুনহ অর্জ্জুন।
যে স্থানে গমন করে মম ভক্তগণ॥
বৈকুণ্ঠ ত্যজিয়া আমি যাই সেই স্থানে।
নিশ্চয় কহিনু ইহা তব সন্নিধানে॥
বেদের সহিত তথা ভুক্তিমুক্তিগণ।
আমার ভক্তের পাছু করেন গমন॥ ৪৪

তথাহি আদিপুরাণে।

মদ্ভক্তা যত্র গচ্ছন্তি তত্র গচ্ছামি পার্থিব।
ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ॥ ৪৪॥

যথায় থাকেন ভাই হরিভক্ত জন।
ব্রহ্মা হরি শিব আর দেব সিদ্ধগণ॥
তথায় তৎকালে জানি করেন বিরাজ।
আর এক কথা এবে কহি তব মাঝ॥
নিমিষ বা নিমিষার্দ্ধ কাল যেই স্থানে।
হরিভক্তগণ সুখে করে অবস্থানে॥
সেই স্থানে সর্ব্ব শ্রেয়ঃ তৎকালে থাকয়।
আর সেই স্থান তীর্থ তপোবন হয়॥ ৪৫

তথাহি বৃহন্নারদীয়ে।

হরিভক্তিপরো যত্র তত্র ব্রহ্মা হরিঃ শিবঃ।
তত্র দেবাশ্চ সিদ্ধাদ্যা নিত্যং তিষ্ঠন্তি সত্তমাঃ॥

নিমিষং নিমিষার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি সত্তমাঃ।
তত্রৈব সর্ব্বশ্রেয়াংসি তত্তীর্থং তত্তপোবনং॥ ৪৫॥

যাঁহারা বিষ্ণুর প্রতি একান্তানুরক্ত।
লোকানুগ্র...ত রত শান্ত দয়াযুক্ত॥
তাঁহারা বিষ্ণুর তুল্য জানিবে নিশ্চয়।
শাস্ত্রবাক্য ইথে কিছু নাহিক সংশয়॥ ৪৬

তথাহি বৃহন্নারদীয়ে।

যে বিষ্ণুনিরতাঃ শান্তা লোকানুগ্রহতৎপরাঃ।
সর্ব্বভূতদয়াযুক্তা বিষ্ণুরূপাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৪৬॥

আর এক কথা ভাই করহ শ্রবণ।
অদ্যাপি শঙ্কর-ব্রহ্মা-আদি দেবগণ॥
বিষ্ণুভক্তি-পরায়ণ জনের প্রভাবে।
জানিতে সমর্থ নাহি হন স্ব-স্বভাবে॥ ৪৭॥

তথাহি বৃহন্নারদীয়ে।

অদ্যাপি চ মুনিশ্রেষ্ঠা ব্রহ্মাদ্যা অপি দেবতাঃ।
প্রভাবং ন বিজানন্তি বিষ্ণুভক্তিরতাত্মনাং॥ ৪৭॥

সহস্র যাজ্ঞিক হৈতে জানিহ নিশ্চয়।
সকল-বেদান্তবেত্তা জন শ্রেষ্ঠ হয়॥
সকল-বেদান্তবেত্তা কোটী জন হৈতে।
এক বিষ্ণুভক্ত শ্রেষ্ঠ জানিহ নিশ্চিতে॥

দশশত বিষ্ণুভক্ত বৈষ্ণব হইতে।
একান্ত বৈষ্ণব এক শ্রেষ্ঠ সুনিশ্চিতে॥
যাঁহারা একান্ত-ভক্ত তাঁহারা শোভন।
কৃষ্ণের পরম পদ প্রাপ্ত জানি হন॥ ৪৮

তথাহি গারুড়ে।

সত্রযাজিসহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ।
সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে॥
বৈষ্ণবানাং সহস্রেভ্য একান্ত্যেকো বিশিষ্যতে।
একান্তিনস্তু পুরুষা গচ্ছন্তি পরমং পদং॥ ৪৮॥

ব্রহ্মা কহিলেন শুন কেশি-নিসূদন।
তোমার একান্ত ভক্ত হন যেই জন॥
সকল ধর্ম্মের কর্ত্তা সেই মহাশয়।
তব সন্নিধানে ইহা কহিনু নিশ্চয়॥
হে অচ্যুত আর যেবা তোমার অভক্ত।
সে সর্ব্বপাপের কর্ত্তা জানি যে সতত॥
তব ভক্তগণ যদি করেন অধর্ম্ম।
তথাপি সে ধর্ম্ম হয় কহিলাম মর্ম্ম॥
তোমাতে অভক্ত যদি করে ধর্ম্মাচার।
অধর্ম্ম বলিয়া তাহা জানি অনিবার॥ ৪৯।

তথাহি স্কান্দে রেবাখণ্ডে।

স কর্ত্তা সর্ব্বধর্ম্মাণাং ভক্তো যস্তব কেশব।
স কর্ত্তা সর্ব্বপাপানাং যো ন ভক্তস্তবাচ্যুত॥

ধর্ম্মো ভবত্যধর্ম্মোঽপি কৃতো ভক্তৈস্তবাচ্যুত।
পাপং ভবতি ধর্ম্মোঽপি তবাভক্তৈঃ কৃতো হরে ॥ ৪৯ ॥

যথায় মাৎসর্য্য-দ্বেষ-লোভাদি-রহিত।
গোবিন্দের ভক্তগণ করে অবস্থিত ॥
তথায় থাকেন প্রভু নন্দের নন্দন।
ইহাতে সংশয় নাহি কর কদাচন ॥
যে স্থানে নির্ম্মলচিত্ত কৃষ্ণভক্তগণ।
অবস্থিতি নাহি ভাই করেন কখন ॥
সেই স্থানে উপহার উপবাস গান।
নৃত্য-আদি দ্বারা হৈলে নিত্যারাধ্যমান ॥
তথাপি সে স্থানে হরি তৃপ্ত নাহি হন।
এ বাক্যে সন্দেহ তুমি না কর কখন ॥ ৫০ ॥

তথাহি, ইতিহাসসমুচ্চয়ে।

যত্র রাগাদিরহিতা বাসুদেবপরায়ণাঃ।
তত্র সন্নিহিতো বিষ্ণুর্নৃপতে! নাত্র সংশয়ঃ ॥
ন গন্ধৈর্ন তথা তোয়ৈর্ন পুষ্পৈশ্চ মনোহরৈঃ।
সান্নিধ্যং কুরুতে দেবো যত্র সন্তি ন বৈষ্ণবাঃ ॥
বলিভিশ্চোপবাসৈশ্চ নৃত্যগীতাদিভিস্তথা।
নিত্যমারাধ্যমানোঽপি তত্রবিষ্ণুর্ন তৃপ্যতি ॥ ৫০ ॥

নিষ্পাপ উদার কৃষ্ণনিষ্ঠ অকিঞ্চন।
দয়াময় মহাভাগ বৈষ্ণবের গণ ॥

ভ্রমিয়া সকল লোক করেন পবিত্র।
এহেতু বৈষ্ণবগণ হন মহাতীর্থ ॥ ৫১ ॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

তস্মাদেতে মহাভাগা বৈষ্ণবা বীতকল্মষাঃ।
পুনন্তি সকলাল্লোঁকাংস্তত্তীর্থমধিকং ততঃ ॥ ৫১ ॥

সাধুগণ নিজাশ্রম হইতে অন্যত্র।
কদাপি না যান নিজ স্বার্থের নিমিত্ত ॥
দীনচিত্ত গৃহস্থের কল্যাণের তরে।
নিজগুণে কৃপা করি যান তার ঘরে ॥ ৫২ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাং।
নিঃশ্রেয়সায় ভগবন! কল্পতে নান্যথা ক্বচিৎ ॥ ৫২ ॥

নারায়ণপরায়ণ বৈষ্ণবের গণ।
পাপকার্য্যে লিপ্ত নাহি হন কদাচন ॥
ভাস্করের ন্যায় তাঁরা হইয়া উদিত।
সকল লোকেরে ভাই করেন পবিত্র ॥ ৫৩ ॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

লিপ্যন্তে ন চ পাপেন বৈষ্ণবা বিষ্ণুতৎপরাঃ।
পুনন্তি সকলাল্লোঁকান্ সহস্রাংশুরিবোদিতঃ ॥ ৫৩ ॥

সহস্র জন্মের মধ্যে প্রমাদবশতঃ।
কখন বৈষ্ণব যদি করেন পাতক ॥
তথাপি তাহাতে তিনি লিপ্ত নাহি হন।
এই কথা ব্যাসদেব ফুকারিয়া কন ॥
তাঁহার দর্শনমাত্রে অন্য সবাকার।
পাপরাশি ভস্ম হয় জানি অনিবার ॥ ৫৪ ॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

জন্মান্তরসহস্রেষু বিষ্ণুভক্তো ন লিপ্যতে।
যস্য সন্দর্শনাদেব ভস্মীভবতি পাতকং ॥ ৫৪ ॥

কৃষ্ণেতে অনন্য-ভক্তি হএগাছে যাঁহার।
বাহ্যে দুরাচার কার্য্য যদি থাকে তাঁর ॥
তথাপি অন্তর-গত ভক্তির জ্যোতিতে।
সদা শোভা পান তিনি কহিনু নিশ্চিতে ॥
যেমন যামিনীনাথ হএগা কলঙ্কিত।
তিমিরের কাছে নাহি হন পরাজিত ॥ ৫৫ ॥

তথাহি শ্রীনারসিংহে।

ভগবতি চ হরাবনন্যচেতা
ভৃশমলিনোঽপি বিরাজতে মনুষ্যঃ।
নহি শশকলুষচ্ছবিঃ কদাচি-
ত্তিমিরপরাভবতামুপৈতি চন্দ্রঃ ॥ ৫৫ ॥

লোকরক্ষা-বিশারদ হরিভক্তগণ।
হৃদিস্থ হরির আজ্ঞাক্রমে অনুক্ষণ॥
আনন্দে সংসার মাঝে ভ্রমিয়া বেড়ান।
নিশ্চয় নিশ্চয় ইহা জেনো মতিমান্॥ ৫৬॥

তথাহি স্কান্দে রেবাখণ্ডে।

নূনং ভাগবতা লোকে লোকরক্ষা-বিশারদাঃ।
ব্রজন্তি বিষ্ণুনাদিষ্টা হৃদিস্থেন মহামুনে॥ ৫৬॥

জীব সকলের প্রতি করুণা করিয়া।
নিজভক্তরূপ হরি স্বেচ্ছায় ধরিয়া॥
জীবের রক্ষার লাগি ভুবন-ভিতর।
ভ্রমিয়া বেড়ান ভাই জানি নিরন্তর॥ ৫৭॥

তথাহি স্কান্দে রেবাখণ্ডে।

ভগবানেব সর্ব্বত্র ভূতানাং কৃপয়া হরিঃ।
রক্ষণায চরল্লোঁকান্ ভক্তরূপেণ নারদ॥ ৫৭॥

মার্কণ্ডেয় প্রতি কহিলেন ভগবান্।
ওহে দ্বিজশ্রেষ্ঠ বলি কর অবধান॥
আমি সদা সর্ব্বক্ষণ প্রচ্ছন্নশরীরে।
ভক্তরূপে নিত্য রাখি সকল লোকেরে॥ ৫৮

তথাহি বৃহন্নারদীয়ে।

অহমেব দ্বিজশ্রেষ্ঠ! নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ।
ভগবদ্ভক্তরূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বদা ॥ ৫৮ ॥

দর্শন স্পর্শন সহবাস আলাপন।
এই সকলের দ্বারা কৃষ্ণভক্তগণ ॥
ক্ষণকাল মধ্যে সাক্ষাৎ চণ্ডাল অধমে।
পবিত্র করেন ইহা জেনো মনে মনে ॥ ৫৯ ॥

তথাহি ব্রহ্মাণ্ডপুরাণে।

দর্শন-স্পর্শনালাপ-সহবাসাদিভিঃ ক্ষণাৎ।
ভক্তাঃ পুনন্তি কৃষ্ণস্য সাক্ষাদপি চ পুক্কশং ॥ ৫৯ ॥

নিজ কুলাচার যেহ করেছে বর্জ্জন।
আর মহাপাতকেতে লিপ্ত অনুক্ষণ ॥
সেহ যদি লয় কৃষ্ণভক্তের আশ্রয়।
তাহা হৈলে কভু তার যন্ত্রণা না হয় ॥ ৬০ ॥

তথাহি ব্রহ্মাণ্ডপুরাণে।

ত্যক্তসঙ্কুলাচারো মহাপাতকবানপি।
বিষ্ণোর্ভক্তং সমাশ্রিত্য নরো নার্হতি যাতনাং ॥ ৬০ ॥

যেই মরুদেশে হরিতত্ত্বজ্ঞ সুধীর।
সফল শীতল-ছায়াযুক্ত দয়াবীর ॥

সজ্জন-পাদপ নাই সে দেশেতে ভাই।
ক্ষণমাত্র না রহিবে কহিনু ইহাই ॥ ৬১ ॥

তথাহি বাশিষ্ঠে।

যস্মিন্ দেশে মরৌ তজ্জ্ঞো নাস্তি সজ্জনপাদপঃ।
সফলঃ শীতলচ্ছায়ো ন তত্র দিবসং বসেৎ ॥ ৬১ ॥

সাধুগণ-সন্নিধানে সদা সর্ব্বক্ষণ।
গমন করিবে নিজ-মঙ্গলকারণ ॥
যদি তাঁরা কিছু নাহি দেন উপদেশ।
তথাপি তথায় সুখ পাইবে বিশেষ ॥
পরস্পর মিলি স্বচ্ছন্দেতে সাধুগণ।
করিবেন যাহা যাহা কথোপকথন ॥
তাঁহাদের উপদেশ তাহাই যে হয়।
বশিষ্ঠের বাক্য ইহা মিথ্যা কভু নয় ॥ ৬২ ॥

তথাহি বাশিষ্ঠে।

সদা সন্তোঽভিগন্তব্যা যদ্যপ্যুপদিশন্তি ন।
যা হি স্বৈরকথাস্তেষামুপদেশা ভবন্তি তাঃ ॥ ৬২ ॥

সাধুদর্শনের ফল করহ শ্রবণ।
যাহার শ্রবণে হয় বন্ধন-মোচন ॥
সর্ব্বত্র সমান-চিত্ত স্বধর্ম্মানুরক্ত।
কৃষ্ণেতে অর্পিত-আত্মা বিষয়ে বিরক্ত ॥

রবির দর্শনে যৈছে আঁখির বন্ধন।
কদাপি নাহিক রয় জেনো সর্ব্বক্ষণ॥
সেইরূপ সাধু সকলের দরশনে।
জীবের সকল বন্ধ হয় বিমোচনে॥ ৬৩

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সাধূনাং সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাং।
দর্শনান্নো ভবেদ্বন্ধঃ পুংসোঽক্ষ্ণোঃ সবিতুর্যথা॥ ৬৩

জলময় স্থান ভাই তীর্থ নাহি হয়।
মৃত্তিকা-পাষাণময়ী মূর্ত্তি দেব নয়॥
তাঁহারা করেন বহুকালে শুদ্ধ মন।
দর্শনমাত্রেতে শুদ্ধ করে সাধুগণ॥ ৬৪॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নহ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ॥ ৬৪॥

সাধু-সেবনের ফল কর অবধান।
যাহার শ্রবণে ভাই নাশয়ে অজ্ঞান॥
অগ্নি সূর্য্য চন্দ্র তারা পৃথ্বী জলাকাশ।
বায়ু বাক্য মন আর জানিহ নিযাস॥
ইহারা হইলে ভেদবুদ্ধিতে পূজিত।
অজ্ঞান নাশিতে নাহি পারে কদাচিত॥

মুহূর্ত্তেকমাত্র সাধু করিলে সেবন।
সকল্ অজ্ঞান নাশ হয় সেইক্ষণ॥ ৬৫॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নাগ্নির্ন সূর্য্যো ন চ চন্দ্রতারকা
ন ভূর্জলং খং শ্বসনোঽথ বাঙ্মনঃ।
উপাসিতা ভেদকৃতো হরন্ত্যঘং
বিপশ্চিতো ঘ্নন্তি মুহূর্ত্তসেবয়া॥ ৬৫॥

একান্তমনেতে বহ্নি করিলে সেবন।
শীত ভয় অন্ধকার না থাকে কখন॥
সেইরূপ সদা সাধু-সংসেবী জনার।
কখনও কোন ভয় নাহি রবে আর॥৬৬॥

তথাহি পাদ্মে।

যথা প্রপদ্যমানস্য ভগবন্তং বিভাবসুং।
শীতং ভয়ং তমোঽপ্যেতি সাধূন্ সংসেবতঃ সদা॥ ৬৬।

বৈষ্ণব-দর্শনমাত্রে মানব 'সবার।
অপযশ নাশ হয় কহি বারবার॥
আর বুদ্ধি নিরমল হয় সেইক্ষণ।
তাহার প্রতিষ্ঠা করে সকল ভুবন॥ ৬৭॥

তথাহি পাদ্মে।

বিনাশয়ত্যপযশো বুদ্ধিং বিষদয়ত্যপি।
প্রতিষ্ঠাপয়তি প্রায়ো নৃণাং বৈষ্ণবদর্শনং॥ ৬৭॥

বৈষ্ণব-সঙ্গের কথা করহ শ্রবণ।
যে কথা-শ্রবণে হয় পাপ-বিমোচন॥
বৈষ্ণব-সঙ্গমে হয় পাপ-নিবারণ।
সর্ব্ব সুমঙ্গল ভাই হয় সংযোজন॥
যশোরাশি সুবিস্তার চারিদিকে হয়।
বৈষ্ণব-সঙ্গের ফল এই সুনিশ্চয়॥ ৬৮॥

তথাহি পাদ্মে।

অপাকরোতি দুরিতং শ্রেয়ঃ সংযোজয়ত্যপি।
যশো বিস্তারয়ত্যাশু নৃণাং বৈষ্ণবসঙ্গমঃ॥ ৬৮॥

পরম-উজ্জ্বলা-সাধুসঙ্গতি-গঙ্গায়।
স্নান করিলেন ভবে যেই মহাশয়॥
তাঁহার তপস্যা-দান-তীর্থ-যজ্ঞে ভাই।
কিছুতেই প্রয়োজন দেখিতে না পাই॥ ৬৯॥

তথাহি পাদ্মে।

যঃ স্নাতঃ শান্তিসিতয়া সাধুসঙ্গতিগঙ্গয়া।
কিন্তস্য দানৈঃ কিন্তীর্থৈঃ কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ॥ ৬৯॥

শ্রীঅচ্যুতে কহিলেন রাজা মুচ্‌কুন্দ।
আপনার অনুগ্রহে যখন মুকুন্দ॥
সংসারী জনার হয় এ সংসার ক্ষয়।
তখনি তাহার সাধু সহ সঙ্গ হয়॥

সাধুসঙ্গ হবামাত্র সাধুদের গতি।
গোপী-লক্ষ্মী-পতি আপনায় হয় মতি ॥ ৭০

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ভবাপবর্গো ভ্রমতো যদা ভবে-
জ্জনস্য তর্হ্যচ্যুত! সৎসমাগমঃ।
সৎসঙ্গমো যর্হি তদৈব সদ্গতৌ
পরাবরেশে ত্বয়ি জায়তে মতিঃ ॥ ৭০ ॥

নয়ন সফল হয় ভক্ত-দরশনে।
দেহের সার্থক হয় ভক্ত-পরশনে ॥
রসনার ফল জানি ভক্তের কীর্ত্তন।
এহেতু সংসারে সুদুর্ল্লভ ভক্তগণ ॥ ৭১ ॥

তথাহি শ্রীহরিভক্তিসুধোদয়ে।

অক্ষ্ণোঃ ফলং ত্বাদৃশদর্শনং হি
তন্বাঃ ফলং ত্বাদৃশগাত্রসঙ্গঃ।
জিহ্বাফলং ত্বাদৃশকীর্ত্তনং হি
সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ॥ ৭১ ॥

ভক্ত সকলের সঙ্গ-লেশের সহিত।
স্বর্গ মোক্ষ তুল্য নাহি করি কদাচিৎ
ইহাতে নরের তুচ্ছ রাজ্যাদি অতুল।
উহার সহিত কিসে হয় সমতুল ॥ ৭২

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥ ৭২॥

অসাধুসঙ্গের ফল করহ শ্রবণ।
যাহার শ্রবণে শান্তি লভে নরগণ॥
অসতের মধ্যে শ্রেষ্ঠ কৃষ্ণভক্তিহীন।
সেহ যদি সদাচারে হয় পরবীণ॥
তথাপি তাহার নাহি শুভ গতি হয়।
ভাগবতবাক্য ইহা মিথ্যা কভু নয়॥ ৭৩॥

ভগবদ্ভক্তিহীনা যে মুখ্যাসন্তস্ত এব হি।
তেষাং নিষ্ঠা শুভা কাপি ন স্যাৎ সচ্চরিতৈরপি॥ ৭৩

অসাধুসঙ্গেতে সত্য শৌচ মৌন শম।
দয়া বুদ্ধি লজ্জা শোভা যশ ক্ষমা দম॥
ঐশ্বর্য্য প্রভৃতি ভাই সব যায় নাশ।
অতএব নাহি কর অসাধু-সম্ভাষ॥ ৭৪॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা।
শমোদমো ভগশ্চেতি যৎসঙ্গাদযাতি সংক্ষয়ং॥ ৭৪॥

শিশ্নোদরপরায়ণ অসাধু সহিত।
সংসর্গ কখন যদি কর কদাচিৎ॥
তাদের সংসর্গে ভাই অন্ধতম কূপে।
নিশ্চয় পতন হয় কহিনু স্বরূপে॥
অন্ধের অনুগত অন্ধ যেরূপ পড়য়।
তদ্রূপ পতন তার জানিহ নিশ্চয়॥ ৭৫॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ।
তস্যানুগস্তমস্যন্ধে পতত্যন্ধানুগোঽন্ধবৎ॥ ৭৫॥

অসতের সঙ্গ সদা করিয়া বর্জ্জন।
সাধুসঙ্গ কর ভাই করি এক মন॥
নিষ্কিঞ্চন সাধুদের চরণ-ধূলার।
অভিষেক বিনা জ্ঞান-ভকতি-প্রেমার॥
উদয়-সম্ভব নাহি দেখি কদাচিৎ।
তোমারে কহিনু ইহা করিয়া নিশ্চিত॥
অন্নাদি-বিভাগ তপ বৈদিক করম।
বেদাভ্যাস জল-অগ্নি-সূর্য্যের পূজন॥
কিছুতেই জ্ঞান-ভক্তি-প্রেমার উদয়।
ওহে ভাই নাহি হয় জানিহ নিশ্চয়॥ ৭৬॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

রহূগণৈতৎ তপসা ন যাতি
ন চেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা।
ন ছন্দসা নৈব জলাগ্নিসূর্য্যৈ-
র্বিনা মহৎপাদরজোঽভিষেকং ॥ ৭৬ ॥

যতদিন গৃহাসক্ত মানব ভক্তিতে।
নিষ্কিঞ্চন সাধুদের চরণধূলিতে ॥
নিজাঙ্গের অভিষেক না পারে করিতে।
ততদিন তাহাদের মন কোনমতে ॥
কৃষ্ণের পদারবিন্দ স্পর্শিতে না পারে।
নিশ্চয় নিশ্চয় ইহা কহিনু তোমারে ॥
যখন মানস স্পর্শে কৃষ্ণের চরণ।
তখনি সংসারজ্বালা হয় নিবারণ ॥ ৭৭ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং
স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ।
মহীয়সাং পাদরজোঽভিষেকং
নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ॥ ৭৭ ॥

ভক্ত-সম্মানের কথা করহ শ্রবণ।
যে কথা-শ্রবণে হয় আনন্দিত মন ॥

কৃষ্ণকে প্রীতির সহ যৈছে ভক্তজন।
করেন প্রফুল্লমুখে প্রণাম বন্দন ॥
তৈছে শ্রীগোবিন্দভক্ত করিয়া দর্শন।
যে ভক্ত করেন তাঁরে প্রণাম অর্চ্চন ॥
সেই ভক্তে কৃষ্ণভক্ত বলিয়া জানহ।
ত্রিলোক তারেন তিনি ভকতির সহ ॥ ৭৮।

তথাহি লিঙ্গপুরাণে।

বিষ্ণুভক্তমথায়াতং যো দৃষ্ট্বা সুমুখঃ প্রিয়ঃ।
প্রণামাদি করোত্যেব বাসুদেবে যথা তথা।
স বৈ ভক্ত ইতি জ্ঞেয়ঃ স পুনাতি জগত্রয়ং ॥ ৭৮ ॥

ভক্তের কর্কশবাক্য করিয়া শ্রবণ।
ধৈর্য্য ধরি যেবা করে প্রণাম বন্দন ॥
বৈষ্ণব বলিয়া তারে জানিবে নিশ্চয়।
লিঙ্গপুরাণেতে ইহা ফুকারিয়া কয় ॥ ৭৯ ॥

তথাহি লিঙ্গপুরাণে।

রুক্ষাক্ষরা গিরঃ শৃণ্বন্ তথা ভাগবতেরিতাঃ।
প্রণামপূর্ব্বকং ক্ষান্ত্বা যো বদেদ্বৈষ্ণবো হি সঃ ॥ ৭৯ ॥

নিজ-সাধ্যমতে ভক্তগণে যেই জন।
খাদ্যদ্রব্য-বস্ত্র-আদি করেন অর্পণ ॥

নিশ্চয় তাহাকে হরিভক্ত বলা যায়।
ভক্তপূজা-কথা এই কৈনু সমুদায় ॥ ৮০ ॥

তথাহি লিঙ্গপুরাণে।

ভোজনাচ্ছাদনং সর্ব্বং যথাশক্ত্যা করোতি যঃ।
বিষ্ণুভক্তস্য সততং স বৈ ভাগবতঃ স্মৃতঃ ॥ ৮০ ॥

যমরাজ কহিলেন শুন দূতগণ।
বৈষ্ণবসেবীকে সদা করিবে বর্জ্জন ॥
যাঁহাদের গৃহে করে বৈষ্ণব ভোজন।
যাঁহারা বৈষ্ণবসঙ্গ করে সর্ব্বক্ষণ ॥
সেই সব নিষ্পাপীর উপর আমার।
নিশ্চয় জানিহ নাহি কোন অধিকার ॥ ৮১ ॥

তথাহি পদ্মপুরাণে।

বৈষ্ণবো যদ্‌গৃহে ভুঙ্‌ক্তে যেষাং বৈষ্ণবসঙ্গতিঃ।
তেঽপি বঃ পরিহার্য্যাঃ স্যুস্তৎসঙ্গহতকিল্বিষাঃ ॥ ৮১ ॥

শ্রীহরি-বুদ্ধিতে যেবা হরিভক্তজনে।
কায়মনোবাক্যে নিত্য করেন পূজনে ॥
ব্রহ্মা-বিষ্ণু-শিব-আদি দেব সমুদায়।
তাঁর প্রতি তুষ্ট হন কহিনু তোমায় ॥
হরিনাম-পরায়ণ হরিপূজারত।
বৈষ্ণবদিগের সেবাকার্য্যে অনুরত ॥

সংসারের মাঝে ভাই আছয়ে যাঁহারা।
পাপী হইলেও হরিধামে যায় তাঁরা॥
কৃষ্ণের নিষ্কাম ভক্তগণে যেই জন।
শ্রদ্ধান্বিত হঞা ভাই করান ভোজন॥
সে জন একবিংশতি কুলের সহিত।
শ্রীহরিধামেতে যায় জানিহ নিশ্চিত॥
যাঁহার গৃহেতে কৃষ্ণপূজা-পরায়ণ।
বৈষ্ণব করেন বাস জানি সর্ব্বক্ষণ॥
তাঁর গৃহে শিব-ব্রহ্মা-আদি দেব যত।
আর হরি লক্ষ্মী সহ রহেন সতত॥ ৮২

তথাহি বৃহন্নারদীয়ে।

হরিভক্তিরতান্ যস্তু হরিবুদ্ধ্যা প্রপূজয়েৎ।
তস্য তুষ্যন্তি বিপ্রেন্দ্রা ! ব্রহ্মাবিষ্ণুশিবাদয়ঃ॥
হরিপূজারতানাঞ্চ হরিনামরতাত্মনাং।
শুশ্রূষাভিরতা যান্তি পাপিনোঽপি পরাং গতিং।
যো বিষ্ণুভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ
ত্রিসপ্তকুলসংযুক্তঃ স যাতি হরিমন্দিরং॥
দেবপূজাপরো যস্য গৃহে বসতি সর্ব্বদা।
তত্রৈব সর্ব্বদেবাশ্চ হরিশ্চৈব শ্রিয়ান্বিতঃ॥ ৮২॥

শালগ্রাম-আদি কৃষ্ণমূর্ত্তির অগ্রেতে।
নৈবেদ্য অর্পণ ভাই করিলে পরেতে॥

তাহা কৃষ্ণ দৃষ্টিমাত্রে করেন গ্রহণ।
তোমার নিকটে ইহা করিনু কীর্ত্তন॥
ভক্তের বদনে কৃষ্ণ করেন ভক্ষণ।
ব্রহ্মপুরাণেতে ইহা আছয়ে লিখন॥ ৮৩॥

তথাহি ব্রহ্মপুরাণে।

নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্টৈব স্বীকৃতং ময়া।
ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ॥ ৮৩॥

করিয়া গোবিন্দপূজা তাঁর ভক্তজনে।
মনুষ্যজ্ঞানেতে কভু না করে পূজনে॥
সে জন শ্রীকৃষ্ণভক্ত কখন না হয়।
দাম্ভিক সে জন ইহা জানিবে নিশ্চয়॥ ৮৪॥

তথাহি পাদ্মে।

অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ॥ ৮৪॥

সর্ব্বদেবপূজা হৈতে শ্রেষ্ঠ কৃষ্ণার্চ্চন।
তাহা হৈতে শ্রেষ্ঠ কৃষ্ণভক্তের পূজন॥ ৮৫॥

তথাহি পদ্মপুরাণে।

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি! তদীয়ানাং সমর্চ্চনং॥ ৮৫॥

অতএব কর ভাই বৈষ্ণবপূজন।
বৈষ্ণব-নিন্দাদি দূরে করিয়া বর্জ্জন॥
কৃষ্ণভক্তজনে যেবা করে উপহাস।
ধর্ম্ম অর্থ যশঃ পুত্র তার হয় নাশ॥ ৮৬॥

তথাহি স্কন্দপুরাণে।

যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম।
করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ॥ ৮৬॥

যেই সব মূঢ়বুদ্ধি মানবের গণ।
বৈষ্ণবগণের ভাই করয়ে নিন্দন॥
তাহারা জানিহ পিতৃগণের সহিত।
রৌরব নরকে হয় নিশ্চয় পতিত॥ ৮৭॥

তথাহি স্কান্দে।

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢা বৈষ্ণবানাং মহাত্মনাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরব-সংজ্ঞিতে॥ ৮৭।

যাহারা বৈষ্ণবগণে করয়ে প্রহার।
তাঁহাদের প্রতি দ্বেষ করে অনিবার॥
কভু নাহি করে তাঁহাদের সমাদর।
তাঁহাদের প্রতি ক্রুদ্ধ হয় নিরন্তর॥
তাঁহাদের দেখি নাহি করয়ে আনন্দ।
নরকে পড়য়ে ভাই সেই সব মন্দ॥ ৮৮॥

তথাহি স্কন্দপুরাণে।

হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥ ৮৮ ॥

বৈষ্ণবগণেরে যেই জন দেয় কষ্ট।
জন্মার্জ্জিত পুণ্য তার সব হয় নষ্ট ॥ ৮৯ ॥

তথাহি স্কন্দপুরাণে।

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতং।
নাশমাযাতি তৎ সর্ব্বং পীড়য়েদ্যদি বৈষ্ণবান্ ॥ ৮৯ ॥

যেই সব মহাপাপী দুরাচারগণ।
পবিত্রাত্মা সাধুদের করয়ে নিন্দন ॥
সেই সব পাপিজনে যমদূতগণ।
তীক্ষ্ণ করপত্র দ্বারা করে বিদারণ ॥ ৯০ ॥

তথাহি দ্বারকামাহাত্ম্যে।

করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ।
নিন্দাং কুর্ব্বন্তি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাং ॥ ৯০ ॥

বৈষ্ণবের অপমান করে যেই জন।
তার প্রতি তুষ্ট নাহি হন নারায়ণ ॥ ৯১ ॥

তথাহি দ্বারকামাহাত্ম্যে।

পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥ ৯১ ॥

কৃষ্ণ-কৃষ্ণভক্ত-নিন্দা করিয়া শ্রবণ।
তথা হৈতে যেবা নাহি করে পলায়ন॥
সে জন সুকৃতচ্যুত হইয়া নরকে।
নিশ্চয় পড়য়ে ভাই কহিনু তোমাকে॥ ৯২॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥ ৯২॥

বৈষ্ণব দেখিয়া প্রীতি আদর সহিত।
শয্যা হৈতে নাহি উঠে হঞা সাবহিত॥
সেই জন নরকের অতিথি নিশ্চয়।
ব্রাহ্মণের প্রতি ইহা যম রাজা কয়॥ ৯৩।

তথাহি পদ্মপুরাণে।

বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ।
প্রণয়াদরতো বিপ্র! স নরো নরকাতিথিঃ॥ ৯৩॥

প্রচ্ছন্নশরীরে নিজভক্তরূপ ধরি।
সদা লোক সকলেরে পালেন শ্রীহরি॥
অতএব প্রাতে উঠি যেই সব জন।
নিত্য করে বৈষ্ণবের নামাদি কীর্ত্তন॥
কলিযুগে তাঁহারাই মহাভাগবত।
তাঁহারাই কৃষ্ণতুল্য শাস্ত্র-অভিমত॥ ৯৪॥

তথাহি দ্বারকামাহাত্ম্যে।

নিত্যং যে প্রাতরুত্থায় বৈষ্ণবানান্তু কীর্ত্তনং।
কুর্ব্বন্তি তে ভাগবতাঃ কৃষ্ণতুল্যাঃ কলৌ বলে॥ ৯৪॥

ওহে ভাই কৃষ্ণমন্ত্রে হইয়া দীক্ষিত।
ভজ গুরু কৃষ্ণ কৃষ্ণভক্ত অবিরত॥
এই তিন বিনা ভবে কিছু নাহি আর।
বেদাদি সকলে ইহা কহে বারবার॥
সংসার হইতে মুক্ত হইবার তরে।
যাহার বাসনা সদা আছয়ে অন্তরে॥
সে জন বেদাখ্য শব্দ ব্রহ্ম-অনুগত।
ব্যাখ্যায় নিপুণ বিপ্র শ্রীকৃষ্ণে নিরত॥
ক্রোধ-লোভ-আদি-হীন শান্ত সদাশয়।
গুরুর চরণাশ্রয় একান্তে করয়॥
গুরুপাদাশ্রয় বিনা সংসার-মোচন।
কখন কাহার নাহি হয় কদাচন॥ ৯৫॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তস্মাদ্ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং।
শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপসমাশ্রয়ং॥ ৯৫॥

মহাভাগবত-শ্রেষ্ঠ জ্ঞানী সুব্রাহ্মণ।
সকল বর্ণের গুরু বেদের লিখন॥

ইনি সর্ব্বলোক মধ্যে শ্রীহরির ন্যায়।
পূজনীয় সদাকাল কহিনু তোমায়॥
অতএব নিজ শ্রেয়ঃলাভের নিমিত্ত।
বৈষ্ণব-ব্রাহ্মণ গুরু করিবে নিশ্চিত॥ ৯৬॥

তথাহি পদ্মপুরাণে

মহাভাগবত-শ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাং।
সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ॥ ৯৬

শ্রীবিষ্ণুমন্ত্রেতে দীক্ষা লইয়া যে জন।
করয়ে বিষ্ণুর পূজা হএগ্রা কেমন॥
সে জনে বৈষ্ণব বলি জানিহ নিশ্চয়।
তাহা ছাড়া আর যত অবৈষ্ণব হয়॥ ৯৭॥

তথাহি পদ্মপুরাণে।

গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ।
বৈষ্ণবোঽভিহিতোঽভিজ্ঞৈরিতরঃ স্যাদবৈষ্ণবঃ॥ ৯৭

সহস্রশাখা বেদ পড়ে আর ত ব্রাহ্মণ।
সর্ব্ববিদ্যা আছে বড় শাস্ত্রেতে নিপুণ॥
অবৈষ্ণব হয় যদি গুরুযোগ্য নয়।
পদ্মপুরাণেতে ইহা ফুকারিয়া কয়॥ ৯৮॥

তথাহি পদ্মপুরাণে।

মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ॥ ৯৮॥

সম্প্রদায়হীন অবৈষ্ণব গুরু ভাই।
ছাড়িয়া করহ গুরু বৈষ্ণব গোসাঞি॥
সম্প্রদায়-ভক্তি-হীন ব্রাহ্মণ গুরুর।
উপদিষ্ট মন্ত্রে নর যায় অন্ধপুর॥
অতএব সম্প্রদায়ী বৈষ্ণব গোসাঞি।
গুরু করি রাধাকৃষ্ণ ভজহ সদাই॥ ৯৯॥

তথাহি নারদপঞ্চরাত্রে।

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যগ্ গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্গুরোঃ॥

তথাহি স্মৃতৌ।

সম্প্রদায়বিহীনা যে মন্ত্রাস্তে বিফলা মতাঃ॥ ৯৯॥

দীক্ষা লঞা গুরু গোসাঞির শ্রীচরণ।
নৈষ্ঠিক হইয়া সদা করিবে সেবন॥
গুরু গোসাঞির পাদপদ্মসেবা বিনু।
রাধাকৃষ্ণ নাহি মিলে তোমারে কহিনু॥
যেই কৃষ্ণ সেই গুরু মহিমায় জান।
গুরু গোসাঞিরে নাহি কর জীবজ্ঞান॥

জীবের উদ্ধার লাগি নন্দসুত হরি।
ভুবনে ভ্রমেন সদা গুরুরূপ ধরি॥
গুরুতে নৈষ্ঠিক রতি সদাই রাখিবে।
ভাগবত ধর্ম্ম তাঁর নিকটে শিখিবে॥
গুরু গোসাঞির কভু বিক্রিয়া-দর্শনে।
ঘৃণাদি কখন নাহি কর মনে মনে॥
গুরু গোসাঞির প্রতি যার অবিশ্বাস।
জনমে জনমে তার সব হয় নাশ॥ ১০০॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥
তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্গুর্ব্বাত্মদৈবতঃ।
অমায়য়ানুবৃত্ত্যা যৈস্তুষ্যেতাত্মাত্মদো হরিঃ॥ ১০০॥

সম্প্রদায়ী ভাগবত বিপ্র-সন্নিধানে।
শ্রীবিষ্ণুমন্ত্রেতে দীক্ষা করিয়া গ্রহণে॥
বৈষ্ণব হইয়া সদা হঞা অনুরক্ত।
অকপটে সেব সদা গুরু কৃষ্ণ ভক্ত॥
কলিতে বৈষ্ণব নাম বড়ই দুর্ল্লভ।
বহুভাগ্য যার তার পক্ষেতে সুলভ॥
ব্রহ্ম-রুদ্র-পদ হৈতে বৈষ্ণবাখ্যা বড়।
এ বাক্যে সন্দেহ ভাই কভু নাহি কর॥ ১০১

তথাহি সৌপর্ণে।

কলৌ ভাগবতং নাম দুর্ল্লভং নৈব লভ্যতে।
ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং মম॥ ১০১॥

যতদিন বংশে কৃষ্ণভক্তি-পরায়ণ।
সন্তান নাহিক করে জনম গ্রহণ॥
ততদিন পিতৃলোক পিণ্ডের আশায়।
সংসারে ভ্রমেন সদা দুঃখিতহিয়ায়॥
যে কুলে বৈষ্ণব নাম সন্তানের হয়।
সে কুল পবিত্র হয় জানিহ নিশ্চয়॥
কৃতার্থা হয়েন ভাই জননী তাহার।
পৃথিবী বসতি ধন্যা হয় জেনো সার॥
পিতৃলোক তার সব স্বর্গে নৃত্য করে।
নিশ্চয় নিশ্চয় ইহা কহিনু তোমারে॥ ১০২॥

তথাহি স্কন্দপুরাণে।

তাবদ্ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ।
যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে॥

তথাহি পদ্মপুরাণে।

কুলং পবিত্রং জননী কৃতার্থা
বসুন্ধরা সা বসতিশ্চ ধন্যা।
নৃত্যন্তি স্বর্গে পিতরোঽপি তেষাং
যেষাং কুলে বৈষ্ণবনামধেয়ং॥ ১০২॥

সংসারের মাঝে যেই হরিভক্ত হয়।
সেই সে পরম জ্ঞানী কহিনু নিশ্চয়॥
যোগী সকলের শ্রেষ্ঠ সেই জন জানি।
যজ্ঞের সংগ্রহকারী তাহারে যে মানি॥ ১০৩

তথাহি স্কন্দপুরাণে।

স এব জ্ঞানবাল্লোঁকে যোগিনাং প্রথমো হি সঃ।
মহাক্রতূনামাহর্ত্তা হরিভক্তিযুতো হি যঃ॥ ১০৩॥

কলিযুগধর্ম্ম ভাই করহ শ্রবণ।
যাহার শ্রবণে দুঃখ হয় বিমোচন॥
কলিতে কেবল প্রভু শ্রীহরির নাম।
একমাত্র ধর্ম্ম এই জেনো অবিরাম॥
নাম বিনা কলিযুগে আর গতি নাই।
নিশ্চয় নিশ্চয় ইহা কহিলাম ভাই॥ ১০৪॥

তথাহি বৃহন্নারদীয়ে।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥ ১০৪॥

কলিতে গোবিন্দনামে যত পাপ হরে।
লোকেতে পাতক তত করিতে না পারে॥
কর্ম্ম-মন-বাক্যোদ্ভব পাপ তত নাই।
যত পাপ কৃষ্ণনামে নাশ করে ভাই॥

অতএব সব ছাড়ি শ্রীগোবিন্দনাম।
মনে প্রাণে ঐক্য করি বল অবিরাম ॥ ১০৫ ॥

তথাহি স্কান্দে।

তন্নাস্তি কর্ম্মজং লোকে বাগ্‌জং মানসমেব বা।
যন্ন ক্ষপয়তে পাপং কলৌ গোবিন্দকীর্ত্তনং ॥ ১০৫ ॥

যৈছে জল আগি নিবাইতে শক্তি ধরে।
যৈছে সূর্য্যদেব অন্ধকার নাশ করে ॥
তৈছে হরিসঙ্কীর্ত্তন কলিপাপ যত।
নাশিতে সমর্থ হন জানিহ সতত ॥ ১০৬ ॥

তথাহি বিষ্ণুধর্ম্মোত্তরে।

শমায়ালং জলং বহ্নেস্তমসো ভাস্করোদয়ঃ।
শান্ত্যৈ কলেরঘৌঘস্য নামসঙ্কীর্ত্তনং হরেঃ ॥ ১০৬ ॥

হরিনামকীর্ত্তনেতে মানব-নিচয়।
সর্ব্বপাপে মুক্ত হঞা ভব পার হয় ॥
তখন শ্রীহরিনাম কলির পাতক।
অবশ্য জানিহ ভাই হয়েন নাশক ॥ ১০৭ ॥

তথাহি বিষ্ণুধর্ম্মোত্তরে।

নাম্নাং হরেঃ কীর্ত্তনতঃ প্রয়াতি
সংসারপারং দুরিতৌঘমুক্তঃ।

নরঃ সঃ সত্যং কলিদোষজন্ম-
পাপং নিহন্ত্যাশু কিমত্র চিত্রং ॥ ১০৭ ॥

কলিযুগে শ্রীগোবিন্দনামসঙ্কীর্ত্তনে।
যেমন পবিত্র হয় মানবের গণে ॥
তেমন পবিত্র তপ্ত কৃচ্ছ্র চান্দ্রায়ণ।
পরাকাদি ব্রতে ভাই না হয় কখন ॥ ১০৮ ॥

তথাহি ব্রহ্মাণ্ডপুরাণে।

পরাকচান্দ্রায়ণতপ্তকৃচ্ছ্রৈ
র্ন দেহশুদ্ধির্ভবতীহ তাদৃক্।
কলৌ সকৃন্মাধবকীর্ত্তনেন
গোবিন্দনাম্না ভবতীহ যাদৃক্ ॥ ১০৮ ॥

সর্ব্বকালে সর্ব্বস্থানে কৃষ্ণনাম যত।
আনন্দেতে সংকীর্ত্তন করিবে সতত ॥
কৃষ্ণ হরি বিষ্ণু নাম কীর্ত্তনেতে ভাই।
কালাকাল অশৌচাদি বিচার যে নাই ॥
কৃষ্ণের যতেক নাম মানবের গণে।
সতত পবিত্র করে জেনো মনে মনে ॥
অতএব শুদ্ধাশুদ্ধ না করি বিচার।
শ্রীকৃষ্ণ গোবিন্দ নাম কর অনিবার ॥ ১০৯

তথাহি স্কান্দে পাদ্মে বিষ্ণুধর্ম্মোত্তরে চ।

চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ।
ন শৌচং কীর্ত্তনে তস্য সঃ পবিত্রকরো যতঃ ॥ ১০৯ ॥

সংসারের মধ্যে ভাই শ্রীহরিকীর্ত্তন।
উত্তম তপস্যা ইহা কহে মুনিগণ ॥
বিশেষ কলিতে কৃষ্ণপ্রীতির কারণ।
সর্ব্বদা করিবে হরিনামসঙ্কীর্ত্তন ॥ ১১০ ॥

তথাহি স্কান্দে।

তথাচৈবোত্তমং লোকে তপঃ শ্রীহরিকীর্ত্তনং।
কলৌযুগে বিশেষেণ বিষ্ণুপ্রীত্যৈ সমাচরেৎ ॥ ১১০ ॥

সত্যেতে বিষ্ণুর ধ্যানে জীব মুক্ত হয়।
ত্রেতাযুগে যজ্ঞে মুক্ত জানিহ নিশ্চয় ॥
দ্বাপরযুগেতে মুক্ত কৃষ্ণের সেবনে।
কলিতে কেবল হরিনামসঙ্কীর্ত্তনে ॥ ১১১ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥ ১১১ ॥

দান ব্রত তপ তীর্থযাত্রা প্রভৃতির।
দেব-সাধু-কাজসূয়-অশ্বমেধাদির ॥

পাপহর যত বল আছয়ে বর্ণন।
সেই সব বল হরি করিয়া হরণ॥
নিজনাম সকলেতে করিলা রক্ষণ।
অতএব কলিধর্ম্ম নামসঙ্কীর্ত্তন॥ ১১২॥

তথাহি স্কন্দপুরাণে।

দানব্রততপস্তীর্থক্ষেত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ
শক্তয়ো দেবমহতাং সর্ব্বপাপহরাঃ শুভাঃ।
রাজসূয়াশ্বমেধানাং জ্ঞানসাধ্যাত্মবস্তুনঃ
আকৃষ্য হরিণা সর্ব্বাঃ স্থাপিতাঃ স্বেষু নামসু॥ ১১২

বেদাগম-আদি বহুশাস্ত্র-অধ্যয়নে।
কাশী-কাঞ্চী-আদি যত তীর্থপর্য্যটনে॥
নাহি কোন প্রয়োজন কহিনু তোমায়।
যদি নিজমুক্তি-ইচ্ছা করহ হিয়ায়॥
তবে স্পষ্টাক্ষরে ভাই এই নাম গাও।
হে গোবিন্দ হে গোবিন্দ মোরে দেখা দাও॥ ১১৩॥

তথাহি লঘুভাগবতে।

কিন্তাত বেদাগমশাস্ত্রবিস্তরৈ-
স্তীর্থৈরনেকৈরপি কিং প্রয়োজনং।
যদ্যাত্মনো বাঞ্ছসি মুক্তিকারণং
গোবিন্দ গোবিন্দ ইতি স্ফুটং রট॥ ১১৩॥

সূর্য্যের গ্রহণকালে কোটী গাভী দান।
প্রয়াগতীর্থেতে কল্পকাল অবস্থান॥
যজ্ঞাযুত আর গিরিতুল্য স্বর্ণদান।
গোবিন্দনামের কভু না হয় সমান॥ ১১৪॥

তথাহি লঘুভাগবতে।

গোকোটিদানং গ্রহণে খগস্য
প্রয়াগগঙ্গোদক-কল্পবাসঃ।
যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং
গোবিন্দকীর্ত্তের্ন সমং শতাংশৈঃ॥ ১১৪॥

বহুশাস্ত্র-অভ্যাসেতে নাহি প্রয়োজন।
তাহে নানা বিঘ্ন ভাই হতেছে দর্শন॥
অতএব কহি আমি তব সন্নিধানে।
রাধাকৃষ্ণ উপাসনা কর একমনে॥
জীবের স্বধর্ম্ম রাধাকৃষ্ণ-উপাসনা।
তাহা ছাড়া যত দেখ মায়ার বঞ্চনা॥
জাতি বিদ্যা রূপ আর মহত্ত্ব যৌবন।
এই পঞ্চ অভিমান করহ বর্জ্জন॥
ভক্তির কণ্টক এই পঞ্চ অভিমান।
নিশ্চয় কহিনু ইহা তব সন্নিধান॥
ভক্তি বিনু নাহি হয় গোবিন্দভজন।
ভক্তের নিকটে কর ভক্তি উপার্জ্জন॥

তৃণ হৈতে আপনাকে নীচ ভাব মনে।
তরু হৈতে সহ্যশীল হও সর্ব্বক্ষণে॥
অমানী জনেরে নিত্য করহ সম্মান।
এই মত হঞা সদা লও হরিনাম॥
গোবিন্দ-ভজন আর গোবিন্দ-কীর্ত্তন।
জীবের স্বধর্ম্ম এই শাস্ত্রে নিরূপণ॥
এই সব তত্ত্বকথা গুরু-সন্নিধানে।
পাইবে কহিনু ইহা তব বিদ্যমানে॥
গুরুকৃপা বিনা ভাই অন্য উপায়েতে।
কোটী জন্মে নাহি মিলে জানিবে মনেতে
শ্রীগুরু-জাহ্নবা-পদ করিয়া শরণ।
এ রাম কহিল এই পাষণ্ডদলন॥

ইতি শ্রীলরামচন্দ্র-গোস্বামীপ্রভু-কৃত
পাষণ্ডদলন সমাপ্ত।

পাষণ্ডদলন (২)।

শ্রীকৃষ্ণভজনে হয় সবে অধিকারী।
কিবা বিপ্র কিবা শূদ্র কি পুরুষ নারী ॥
সর্ব্ব বর্ণে যেই ভজে সেই শ্রেষ্ঠ হয়।
যে না ভজে সে চণ্ডাল সর্ব্বশাস্ত্রে কয় ॥ ১ ॥

তথাহি পদ্মপুরাণে।

চণ্ডালোঽপি মুনিশ্রেষ্ঠো বিষ্ণুভক্তিপরায়ণঃ।
বিষ্ণুভক্তিবিহীনস্তু দ্বিজোঽপি শ্বপচাধমঃ ॥ ১ ॥

শুনহ সকল লোক বৈষ্ণব-মহিমা।
কিঞ্চিৎ করিয়া কহি মুঞি মূর্খ জনা ॥
বামন হইয়া চন্দ্র চাও ধরিবারে।
অল্প করি কিছু কহি শুনহ সংসারে ॥
অভক্ত ব্রাহ্মণ নহে প্রভুর প্রিয়পাত্র।
শাস্ত্রে বলে যেই ভজে সেই প্রিয়পাত্র ॥
অভক্ত বিপ্রের দ্রব্য না করে স্পর্শন।
ইতিহাস-সমুচ্চয় শুনহ বচন ॥ ২ ॥

তথাহি ইতিহাসমুচ্চয়ে শ্রীভগবদ্বাক্যং।

ন মে প্রিয়শ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হ্যহং ॥ ২ ॥

শূদ্র নহে কৃষ্ণের ভজন যেই করে।
সেই জন ভাগবত জানিহ সংসারে॥
সর্ব্ব বর্ণে সেই শূদ্র যে না ভজে হরি।
সর্ব্ব শাস্ত্রে এই কথা কহিছে ফুকারি॥ ৩

তথাহি পাদ্মে।

ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা মতাঃ।
সর্ব্ববর্ণেষ তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে। ৩

নিষাদ শ্বপচ শূদ্র হরির ভকতে।
নীচ করি মানে যেই যায় নরকেতে॥ ৪॥

তথাহি ইতিহাসসমুচ্চয়ে।

শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা।
বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবং॥ ৪॥

বিপ্র দ্বিষড়্ গুণযুত শ্রীচরণে বিমুখ।
শ্বপচ হইতে নীচ শাস্ত্র-অনুরূপ॥ ৫॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

বিপ্রাদ্দ্বিষড়্‌গুণযুতাদরবিন্দনাভ-
পাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠং।
মন্যে তদর্পিতমনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি স কুলং ন তু ভূরিমানঃ॥ ৫।

বৈষ্ণব দেখিয়া যেবা জাতিবুদ্ধি করে।
তাহার সমান পাপী নাহিক সংসারে॥
নরকে তাহার বাস জানিহ নিশ্চয়।
ফুকারি ফুকারি ইহা সর্ব্বশাস্ত্রে কয়॥
যেই মূর্খ শাস্ত্রের বচন চাহে কথা।
কত ঠাঁই আছে শ্লোক শাস্ত্রেতে সর্ব্বথা॥ ৬॥

তথাহি বিষ্ণুপুরাণে।

অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতির্বৈষ্ণবে জাতিবুদ্ধি-
র্বিষ্ণোর্বা বৈষ্ণবানাং কলিমলমথনে পাদতীর্থেঽম্বুবুদ্ধিঃ।
বিষ্ণোর্নির্ম্মাল্যান্নয়োঃ কলুষদহনয়োরন্নসামান্যবুদ্ধি-
র্বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ॥ ৬॥

বৎসের পশ্চাতে যেন ধায় ধেনুগণ।
তেমতি ভক্তের পাছে ধায় জনার্দ্দন॥
ভক্তের পশ্চাতে মুক্তি ধায় স্তুতি করি।
সত্য সত্য বলে শাস্ত্র দেখহ বিচারি॥ ৭॥

তথাহি আদিপুরাণে।

মদ্ভক্তা যত্র গচ্ছন্তি তত্র গচ্ছামি পার্থিব।
ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ॥ ৭॥

শাস্ত্রমত প্রমাণের এই দিল সীমা।
কার শক্তি আছে ইহা খণ্ডুক আসিয়া॥

দান-ব্রত-তপ-যজ্ঞে কভু ভক্তি নয়।
নিশ্চয় জানিহ সবে সাধুসঙ্গে হয়॥ ৮॥

তথাহি শ্রীহরিভক্তিকল্পলতিকায়াং।

পুণ্যাম্ভোধিভবা তমোবিঘটনী সৎসঙ্গমূলোত্তমা
শ্রদ্ধাপল্লবিনী বিরক্তিকলিকা প্রেমপ্রসূনোজ্জ্বলা।
সান্দ্রানন্দরসাবহঞ্চ পরমং জ্ঞানং ফলং বিভ্রতী
সেয়ং শ্রীহরিভক্তিকল্পলতিকা ভূয়াৎ সতাং প্রীতয়ে॥ ৮॥

সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্ব সিদ্ধি হয়॥ ৯॥

তথাহি মোহমুদ্গরে।

নলিনীদলগত জলমতিতরলং
তদ্বজ্জীবনমতিশয়চপলং।
ক্ষণমিহ সজ্জনসঙ্গতিরেকা
ভবতি ভবার্ণবতরণে নৌকা॥ ৯॥

যোগি-হৃদে বৈকুণ্ঠেতে নাহি থাকি আমি।
সদা ভক্ত নিকটে রহিয়া গান শুনি॥ ১০॥

তথাহি নারদপঞ্চরাত্রে।

নাহং তিষ্ঠামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে ন চ।
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ॥ ১০॥

কৃষ্ণ পূজে বৈষ্ণবের না করে পূজন।
কভু নাহি হয় কৃষ্ণের প্রসাদভাজন ॥ ১১ ॥

তথাহি বিষ্ণুপুরাণে।

অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়ন্তি যে।
ন তে বিষ্ণুপ্রসাদস্য কেবলং দাম্ভিকা জনাঃ ॥ ১১ ॥

কৃষ্ণসেবা হইতে বৈষ্ণবসেবা বড়।
পুরাণে কহিল সত্য এই কথা দৃঢ় ॥ ১২ ॥

তথাহি পাদ্মে।

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরাধানং পরং।
তস্মাৎ পরতরং দেবি! তদীয়ানাং সমর্চ্চনং ॥ ১২ ॥

অর্জ্জুনে কহেন কৃষ্ণ করি সম্বোধন।
অন্য দেবে নাহি ভজ কুন্তীর নন্দন ॥
একচিত্তে ভজ তুমি কেবল বৈষ্ণব।
পবিত্র করেন তাঁরা দেবতাদি সব ॥ ১৩ ॥

তথাহি আদিপুরাণে।

বৈষ্ণবান্ ভজ কৌন্তেয়! মা ভজস্বান্যদেবতাঃ।
পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সব্বদেবমিদং জগৎ ॥ ১৩ ॥

নৈবেদ্য যে খাই আমি ভক্তের বদনে।
শুন শুন বলি ব্রহ্মা তোমার সদনে ॥ ১৪ ॥

তথাহি ব্রাহ্মে শ্রীভগবদ্বাক্যং।

নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্টৈব স্বীকৃতং ময়া।
ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ ॥ ১৪ ॥

বৈষ্ণবের বশ কৃষ্ণ সর্ব্বশাস্ত্রে কয়।
এই সব জানি ভজ বৈষ্ণব নিশ্চয় ॥
প্রাতে উঠি করে যেবা বৈষ্ণবকীর্ত্তন।
শাস্ত্রে কহে কৃষ্ণতুল্য হয় সেই জন ॥ ১৫ ॥

তথাহি দ্বারকামাহাত্ম্যে।

নিত্যং যে প্রাতরুত্থায় বৈষ্ণবানান্তু কীর্ত্তনং।
কুর্ব্বন্তি তে ভাগবতাঃ কৃষ্ণতুল্যাঃ কলৌ যুগে ॥ ১৫ ॥

হেন বৈষ্ণবের গুণ কিবা দিব সীমা।
আনন্দ করিয়া গাও বৈষ্ণব মহিমা ॥
অচ্যুতানুরক্ত তাঁরা তাঁদের কৃপায়।
জীবগণ এই ভবে সদা সুখ পায় ॥ ১৬ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ভূতানাং দেবচরিতং দুঃখায় চ সুখায় চ।
সুখায়ৈব হি সাধূনাং ত্বাদৃশামচ্যুতাত্মনাং ॥ ১৬ ॥

বৈষ্ণব-মহিমা কিছু কহনে না যায়।
ভুবন পবিত্র হয় যাঁহার কৃপায় ॥ ১৭ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

বাগ্ গদ্গদা দ্রবতে যস্য চিত্তং
হসত্যভীক্ষ্ণং রোদিতি ক্বচিচ্চ।
বিলজ্জ উদ্গায়তি নৃত্যতি চ
মদ্ভক্তিযুক্তো ভুবনং পুনাতি॥ ১৭॥

প্রভাতে বৈষ্ণব সব বুলে ক্ষিতিতলে।
কৃষ্ণ ভজ কৃষ্ণ ভজ সর্ব্ব জীবে বলে॥
না শুনি তাহার বোল মায়ার কারণে।
পাপপুণ্যে রত লোক হত তিন গুণে॥
যমের প্রহার তার না হয় খণ্ডন।
যাবৎ না ভজে গুরু-বৈষ্ণব-চরণ॥
না ভজয়ে পাপী লোক নিন্দা করে সব।
যমদূত-হাতে সেই পায় পরাভব॥
বৈষ্ণবেরে দেখি যেই পাপী নিন্দা করে।
শত শত পাপ আসি সে পাপীরে ধরে॥ ১৮॥

তথাহি স্কন্দপুরাণে।

নিন্দন্তি যে হরের্ভক্তান্নরাঃ পাপেন মোহিতাঃ।
পৃথিব্যাং যানি পাপানি গৃহ্নন্তি তে নরাধমাঃ॥ ১৮॥

স্কন্দ পুরাণেতে আছে বহু ত বিস্তার।
তাহা শুনি পাপী বলে না নিন্দিব আর॥

শূকর সকল গ্রাম করয়ে শোধন।
তৈছে পাপী লোক সাধু করয়ে মার্জ্জন॥ ১

তথাহি স্কন্দপুরাণে।

নিন্দকাঃ শূকরাশ্চৈব সফলং নির্ম্মিতং দ্বয়ং।
শুধ্যন্তি শূকরা গ্রামং সাধুং শুধ্যন্তি নিন্দকাঃ॥ ১৯

বৈষ্ণবের নিন্দা কৈলে সর্ব্বনাশ হয়।
আয়ু শ্রী যশোধর্ম্ম লোকাশিষ ক্ষয়॥
আর যত শ্রেয়ঃ কোটি জন্মের সঞ্চয়।
অধিক কি কব কৃষ্ণভক্তি দূরে যায়॥ ২০

তথাহি শ্রীমদ্ভাগবতে।

আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥ ২০॥

বৈষ্ণব পরম ধর্ম্ম পুরাণের কথা।
বৈষ্ণব পরম তপ জানিহ সর্ব্বথা॥
বৈষ্ণব পরমারাধ্য এ তিন ভুবনে।
বৈষ্ণব পরম গুরু কহে সর্ব্বজনে॥ ২১॥

তথাহি আদিপুরাণে।

বৈষ্ণবঃ পরমো ধর্ম্মো বৈষ্ণবঃ পরমন্তপঃ।
বৈষ্ণবঃ পরমারাধ্যো বৈষ্ণবঃ পরমো গুরুঃ॥ ২১॥

জলময় তীর্থ আর যত দেবগণ।
মৃত্তিকা-পাষাণ-বিষ্ণুমূর্ত্তি-দরশন॥
পবিত্র করিতে তারা পারে বহু দিনে।
সাধুর দর্শনে পাপ যায় সেই ক্ষণে॥ ২২॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নহ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ॥ ২২॥

প্রথম স্কন্ধের কথা কিঞ্চিৎ কহিব।
যাহা শুনি সবে বলে বৈষ্ণব ভজিব॥
সাধুসঙ্গে মনুষ্যের যত সুখসিন্ধু।
ভুক্তি মুক্তি তার আগে নহে এক বিন্দু॥
হেন বৈষ্ণবের কৃপা পাইল যে জন।
তাহার ভাগ্যের কথা না যায় কথন॥ ২৩॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥ ২৩॥

এই মত ভাগবতে কহিছে সঘন।
পাষণ্ড না শুনে সাধু আনন্দে মগন॥
তীর্থ সব পবিত্র করিতে হয় মন।
তাঁটিয়া বৈষ্ণব করে তীর্থ পর্য্যটন॥

এহেন বৈষ্ণবসঙ্গে ভবভয় তরি।
তাঁহার কৃপার ফল কহিতে না পারি ॥ ২৯ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

তেষাং বিচরতাং পদ্ভ্যাং তীর্থানাং পাবনেচ্ছয়া।
ভীতস্য কিং ন রোচেত তাবকানাং সমাগমঃ ॥ ২৪ ॥

মহান্ত-স্বভাব এই তারিতে পামর।
নিজ কার্য্য নাহি তবু যান তার ঘর ॥ ২৫ ।

তথাহি শ্রীমদ্ভাগবতে।

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাং।
নিঃশ্রেয়সায় ভগবন্! কল্পতে নান্যথা ক্বচিৎ ॥ ২৫ ॥

পদ্মপুরাণেতে আছে পরম সিদ্ধান্ত।
বৈষ্ণব-মহিমা-তত্ত্ব নাহি যায় অন্ত ॥
দুই দণ্ড কিংবা এক দণ্ড পরিমাণ।
বৈষ্ণব গোসাঞি যথা হন অধিষ্ঠান ॥
সেই স্থানে সর্ব্ব তীর্থ তপোবন হয়।
সত্য সত্য পুনঃ সত্য জানিহ নিশ্চয় ॥ ২৬ ॥

তথাহি পাদ্মে।

মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যত্র তিষ্ঠতি বৈষ্ণবঃ।
সত্যং সত্যং পুনঃ সত্যং তত্তীর্থং তত্তপোবনং ॥ ২৬ ॥

বৈষ্ণব স্মরণমাত্রে সর্ব্ব পাপ হরে।
দর্শন-স্পর্শন-মহিমা কে কহিতে পারে॥ ২৭ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনঃ দর্শন-স্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ॥ ২৭ ॥

গীতাপাঠ গোবিন্দের স্মরণ-কীর্ত্তনে।
তীর্থকোটি-ফল পায় বৈষ্ণব-দর্শনে॥ ২৮ ॥

তথাহি পাদ্মে।

গীতায়াঃ শ্লোকপাঠেন গোবিন্দস্মৃতিকীর্ত্তনাৎ।
বৈষ্ণবালোকনেনৈব তীর্থকোটিফলং লভেৎ॥ ২৮ ॥

কোটিবিধ ক্রিয়া বৈষ্ণবের পাদোদক।
নিস্তার নাহিক কৈলে যোগ আদি তপ॥ ২৯ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

রহূগণৈতৎ তপসা ন যাতি
ন চেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা।
ন চ্ছন্দসা নৈব জলাগ্নিসূর্য্যৈ
র্বিনা মহৎপাদরজোঽভিষেকং॥ ২৯ ॥

ইন্দ্র-আদি করি সবার কর্ম্মভোগ হয়।
কৃষ্ণভক্ত কভু নাহি কর্ম্মেতে পড়য়॥ ৩০ ॥

তথাহি আদিপুরাণে।

পতন্তীন্দ্রাদয়ঃ সর্ব্বে স্বকর্ম্মফলভাগিনঃ।
কৃষ্ণভক্তাশ্চ যে কেচিৎ সর্ব্বথা ন পতন্ত্যধঃ॥ ৩০॥

সাধুসঙ্গে অবৈষ্ণবগণ ভক্ত হয়।
অগঙ্গার জল যেন গঙ্গাতে পড়য়॥ ৩১॥

তথাহি আদিপুরাণে।

সাধুসঙ্গ পরিষঙ্গাদসাধোরপি সাধুতা।
অগাঙ্গমপি গাঙ্গং স্যাৎ গঙ্গায়াং পতিতং পয়ঃ॥ ৩১।

যাহার কুলেতে হন বৈষ্ণব উদ্ভব।
স্বর্গে নৃত্য করে তার পিতৃলোক সব॥ ৩২

তথাহি পদ্মপুরাণে।

কুলং পবিত্রং জননী কৃতার্থা
বসুন্ধরা সা বসতিশ্চ ধন্যা।
নৃত্যন্তি স্বর্গে পিতরোঽপি তেষাং
যেষাং কুলে বৈষ্ণবনামধেয়ং॥ ৩২॥

পাপীলোক বলে বৈষ্ণব বলিব কাহারে।
শাস্ত্রে বলে বিষ্ণু-উপাসনা যেই করে॥
হরিনাম-পরায়ণ পূজয়ে কেশব।
কৃষ্ণমন্ত্র-গ্রহণ বিষ্ণু জানয়ে বৈষ্ণব॥ ৩৩॥

তথাহি পাদ্মে।

হরিনামপরো যস্তু বিষ্ণুপূজা-পরায়ণঃ।
কৃষ্ণমন্ত্রং যো গৃহ্নাতি বিষ্ণুং জানাতি বৈষ্ণবঃ॥ ৩৩॥

অবৈষ্ণব গুরু কভু না করিহ ভাই।
সে গুরু ছাড়িয়া ভজ বৈষ্ণব গোসাঞি॥ ৩৪॥

তথাহি পাদ্মে নারদপঞ্চরাত্রে চ।

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যগ্ গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্গুরোঃ॥ ৩৪॥

সহস্রশাখা বেদ পড়ে আর ত ব্রাহ্মণ।
সর্ব্ব বিদ্যা আছে সব শাস্ত্রেতে নিপুণ॥
অবৈষ্ণব হয় যদি গুরুযোগ্য নয়।
শাস্ত্রের বচন ইহা জানিহ নিশ্চয়॥ ৩৫॥

তথাহি পাদ্মে।

সহস্রশাখাধ্যায়ী চ সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
কুলে মহতি জাতেঽপি ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ॥ ৩৫॥

বিষ্ণুভক্তিহীন হয় যে অধম জন।
জানিহ বিফল তার বেদ-অধ্যয়ন॥
তীর্থ-পর্য্যটনে সেই লভে কিবা ফল।
তপ-যজ্ঞ-আদি তার সকলই বিফল॥ ৩৬॥

তথাহি বৃহন্নারদীয়ে।

কিম্বেদৈঃ কিমু বা শাস্ত্রৈঃ কিমু তীর্থনিষেবণৈঃ।
বিষ্ণুভক্তিবিহীনানাং কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ॥ ৩৬॥

চণ্ডাল-অধম অবৈষ্ণব যে ব্রাহ্মণ।
তার দরশন দূরে করিব বর্জ্জন॥ ৩৭॥

তথাহি পাদ্মে।

অবৈষ্ণবাস্তু যে বিপ্রাশ্চাণ্ডালাদধমাশ্চতে।
তেষাং সন্দর্শনালাপং দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥ ৩৭॥

ধিক্ কুল যজ্ঞ ব্রত বিফল জীবন।
বিমুখ হইল অধোক্ষজে যেই জন॥ ৩৮॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ধিক্ জন্ম নস্ত্রিবিদ্যত্তদ্ ধিগ্ ব্রতং ধিগ্বহুজ্ঞতাং।
ধিক্ কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে॥ ৩৮॥

পদ্মপুরাণেতে শ্লোক আছয়ে বিস্তর।
শুনিয়া পাষণ্ডীগণ না করে উত্তর॥
অবৈষ্ণব-পাণ্ডিত্য সর্ব্বশাস্ত্র-সমন্বিত।
তথাপি তাহার বাক্য না হয় গৃহীত॥
কুক্কুর-উচ্ছিষ্ট ঘৃত হয় ত যেমন।
অতএব তাহা কেহ না করে গ্রহণ॥ ৩৯॥

তথাহি পাদ্মে।

অবৈষ্ণবস্য পাণ্ডিত্যাং সর্ব্বশাস্ত্র-সমন্বিতং।
বাক্যং তস্য ন গৃহ্ণীয়াৎ শুনালীঢ়ং হবির্যথা ॥ ৩৯ ॥

সর্প ব্যাঘ্র কুম্ভীরের আলিঙ্গন লিহ।
তথাপি পাষণ্ড-সঙ্গ স্বপ্নে না করিহ ॥ ৪০ ॥

তথাহি বিষ্ণুরহস্যে।

আলিঙ্গনং বরং মন্যে ব্যালব্যাঘ্রজলোকসাং।
ন সঙ্গঃ শল্যযুক্তানাং নানাদেবৈকসেবিনাং ॥ ৪০ ॥

এমন সঙ্গের দোষ শুন সব লোক।
অসৎসঙ্গ ছাড়ি ভজ ঠাকুর বৈষ্ণব ॥
শুনহ সকল লোক বৈষ্ণব-মহিমা।
বেদশাস্ত্রপুরাণেতে দিতে নাহি সীমা ॥
অসতের সঙ্গে যদি করে আলাপন।
দর্শন নিশ্বাস কিবা করয়ে ভোজন ॥
তাহাতে সকল পাপ হয় ত বিস্তার।
জলমধ্যে তৈল যেন করয়ে সঞ্চার ॥ ৪১ ॥

তথাহি পদ্মপুরাণে।

আলাপাদ্গাত্রসংস্পর্শাৎ নিশ্বাসাৎ সহ ভোজনাৎ।
সঞ্চরন্তীহ পাপানি তৈলবিন্দুরিবাম্ভসি ॥ ৪১ ॥

বৈষ্ণব-মহিমা কিছু শুন সর্ব্বজন।
যাঁর স্মৃতিমাত্রে কোটি-পাপ-বিমোচন॥
যাঁর পাদরজে লভি গঙ্গাদির জল।
কি কহিব কত তাঁর পাদোদক-বল॥ ৪২

তথাহি স্কান্দে।

যেষাং স্মরণমাত্রেণ পাপলক্ষশতানি চ।
দহ্যন্তে নাত্র সন্দেহো বৈষ্ণবানাং মহাত্মনাং॥
যেষাং পাদরজৈনৈব প্রাপ্যতে জাহ্নবীজলং।
নার্ম্মদং যামুনঞ্চৈব কিং পুনঃ পাদয়োর্জলং॥ ৪২॥

ভক্তপদরজ আর ভক্তপদজল।
ভক্তভুক্ত-অবশেষ তিন মহাবল॥
বৈষ্ণব দেখিয়া যেবা না নোয়ায় মুণ্ড।
তাহার মস্তক পড়ে নরকের কুণ্ড॥ ৪৩॥

তথাহি পাদ্মে।

দৃষ্ট্বা তু ভগবদ্ভক্তান্ প্রণামং ন করোতি যঃ।
বিনষ্টসর্ব্বধর্ম্মশ্চ স যাতি নরকং ধ্রুবং॥ ৪৩॥

আর কিছু কহি কথা শাস্ত্রের বচন।
বৈষ্ণব ঠাকুর হন ভুবন-পাবন॥
যাহার কুলেতে হয় পুত্র মহাজন।
পিতৃগণ করে তার স্বর্গেতে নর্ত্তন॥

আস্ফালন করি নাচে পিতৃলোক সব।

মম বংশে বৈষ্ণববর হয় ত উদ্ভব ॥ ৪৪ ॥

তথাহি পদ্মপুরাণে।

আস্ফোটয়ন্তি পিতরো নৃত্যন্তি চ পিতামহাঃ।

মদ্বংশে বৈষ্ণবো জাতঃ স নস্ত্রাতা ভবিষ্যতি ॥ ৪৪ ॥

তাবৎ সংসারে ফিরে পিতৃলোক সব।

যাবৎ কুলেতে পুত্র না হয় বৈষ্ণব ॥ ৪৫ ॥

তথাহি স্কান্দে।

তাবদ্ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ।

যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে ॥ ৪৫ ॥

কৃষ্ণচন্দ্র কৃপা করি কন দ্বিজ প্রতি।

সত্য জেনো ভক্তজন মোর প্রিয় অতি ॥

আনন্দে করহ তুমি ভক্তের অর্চ্চন।

ভক্তের অধীন আমি শুনহে ব্রাহ্মণ ॥ ৪৬ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

অহং ভক্তপরাধীনো হ্যস্বতন্ত্র ইব দ্বিজ।

সাধুভির্গ্রস্তহৃদয়ো ভক্তৈর্ভক্তজনপ্রিয়ঃ ॥ ৪৬ ॥

আমার হৃদয়ে থাকে ভক্ত নিরন্তর।

ভক্তহৃদে বাস মম শুন বিপ্রবর ॥ ৪৭ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহং।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি ॥ ৪৭ ॥

গঙ্গা-আদি করিয়া যতেক তীর্থ আছে।
নিরন্তর থাকে তারা মোর ভক্ত কাছে ॥ ৪৮

তথাহি আদিপুরাণে।

যত্র যত্র চ মদ্ভক্তস্তত্র তত্র সুখানি চ।
গঙ্গাদি-সর্ব্বতীর্থানি বসন্তি তত্র সর্ব্বদা ॥ ৪৮ ॥

মোর ভক্ত দেখিয়া দুর্ল্লভ করি মানে।
সেই সে আমার প্রাণ কহিলা অর্জ্জুনে ॥ ৪৯

তথাহি আদিপুরাণে।

মদ্ভক্তো দুর্ল্লভো যস্য স এব মম দুর্ল্লভঃ।
তৎপরো দুর্ল্লভো নাস্তি সত্যং সত্যং ধনঞ্জয় ॥ ৪৯॥

মোর ভক্ত দেখি যেবা দোষ দৃষ্টি করে।
সেই মহাপাপী যায় নরকভিতরে ॥ ৫০ ॥

তথাহি স্কান্দে।

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে ॥ ৫০ ॥

যেই দেশে নাহিক হরির ভক্তগণ।
নিষ্ঠুর সে দেশ বড় শুন সর্ব্ব জন॥
নিশ্চয় জানিহ সবে ধন্য সেই দেশ।
যে দেশে আছয়ে হরিভক্ত-কৃপালেশ॥ ৫১॥

তথাহি আদিপুরাণে।

তদ্দেশং পতিতং মন্যে যত্র নাস্তি হরেঃ প্রিয়ঃ।
তদ্দেশং সফলং মন্যে যত্রাস্তে ভগবৎপ্রিয়ঃ॥ ৫১॥

পরম কৃপালু শান্ত কৃষ্ণভক্তগণ।
কৃষ্ণের স্বরূপ তাঁরা শাস্ত্রের বচন॥ ৫২॥

তথাহি বৃহন্নারদীয়ে।

যে বিষ্ণুনিরতাঃ শান্তা লোকানুগ্রহতৎপরাঃ।
সর্ব্বভূতদয়াযুক্তা বিষ্ণুরূপাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৫২॥

আমার বান্ধব ভক্ত শুন ধনঞ্জয়।
ভক্তের বান্ধব আমি কহিনু তোমায়॥
আমারি হয়েন গুরু ভক্ত মহাশয়।
আমিও ভক্তের গুরু জানিহ নিশ্চয়॥ ৫৩॥

তথাহি আদিপুরাণে।

অস্মাকং বান্ধবা ভক্তা ভক্তানাং বান্ধবা বয়ং।
অস্মাকং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ং॥ ৫৩॥

কত কত জন্ম যদি পুণ্য করি থাকে।
বৈষ্ণবে বিশ্বাস তবে হয় ইহলোকে ॥ ৫৪ ॥

তথাহি পাদ্মে।

মহাপ্রসাদে গোবিন্দে নামব্র হ্মণি বৈষ্ণবে।
স্বল্পপুণ্যবতাং রাজন্! বিশ্বাসো নৈব জায়তে ॥ ৫৪ ॥

কপিল গোসাঞি পূর্ব্বে মাতাকে শিখাইল।
সাধুসঙ্গ-মহিমা বিনা অন্য না কহিল ॥ ৫৫ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥ ৫৫ ॥

আরো দেখ কুবেরের পুত্র দুই জন।
সাধু-দরশন বর করিল প্রার্থন ॥ ৫৬ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

বাণী গুণানুকথনে শ্রবণৌ কথায়াং
হস্তৌ চ কর্ম্মসু মনস্তব পাদয়োর্নঃ।
স্মৃত্যাং শিরস্তব নিবাসজগৎপ্রণামে
দৃষ্টিঃ সতাং দর্শনেঽস্তু ভবত্তনূনাং ॥ ৫৬ ॥

শ্রীকৃষ্ণে কহেন কর্ণ পাণ্ডব-গীতায়।
যাহা শুনি সবাকার শ্রবণ জুড়ায়॥
প্রভু তব পাদপদ্ম হঞা অনুগত।
না বলিব না শুনিব অন্য কথা যত॥
অন্য চিন্তা অন্য মন স্মরণ আশ্রয়।
কিছু না করিব আমি জানিহ নিশ্চয়॥
অহে শ্রীনিবাস পুরুষোত্তম জগন্নাথ।
তব দাস্য দান করি কর আত্মসাথ॥ ৫৭॥

তথাহি পাণ্ডবগীতায়াং।

নান্যং বদামি ন শৃণোমি ন চিন্তয়ামি
নান্যং স্মরামি ন ভজামি ন চাশ্রয়ামি।
ভক্ত্যা ত্বদীয়চরণাম্বুজমন্তরেণ
শ্রীশ্রীনিবাস পুরুষোত্তম! দেহি দাস্যং॥ ৫৭॥

হেন মহাজনে পাপীলোক নাহি ভজে।
মহাকষ্ট হয় তার যমের সমাজে॥
ভক্তের হইতে ভৃত্য মোর বাঞ্ছা হয়।
কৃপাচার্য্য পাণ্ডবগীতায় কহিল নিশ্চয়॥ ৫৮॥

তথাহি পাণ্ডবগীতায়াং।

মজ্জন্মনঃ ফলমিদং মধুকৈটভারে
মৎপ্রার্থনীয়মদনুগ্রহ এষ এব।

ত্বদ্‌ভৃত্যভৃত্য-পরিচারক-ভৃত্যভৃত্য-
ভৃত্যস্য ভৃত্য ইতি মাং স্মর লোকনাথ॥ ৫৮

গৃহস্থ-বৈষ্ণব বলি যদি কর ঘৃণা।
তাঁহার মহিমা কিছু শুন পাপীজনা॥
একবার কৃষ্ণনাম বলিলে পাপ যায়।
গৃহস্থ-বৈষ্ণব যত নিরবধি গায়॥
দেখ দেখি কি মহিমা কহিব তাঁহার।
হেন সঙ্গ করে যেই সেই হয় পার॥
গৃহস্থ-বৈষ্ণবের গুণ শুনরে পামর।
পদ্মপুষ্প রহে যেন জলের উপর॥
সংসারেতে থাকি তাঁরা করে সঙ্কীর্ত্তন।
আনন্দে নিস্তরে, পায় প্রভুর চরণ॥ ৫৯

তথাহি নারসিংহে।

কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি যো মাং স্মরতি নিত্যশঃ।
জলং ভিত্ত্বা যথা পদ্মং নরকাদুদ্ধরাম্যহং॥ ৫৯॥

দান ব্রত তপ শৌচ বেদ-অধ্যয়ন।
কৃষ্ণের ভজন বিনা সব বিড়ম্বন॥ ৬০॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানি চ।
প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনং॥ ৬০॥

ভক্তিপথ ছাড়ি যদি অন্য পথে যায়।
কদাচিৎ কৃষ্ণপ্রাপ্তি নিকট না হয়॥
ভক্তির ভগবান্ কৃষ্ণ সর্ব্বশাস্ত্রে কয়।
ইহা খণ্ডি কোন্ মূর্খ করে অন্যাশ্রয়॥ ৬১॥

তথাহি বৃহন্নারদীয়ে।

সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ শরণার্ত্তি-প্রণাশনঃ।
স্বভক্তবৎসলো দেবো ভক্ত্যা তুষ্যতি নান্যথা॥ ৬১॥

কৃষ্ণভক্ত হঞা বরং বাঁচে পঞ্চ দিন।
বৃথা সহস্রেক কল্প কৃষ্ণভক্তিহীন॥ ৬২॥

তথাহি বিষ্ণুধর্ম্মোত্তরে।

জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চ দিনানি চ।
ন তু কল্পসহস্রাণি ভক্তিহীনস্য কেশবে॥ ৬২॥

মোর নাম ত্যজি করে অন্য আচরণ।
সেই কর্ম্মে বদ্ধ, সুখ নাহি কদাচন॥ ৬৩॥

তথাহি বিষ্ণুধর্ম্মোত্তরে।

ত্যক্ত্বা চ মম নামানি কুর্ব্বন্তি কর্ম্ম চাখিলং।
কর্ম্মণা তেন বদ্ধাস্তে ন সুখায় কদাচন॥ ৬৩॥

মেঘাচ্ছন্ন দিন কভু নহে ত দুর্দ্দিন।
সেই সে দুর্দ্দিন যাহা কৃষ্ণকথাহীন॥ ৬৪॥

তথাহি আদিপুরাণে।

যদচ্যুতকথালাপ-কর্ণপীযূষ-বর্জ্জিতং।
তদ্দিনং দুর্দ্দিনং মন্যে মেঘাচ্ছন্নং ন দুর্দ্দিনং ॥ ৬৪ ॥

কৃষ্ণকথা ছাড়ি যেবা অন্য কথা শুনে।
শূকর সমান হয় শাস্ত্রের বচনে ॥ ৬৫ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

নূনং দৈবেন বিহতা যে চাচ্যুতকথাসুধাং।
হিত্বা শৃণ্বন্ত্যসদ্গাথাঃ পুরীষমিব বিড়্ভুজঃ ॥ ৬৫ ॥

যশোদার পুত্রে যার না জন্মিল রতি।
ধিক্ ধিক্ করি তারে মৃদঙ্গ ভর্ৎসে অতি ॥ ৬৬ ॥

তথাহি শ্রীধরস্বামিকৃত ব্রজবিহারস্তোত্রে।

যেষাং শ্রীমদ্‌যশোদাসুত-পদকমলে নাস্তি ভক্তির্নরাণাং
যেষামাভীর-কন্যা-প্রিয়-গুণকথনে নানুরক্তা রসজ্ঞা।
যেষাং শ্রীকৃষ্ণলীলা-ললিত-গুণকথা-সাদরৌ নৈব কর্ণৌ
ধিক্ তান্ ধিক্ তান্ ধিগেতান্ কথয়তি নিতরাং কীর্ত্তনস্থো
মৃদঙ্গঃ ॥ ৬৬

কাশীতে গ্রহণে দান গো-কোটী করয়।
প্রয়াগ তীর্থেতে যদি কল্পকাল রয় ॥
সুমেরু সমান যদি সোণা করে দান।
তথাপি না হয় কৃষ্ণনামের সমান ॥ ৬৭ ॥

তথাহি পাদ্মে।

গোকোটীদানং গ্রহণেষু কাশী-
প্রয়াগ-গঙ্গাযুতকল্পবাসঃ।
যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং
গোবিন্দনাম্না ন কদাপি তুল্যং॥ ৬৭॥

নামাভাষে মুক্ত হয় কহে ভাগবতে।
নাহিক অন্যথা ইথে জানিহ নিশ্চিতে॥ ৬৮॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

অত্যদ্ভুতমিদং জ্ঞানং হরের্নামানুকীর্ত্তনং।
অজামিলোঽপি সঙ্কেতং যৎ কৃত্বা হরিতাং গতঃ॥ ৬৮॥

নামই পরম বন্ধু নাম পরম ধর্ম্ম।
জগতের গতি নাম কহিলাম মর্ম্ম॥ ৬৯॥

তথাহি আদিপুরাণে।

নামৈব পরমো ধর্ম্মো নামৈব পরমন্তপঃ।
নামৈব পরমো বন্ধু র্নামৈব জগতাং গতিঃ॥ ৬৯॥

হরিনাম হরিনাম হরিনাম সার।
কলিযুগে নাম বিনা গতি নাহি আর॥ ৭০॥

তথাহি বৃহন্নারদীয়ে।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥ ৭০॥

হরিনাম-পরায়ণ যেই জন হয়।
ধন্য কলিযুগে লোক তাহারে কহয়॥ ৭১॥

তথাহি বৃহন্নারদীয়ে।

ঘোরে কলিযুগে প্রাপ্তে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতে।
বাসুদেবপরা মর্ত্ত্যাঃ কৃতার্থা নাত্র সংশয়ঃ॥ ৭১॥

আগম নিগম পড়ি কোন্ প্রয়োজন।
গোবিন্দের নাম সুখে করহ রটন॥ ৭২॥

তথাহি লঘুভাগবতে।

কিন্তাত বেদাগমশাস্ত্রবিস্তরৈ-
স্তীর্থৈরনেকৈরপি কিং প্রয়োজনং।
যদ্যাত্মনো বাঞ্ছসি মুক্তিকারণং
গোবিন্দ গোবিন্দ ইতি স্ফুটং রট॥ ৭২॥

গোবিন্দ ভজহ যত পাতকীর গণ।
ভজন করিলে পাপ হবে বিমোচন॥
মৃত্যুকাল সন্নিহিত হয়ত যখন।
ধাতু পাঠ কৈলে তাহে না করে রক্ষণ॥ ৭৩॥

তথাহি শঙ্করাচার্য্যকৃত-চর্পটপঞ্জরিকাস্তোত্রে।

ভজ গোবিন্দং ভজ গোবিন্দং ভজ গোবিন্দং মূঢ়মতে।
প্রাপ্তে সন্নিহিতে মরণে নহি নহি রক্ষতি ডুকৃঞ্-করণে॥ ৭৩॥

শ্রীকৃষ্ণ-কীর্ত্তন বিনা যেই ক্ষণ যায়।
মহা হানিকর তাহা মানবের হয় ॥ ৭৪ ॥

তথাহি কাত্যায়ন-সংহিতায়াং।

সা হানিস্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ।
যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েৎ ॥ ৭৪ ॥

বহুবিধ-শাস্ত্রাভ্যাসেতে কাল হরে।
তাহে নানামত বিঘ্ন, কালেতে সংহারে ॥
অতএব সারাৎসার করহ নির্ণয়।
উপাসনীয় কৃষ্ণ বিনা আর কে আছয় ॥ ৭৫ ॥

তথাহি তর্কশাস্ত্রে।

অনন্তশাস্ত্রং বহু বেদিতব্যং
স্বল্পশ্চ কালো বহুবিঘ্নতা চ।
যৎ সারভূতং তদুপাসিতব্যং
হংসো যথা ক্ষীরমিবাম্বুমিশ্রং ॥ ৭৫ ॥

জাতি বিদ্যা মহত্ত্ব রূপ আর যৌবন।
ভক্তিপথের কণ্টক এ পঞ্চ অভিমান ॥
এই পঞ্চ ত্যজি লোক ভজ মহাপ্রভু।
এ সব থাকিলে কৃষ্ণভক্তি নহে কভু ॥ ৭৬ ॥

তথাহি।

জাতিবিদ্যা মহত্ত্বঞ্চ রূপং যৌবনমেব চ।
যত্নেন পরিবর্জ্জেত পঞ্চৈতে ভক্তিকণ্টকাঃ ॥ ৭৬ ॥

মদ অভিমান ছাড়ি যেবা হয় হীন।
তবে ত কহিয়ে তার ভকতির চিন ॥
উচ্চ স্থানে জল দিলে নীচ স্থানে যায়।
নীচ হয়ে ভজিলে সে সর্ব্ব ভক্তি পায় ॥
অভিমান সদা হয় চণ্ডাল-সমান।
ইহা জানি অভিমানে দেহ সমাধান ॥
তৃণ হৈতে আপনাকে নীচ করি মান।
তরু হৈতে আপনাকে হবে সহবান্ ॥
অতি দীনহীন দেখি করিবে সম্মান।
এই মত হয়ে সদা লবে হরিনাম ॥ ৭৭ ॥

তথাহি শিক্ষাষ্টকে।

তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥ ৭৭ ॥

নামযুক্ত-মন হয়ে পৃথিবী বেড়ায়।
কামনা বিষয় ছাড়ি যেবা আমা গায় ॥
ভক্তি ছাড়া যেবা মোর অন্য নাহি চায়।
সত্য তারে প্রিয় আমি কহিনু নিশ্চয় ॥ ৭৮

তথাহি আদিপুরাণে।

যে নামযুক্তা খিচরন্তি ভূমৌ
ত্যক্ত্বা চ কামান্ বিষয়াংশ্চ ভোগান্।
তেষাঞ্চ মুক্তিং পরমাং হি নিষ্ঠাং
দাস্যামি সত্যং মনসা নিযুক্তাঃ ॥ ৭৮ ॥

দান-ব্রত-তপ-আদি তীর্থ-পর্য্যটন।
যাগ যজ্ঞ জ্ঞানচর্চ্চা দেবতা সঙ্গন ॥
এ সবার শক্তি যত পাপ-বিনাশন।
আকর্ষিয়া কৃষ্ণ করে স্বনামে স্থাপন ॥ ৭৯ ॥

তথাহি স্কান্দে।

দানব্রততপস্তীর্থযাত্রাদীনাঞ্চ যাঃ স্থিতাঃ।
শক্তয়ো দেবমহতাং সর্ব্বপাপহরাঃ শুভাঃ ॥
রাজসূয়াশ্বমেধানাং জ্ঞানস্যাধ্যাত্মবস্তুনঃ।
আকৃষ্য হরিণা সর্ব্বাঃ স্থাপিতাঃ স্বেষু নামসু ॥ ৭৯ ॥

জ্ঞানী জীব মুক্তি সদা পাইনু করি মানে।
বস্তুতঃ ভক্তির মুক্তি নহে ভক্তিহীনে ॥ ৮০ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

যেঽন্যেঽরবিন্দাক্ষ! বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥ ৮০ ॥

সেই সে পরম ধর্ম্ম পুরুষের হয়।
অধোক্ষজে অহৈতুকী ভক্তি যে করয় ॥ ৮১ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

স বৈ পুংসাং পরো ধর্ম্ম যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি ॥ ৮১ ॥

সর্ব্ব ধর্ম্ম ত্যাগ করি যে কৃষ্ণ ভজয়।
প্রভু তার পাপ নাশি মুক্ত করি লয় ॥ ৮২ ।

তথাহি শ্রীভগবদ্গীতায়াং।

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ৮২ ॥

কলিযুগে ধর্ম্মে কর্ম্মে কৃষ্ণপ্রাপ্তি নয়।
নিশ্চয় জানিহ কৃষ্ণ ভজিলে সে হয় ॥
যে যুগে যে ধর্ম্ম তাহা করহ শ্রবণ।
কলিযুগে সঙ্কীর্ত্তন শাস্ত্রের বচন ॥ ৮৩ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥ ৮৩ ॥

বিষ্ণুর নৈবেদ্য হয় পরম পাবন।
সবিশেষ জানে দেব-ঋষি-সিদ্ধগণ ॥

অন্য-দেব-নৈবেদ্য কভু না কর ভক্ষণ।
খাইলে করিতে হবে জেনো চান্দ্রায়ণ ॥ ৮৪ ॥

তথাহি স্কান্দে।

পাবনং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং।
অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥ ৮৪ ॥

বৈষ্ণব সুবুদ্ধি অতি হয় যেই জন।
অন্যদেব-নৈবেদ্যাদি না করে গ্রহণ ॥
স্পর্শ নাহি করে তাহা না করে দর্শন।
ভক্ষণ না করে কভু বৈষ্ণব যে জন ॥ ৮৫ ॥

তথাহি পাদ্মে।

নৈবেদ্য-গ্রহণ-স্পর্শ-দর্শনং ভক্ষণং তথা।
দেবতানাঞ্চ সৎ পেয়ং ন কুর্য্যাদ্বৈষ্ণবঃ সুধীঃ ॥ ৮৫ ।

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বধর্ম্ম করিলেও রৌরবে পড়ি মজে ॥
কৃষ্ণ হৈতে হইয়াছে সবাকার জন্ম।
পিতৃসেবা না কৈলে কোথা রহে ধর্ম্ম ॥ ৮৬ ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো যজ্ঞিরে বর্ণাঃ গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্ ॥

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরং।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ॥ ৮৬॥

সম্যক্-অনুষ্ঠিত ধর্ম্ম শ্রীকৃষ্ণ-কথাতে।
রতি না জন্মায় যদি শ্রম মাত্র তাতে॥ ৮৭॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলং॥ ৮৭॥

বিপ্রগণে সম্বোধিয়া কহেন শঙ্কর।
হরি-আরাধনা সবে কর নিরন্তর॥
কৃষ্ণলীলাগানে সবে সদা হও রত।
কৃষ্ণধ্যান কৃষ্ণচিন্তা কর অবিরত॥ ৮৮॥

তথাহি বৈষ্ণবতন্ত্রে।

হরিরেব সদারাধ্যো ভবদ্ভিঃ সত্ত্বসংস্থিতৈঃ।
বিষ্ণুমন্ত্রং সদা বিপ্রাঃ পঠধ্বং ধ্যাত কেশবং॥ ৮৮॥

অজামিল বাল্মীকিরে যে কৈল মোচন।
হেন প্রভু ছাড়ি অন্যে না কর ভজন॥
পুতনা রাক্ষসী আইল স্তনে বিষ দিয়ে।
মাতৃপদ দিল তারে হর্ষযুক্ত হয়ে॥
এমন কৃপার নিধি কৃষ্ণেরে ছাড়িয়া।
অন্যেরে ভজিবে কেন কিসের লাগিয়া॥ ৮৯

তথাহি শ্রীমদ্ভাগবতে।

অহো বকা যং স্তনকালকূটং
জিঘাংসয়াপায়য়দপ্যসাধ্বী।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং
কং বা দয়ালুং শরণং ব্রজেম॥ ৮৯॥

আর এক কথা কহি না করিহ হেলা।
ব্রহ্মা শিব ছাড়ি ভৃগু বিষ্ণুপাশে গেলা॥
বড় ক্রুদ্ধ হয়ে মুনি এক লাথি মারিল।
লক্ষ্মীর সহিত প্রভু চরণ সেবিল॥
সে সব দেখিয়া মুনি লজ্জিত হইল।
অনেক প্রভুরে স্তব স্তুতি যে করিল॥
তোমারে ব্রাহ্মণ ভজে সেই যোগ্য হয়।
তোমা ত্যজি অন্যে পূজে পাষণ্ডী নিশ্চয়॥ ৯০॥

তথাহি পাদ্মে।

অস্মাকমেব বিপ্রাণাং পূজ্যো নান্যোঽস্তি কশ্চন।
মোহাদ্ যঃ পূজয়েদন্যং স পাষণ্ডী ভবেৎ ধ্রুবং॥ ৯০॥

শ্রীকৃষ্ণ-চরণারবিন্দে হৈল যার মন।
তারে শূদ্র জ্ঞান কৈলে যমের বন্ধন॥
সেই সে উত্তম বৈষ্ণবেরে যেই ভজে।
সেই জন জয়যুক্ত সংসারের মাঝে॥

বৈষ্ণবেরে দেখি যার আনন্দ অন্তর।
সেই জনে কৃষ্ণ-কৃপা হইবে সত্বর॥
নিত্যানন্দ বলে প্রভু শুন দ্বিজমণি।
সাধুসঙ্গে কত সুখ কহ দেখি শুনি॥
চৈতন্য বলেন শুন অবধূত রায়।
সাধুসঙ্গে কত সুখ কহনে না যায়॥
সুখময় সাধুসঙ্গ রসের কমল।
গোবিন্দ-চরণারবিন্দ কল্পলতাফল॥
তাঁহার দর্শনমাত্রে আনন্দহৃদয়।
প্রসঙ্গ করিতে মাত্র হরিকথোদয়॥
এ কথা শুনিবামাত্র প্রভুর বদনে।
গুরুভক্তিভাব তাঁর বাড়ে দিনে দিনে॥
তুলনা করিব কিবা সতের সঙ্গম।
স্বর্গ-আদি সুখ মোক্ষ নহে তার সম॥
গঙ্গা-আদি সর্ব্বতীর্থস্নানে যত ফল।
তা হতে অধিক ফল ভজে যে সকল॥
বৈষ্ণবের নাম যদি করয়ে স্মরণ।
সর্ব্বপাপে মুক্ত হয় শুদ্ধ হয় মন॥
সাধুসেবা হৈতে হয় সংসারে বিরক্তি।
পাষণ্ড লোকের সে ভজিতে নাহি শক্তি॥
দুষ্ট দুরাচার যত সকল অধম।
সাধুসঙ্গ হৈতে হয় সবার উত্তম॥

তীর্থসেবা হৈতে বৈষ্ণব-সেবা বড়।
কৃষ্ণ-পরিজন-লোকে সেবা কর দৃঢ় ॥
বিষ্ণুপদচ্যুত হঞা গঙ্গা ঠাকুরাণী।
তথা হৈতে চলি আইলা ভুবনপাবনী ॥
সেই সে শ্রীকৃষ্ণ প্রভু সর্ব্বতীর্থময়।
বৈষ্ণবের হৃদয়েতে সতত উদয় ॥
হেন বৈষ্ণবের সেবা করহ যতনে।
প্রেমভক্তি পাবে তবে কৃষ্ণের চরণে ॥
তীর্থসেবা মূর্ত্তিসেবা করিতে করিতে।
অনেক দিবসে মন পারে সে শোধিতে ॥
বৈষ্ণব-দর্শনমাত্র অবিলম্ব কালে।
মনের বৈকুল্য যত থাকিতে না পারে ॥
এহেন বৈষ্ণব-গুণ কহিব কি আর।
বৈষ্ণব-ভজন কর সর্ব্ববেদসার ॥

তথাহি শ্রীমদ্ভাগবতে।

সাধূনাং সমচিত্তানাং মুকুন্দচরণৈষিণাং।
উপেক্ষ্যৈঃ কিং ধনস্তম্ভৈরসদ্ভিরসদাশ্রয়ৈঃ ॥

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
পাষণ্ডদলন কহে দীনকৃষ্ণদাস ॥

ইতি শ্রীল-দীনকৃষ্ণদাস-বাবাজী-মহোদয়কৃত পাষণ্ডদলন (২) সমাপ্ত।

শ্রীশ্রীগুরুদেবাষ্টকং।

শ্রীশ্রীগুরবে নমঃ।

সংসার-দাবানল-লীঢ়-লোক-ত্রাণায় কারুণ্য-ঘনাঘনত্বং।
প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ১ ॥

মহাপ্রভোঃ কীর্ত্তন-নৃত্য-গীত-বাদিত্র-মাদ্যন্মনসো রসেন।
রোমাঞ্চ-কম্পাশ্রু-তরঙ্গভাজো বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ২ ॥

শ্রীবিগ্রহারাধন-নিত্য-নানা-শৃঙ্গার-তন্মন্দির-মার্জ্জনাদৌ।
যুক্তস্য ভক্তাংশ্চ নিযুঞ্জতোঽপি বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৩ ॥

চতুর্ব্বিধ-শ্রীভগবৎ-প্রসাদ-স্বাদ্বন্ন-তৃপ্তান্ হরিভক্ত-সঙ্ঘান্।
কৃত্বৈব তৃপ্তিং ভজতঃ সদৈব বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৪ ॥

শ্রীরাধিকা-মাধবয়োরপার-মাধুর্য্য-লীলা-গুণ-রূপ-নাম্নাং।
প্রতিক্ষণ-স্বাদন-লোলুপস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৫ ॥

নিকুঞ্জ-যূনো রতি-কেলি-সিদ্ধ্যৈ যা যালিভির্যুক্তিরপেক্ষণীয়া।
তত্রাতি-দাক্ষ্যাদতি-বল্লভস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৬ ॥

সাক্ষাদ্ধরিত্বেন সমস্ত-শাস্ত্রৈরুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং ॥ ৭

যস্য প্রসাদাদ্‌ভগবৎপ্রসাদো যস্যাপ্রসাদান্ন গতিঃ কুতোঽপি।
ধ্যায়ংস্তুবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দং॥ ৮॥

শ্রীমদ্‌গুরোরষ্টকমেতদুচ্চৈর্ব্রাহ্মে মুহূর্ত্তে পঠতি প্রযত্নাৎ।
যস্তেন বৃন্দাবন-নাথ-সাক্ষাৎ-সেবৈব লভ্যা জনুষোঽন্ত এব॥ ৯॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-
স্তবামৃতলহর্য্যাং শ্রীশ্রীগুরুদেবাষ্টকং সম্পূর্ণং।

শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (১)।

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃত-মনুজ-কায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠিপ্রভৃতিভিঃ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজ-ভজন-মুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ১ ॥

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্যাসঃ প্রেম্ণো নিখিল-পশুপালাম্বুজ-দৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ২ ॥

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈত-দয়িতঃ
প্রপন্ন-শ্রীবাসো জনিত-পরমানন্দ-গরিমা।
হরির্দীনোদ্ধারী গজপতি-কৃপোৎসেক-তরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৩ ॥

রসোদ্দামা কামার্ব্বুদ-মধুর-ধামোজ্জ্বল-তনু-
র্যতীনামুত্তংসস্তরণি-কর-বিদ্যোতি-বসনঃ।
হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিক-রুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৪ ॥

হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত-রসনো নামগণনা-
কৃত-গ্রন্থিশ্রেণী-সুভগ-কটিসূত্রোজ্জ্বল-করঃ।

বিশালাক্ষো দীর্ঘার্গল-যুগল-খেলাঞ্চিত-ভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৫ ॥

পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী-কলনয়া
মুহুর্বৃন্দারণ্য-স্মরণ-জনিত-প্রেম-বিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তি-প্রচল-রসনো ভক্তি-রসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৬ ॥

রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচল-পতে-
রদভ্র-প্রেমোর্ম্মি-স্ফুরিত-নটনোল্লাস-বিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত-তনুর্বৈষ্ণব-জনৈঃ
স চৈতন্য কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৭ ॥

ভুবং সিঞ্চন্নশ্রু-স্রুতিভিরভিতঃ সান্দ্র-পুলকৈঃ
পরীতাঙ্গো নীপ-স্তবক-নব-কিঞ্জল্ক-জয়িভিঃ।
ঘন-স্বেদ-স্তোম-স্তিমিত-তনুরুৎকীর্ত্তন-সুখী
স চৈতন্য কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৮ ॥

অধীতে গৌরাঙ্গ-স্মরণ-পদবী-মঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ-স্ফুরদমলধীরষ্টকমিদং।
পরানন্দে সদ্যস্তদমল-পদাম্ভোজ-যুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (১) সম্পূর্ণং।

শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (২)।

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিয়জন্তে দ্যুতিভরা-
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিল-চতুর্থাশ্রমজুষাং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ১ ॥

চরিত্রং তন্বানঃ প্রিয়মঘবদাহ্লাদন-পদং
জয়োদ্ঘোষৈঃ সম্যগ্বিরচিত-শচী-শোকহরণঃ।
উদঞ্চন্মার্ত্তণ্ড-দ্যুতিহর-দুকূলাঞ্চিত-কটিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ২ ॥

অপারং কস্যাপি প্রণয়ি-জন-বৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।
রুচিং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৩ ॥

অনারাধ্যঃ প্রীত্যা চিরমসুর-ভাব-প্রণয়িণাং
প্রপন্নানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি।
অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানন্দ-মধুরঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৪ ॥

গতির্যঃ পৌণ্ড্রাণাং প্রকটিত-নবদ্বীপ-মহিমা
ভবেনালঙ্কুর্ব্বন্ ভুবন-মহিতং শ্রোত্রিয়কুলং।

পুনাত্যঙ্গীকারাদ্ভুবি পরমহংসাশ্রম-পদং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫ ॥

মুখেনাগ্রে পীত্বা মধুরমিহ নামামৃতরসং
দৃশোর্দ্ধারা যস্তং বমতি ঘন-বাষ্পাম্বু-মিষতঃ।
ভুবি প্রেম্নস্তত্ত্বং প্রকটয়িতুমুল্লাসিত-তনুঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬ ॥

তনুমাবিষ্কুর্ব্বন্ নব-পুরট-ভাসং কটি-লসৎ-
করঙ্কালঙ্কারস্তরুণ-গজরাজাঞ্চিত-গতিঃ।
প্রিয়েভ্যো যঃ শিক্ষাং দিশতি নিজনির্ম্মাল্যরুচিভিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৭ ॥

স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো
গিরাস্তু প্রারম্ভঃ কুশল-পটলীং পল্লবয়তি।
পদালম্ভঃ কম্বা প্রণয়তি নহি প্রেম-নিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৮ ॥

শচীসূনোঃ কীর্ত্তি-স্তবক-নবসৌরভ্য-নিবিড়ং
পুমান্ যঃ প্রীতাত্মা পঠতি কিল পদ্যাষ্টকমিদং।
স লক্ষ্মীবানেতং নিজপদ-সরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যাণীমনুপদমবাধং সুখয়তু ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীচৈতন্যাষ্টকং (২) সম্পূর্ণং।

শ্রীশ্রীশচীসুতাষ্টকং।

শ্রীশ্রীশচীসুতায় নমঃ।

উপাসিত-পদাম্বুজস্ত্বমনুরক্ত-রুদ্রাদিভিঃ
প্রপদ্যে পুরুষোত্তমং পদমদভ্রমুদ্ভ্রাজিতঃ।
সমস্ত-নতমণ্ডলী-স্ফুরদভীষ্ট-কল্পদ্রুমঃ
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাং॥ ১

ন্নু বর্ণয়িতুমীশতে গুরুতরাবতারায়িতা
ভবন্তমুরুবুদ্ধয়ো ন খলু সার্ব্বভৌমাদয়ঃ।
পরো ভবতু তত্র কঃ পটুরতো নমস্তে পরং
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাং॥ ২

ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং
স্বয়ঞ্চ বিবৃতং ন যদ্‌গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নসি রসাম্বুধে! তদিহ ভক্তিরত্নং ক্ষিতৌ
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাং॥ ৩।

নিজপ্রণয়-বিস্ফুরন্নটন-রঙ্গ-বিস্মাপিত-
ত্রিনেত্র! নতমণ্ডল-প্রকটিতানুরাগামৃত!।
অহঙ্কৃতি-কলঙ্কিতোদ্ধত-জনাদি-দুর্ব্বোধ! হে
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাং॥ ৪।

ভবন্তি ভুবি যে নরাঃ কলিত-দুষ্কুলোৎপত্তয়-
স্ত্বমুদ্ধরসি তানপি প্রচুর-চারু-কারুণ্যতঃ।

ইতি প্রমুদিতান্তরঃ শরণমাশ্রিতস্ত্বামহং
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৫

মুখাম্বুজ-পরিস্খলন্মৃদুল-বাঙ্মধূলীরস-
প্রসঙ্গ-জনিতাখিল-প্রণতভৃঙ্গ-রঙ্গোৎকর ! ।
সমস্ত-জন-মঙ্গল-প্রভব-নাম-রত্নাম্বুধে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৬

মৃগাঙ্ক-মধুরানন ! স্ফুরদনিদ্র-পদ্মেক্ষণ !
স্মিত-স্তবক-সুন্দরাধর ! বিশঙ্কটোরস্তট ! ।
ভুজোদ্ধৃত-ভুজঙ্গম-প্রভ ! মনোজকোটিদ্যুতে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৭ ।

অহং কনক-কেতকী-কুসুম-গৌর ! দুষ্টঃ ক্ষিতৌ
ন দোষ-লব-দর্শিতা বিবিধ-দোষ-পূর্ণেঽপি তে ।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণ বৎসল ! ত্বাং ভজে
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাং ॥ ৮ ॥

ইদং ধরণী-মণ্ডলোৎসব ! ভবৎ-পদাঙ্কেষু যে
নিবিষ্ট-মনসো নরাঃ পরিপঠন্তি পদ্যাষ্টকং ।
শচীহৃদয়-নন্দন ! প্রকট-কীর্ত্তিচন্দ্র ! প্রভো !
নিজপ্রণয়-নির্ভরং বিতর দেব ! তেভ্যঃ শুভং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীশচীসুতাষ্টকং সম্পূর্ণং ।

শ্রীশ্রীশচীসূন্বষ্টকং।

শ্রীশ্রীশচীসূনবে নমঃ।

হরির্দৃষ্ট্বা গোষ্ঠে মুকুর-গতমাত্মানমতুলং
স্বমাধুর্য্যং রাধা-প্রিয়তর-সখীবাপ্তুমভিতঃ।
অহো গৌড়ে জাতঃ প্রভুরপরগৌরৈকতনুভাক্
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ॥ ১॥

পুরীদেবস্যান্তঃ-প্রণয়-মধুনা স্নান-মধুরো
মুহুর্গোবিন্দোদ্যদ্বিশদ-পরিচর্য্যার্চ্চিত-পদঃ।
স্বরূপস্য প্রাণার্ব্বুদ-কমল-নীরাজিত-মুখঃ
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ॥ ২॥

দধানঃ কৌপীনং তদুপরি বহির্বস্ত্রমরুণং
প্রকাণ্ডো হেমাদ্রি-দ্যুতিভিরভিতঃ সেবিত-তনুঃ।
মুদা গায়ন্নুচ্চৈর্নিজ-মধুর-নামাবলিমসৌ
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ॥ ৩॥

অনাবেদ্যাং পূর্ব্বৈরপি মুনিগণৈর্ভক্তি-নিপুণৈঃ
শ্রুতের্গূঢ়াং প্রেমোজ্জ্বল-রসফলাং ভক্তি-লতিকাং।
কৃপালুস্তাং গৌড়ে প্রভুরতিকৃপাভিঃ প্রকটয়ন্
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ॥ ৪॥

নিজত্বে গৌড়ীয়ান্ জগতি পরিগৃহ্য প্রভুরিমান্
হরেকৃষ্ণেত্যেবং গণন-বিধিনা কীর্ত্তয়ত ভোঃ।

ইতিপ্রায়াং শিক্ষাং জনক ইব তেভ্যঃ পরিদিশন্
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ ॥ ৫ ॥

পুরঃ পশ্যন্ নীলাচল-পতিমুরুপ্রেম-নিবহৈঃ
ক্ষরন্নেত্রাম্ভোভিঃ স্নপিত-নিজ-দীর্ঘোজ্জ্বল-তনুঃ।
সদা তিষ্ঠন্ দেশে প্রণয়ি-গরুড়স্তম্ভ-চরমে
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ ॥ ৬ ॥

মুদা দন্তৈর্দষ্ট্বা দ্যুতি-বিজিত-বন্ধুকমধরং
করং কৃত্বা বামং কটি-নিহিতমন্যং পরিলসন্।
সমুত্থাপ্য প্রেম্নাগণিত-পুলকো নৃত্যকুতুকী
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ ॥ ৭ ॥

সরিত্তীরারামে বিরহ-বিধুরো গোকুলবিধো-
র্নদীমন্যাং কুর্ব্বন্নয়ন-জলধারা-বিততিভিঃ।
মুহুর্মূর্চ্ছাং গচ্ছন্মৃতকমিব বিশ্বং বিরচয়ন্
শচীসূনুঃ কিং মে নয়নশরণীং যাস্যতি পুনঃ ॥ ৮ ॥

শচীসূনোরস্যাষ্টকমিদমভীষ্টং বিরচয়ৎ
সদা দৈন্যোদ্রেকাদতি-বিশদ-বুদ্ধিঃ পঠতি যঃ।
প্রকামং চৈতন্যঃ প্রভুরতি-কৃপাবেশ-বিবশঃ
পৃথু-প্রেমাম্ভোধৌ প্রথিত-রসদে মজ্জয়তি তং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীশচীসূন্বষ্টকং সম্পূর্ণং।

শ্রীশ্রীশচীতনয়াষ্টকং ।

শ্রীশ্রীশচীতনয়ায় নমঃ ।

উজ্জ্বল-বরণ-গৌরবর-দেহং
বিলসিত-নিরবধি-ভাববিদেহং ।
ত্রিভুবন-পাবনং কৃপায়াঃ লেশং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ১

গদগদ-অন্তর-ভাববিকারং
দুর্জ্জন-তর্জ্জন-নাদ-বিলাসং ।
ভবভয়ভঞ্জন-কারণ-করুণং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ২

অরুণাম্বরধর-চারুকপোলং
ইন্দু-বিনিন্দিত-নখচয়-রুচিরং ।
জল্পিত-নিজগুণনাম-বিনোদং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৩ ।

বিগলিত-নয়ন-কমল-জলধারং
ভূষণ-নবরস-ভাববিকারং ।
গতি-অতিমন্থর-নৃত্যবিলাসং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৪ ।

চঞ্চল-চারু-চরণ-গতি-রুচিরং
মঞ্জীর-রঞ্জিত-পদযুগ-মধুরং।
চন্দ্র-বিনিন্দিত-শীতলবদনং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৫ ॥

ধৃত-কটি-ডোর-কমণ্ডলু-দণ্ডং
দিব্য-কলেবর-মণ্ডিত-মণ্ডং।
দুর্জ্জন-কল্মষ-খণ্ডন-দণ্ডং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৬ ॥

ভূষণ-ভূরজ-অলকা-বলিতং
কম্পিত-বিম্বাধরবর-রুচিরং।
মলয়জ-বিরচিত-উজ্জ্বল-তিলকং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৭ ॥

নিন্দিত-অরুণ-কমল-দল-লোচনং
আজানুলম্বিত-শ্রীভুজ-যুগলং।
কলেবর-কৈশোর-নর্ত্তক-বেশং
তং প্রণমামি চ শ্রীশচীতনয়ং ॥ ৮ ॥

ইতি শ্রীল-সার্ব্বভৌম-ভট্টাচার্য্য-বিরচিতং
শ্রীশ্রীশচীতনায়ষ্টকং সম্পূর্ণং।

শ্রীশ্রীশচীনন্দনবিজয়াষ্টকং।

শ্রীশ্রীশচীনন্দনায় নমঃ।

গদাধর! যদা পরঃ স কিল কশ্চনালোকিতো
ময়া শ্রিত-গয়াধ্বনা মধুর-মূর্ত্তিরেকস্তদা।
নবাম্বুদ ইব ব্রুবন্ ধৃত-নবাম্বুদো নেত্রয়ো-
র্লুঠন্ ভুবি নিরুদ্ধবাগ্বিজয়তে শচীনন্দনঃ॥ ১॥

অলক্ষিতচরীং হরীত্যুদিতমাত্রতঃ কিং দশা-
মসাবঁতি-বুধাগ্রণীরতুল-কম্প-সম্পাদিকাং।
ব্রজন্নহহ! মোদতে ন পুনরত্র শাস্ত্রেষ্বিতি
স্বশিষ্যগণ-বেষ্টিতো বিজয়তে শচীনন্দনঃ॥ ২॥

হহা! কিমিদমুচ্যতে পঠ পঠাত্র কৃষ্ণং মুহু
র্বিনা তমিহ সাধুতাং দধতি কিং বুধা! ধাতবঃ!
প্রসিদ্ধ ইহ বর্ণ-সংঘটিত-সম্যগাম্নায়কঃ
স্বনাম্নি যদিতিঁ ব্রুবন্ বিজয়তে শচীনন্দনঃ॥ ৩॥

নবাম্বুজ-দলে যদীক্ষণ-সবর্ণতা-দীর্ঘতে
সদা স্বহৃদি ভাব্যতাং সপদি সাধ্যতাং তৎপদং।
স পাঠয়তি বিস্মিতান্ স্মিতমুখঃ স্বশিষ্যানিতি
প্রতিপ্রকরণং প্রভুর্বিজয়তে শচীনন্দনঃ॥ ৪॥

ক্ক যানি করবাণি কিং ক্ক নু ময়া হরির্লভ্যতাং
তমুদ্দিশতু কঃ সখে! কথয় কঃ প্রপদ্যেত মাং।

ইতি দ্রবতি ঘূর্ণতে কলিত-ভক্তকণ্ঠঃ শুচা
সমচ্ছ্র্য়তি মাতরং বিজয়তে শচীনন্দনঃ ॥ ৫ ॥

স্মরার্ব্বুদ-দুরাপয়া তনুরুচি-চ্ছটা-চ্ছায়য়া
তমঃ কলিতমঃ-কৃতং নিখিলমেব নির্ম্মূলয়ন্ ।
নৃণাং নয়ন-সৌভগং দিবিষদাং মুখৈস্তারয়ন্
লসন্নধিধরঃ প্রভুর্বিজয়তে শচীনন্দনঃ ॥ ৬ ॥

অয়ং কনক-ভূধরঃ প্রণয়-রত্নমুচ্চৈঃ কিরন্
কৃপাতুরতয়া ব্রজন্নভবদত্র বিশ্বম্ভরঃ ।
যদক্ষি-পথ-সঞ্চরৎ-সুরধুনী-প্রবাহৈর্নিজং
পরঞ্চ জগদার্দ্রয়ন্ বিজয়তে শচীনন্দনঃ ॥ ৭ ॥

গতোঽস্মি মথুরাং মম প্রিয়তমা বিশাখা সখী
গতা নু বত ! কিং দশাং বদ কথং নু বেদানি তাং ।
ইতীব স নিজেচ্ছয়া ব্রজপতেঃ সুতঃ প্রাপিত-
স্তদীয়-রসচর্ব্বণাং বিজয়তে শচীনন্দনঃ ॥ ৮ ॥

ইদং পঠতি যোঽষ্টকং গুণনিধে ! শচীনন্দন !
প্রভো ! তব পদাম্বুজে স্ফুরদমন্দ-বিশ্রম্ভবান্ ।
তমুজ্জ্বল-মতিং নিজ-প্রণয়রূপ-বর্গানুগং
বিধায় নিজধামনি দ্রুতমুরীকুরুষ্ব স্বয়ং ॥ ৯ ॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিত-স্তবামৃতলহর্য্যাং
শ্রীশ্রীশচীনন্দনবিজয়াষ্টকং সম্পূর্ণং ।

শ্রীশ্রীমহাপ্রভোরষ্টকং বা স্বরূপচরিতামৃতং

স্বরূপ ! ভবতো ভবত্বয়মিতি স্মিতস্নিগ্ধয়া
গিরৈব রঘুনাথমুৎপুলকি-গাত্রমুল্লাসয়ন্ ।
রহস্যুপদিশন্নিজ-প্রণয়-গূঢ়-মুদ্রাং স্বয়ং
বিরাজতু চিরায় মে হৃদি স গৌরচন্দ্রঃ প্রভুঃ ॥ ১ ॥

মণিমঞ্জীর-পাদাব্জং তুলসী-মঞ্জরী-প্রিয়ং।
পাদারবিন্দ-সালক্তাং কূজন্নূপুর-রঞ্জিতাং ॥ ২৩ ॥
পূজিতং কোটিকন্দর্পৈঃ পরমানন্দ-মন্দিরং।
লীলা-লাবণ্য-কল্যাণীং লীলাগান-বিনোদিনীং ॥ ২৪ ॥
জগন্মোহন-সঙ্গীতং গোপীমণ্ডল-মণ্ডিতং।
রাসমণ্ডল-মধ্যস্থাং জগন্মোহন-মোহিনীং ॥ ৫ ॥
ধ্যাত্বৈবং ভক্তিভাবেন পরামারাধ্য-দেবতাং।
রাসকান্তং পঠেৎ স্তোত্রং নাম্নামষ্টোত্তরং শতং ॥ ২৬ ॥
রাসসঙ্কীর্ত্তনস্যাস্য নাম্নামষ্টশতস্য চ।
ঋষির্নারদগোস্বামী ছন্দোঽনুষ্টুবুদীরিতং ॥ ২৭ ॥
শ্রীরাধাকৃষ্ণদেবোঽস্য পরমারাধ্যদেবতা।
ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ ॥ ২৮ ॥

অথ স্তোত্রং।

শ্রীকৃষ্ণঃ সচ্চিদানন্দো গোবিন্দো নন্দনন্দনঃ।
শ্রীরাধা পরমারাধ্যা রাধিকা বার্ষভানবী ॥ ২৯ ॥
শ্রীরাধাবল্লভো দেবো রাধিকা-প্রাণবল্লভঃ।
শ্রীকৃষ্ণবল্লভা দেবী মাধব-প্রাণবল্লভা ॥ ৩০ ॥
শ্রীরাধারমণঃ শ্যামো রাধিকা-হৃদয়ঙ্গমঃ।
শ্রীকৃষ্ণরমণী রামা গোবিন্দ-হৃদয়ঙ্গমা ॥ ৩১ ॥
বল্লবীবল্লভো বারঃ শ্রীগোপীজনবল্লভঃ।
গোপাল-বল্লভা গোপী গোপাল-প্রাণবল্লভা ॥ ৩২ ॥
গোলোকনায়কো গোপ্তা গোপালো গোকুলেশ্বরঃ।
গোপিনী গোকুলেন্দ্রাণী গোপিকা গোধনেশ্বরী ॥ ৩৩
গোবর্দ্ধনধরো ধীমান্ মাধবো ব্রজমোহনঃ।
কুঞ্জবিহারিণী ধন্যা বল্লবী ব্রজবাসিনী ॥ ৩৪ ॥
শ্রীমদ্বৃন্দাবন-স্বামী কিশোরো রাসনায়কঃ।
বৃন্দাবনেশ্বরী রাধা কিশোরী রাসসুন্দরী ॥ ৩৫ ॥
অচ্যুতঃ কমলাকান্তো মুকুন্দো মুরলীধরঃ।
লীলাবতী রতিপ্রীতা রাসকীর্ত্তিঃ কলাবতী ॥ ৩৬ ॥
আত্মারামো ঘনশ্যামঃ শ্রীধরঃ শ্যামসুন্দরঃ।
বিদ্যুদ্গৌরী সুবর্ণাঙ্গী শ্রীমতী শ্রীমনোহরা ॥ ৩৭ ॥
দামোদরো যদুশ্রেষ্ঠো পদ্মনাভো জনার্দ্দনঃ।
চন্দ্রাবলী বিশালাক্ষী ললিতা কুলপদ্মিনী ॥ ৩৮ ॥

মথুরেশো হৃষীকেশঃ কেশবস্তুলসীপ্রিয়ঃ।
সর্ব্বাঙ্গ-সুন্দরী দুর্গা তুলসী কেশবপ্রিয়া ॥ ৩৯ ॥
কংসারিঃ কৈটভারিশ্চ মুরারির্মধুসূদনঃ।
বিষ্ণুপ্রিয়া মহামায়া যোগশক্তিঃ প্রভাবতী ॥ ৪০ ॥
বাসুদেবো হরিঃ শৌরিশ্চক্রপাণির্গদাধরঃ।
কল্যাণী কমলা লক্ষ্মী রুক্মিণী রুক্মরূপিণী ॥ ৪১ ॥
নারায়ণো জগন্নাথঃ শ্রীবিষ্ণুঃ পুরুষোত্তমঃ।
জাম্ববতী জগন্মাতা সত্যভামা সরস্বতী ॥ ৪২ ॥
ইত্যেবং রাসতন্ত্রোক্তং নাম্নামষ্টোত্তরং শতং।
আয়ুরারোগ্য-সম্পত্তি-যশঃ-কল্যাণ-কীর্ত্তিদং ॥ ৪৩ ॥
য ইদং শৃণুয়ান্নিত্যং পঠেদ্বা ধ্যায়তে সদা।
বাঞ্ছাসিদ্ধির্ভবেত্তস্য ভক্তিঃ স্যাৎ প্রেমলক্ষণা ॥ ৪৪ ॥
লক্ষ্মীস্তস্যবসেদ্গেহে মুখে ভাতি সরস্বতী।
ধর্ম্মার্থ-কাম-কৈবল্যং লভতে সত্যমেব সঃ ॥ ৪৫ ॥

কৃষ্ণবীজাত্মকঃ কামো রাধাবীজাত্মিকা রতিঃ।
তয়োঃ সঙ্কীর্ত্তনাদেব রাধাকৃষ্ণঃ প্রসীদতি ॥ ১ ॥
গোপগোপীগণামোদী প্রেমদঃ পূর্ণকামদঃ।
সর্ব্বসৌভাগ্য-সম্পূর্ণা সদা কৃষ্ণমনোগতা ॥ ২ ॥
কন্দর্পো মদনঃ কামো রতিকান্তো মনোহরঃ।
রাসশক্তী রতী রামা কামমায়া মনোরমা ॥ ৩ ॥

পুষ্পবাণঃ স্মরো মারো মন্মথো মকরধ্বজঃ।
পুষ্পবতী প্রিয়া লীলা মোহিনী ভুবনেশ্বরী ॥ ৪ ॥
এতদ্বিংশতিনামানি রতিকামস্য যঃ পঠেৎ।
স রাধেয়ো ভবেৎ কান্তৈস্ত্রৈলোক্যং বশমানয়েৎ ॥ ৫ ॥

শ্রীরাধে পরমারাধ্যে রাধিকে কৃষ্ণবল্লভে!।
কৃষ্ণ গোপাল গোবিন্দ শ্রীগোপীজনবল্লভ ॥ ১ ॥
রাসরসাত্মকং মন্ত্রং ত্রিসন্ধ্যং যো জপেন্নরঃ।
তীর্থস্নান-মহাদান-যজ্ঞানাং ফলমেতি সঃ ॥ ২ ॥
শ্রীকৃষ্ণবল্লভে রাধে রাধাবল্লভ মাধব।
ইতিমন্ত্রং মহাসাধ্যং সাধকঃ সিদ্ধিমাপ্নুয়াৎ ॥ ৩ ॥

ইতি রাসোল্লাসতন্ত্রে শ্রীরাসগীতায়াং শ্রীশ্রীরাধাকৃষ্ণস্তোত্রাদি-বর্ণনং নাম প্রথম উল্লাসঃ সমাপ্তঃ।

দ্বিতীয় উল্লাসঃ।

শ্রীনারদ উবাচ।

শ্রীরাধামাধবো দেবো দেবতা-শাস্যমেব হি।
করোতি পরমানন্দং প্রেমালিঙ্গনপূর্ব্বকং ॥ ১
রাধাধর-সুধাতৃষ্ণঃ কৃষ্ণশ্চুম্বতি রাধিকাং।
শ্যামপ্রেমময়ী রাধা চুম্বতি মাধবাধরং ॥ ২ ॥

ত্রিভঙ্গঃ ললিতঃ কৃষ্ণো মুরলীং পূরয়েন্মুদা।
চালয়েদ্ বেণুরন্ধ্রেষু রাধিকা চ করাঙ্গুলিং ॥ ৩ ॥
মুরলীকলসঙ্গীতং শ্রুত্বা মুগ্ধব্রজস্ত্রিয়ঃ।
কদম্বমূলমায়াতা যত্রাস্তে মুরলীধরঃ ॥ ৪ ॥
রাধাকান্তো ব্রজস্ত্রীভির্বেষ্টিতো ব্রজমোহনঃ।
শোভতে তারকামধ্যে রাকায়া নায়কো যথা ॥ ৫ ॥
কিশোরী সুন্দরী রাধা কিশোরঃ শ্যামসুন্দরঃ।
কৈশোর্য্যো ব্রজসুন্দর্য্যো বিহরন্তি নিরন্তরং ॥ ৬ ॥
রাধয়া সহ কৃষ্ণশ্চ ক্রীড়তে রাসমণ্ডলে।
কল্পিতানেকরূপেণ মায়য়া পরমাত্মনা ॥ ৭ ॥
মাধবো রাধয়োর্মধ্যে রাধা মাধবয়োরপি।
মাধবো রাধয়া সার্দ্ধং রাজতে রাসমণ্ডলে ॥ ৮ ॥
গোপালবল্লভা গোপ্যো রাধিকায়াঃ কলাত্মিকাঃ।
ক্রীড়ন্তি সহ কৃষ্ণেন রাসমণ্ডলমণ্ডিতাঃ ॥ ৯ ॥
প্রেমস্পর্শমণিং কৃষ্ণং শ্লিষ্যন্তি ব্রজযোষিতঃ।
ভ্রমন্তি স্বর্ণবর্ণাঙ্গা গোবিন্দ-হৃদয়ঙ্গমাঃ ॥ ১০ ॥
একৈক-গোপিকা-পার্শ্বে হরেরেকৈক-বিগ্রহঃ।
সুবর্ণগুটিকাযোগে মণিমরকতো যথা ॥ ১১ ॥
কিঙ্কিণীনূপুরাদীনাং ভূষণানাঞ্চ শিঞ্জিতৈঃ।
মাধবো রাধয়া সার্দ্ধং গোপীভিঃ সহ মোদতে ॥ ১২ ॥
রাধকৃষ্ণেতি সঙ্গীতং গোপ্যো গায়ন্তি সুস্বরং।
রাধাকৃষ্ণশ্চ নৃত্যতি হস্তকানুপদক্রমৈঃ ॥ ১৩ ॥

গোপ্য উচুঃ।

গীতং।

জয় কৃষ্ণ মনোহর যোগতরে।
যদুনন্দন নন্দকিশোর হরে॥ ১॥
জয় রাস-রসেশ্বরি পূর্ণতমে।
বরদে বৃষভানু-কিশোরি রমে॥ ২॥
জয়তীহ কদম্বতলে মিলিতঃ।
কলবেণু-সমীরিত-গানরতঃ॥ ৩॥
সহ রাধিকয়া হরিরেকমতঃ।
সততং তরুণীগণ-মধ্যগতঃ॥ ৪॥
বৃষভানু-সুতা পরমা প্রকৃতিঃ।
পুরুষো ব্রজরাজ-সুতঃ সুকৃতিঃ॥ ৫॥
ইহ নৃত্যতি গায়তি বাদয়তে।
সহ গোপিকয়া বিপিনে রমতে॥ ৬॥
যমুনা-পুলিনে বৃষভানুসুতা।
তরুণী-ললিতাদি-সখী-সহিতা॥ ৭॥
রমতে হরিণা সহ নৃত্যরতা।
গতি-চঞ্চল-কুণ্ডল-হারলতা॥ ৮॥
বৃষভানুজয়া সহ কুঞ্জবনে।
যদুনন্দন এতি সুখং বিজনে॥ ৯॥
ব্রজমোহনো নাগরো বীরবরঃ।
পরিরম্ভন-চুম্বন-দানপরঃ॥ ১০॥

স্ফুটপদ্মমুখী বৃষভানু-সুতা।
নবনীত-সুকোমল-বাহুলতা ॥ ১১ ॥
পরিরভ্য হরিং প্রিয়মাত্মসুখং।
পরিচুম্বতি শারদচন্দ্র-মুখং ॥ ১২ ॥
রসিকো ব্রজরাজসুতঃ সুরতে।
রসিকাং বৃষভানুসুতাং ভজতে ॥ ১৩ ॥
নবপল্লব-কল্পিততল্পগতাং।
সুকুমার-মনোহর-ভাবরতাং ॥ ১৪ ॥
ব্রজরাজ-সুতোরসি হেমলতা।
স্ফুটপীন-পয়োধর-ভারযুতা ॥ ১৫ ॥
শয়নং কুরুতে বৃষভানু-সুতা।
বিপরীত-রতি-শ্রমবিন্দু-যুতা ॥ ১৬ ॥
জগদাদিগুরুং ব্রজরাজ-সুতং।
প্রণমামি সদা বৃষভানু-সুতাং। ১৭ ॥
নবনীরদ-সুন্দর-নীলতনুং।
তড়িদুজ্জ্বল-কাঞ্চন-নিন্দি-তনুং ॥ ১৮ ॥
শিতিকণ্ঠ-শিখণ্ড-লসন্মুকুটং।
কবরী-পরিবদ্ধ-কিরীট-ঘটাং ॥ ১৯ ॥
কমলাঞ্চিত-খঞ্জননেত্র-যুগং।
মৃদুহাস-সুধাময়-চন্দ্রমুখীং ॥ ২০ ॥
পরিপূর্ণ-মৃগাঙ্ক-সুচারু-মুখং।
মধুরাধর-সুন্দর-পদ্মমুখীং ॥ ২১ ॥

মকরাকৃত-কুণ্ডল-গণ্ড-যুগং।
মণিকুণ্ডল-মণ্ডিত-গণ্ডযুগাং ॥ ২২ ॥
কনকাঙ্গদ-শোভিত-বাহুধরং।
মণিকাঞ্চন-শোভিত-শঙ্খকরাং ॥ ২৩ ॥
মণি কৌস্তুভ-ভূষিত-হারযুতং।
কুচ-কুম্ভবিরাজি-হারলতাং ॥ ২৪ ॥
তুলসী-দল-দাম-সুগন্ধ-বপুং।
হরিচন্দন-চর্চ্চিত-গৌরতনুং ॥ ২৫ ॥
তনু-ভূষণ-পীতধটী-তড়িতং।
রসনান্বিত-নীল-নিচোলযুতাং ॥ ২৬ ॥
তরসাঞ্জন-দিগ্‌গজ-রাজ-গতিং।
কল-নূপুর-হংস-বিলাসবতীং ॥ ২৭ ॥
রতিনাথ-মনোহর বেশধরং।
রতিনাথ-মনোহর-বেশধরাং ॥ ২৮ ॥
মণিনির্ম্মিত-পঙ্কজ-মধ্যগতং।
রসরাস-মনোহর-মধ্যগতাং ॥ ২৯ ॥
মুরলী-মধুর-ধ্বনি-রাগপরং।
স্বর-সপ্ত-সমস্তাং রাগপরাং ॥ ৩০ ॥
নব-নায়ক-বেশঃ কিশোরবয়াঃ।
ব্রজরাজ-সুতঃ সহ রাধিকয়া ॥ ৩১ ॥
ইতরেতরং বদ্ধকর-ভ্রমণং।
কুরুতে কুসুমায়ুধ-কেলিরণং ॥ ৩২ ।

অধিকাধিক-মাধব-রাধিকয়োঃ।
কৃতরাস-পরস্পর-মণ্ডলয়োঃ ॥ ৩৩ ॥
মণি-কিঙ্কিণী-শিঞ্জিত-তালঘনং।
হরতে সনকাদি-মুনের্মননং ॥ ৩৪ ॥
বৃষভানু-সুতা ব্রজরাজ-সুতঃ।
কনক-প্রতিমা মণি-মারকতঃ ॥ ৩৫ ॥
ভ্রমতীহ যথাবিধ-যন্ত্রগতঃ।
সহযোগ-গতোঽয়মিতোঽন্তরতঃ ॥ ৩৬ ॥
উভয়োভয়-রাধিকয়োর্দয়িতৌ।
পৃথগন্তরতো ব্রজরাজসুতৌ ॥ ৩৭ ॥
উভয়োভয়-মাধবয়োর্দয়িতে।
পৃথগন্তরতো বৃষভানুসুতে ॥ ৩৮ ॥
বৃষভানু-সুতা-ভুজ-বদ্ধগলঃ।
কুশলো ব্রজরাজসুতঃ সকলঃ ॥ ৩৯ ॥
যদুনন্দনস্য ভুজবদ্ধগলা।
কুশলা বৃষভানুসুতা সকলা ॥ ৪০ ॥
বৃষভানু-সুতা ব্রজরাজ-সুতঃ।
ব্রজরাজ-সুতো বৃষভানু-সুতা ॥ ৪১ ॥
কেলি-কদম্বতলে বনমালী।
নৃত্যক-চঞ্চল-চন্দ্রক-মৌলী ॥ ৪২ ॥
রাধিকয়া সহ রাস-বিলাসী।
গোপবধূ-প্রিয়-গোকুলবাসী ॥ ৪৩ ॥

ক্রীড়তি রাধিকয়া সহ কৃষ্ণঃ।
শ্রীমুখচন্দ্র-সুধারস-তৃষ্ণঃ ॥ ৪৪ ॥
নৃত্যক-খঞ্জন-লোচন-লোলঃ।
কুণ্ডল-মণ্ডিত-চারু-কপোলঃ ॥ ৪৫ ॥
কুঞ্জগৃহে কুসুমোত্তম-তল্পে।
সূর্য্যসুতা-জল-বায়ু-বিকল্পে ॥ ৪৬ ॥
কেশব আদিরসপতিঃ শেতে।
রাধিকয়া সহ চন্দন-শীতে ॥ ৪৭ ॥
রাস-রসেশ্বরী রাজতে রাধা।
চন্দন-চর্চ্চিত-পঙ্কজ-গন্ধা ॥ ৪৮ ॥
মাধব-সঙ্গম-রঙ্গিত-রঙ্গা।
পূর্ণ-মনোরথ-মন্মথ-গঙ্গা ॥ ৪৯ ॥
শ্যামল-কোমল-দিব্য-শরীরী।
নিজবক্ষঃকৃত-নন্দ-কিশোরী ॥ ৫০ ॥
ভাবযুতা বৃষভানু-কিশোরী।
কাঞ্চন-চম্পক-কুঙ্কুম-গৌরী ॥ ৫১ ॥
রাধয়ো রাধয়োর্মধ্যতো মধ্যতঃ।
মাধবো মাধবো মণ্ডলে মণ্ডলে ॥ ৫২ ॥
রাধিকা রাধিকা মাধবং চুম্বতি।
মাধবো মাধবো রাধিকাং শ্লিষ্যতি ॥ ৫৩ ॥
রাধিকা মাধবং বীণয়া গায়তি।
মাধবো রাধিকাং বেণুনা গায়তি ॥ ৫৪ ॥

কল্পিতে মণ্ডলে রাধিকা রাজতে।
মাধবো মাধবো যোগিভির্ধ্যায়তে ॥ ৫৫ ॥
রাধিকা রাধিকা চান্তরেণান্তরা।
মাধবো মাধবশ্চান্তরেণান্তরা ॥ ৫৬ ॥
রাধিকা রাধিকা মাধবো মাধবঃ।
মাধবো মাধবো রাধিকা রাধিকা ॥ ৫৭ ॥

ইতি গীতং সমাপ্তং।

রাসাবতার-বিস্তারং বংশীবদন-সুন্দরং।
রতিকামমদাক্রান্তং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ১ ॥
রাধিকারূপিণং কৃষ্ণং রাধাং মাধবরূপিণীং।
রাসযোগানুরূপেণ রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ২ ॥
ভ্রমন্তং রাসচক্রেণ নৃত্যন্তং তালশিঞ্জিতৈঃ।
গোপীভিঃ সহ গায়ন্তং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৩ ॥
রাসমণ্ডল-মধ্যস্থং প্রফুল্ল-বদনাম্বুজং।
অন্যোন্য-হৃদয়াসক্তং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৪ ॥
বিদ্যুদ্দেগৌরীঘনশ্যামং প্রেমালিঙ্গন-তৎপরং।
পরস্পরোরু-মধ্যাঙ্গং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৫ ॥

পুষ্পিতে মাধবীকুঞ্জে পুষ্পতল্পোপরি স্থিতং।
বিপরীত-রসযুক্তং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৬ ॥
সুরতানন্দ-হিল্লোলং জগন্মোহন-মোহনং।
পূর্ণরাস-রসোদ্বোধং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৭ ॥
রাসক্রীড়া-পরিক্লান্তং মধুপানপরায়ণং।
তাম্বূলমুখপূর্ণেন্দুং রাধাকৃষ্ণং ভজাম্যহং ॥ ৮ ॥
রাসোল্লাসকলাপূর্ণং গোপীমণ্ডল-মণ্ডিতং।
রাধিকারাধনাকাঙ্ক্ষং কৃষ্ণচন্দ্রমুপাস্মহে ॥ ৯ ॥
চতুর্ব্বর্গফলং ত্যক্ত্বা শ্রীবৃন্দাবনমধ্যতঃ।
শ্রীরাধাকৃষ্ণদাসোঽহং প্রার্থয়ে জন্মজন্মনি ॥ ১০ ॥
রাধাকৃষ্ণ-সুধাসিন্ধু-রাসগঙ্গাম্ভ-সঙ্গমে।
অবগাহ্য মনোহংসঃ বিহরতু নিরন্তরং ॥ ১১ ॥
রাসগীতাং পঠেদেতাং শৃণুয়াদ্বাপি যো নরঃ।
বাঞ্ছাসিদ্ধির্ভবেত্তস্য ভক্তিঃ স্যাৎ প্রেমলক্ষণা ॥ ১২ ॥
লক্ষ্মীস্তস্য বসেদ্গেহে মুখে ভাতি সরস্বতী।
ধর্ম্মার্থ-কাম-কৈবল্যং লভতে সত্যমেব সঃ ॥ ১৩ ॥

ইতি রাসোল্লাসতন্ত্রে শ্রীরাসগীতায়াং
শ্রীশ্রীগোপীগীতাদির্নাম দ্বিতীয় উল্লাসঃ সমাপ্তঃ।

শ্রীশ্রীপাণ্ডবগীতা।

পাণ্ডব উবাচ।

প্রহ্লাদ-নারদ-পরাশর-পুণ্ডরীক-
ব্যাসাম্বরীষ-শুক-শৌনক-ভীষ্ম-দাল্‌ভ্যান্।
রুক্মাঙ্গদার্জ্জুন-বশিষ্ঠ-বিভীষণাদীন্
পুণ্যানিমান্ পরমভাগবতান্ স্মরামি॥ ১

লোমহর্ষণ উবাচ।

ধর্ম্মো বিবর্দ্ধতি যুধিষ্ঠির-কীর্ত্তনেন
পাপং প্রণশ্যতি বৃকোদর-কীর্ত্তনেন।
শত্রুর্বিনশ্যতি ধনঞ্জয়-কীর্ত্তনেন
মাদ্রীসুতৌ কথয়তাং ন ভবন্তি রোগাঃ॥

ব্রহ্মোবাচ।

যে মানবা বিগতরাগপরাবরজ্ঞা
নারায়ণং সুরগুরুং সততং স্মরন্তি।
ধ্যানেন তেন হত-কিল্বিষ-বেদনাস্তে
মাতুঃ পয়োধররসং ন পুনঃ পিবন্তি॥ ৩॥

ইন্দ্র উবাচ।

নারায়ণো নাম নরো নরাণাং
প্রসিদ্ধচৌরঃ কথিতঃ পৃথিব্যাং।

অনেক-জন্মার্জ্জিত-পাপসঞ্চয়ং
হরত্যশেষং স্মরতাং সদৈব ॥ ৪ ॥

যুধিষ্ঠির উবাচ।

মেঘশ্যামং পীতকৌষেয়বাসং
শ্রীবৎসাঙ্কং কৌস্তুভোদ্ভাসিতাঙ্গং।
পুণ্যোপেতং পুণ্ডরীকায়তাক্ষং
বিষ্ণুং বন্দে সর্ব্বলোকৈকনাথং ॥ ৫ ॥

ভীমসেন উবাচ।

জলৌঘমগ্না সচরাচরা ধরা
বিষাণ-কোট্যাখিল-বিশ্বমূর্ত্তিনা।
সমুদ্ধৃতা যেন ববাহরূপিণা
স মে স্বয়ম্ভূর্ভগবান্ প্রসীদতু ॥ ৬ ॥

অর্জ্জুন উবাচ।

অচিন্ত্যমব্যক্তমনন্তমচ্যুতং
বিভুং প্রভুং কারণভূতভাবনং।
ত্রৈলোক্য-নিস্তার-বিভাবভাবিতং
হরিং প্রপন্নোঽস্মি গতিং মহাত্মনাং ॥ ৭ ॥

নকুল উবাচ।

যদি গমনমধস্তাৎ কর্ম্মপাশানুবদ্ধো
যদিচ কুলবিহীনে জায়তে পক্ষিকীটে।
কৃমিশতমপি গত্বা জায়তে চান্তরাত্মা
ভবতু মম হৃদিস্থে কেশবে ভক্তিরেকা ॥ ৮ ॥

সহদেব উবাচ।

তস্য যজ্ঞবরাহস্য বিষ্ণোরতুল-তেজসঃ।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেভ্যোঽপীহ নমো নমঃ॥ ৯॥

কুন্ত্যুবাচ।

স্বকর্ম্মফলনির্দ্দিষ্টাং যাং যাং যোনিং ব্রজাম্যহং।
তস্যাং তস্যাং হৃষীকেশ! ত্বয়ি ভক্তির্দ্দৃঢ়াস্তু মে॥১০॥

মাদ্র্যুবাচ

কৃষ্ণে রতাঃ কৃষ্ণমনুস্মরন্তি
রাত্রৌ চ কৃষ্ণং পুনরুত্থিতা যে।
মৃত্যুকালে তে প্রবিশন্তি কৃষ্ণং
হবির্যথা মন্ত্রহুতং হুতাশং॥ ১১॥

দ্রুপদ উবাচ।

কীটেষু পক্ষিষু মৃগেষু সরীসৃপেষু
রক্ষঃ-পিশাচ-মনুজেষ্বপি যত্র যত্র।
জাতস্য মে ভবতু কেশব! তে প্রসাদাৎ
ত্বয্যেব ভক্তিরচলাব্যভিচারিণী চ॥ ১২॥

সুভদ্রোবাচ।

একোঽপি কৃষ্ণস্য কৃতঃ প্রণামো
দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম
কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥ ১৩॥

অভিমন্যুরুবাচ।

গোবিন্দ গোবিন্দ হরে মুরারে!
গোবিন্দ গোবিন্দ রথাঙ্গপাণে!।
গোবিন্দ গোবিন্দ মুকুন্দ কৃষ্ণ!
গোবিন্দ গোবিন্দ! নমো নমস্তে ॥ ১৪ ॥

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

শ্রীরাম নারায়ণ বাসুদেব!
গোবিন্দ বৈকুণ্ঠ মুকুন্দ কৃষ্ণ!।
শ্রীকেশবানন্ত নৃসিংহ বিষ্ণো!
মাং ত্রাহি সংসার-ভুজঙ্গ-দষ্টং ॥ ১৫ ॥

সাত্যকিরুবাচ।

অপ্রমেয় হরে বিষ্ণো কৃষ্ণ দামোদরাচ্যুত!।
গোবিন্দানন্দ সর্ব্বেশ বাসুদেব! নমোঽস্তু তে ॥ ১৬ ॥

উদ্ধব উবাচ।

বাসুদেবং পরিত্যজ্য যেঽন্যদেবমুপাসতে।
তৃষিতা জাহ্নবীতীরে কূপং বাঞ্ছন্তি দুর্ভগাঃ ॥ ১৭ ॥

ধৌম্য উবাচ।

অপাং সমীপে শয়নাশনে গৃহে
দিবা চ রাত্রৌ চ পথা চ গচ্ছতা।
যদ্যস্তি কিঞ্চিৎ সুকৃতং কৃতং ময়া
জনার্দ্দনস্তেন কৃতেন তুষ্যতু ॥ ১৮ ॥

সঞ্জয় উবাচ।

আর্ত্তা বিষণ্ণাঃ শিথিলাশ্চ ভীতা
ঘোরেষু ব্যাঘ্রাদিষু বর্ত্তমানাঃ।
সংকীর্ত্ত্য নারায়ণশব্দমাত্রং
বিমুক্তদুঃখাঃ স্নুখিনো ভবন্তি ॥ ১৯ ॥

অক্রূর উবাচ।

অহন্তু নারায়ণদাসদাস-
দাসস্য দাসস্য চ দাসদাসঃ।
অস্ত্যন্য ঈশো জগতো নারাণাং
তস্মাদহং চান্যতরোঽস্মি লোকে ॥ ২০ ॥

বিদুর উবাচ।

বাস্নুদেবস্য যে ভক্তাঃ শান্তাস্তদ্গতমানসাঃ।
তেষাং দাসস্য দাসোঽহং ভবেয়ং জন্মজন্মনি ॥ ২১

ভীষ্ম উবাচ

বিপরীতেষু কালেষু পরিক্ষীণেষু বন্ধুষু।
ত্রাহি মাং কৃপয়া কৃষ্ণ শরণাগতবৎসল ! ॥ ২২ ॥

দ্রোণাচার্য্য উবাচ।

যে যে হতাশ্চক্রধরেণ দৈত্যা-
স্ত্রৈলোক্যনাথেন জনার্দ্দনেন।
তে তে গতাস্তন্নিলয়ং সমস্তাঃ
ক্রোধোঽপি দেবস্য বরেণ তুল্যঃ ॥ ২৩ ॥

কৃপাচার্য্য উবাচ।

মজ্জন্মনঃ ফলমিদং মধুকৈটভারে!
মৎপ্রার্থনীয়মদনুগ্রহ এষ এব।
ত্বদ্ভৃত্যভৃত্যপরিচারকভৃত্যভৃত্য-
ভৃত্যস্য ভৃত্য ইতি মাং স্মর লোকনাথ! ॥ ২৪ ॥

অশ্বত্থামোবাচ।

গোবিন্দ কেশব জনার্দ্দন বাসুদেব!
বিশ্বেশ বিশ্ব মধুসূদন বিশ্বনাথ!।
শ্রীপদ্মনাভ পুরুষোত্তম পুষ্করাক্ষ!
নারায়ণাচ্যুত নৃসিংহ! নমো নমস্তে ॥ ২৫ ॥

কর্ণ উবাচ।

নান্যং বদামি ন শৃণোমি ন চিন্তয়ামি
নান্যং স্মরামি ন ভজামি ন চাশ্রয়ামি।
ভক্ত্যা ত্বদীয়-চরণাম্বুজমন্তরেণ
শ্রীশ্রীনিবাস পুরুষোত্তম! দেহি দাস্যং ॥ ২৬ ॥

ধৃতরাষ্ট্র উবাচ।

নমো নমঃ কারণবামনায়
নারায়ণায়ামিতবিক্রমায়।
শ্রীশার্ঙ্গচক্রাব্জগদাধরায়
নমোঽস্তু তস্মৈ পুরুষোত্তমায় ॥ ২৭ ॥

গান্ধার্য্যুবাচ ।

ত্বমেব মাতা চ পিতা ত্বমেব
ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব ।
ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব
ত্বমেব সর্ব্বং মম দেবদেব ! ॥ ২৮ ॥

দ্রৌপদ্যুবাচ ।

যজ্ঞেশাচ্যুত গোবিন্দ মাধবানন্তকেশব ! ।
কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশ বাসুদেব ! নমোঽস্তু তে ॥ ২৯ ॥

জয়দ্রথ উবাচ ।

নমঃ কৃষ্ণায় দেবায় ব্রহ্মণেঽনন্তমূর্ত্তয়ে ।
যোগেশ্বরায় যোগায় ত্বামহং শরণং গতঃ ॥ ৩০ ॥

বিকর্ণ উবাচ ।

কৃষ্ণায় বাসুদেবায় দেবকীনন্দনায় চ ।
নন্দগোপকুমারায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩১ ॥

সোমদত্ত উবাচ ।

নমঃ পরমকল্যাণ ! নমস্তে বিশ্বভাবন ! ।
বাসুদেবায় শান্তায় যদূনাং পতয়ে নমঃ ॥ ৩২ ॥

বিরাট উবাচ ।

নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৩ ॥

শৈল্য উবাচ।

অতসীপুষ্পসঙ্কাশং পীতবাসসমচ্যুতং।
যে নমস্যন্তি গোবিন্দং ন তেষাং বিদ্যতে ভয়ং॥ ৩৪॥

বলভদ্র উবাচ।

কৃষ্ণ কৃষ্ণ! কৃপালুস্ত্বমগতীনাং গতির্ভব।
সংসারার্ণবমগ্নানাং প্রসীদ পুরুষোত্তম!॥ ৩৫॥

সূত উবাচ।

তত্রৈব গঙ্গা যমুনা চ বেণী
গোদাবরী সিন্ধুসরস্বতী চ।
সর্ব্বাণি তীর্থানি বসন্তি তত্র
যত্রাচ্যুতোদারকথাপ্রসঙ্গঃ॥ ৩৬॥

যম উবাচ।

নরকে পচ্যমানস্তু যমেন পরিভাষিতঃ।
কিং ত্বয়া নার্চ্চিতো দেবঃ কেশবঃ ক্লেশনাশনঃ॥ ৩৭॥

নারদ উবাচ।

জন্মান্তরসহস্রেষু তপোধ্যানসমাধিভিঃ।
নরাণাং ক্ষীণপাপানাং কৃষ্ণে ভক্তিঃ প্রজায়তে॥ ৩৮॥

প্রহ্লাদ উবাচ।

নাথ! যোনিসহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহং।
তেষু তেষ্বচলা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ি॥ ৩৯॥

বিশ্বামিত্র উবাচ।

যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী।
ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্মাপসর্পতু ॥ ৪০ ॥

কিং তস্য দানৈঃ কিং তীর্থৈঃ
কিং তপোভিঃ কিমধ্বরৈঃ।
যো নিত্যং ধ্যায়তে দেবং
নারাণাং মনসি স্থিতং ॥ ৪১ ॥

জমদগ্নিরুবাচ।

নিত্যোৎসবো ভবেত্তেষাং নিত্যশ্রীর্নিত্যমঙ্গলং।
যেষাং হৃদিস্থো ভগবান্ মঙ্গলায়তনো হরিঃ ॥ ৪২ ॥

ভরদ্বাজ উবাচ।

লাভস্তেষাং জয়স্তেষাং তেষাং নিত্যঞ্চ মঙ্গলং।
যেষাং হৃদিস্থো ভগবান্ মঙ্গলায়তনো হরিঃ ॥ ৪৩ ॥

গৌতম উবাচ।

গোকোটিদানং গ্রহণেষু কাশী-
প্রয়াগগঙ্গাযুতকল্পবাসঃ।
যজ্ঞাযুতং মেরুসুবর্ণদানং
গোবিন্দনাম্না ন কদাপি তুল্যং ॥ ৪৪ ॥

অত্রিরুবাচ।

গোবিন্দেতি সদা স্নানং গোবিন্দেতি সদা জপঃ।
গোবিন্দেতি সদা ধ্যানং সদা গোবিন্দকীর্ত্তনং ॥ ৪৫ ॥

অক্ষরং হি পরং ব্রহ্ম গোবিন্দেত্যক্ষরত্রয়ং।
তস্মাদুচ্চরিতং যেন ব্রহ্মভূয়ায় কল্প্যতে ॥ ৪৬ ॥

শ্রীশুক উবাচ।

অচ্যুতঃ কল্পবৃক্ষোঽসাবনন্তঃ কামধেনবঃ।
চিন্তামণিশ্চ গোবিন্দস্তস্মাত্তন্নাম চিন্তয়েৎ ॥ ৪৭ ॥

হরিরুবাচ।

জয়তি জয়তি দেবো দেবকীনন্দনোঽয়ং।
জয়তি জয়তি কৃষ্ণো বৃষ্ণিবংশপ্রদীপঃ।
জয়তি জয়তি মেঘশ্যামলঃ কোমলাঙ্গো
জয়তি জয়তি পৃথ্বীভারনাশো মুকুন্দঃ ॥ ৪৮ ॥

পিপ্পলায়ন উবাচ।

শ্রীমন্নৃসিংহবিভবে গরুড়ধ্বজায়
তাপত্রয়োপশমনায় ভবৌষধায়।
কৃষ্ণায় বৃশ্চিকজলাগ্নিভুজঙ্গরোগ-
লেশব্যয়ায় হরয়ে গুরবে নমস্তে ॥ ৪৯ ॥

আবির্হোত্র উবাচ।

কৃষ্ণ! ত্বদীয়পদপঙ্কজপঞ্জরান্তে
অদ্যৈব মে বিশতু মানসরাজহংসঃ।
প্রাণপ্রয়াণসময়ে কফবাতপিত্তৈঃ
কণ্ঠাবরোধনবিধৌ স্মরণং কুতস্তে ॥ ৫০ ॥

বিদুর উবাচ।

হরের্নাম হরের্নাম হরেনামৈব মম জীবনং।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ ৫১ ॥

বশিষ্ঠ উবাচ।

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে।
ভস্মীভবন্তি তস্যাশু মহাপাতককোটয়ঃ ॥ ৫২ ॥

অরুন্ধত্যুবাচ।

কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৫৩ ॥

কশ্যপ উবাচ।

কৃষ্ণানুস্মরণাদেব পাপসঙ্ঘাতপঞ্জরঃ।
শতধা ভেদমাপ্নোতি গিরির্বজ্রাহতো যথা ॥ ৫৪ ॥

দুর্য্যোধন উবাচ।

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষিকেশ ! হৃদিস্থিতেন
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥ ৫৫ ॥

যন্ত্রস্য গুণদোষৌ হি ক্ষম্যতাং মধুসূদন !
অহং যন্ত্রং ভবান্ যন্ত্রী মম দোষো ন বিদ্যতে ॥ ৫৬ ॥

ভৃগুরুবাচ।

নামৈব তব গোবিন্দ ! কলৌ ত্বত্তঃ শতাধিকং।
দদাত্যুচ্চারণান্মুক্তিং বিনাপ্যষ্টাঙ্গযোগতঃ ॥ ৫৭ ॥

লোমহর্ষণ উবাচ।

নমামি নারায়ণপাদপঙ্কজং
করোমি নারায়ণপূজনং সদা।
বদামি নারায়ণনাম নির্ম্মলং
স্মরামি নারায়ণতত্ত্বমব্যয়ং॥ ৫৮॥

শৌনক উবাচ।

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং॥ ৫৯॥
ভোজনাচ্ছাদনে চিন্তাং বৃথা কুর্ব্বন্তি বৈষ্ণবাঃ।
যোঽসৌ বিশ্বম্ভরো দেবঃ স কিং ভক্তানুপেক্ষতে॥ ৬০॥
এবং ব্রহ্মাদয়ো দেবা ঋষয়শ্চ তপোধনাঃ।
কীর্ত্তয়ন্তি সুরশ্রেষ্ঠং দেবং নারায়ণং বিভুং॥ ৬১॥

গর্গ উবাচ।

নারায়ণেতি মন্ত্রোঽস্তি বাগস্তি বশবর্ত্তিনী।
তথাপি নরকে ঘোরে পতন্তীত্যেতদদ্ভুতং॥ ৬২॥

দাল্ভ্য উবাচ।

কিং তস্য বহুভির্মন্ত্রৈর্ভক্তির্যস্য জনার্দ্দনে।
নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ॥ ৬৩॥

বৈশম্পায়ন উবাচ।

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম॥ ৬৪॥

অঙ্গিরা উবাচ।

হরির্হরতি পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃতঃ।
অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহত্যেব হি পাবকঃ॥ ৬৫॥

পরাশর উবাচ।

সকৃদুচ্চরিতং যেন হরিরিত্যক্ষরদ্বয়ং।
বদ্ধঃ পরিকরস্তেন মোক্ষায় গমনং প্রতি॥ ৬৬॥

পৌলস্ত্য উবাচ।

রে জিহ্বে রসসারজ্ঞে সর্ব্বদা মধুরপ্রিয়ে!।
নারায়ণাখ্যপীযূষং পিব জিহ্বে! নিরন্তরং॥ ৬৭॥

ব্যাস উবাচ।

সত্যং সত্যং পুনঃ সত্যং ভুজমুত্থাপ্য চোচ্যতে।
ন বেদাচ্চ পরং শাস্ত্রং ন দেবঃ কেশবাৎ পরঃ॥ ৬৮॥

ধন্বন্তরিরুবাচ।

অচ্যুতানন্ত-গোবিন্দনামোচ্চারণভেষজাৎ।
নশ্যন্তি সকলা রোগাঃ সত্যং সত্যং বদাম্যহং॥ ৬৯॥

মার্কণ্ডেয় উবাচ।

সা হানিস্তন্মহচ্ছিদ্রং সা চান্ধজড়মূঢ়তা।
যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন চিন্তয়েৎ॥ ৭০॥

অগস্ত্য উবাচ।

নিমিষং নিমিষার্দ্ধং বা প্রাণিনাং বিষ্ণুচিন্তনং।
ক্রতুকোটিসহস্রাণাং ধ্যানমেকং বিশিষ্যতে॥ ৭১॥

মনসা কর্ম্মণা বাচা যে স্মরন্তি জনার্দ্দনং।
তত্র তত্র কুরুক্ষেত্রং প্রয়াগো নৈমিষং বনং ॥ ৭২ ॥

শ্রীশুক উবাচ।

আলোড্য সর্ব্বশাস্ত্রাণি বিচার্য্য চ পুনঃ পুনঃ।
ইদমেকং সুনিষ্পন্নং ধ্যেয়ো নারায়ণঃ সদা ॥ ৭৩ ॥

শ্রীমহাদেব উবাচ।

শরীরঞ্চ নবচ্ছিদ্রং ব্যাধিগ্রস্তং নিরন্তরং।
ঔষধং জাহ্নবীতোয়ং বৈদ্যো নারায়ণো হরিঃ ॥ ৭৪ ॥

সনৎকুমার উবাচ।

যস্য হস্তে গদা চক্রং গরুড়ো যস্য বাহনং।
শঙ্খঃ করতলে যস্য স মে বিষ্ণুঃ প্রসীদতু ॥ ৭৫ ॥

শ্রীভগবান্ উবাচ।

কৃষ্ণকৃষ্ণেতি কৃষ্ণেতি যো মাং স্মরতি নিত্যশঃ।
জলং ভিত্ত্বা যথা পদ্মং নরকাদুদ্ধরাম্যহং ॥ ৭৬ ॥

সত্যং ব্রবীমি মনুজাঃ! স্বয়মূর্দ্ধবাহু-
র্যো মাং মুকুন্দ-নরসিংহ-জনার্দ্দনেতি।
জীবো জপত্যনুদিনং মরণে রণে বা
পাষাণকাষ্ঠসদৃশায় দদাম্যভীষ্টং ॥ ৭৭ ॥

অথ ফলশ্রুতিঃ।

ইদং পবিত্রমায়ুষ্যং সর্ব্বপাপ-প্রণাশনং।
স্তোত্রং পাণ্ডবগীতাখ্যং ঋষিণা পরিকীর্ত্তিতং ॥ ৭৮ ॥
যঃ পঠেৎ প্রাতরুত্থায় শৃণুয়াদপি যো নবঃ।
তস্য পুণ্যফলং কিঞ্চিৎ বক্তুং কঃ শক্তিমান্ ভবেৎ ॥ ৭৯ ॥
গয়ায়াং গোসহস্রাণি দানতঃ পিণ্ডদানতঃ।
যৎ ফলং লভতে মর্ত্ত্যঃ কলাং নার্হতি ষোড়শীং ॥ ৮০ ॥
যৎ ফলং মথুরাং গত্বা দৃষ্ট্বা যোগেশ্বরং হরিং।
তৎ ফলং সম্যগাপ্নোতি সত্যমেতন্ন সংশয়ঃ ॥ ৮১ ॥
আকাশাৎ পতিতং তোয়ং যথা গচ্ছতি সাগরং।
সর্ব্বদেব-নমস্কারঃ কেশবং প্রতি গচ্ছতি ॥ ৮২ ॥

ইতি শ্রীশ্রীপাণ্ডবগীতা সমাপ্তা।

॥ভ্রমর-গীতা।

শ্রীগোপ্যুবাচ।

মধুপ কিতববন্ধো! মা স্পৃশাঙ্ঘ্রিং সপত্ন্যাঃ
কুচ-বিলুলিত-মালা-কুঙ্কুম-শ্মশ্রুভির্নঃ।
বহতু মধুপতিস্তন্মানিনীনাং প্রসাদং
যদুসদসি বিড়ম্ব্যং যস্য দূতস্ত্বমীদৃক্ ॥ ১ ॥

সকৃদধরসুধাং স্বাং মোহিনীং পায়য়িত্বা
সুমনস ইব সদ্যস্তত্যজেঽস্মান্ ভবাদৃক্।
পরিচরতি কথং তৎপাদপদ্মং নু পদ্মা
অপি বত হৃতচেতা হ্যুত্তমঃশ্লোকজল্পৈঃ ॥ ২ ॥
কিমিহ বহু ষড়ঙ্ঘ্রে! গায়সি ত্বং যদূনা-
মধিপতিমগৃহাণামগ্রতো নঃ পুরাণং।
বিজয়সখসখীনাং গীয়তাং তৎপ্রসঙ্গঃ
ক্ষয়িত-কুচরুজস্তে কল্পয়ন্ত্যিষ্টমিষ্টাঃ ॥ ৩ ॥
দিবি ভুবি চ রসায়াং কাঃ স্ত্রিয়স্তদ্দুরাপাঃ
কপট-রুচির-হাস-ভ্রূবিজৃম্ভস্য যাঃ স্যুঃ।
চরণরজ উপাস্তে যস্য ভূতির্বয়ং কাঃ
অপিচ কৃপণপক্ষে হ্যুত্তমঃশ্লোকশব্দঃ ॥ ৪ ॥
বিসৃজ শিরসি পাদং বেদ্ম্যহং চাটুকারৈ-
রনুনয়বিদুষস্তেঽভ্যেত্য দৌত্যৈর্মুকুন্দাৎ।
স্বকৃত ইহ বিসৃষ্টাপত্যপত্যন্যলোকা
ব্যসৃজদকৃতচেতাঃ কিং নু সন্ধেয়মস্মিন্ ॥ ৫ ॥
মৃগয়ুরিব কপীন্দ্রং বিব্যধে লুব্ধধর্ম্মা
স্ত্রিয়মকৃত বিরূপাং স্ত্রীজিতঃ কাময়ানাং।
বলিমপি বলিমত্ত্বাবেষ্টয়দ্ধ্বাঙ্ক্ষবদ্য
স্তদলমসিতসখ্যৈর্দুস্ত্যজস্তৎকথার্থঃ ॥ ৬ ॥
যদনুচরিত-লীলা-কর্ণপীযূষ-বিপ্রুট্-
সকৃদদন-বিধূত-দ্বন্দ্বধর্ম্মা বিনষ্টাঃ।

সপদি গৃহকুটুম্বং দীনমুৎসৃজ্য দীনা
বহব ইহ বিহঙ্গা ভিক্ষুচর্য্যাং চরন্তি ॥ ৭ ॥
বয়মৃতমিব জিহ্মব্যাহৃতং শ্রদ্দধানাঃ
কুলিক-রুতমিবাজ্ঞাঃ কৃষ্ণবধ্বো হরিণ্যঃ।
দদৃশুরসকৃদেতত্তন্নখস্পর্শতীব্র-
স্মররুজ উপমন্ত্রিন্ ভণ্যতামন্যবার্ত্তা ॥ ৮ ॥
প্রিয়সখ পুনরাগাঃ প্রেয়সা প্রেষিতঃ কিং
বরয় কিমনুরুন্ধে মাননীয়োঽসি মেঽঙ্গ।
নয়সি কথমিহাস্মান্ দুস্ত্যজ-দ্বন্দ্ব-পার্শ্বং
সততমুরসি সৌম্য শ্রীর্বধূঃ সাকমাস্তে ॥ ৯ ॥
অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে
স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্।
ক্বচিদপি স কথা নঃ কিঙ্করীণাং গৃণীতে
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদা নু ॥ ১০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং দশমস্কন্ধে শ্রীশ্রীভ্রমরগীতা সমাপ্তা।

সূচক বা শোচক।

(ভক্তগণের গুণলেশসূচক-মহিমাবর্ণন বা ভক্তগণের বিরহে খেদপ্রকাশ।)

শ্রীগৌরচন্দ্র।

ধানশী।

প্রেমসিন্ধু গোরারায় নিতাই তরঙ্গ তায়
করুণা-বাতাস চারিপাশে।
প্রেম উথলিয়া পড়ে জগতে হাফাল ছাড়ে
তাপ তৃষ্ণা সবাকার নাশে॥
দেখ দেখ নিতাই চৈতন্য দয়াময়।
ভক্ত-হংস-চক্রবাকে পিব পিব বলি ডাকে
পাইয়া বঞ্চিত কেন হয়॥ ধ্রু॥
ডুবি রূপ সনাতন তোলে নানা রত্ন ধন
যতনে গাঁথিয়া তার মালা।
ভক্তিলতা সূত্র করি লেহ জীব কণ্ঠ ভরি
দূরে যাবে তাপত্রয়-জ্বালা॥
লীলারস-সঙ্কীর্ত্তন বিকশিত পদ্মবন
জগৎ ভরিল যার বাসে।
ফুটিল কুসুমবন মাতিল ভ্রমরগণ
পাইয়া বঞ্চিত কৃষ্ণদাসে॥

শ্রীরূপ গোস্বামী প্রভুর সূচক।

(১)

পাহিড়া।

আরে মোর শ্রীরূপ গোসাঞি।

গৌরাঙ্গ-চান্দের ভাব প্রচার করিয়া সব
জানাইতে হেন আর নাই ॥
বৃন্দাবন নিত্যধাম সর্ব্বোপরি অনুপাম
সর্ব্ব-অবতারী নন্দসুত।
তাঁর কান্তাগণাধিকা সর্ব্বারাধ্যা শ্রীরাধিকা
তাঁর সখীগণ-সঙ্গ যুথ ॥
রাগমার্গে তাহা পাইতে যাঁহার করুণা হৈতে
বুঝিল পাইল যে তে জনা।
এমন দয়ালু ভাই কোথাও দেখিয়ে নাই
তাঁর পদ করহ ভাবনা ॥
শ্রীচৈতন্য-আজ্ঞা পাঞা ভাগবত বিচারিয়া
যত ভক্তি-সিদ্ধান্তের খনি।
তাহা উঠাইয়া কত নিজ গ্রন্থ করি যত
জীবে দিলা প্রেমচিন্তামণি ॥
রাধাকৃষ্ণ-রসকেলি নাট্য গীত পদাবলী
শুদ্ধ পরকীয়া মত করি।
চৈতন্যের মনোবৃত্তি স্থাপন করিলা ক্ষিতি
আস্বাদিয়া তাহার মাধুরী ॥

চৈতন্য-বিরহে শেষ পাই অতিশয় ক্লেশ
তাহে যত প্রলাপ বিলাপ।
সে সব কহিতে ভাই দেহে প্রাণ রহে নাই
এ রাধাবল্লভ হিয়ে তাপ॥

(২।

বিহাগড়া

যঙ্ কলি রূপ শরীর না ধরত।
তঙ্ ব্রজপ্রেম মহানিধি কুঠরিক
কোন্ কপাট উঘারত॥
নীর ক্ষীর হংসন পান বিধায়ন
কোন্ পৃথক করি পায়ত।
কো সব তাজি ভজি বৃন্দাবন
কো সব গ্রন্থ বিরচিত॥
যব ঋতু বনফুল ফলত নানাবিধ
মনোরাজি অরবিন্দ।
সো মধুকব বিনু পান কোন্ জানত
বিদ্যমান্ করি বন্ধ॥
কো জানত মথুরা বৃন্দাবন
কো জানত ব্রজনীত।

কো জানত রাধামাধব-রতি
কো জানত সোই প্রীত ॥
যাকর চরণ প্রসাদে সকল জন
গাই গাওয়াই সুখ পাওত।
চরণ-কমলে শরণাগত মাধো
তব মহিমা উর লাগত ॥

বিহাগড়া।

জয় জয় রূপ মহারস-সাগর।
দরশন পরশন বচন রসায়ন
আনন্দহুকে গাগর ॥
অতি গম্ভীর ধীর করুণাময়
প্রেম-ভকতিকে আগর।
উজ্জ্বল প্রেম মহামণি প্রকটিত
দেশ গৌড় বৈরাগর ॥
সদ্‌গুণ-মণ্ডিত পণ্ডিত-রঞ্জন
বৃন্দাবন নিজ নাগর।
কিরীতি বিমল যশ শুন তঁহি মাধো
সতত রহল হিয়ে জাগর ॥

শ্রীসনাতন গোস্বামী প্রভুর সূচক।

(১)

সুহই।

রূপের বৈরাগ্যকালে সনাতন বন্দাশালে
বিষাদ ভাবয়ে মনে মনে।
রূপেরে করুণা করি ত্রাণ কৈলা গৌরহরি
মো অধমে না কৈলা স্মরণে॥
মোর কর্ম্মদোষ-ফাঁদে হাতে পায়ে গলে বাঁধে
রাখিয়াছে কারাগারে ফেলি।
আপনে করুণা-পাশে দৃঢ় করি ধরি কেশে
চরণ-নিকটে লেহ তুলি॥
পশ্চাতে অগাধ জল দুই পাশে দাবানল
সম্মুখে সাঁধিল ব্যাধ বাণ।
কাতরে হরিণী ডাকে পড়িয়া বিষম পাকে
এইবার কর পরিত্রাণ॥
জগাই মাধাই হেলে বাসুদেব অজামিলে
অনায়াসে করিলা উদ্ধার।
এ দুঃখ-সমুদ্র ঘোরে নিস্তার করহ মোরে
তোমা বিনে নাহি হেন আর॥
হেনকালে একজনে অলখিতে সনাতনে
পত্রী দিল রূপের লিখন।

এ রাধাবল্লভ দাসে মনে হৈল আশ্বাসে
পত্রী পড়ি করিলা গোপন ॥

(২)

সুহই।

শ্রীরূপের বড় ভাই সনাতন গোসাঞি
পাতশার উজীর হৈয়া ছিলা।
শ্রীরূপের পত্রী পাঞা বন্দী হৈতে পলাইয়া
কাশীপুরে গৌরাঙ্গ ভেটিলা ॥
ছেঁড়া বস্ত্র অঙ্গে মলি হাতে নখ মাথে চুলি
নিকটে যাইতে অঙ্গ হালে।
দুই গুচ্ছ তৃণ করি এক গুচ্ছ দন্তে ধরি
পড়িলা গৌরাঙ্গ-পদতলে ॥
দরবেশ রূপ দেখি প্রভুর সজল আঁখি
বাহু পসারিয়া আইসে ধাঞা।
সনাতনে করে কোলে কাতরে গোসাঞি বলে
মো অধমে স্পর্শ কি লাগিয়া ॥
অস্পৃশ্য পামর দীন দুরাচার মন্দ হীন
নীচ সঙ্গে নীচ ব্যবহার।
এ হেন পামর জনে স্পর্শ প্রভু কি কারণে
যোগ্য নহে তোমা স্পর্শিবার ॥

ভোট কম্বল দেখি গায় প্রভু পুনঃ পুনঃ চায়
লজ্জিত হইলা সনাতন।
গৌড়ীয়ারে ভোট দিয়া ছেঁড়া এক কান্থা লঞা
প্রভু-স্থানে পুনঃ আগমন॥
গৌরাঙ্গ করুণা করি রাধাকৃষ্ণনাম-মাধুরী
শিক্ষা করাইলা সনাতনে।
প্রভু কহে রূপ সনে দেখা হবে বৃন্দাবনে
প্রভু-আজ্ঞায় করিলা গমনে॥
কভু কান্দে কভু হাসে কভু প্রেমানন্দে ভাসে
কভু ভিক্ষা কভু উপবাস।
ছেঁড়া কাঁথা নেড়া মাথা মুখে কৃষ্ণগুণ-গাথা
পরিধান ছেঁড়া বহির্ব্বাস॥
গিয়া গোসাঞি সনাতন প্রবেশিলা বৃন্দাবন
রূপ-সঙ্গে হইল মিলন।
ঘর্ম্ম অশ্রু নেত্রে পড়ে সনাতনের পদে ধরে
কহে রূপ গদগদ বচন॥
গৌরাঙ্গের যত গুণ কহে রূপ সনাতন
হা নাথ হা নাথ বলি ডাকে।
ব্রজপুরে ঘরে ঘরে মাধুকরী ভিক্ষা করে
এইরূপে কতদিন থাকে॥
তাহা ছাড়ি কুঞ্জে কুঞ্জে ভিক্ষা করি পুঞ্জে পুঞ্জে
ফল মূল করয়ে ভক্ষণ।

উচ্চস্বরে আর্ত্তনাদে রাধাকৃষ্ণ বলি কাঁদে
এইরূপে থাকে কতদিন ॥
কতদিন অন্তর্ম্মনা ছাপ্পান্ন দণ্ড ভাবনা
চারি দণ্ড নিদ্রা বৃক্ষতলে।
স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে নামগানে সদা থাকে
অবসর নাহি এক তিলে ॥
কখন বনের শাক অলবণে করি পাক
মুখে দেন দুই এক গ্রাস।
ছাড়ি ভোগ বিলাস তরুতলে কৈলা বাস
এক দুই দিন উপবাস ॥
সূক্ষ্ম বস্ত্র বাজে গায় ধূলায় লোটায় কায়
কণ্টকে বাজয়ে কভু পাশ।
এ রাধাবল্লভ দাস বড় মনে অভিলাষ
করে হব তাঁর দাসের দাস ॥

(৩)

শ্রীরাগ।

জয় জয় পঁহু শ্রীল সনাতন নাম।
সকল ভুবন মাহা যছু গুণগাম ॥
তেজল সকল সুখ সম্পদ অপার।
শ্রীচৈতন্য-চরণ-যুগল করু সার ॥

শ্রীবৃন্দাবন ভূমে করি বাস।
লুপত তীর্থ সব করল প্রকাশ॥
শ্রীগোবিন্দ-সেবা পরচারি।
করল ভাগবত-অর্থ বিচারি॥
যুগল ভজন লীলা গুণ নাম।
করল বিথার গ্রন্থ অনুপাম॥
সতত গৌরপ্রেমে গর গর দেহ।
ভ্রমই বৃন্দাবনে না পায়ই থেহ॥
বিপুল পুলক ভর নয়নহি নীর।
রাইকানু বলি পড়ই অথির॥
ভাব বিভূষণ সকল শরীর।
অনুখণ বিহরই যমুনাক তীর॥
যছু করুণায় বৃন্দাবন পাই।
ভাবই মনোহর সোই গোসাঞি।

শ্রীরঘুনাথ ভট্টগোস্বামী প্রভুর সূচক।

বরাড়ী।

জয় ভট্ট রঘুনাথ গোসাঞি।
রাধাকৃষ্ণ-লীলাগুণে দিবানিশি নাহি জানে
তুলনা দিবারে নাহি ঠাঞি॥ ধ্রু॥

চৈতন্যের প্রেমপাত্র তপন মিশ্রের পুত্র
বারাণসী ছিলা যাঁর বাস।
নিজ গৃহে গৌরচন্দ্রে পাইয়া পরমানন্দে
চরণ সেবিলা দুই মাস॥
শ্রীচৈতন্য নাম জপি কত দিন গৃহে থাকি
করিলেন পিতার সেবনে।
তাঁর অপ্রকট হৈলে আসি পুনঃ নীলাচলে
রহিলেন প্রভুর চরণে॥
মহাপ্রভু কৃপা করি নিজ শক্তি সঞ্চারি
পাঠাইয়া দিলা বৃন্দাবন।
প্রভুর শিক্ষা হৃদি গণি আসি বৃন্দাবন ভূমি
মিলিলেন রূপ সনাতন॥
দুই গোসাঞি তাঁরে পাঞা পরম আনন্দ হঞা
রাধাকৃষ্ণ-প্রেমরসে ভাসে।
অশ্রু পুলক কম্প নানা ভাবাবেশ অঙ্গ
সদা কৃষ্ণকথার উল্লাসে॥
সকল বৈষ্ণব-সঙ্গে যমুনা-পুলিনে রঙ্গে
একত্র হইয়া প্রেমসুখে।
শ্রীভাগবত-কথা অমৃত-সমান গাথা
নিরবধি শুনে যাঁর মুখে॥
পরম বৈরাগ্য সীমা সুনির্ম্মল কৃষ্ণপ্রেমা
সুস্বর অমৃতময় বাণী।

পশু পক্ষী পুলকিত যার মুখে কথামৃত
শুনিতে পাষাণ হয় পানী ॥
শ্রীরূপ সনাতন সর্ব্বারাধ্য দুই জন
শ্রীগোপাল ভট্ট রঘুনাথ।
এ রাধাবল্লভ বলে পড়িনু বিষম ভোলে
কৃপা করি কর আত্মসাথ ॥

শ্রীজীব গোস্বামী প্রভুর সূচক।

যথা রাগ।

শ্রীজীব গোসাঞি মোর প্রেমরত্ন-সাগর
ওহে প্রভু কৃপা কর মোরে।
মুঞি ত পামর জনে বড় সাধ করি মনে
তুয়া গুণ গাইবার তরে ॥
শ্রীরূপ শ্রীসনাতন অনুপম সুমধ্যম
রাম-পদে দৃঢ় যার মতি।
তাঁহার তনয় জীব সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত
প্রকাশিল শ্রীরূপ-সংহতি ॥
বৈরাগ্য জন্মিল মনে রাজ্য ছাড়ি সেইক্ষণে
চলিলা শ্রীনবদ্বীপপুরী।
প্রভু নিত্যানন্দ দেখি ছল ছল করে আঁখি
পড়িল চরণ-যুগে ধরি ॥

মস্তকে চরণ দিয়া দুই বাহু পসারিয়া
উঠাইয়া করিলেন কোলে।
প্রেমে গদ গদ হঞা দৈন্যভাব প্রকাশিয়া
কান্দিতে কান্দিতে কিছু বলে॥
প্রভু নিত্যানন্দ নাম জগতের পরিত্রাণ
সব জীবে আনন্দ করিলা।
মো হেন পতিত জনে কৃপা কৈলা নিজগুণে
ব্রহ্মার দুর্ল্লভ ধন দিলা॥
মহাপ্রভু তোমার গণে দিয়াছেন দণ্ড ভূমে
শীঘ্র তুমি যাহ বৃন্দাবন।
শ্রীমুখের আজ্ঞা পাঞা আনন্দ হইয়া হিয়া
ব্রজপুরে করিলা গমন॥
কৃষ্ণনাম সদা মুখে নেত্রজল বহে বুকে
এইরূপে পথে চলি যায়।
প্রভু রূপ সনাতন কবে পাব দরশন
প্রাণ মোর রাখ মহাশয়॥
কভু করু জল পান কভু চানা চর্ব্বণ
কত দিনে মথুরা পাইলা।
দেখি শোভা মধুপুরী প্রেমে পড়ে ঘুরি ঘুরি
ধীরে ধীরে বিশ্রান্তি আইলা॥
যমুনাতে কৈল স্নান করি কিছু জলপান
সেই রাত্রে তাঁহা কৈল বাস।

প্রাতে আইলা বৃন্দাবনে দেখি রূপ সনাতনে
প্রভু সব পূরাইল আশ ॥
শ্রীগোপালচম্পূ নাম গ্রন্থ কৈল অনুপাম
ব্রজ-নিত্যলীলারস-পুর ।
ষট্ সন্দর্ভ-আদি করি যাহাতে সিদ্ধান্ত ভারি
পড়ি শুনি ভক্ত হৈলা সুখ ॥
উজ্জ্বল প্রেমের তনু রসে নিরমিল৷ জনু
ভাব-অলঙ্কৃত সব অঙ্গ ।
পড়িতে শ্রীভাগবত ধৈরয না ধরে চিত
সাত্ত্বিকে ব্যাপিত সব অঙ্গ ॥
যুগল-ভজন সার বিলাসই সদা যাঁর
বৃন্দাবন-বিহার সদাই ।
গোলোক সম্পুট করি তাহাতে সে প্রেম ধরি
সম্বরণ করিল গোসাঞি ॥
মুঞি অতি মূঢ়মতি তোমা বিনু নাহি গতি
শ্রীজীব জীবন প্রাণধন ।
বহু জন্ম পুণ্য করি দুর্লভ জনম ধরি
পাইয়াছি শ্রীজীব-চরণ ॥
শ্রীজীব করুণাসিন্ধু স্পর্শি তার এক বিন্দু
প্রেমরত্ন পাবার লাগিয়া ।
কহে রঘুনাথ দাস তুয়া অনুগত আশ
রাখ মোরে পদছায়া দিয়া ॥

শ্রীগোপালভট্ট গোস্বামী প্রভুর সূচক।

যথা রাগ।

আরে মোর প্রেমালয় পরম করুণাময়
শ্রীগোপাল ভট্ট আমার।
সকল-সদ্গুণ-খনি বিপ্রবংশ-শিরোমণি
শ্রীবেঙ্কটভট্টের কুমার॥
গৌরাঙ্গের প্রিয় অতি অদ্ভুত ভজনরীতি
জগতে বিদিত কীর্ত্তি যাঁর।
অল্পকালে মহাভক্তি কে বুঝিতে পারে শক্তি
সদা কৃষ্ণরসে মাতোয়ার॥
দক্ষিণ ভ্রমণ-কালে প্রভু চারি মাস ছলে
বিমল বেঙ্কট-গৃহে স্থিতি।
তথি নিজ নাথ পাঞা পরম আনন্দ হঞা
পিতার আজ্ঞায় সেবে নিতি॥
শচীসুত গৌরহরি পরম করুণা করি
প্রিয় ভট্ট গোপালের তরে।
প্রেমামৃত পিয়াইয়া নিজ তত্ত্ব জানাইয়া
ভাসাইলা আনন্দ-সাগরে॥
পুনঃ প্রভু গৌরহরি ভট্টের করেতে ধরি
কহে কিছু মধুর বচন।
তুয়া প্রেমাধীন আমি শীঘ্র ব্রজে যাবে তুমি
তাঁহা পাবে রূপ সনাতন॥

শুনিয়া প্রভুর বাণী বিচ্ছেদ হইবে জানি
তিলেক ধৈরয নাহি বান্ধে।
মুখে নাহি সরে কথা সদাই অন্তরে ব্যথা
ও রাঙ্গা চরণে পড়ি কান্দে॥
পুনঃ প্রভু গৌরহরি প্রিয়-ভট্টে কোলে করি
সিঞ্চাইয়া নয়নের জলে।
কত রূপে প্রবোধিয়া ভট্ট-মুখপানে চাঞা
কাতর-অন্তরে প্রভু বলে॥
শ্রীবেঙ্কট ত্রিমল্লেরে আশ্বাসিয়া বারে বারে
দক্ষিণ ভ্রমণে প্রভু গেলা।
হেথা কত দিন পরি গৃহসুখ পরিহরি
শ্রীগোপালভট্ট ব্রজে আইলা॥
প্রভু আসি পুরুষোত্তমে যবে গেলা বৃন্দাবনে
তাঁহা হৈতে আসিবার কালে।
পথে রূপ সনাতনে শিক্ষা দিয়া দুই জনে
তবে প্রভু গেলা নীলাচলে॥
রূপ আর সনাতন যবে আইলা বৃন্দাবন
ভট্ট গোসাঞি মিলিলা সবায়।
প্রভু-প্রিয় লোকনাথ মিলিলা সবার সাথ
সবে মিলি গৌর-গুণ গায়॥
নীলাচলে শ্রীগৌরাঙ্গ বিহরে ভকত-সঙ্গ
শুনিলা শ্রীভট্ট ব্রজে গেলা।

মহাপ্রভু প্রেমভরে শ্রীগোপালভট্ট তরে
ডোর বহির্ব্বাস পাঠাইলা॥
সবা সহ সনাতন ডোর বহির্ব্বাস ধন
পাইয়া আনন্দ উছলিল।
কেহ নাচে কেহ গায় কেহ প্রেমে গড়ি যায়
চারিদিকে ক্রন্দন উঠিল॥
কত ক্ষণে স্থির হঞা ডোর বহির্ব্বাস লঞা
সমর্পিলা গোপালভট্টেরে।
ডোর বহির্ব্বাস ধন পাইয়া আনন্দ-মন
নিয়ম করিয়া সেবা করে॥
গোরাঙ্গের গুণগানে দিবা নিশি নাহি জানে
শ্রীরূপ-সভায় সদা স্থিতি।
গোসাঞি শ্রীসনাতন সঙ্গে সুখ অনুক্ষণ
কে বুঝিবে দোঁহার পিরীতি॥
গোসাঞির বৈরাগ্য যত তাহা না কহিব কত
যার প্রেমাধীন জানাইতে।
শ্রীরাধারমণ-লীলা আপনে প্রকট কৈলা
শ্রীশালগ্রাম শিলা হইতে॥
শ্রীরাধারমণ বিনে অন্য কিছু নাহি জানে
শ্রীরাধারমণ প্রাণ যাঁর।
সদা গৌরগুণে মত্ত বাখানে ভকতি-তত্ত্ব
হেন কি বৈরাগ্য হবে আর॥

সদা বাস বৃন্দাবনে কভু কুণ্ডে গোবর্দ্ধনে
কভু বরষাণ নন্দীশ্বরে।
কভু বা যাবট গিয়া পূর্ব্ববাস নিরখিয়া
ভাসে মহা আনন্দ-সাগরে॥
শ্রীগোকুল মহাবনে কভু রহে নির্জ্জনে
কভু প্রিয়-লোকনাথ-পাশ।
এইরূপ ফিরে রঙ্গে সেহ ব্রজবাসি-সঙ্গে
ভক্তিদানে পরম উল্লাস॥
গুণ কি বর্ণিব আর কৃপা কর এইবার
শ্রীনিবাস আচার্য্যের প্রভু।
নরহরি অকিঞ্চন ও পদে সঁপিল মন
এ অধমে না ছাড়িবে কভু॥

শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভুর সূচক।

বরাড়ী।

শ্রীচৈতন্য-কৃপা হৈতে রঘুনাথ-দাস-চিত্তে
পরম বৈরাগ্য উপজিলা।
দারা গৃহ সম্পদ নিজ রাজ্য অধিপদ
মল প্রায় সকল ত্যজিলা॥
পুরশ্চর্য্যা কৃষ্ণনামে গেলা শ্রীপুরুষোত্তমে
গৌরাঙ্গের পদযুগ সেবে।

এই মনে অভিলাষ পুন রঘুনাথ দাস
নয়ানগোচর কবে হবে ॥
গৌরাঙ্গ দয়াল হঞা রাধাকৃষ্ণ নাম দিয়া
গোবর্দ্ধনের শিলা গুঞ্জাহারে।
ব্রজবনে গোবর্দ্ধনে শ্রীরাধিকার শ্রীচরণে
সমর্পণ করিলা তাহারে ॥
চৈতন্যের অগোচরে নিজ কেশ ছিঁড়ি করে
বিরহে আকুল ব্রজে গেলা।
দেহ ত্যাগ করি মনে গেলা গিরি গোবর্দ্ধনে
দুই গোঁসাঞি তাহারে দেখিলা ॥
ধরি রূপ সনাতন রাখিল তাঁর জীবন
দেহত্যাগ করিতে না দিলা।
দুই গোসাঞির আজ্ঞা পাঞা রাধাকুণ্ড-তটে গিয়া
বাস করি নিয়ম করিলা ॥
ছেঁড়া কম্বল পরিধান ব্রজফল গব্য খান
অন্ন-আদি না করে আহার।
তিন সন্ধ্যা স্নান করি স্মরণ কীর্ত্তন করি
রাধা-পদ ভজন যাঁহার ॥
ছাপ্পান্ন দণ্ড রাত্রিদিনে রাধাকৃষ্ণ-গুণগানে
স্মরণেতে সদাই গোঙায়।
চারিদণ্ড শুতি থাকে স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে
এক তিল ব্যর্থ নাহি যায় ॥

গৌরাঙ্গের পদাম্বুজে রাখে মনোভৃঙ্গ-রাজে
স্বরূপেরে সদাই ধেয়ায়।
অভেদ শ্রীরূপ-সনে গতি যার সনাতনে
ভট্টযুগ প্রিয় মহাশয়॥
শ্রীরূপের গণ যত তাঁর পদে আশ্রিত
অত্যন্ত বাৎসল্য যা'র ভাবে।
সেই আর্ত্তনাদ করি কাঁদি বলে হরি হরি
প্রভুর করুণা হবে কবে॥
হে রাধার বল্লভ গান্ধর্ব্বিকা-বান্ধব
রাধিকারমণ রাধানাথ।
হে বৃন্দাবনেশ্বর হা হা কৃষ্ণ দামোদর
কৃপা করি কর আত্মসাথ॥
শ্রীরূপ সনাতন যবে হৈল অদর্শন
অন্ধ হৈল এ দুই নয়ন।
বৃথা আঁখি কাঁহা দেখি বৃথা প্রাণ দেহ রাখি
এত বলি করয়ে ক্রন্দন॥
শ্রীচৈতন্য শচীসুত তাঁর গণ হয় যত
অবতার শ্রীবিগ্রহ নাম।
গুপ্ত ব্যক্ত লীলাস্থল দৃষ্ট শ্রুত বৈষ্ণব সব
সবারে করয়ে পরণাম॥
রাধাকৃষ্ণ-বিয়োগে ছাড়িল সকল ভোগে
শুখরুখ অন্ন মাত্র সার।

গৌরাঙ্গের বিয়োগে অন্ন ছাড়ি দিলা আগে
ফল গব্য করিল আহার ॥
সনাতনের অদর্শনে তাহা ছাড়ি সেই দিনে
কেবল করয়ে জলপান।
রূপের বিচ্ছেদ যবে জল ছাড়ি দিল তবে
রাধাকৃষ্ণ বলি রাখে প্রাণ ॥
শ্রীরূপের অদর্শনে না দেখি তাঁহার গণে
বিরহে ব্যাকুল হঞা কাঁদে।
কৃষ্ণকথা-আলাপনে না শুনিয়া শ্রবণে
উচ্চস্বরে ডাকে আর্ত্তনাদে ॥
হা হা রাধাকৃষ্ণ কোথা কোথা বিশাখা ললিতা
কৃপা করি দেহ দরশন।
হা চৈতন্য মহাপ্রভু হা স্বরূপ মোর প্রভু
হা হা প্রভু রূপ সনাতন ॥
কান্দে গোসাঞি রাত্রিদিনে পুড়ি যায় তনু মনে
ক্ষেণে অঙ্গ ধূলায় ধূসর।
চক্ষু অন্ধ অনাহার আপনাকে দেহ ভার
বিরহে হইল জর জর ॥
রাধাকুণ্ড-তটে পড়ি সঘনে নিশ্বাস ছাড়ি
মুখে বাক্য না হয় স্ফুরণ।
মন্দ মন্দ জিহ্বা নড়ে প্রেম-অশ্রু নেত্রে পড়ে
মনে কৃষ্ণ করয়ে স্মরণ ॥

সেই রঘুনাথদাস পূরাহ মনের আশ
এই মোর বড় আছে সাধ।
এ রাধাবল্লভ দাস মনে বড় অভিলাষ
প্রভু মোরে কর পরসাদ॥

শ্রীশ্রীগদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর সূচক

পাঠমঞ্জরী।

জয় জয় পণ্ডিত গোসাঞি।
যাঁর কৃপাবলে সে চৈতন্য-গুণ গাই॥
হেন সে গৌরাঙ্গচন্দ্রে যাঁহার পিরীতি
গদাধর-প্রাণনাথ যাহে নাম খ্যাতি॥
গৌরগতপ্রাণ প্রেম কে বুঝিতে পারে
ক্ষেত্রবাস কৃষ্ণসেবা যার লাগি ছাড়ে॥
গদাইর গৌরাঙ্গ গৌরাঙ্গের গদাধর।
শ্রীরাম-জানকী যেন এক কলেবর॥
যেন এক প্রাণ রাধা বৃন্দাবনচন্দ্র।
তেন গৌর গদাধর প্রেমের তরঙ্গ॥

কহে শিবানন্দ পঁহু যার অনুরাগে।
শ্যাম তনু গৌর হইয়া প্রেম মাগে॥

(২)

যথারাগ।

দয়ার সাগর মোর পণ্ডিত গোসাঞি।
তোমার চরণ বিনু মোর আর কিছু নাই॥
গৌরাঙ্গের সঙ্গে রঙ্গে অবতার করি।
নিজ নাম প্রকাশিলা জগৎ বিস্তারি॥
কলিযুগের জীব যত মলিন দেখিয়া।
নিজ রাধানাম দিলা জগৎ ভরিয়া॥
সেই রাধা গদাধর গৌরাঙ্গের কোলে।
সেই কৃষ্ণ চৈতন্য সববশাস্ত্রে বলে॥
রাধা রাধা বলি গৌরাঙ্গ পণ্ডিতেরে ডাকে।
সেই এই বৃন্দাবনে সখী লাখে লাখে॥
পণ্ডিত গোসাঞির প্রেমে ভাসিল সংসারে।
বৃন্দাবনে তিন ঠাকুর সমর্পিল তাঁরে॥
তিন সেবক দিয়া পণ্ডিত তিন ঠাকুর সেবে।
পণ্ডিত গোসাঞির কৃপা মোরে কবে হবে॥
পণ্ডিত গোসাঞি আমার জগতের প্রাণ।
নয়নানন্দের মনে নাহি জানে আন॥

(৩)

বেলোয়ার।

জয় জয় শ্রীল- গদাধর পণ্ডিত
মণ্ডিত ভাব ভূষণ অনুপম।
শ্রীচৈতন্য-অভিন্ন শকতি গুণ নাম
ধন্য সুদুর্গম যছু রসধাম॥
কিয়ে বিধি জগজন-দুরগতি জানি।
শ্রীবৃন্দাবন- মধুর-ভজন-ধন
সম্পদ-সার মিলায়ল আনি॥ ধ্রু॥
গর গর গৌর- প্রেমভরে ঝর ঝর
অরুণ করুণ বরুণালয় আঁখি।
ক্ষেণেকে স্তবধ শবদ ক্ষেণে গদ গদ
আধ আধ পদ গোপীনাগ ভাখি॥
নব অনুরাগী লাগি রহু অস্ত
উগলয়ে ক্ষেণে প্রেম-জলধি-তরঙ্গ।
দাস শিবাই আওই ক্ষীণ দীনজন
না পাওল সতত অসত পথ রঙ্গ॥

শ্রীশ্রীবাস-পণ্ডিত ঠাকুরের সূচক।

কল্যাণী।

সপ্তদ্বীপ দীপ্ত করি শোভে নবদ্বীপপুরী
যাহে বিশ্বম্ভর দেবরাজ।

তাহে তাঁর ভক্ত যত তাহাতে শ্রীবাস খ্যাত
শ্রীকৃষ্ণ-কীর্ত্তন যাঁর কাজ ॥
জয় জয় ঠাকুর পণ্ডিত।
যাঁর কৃপালেশ মাত্র হয় গৌর-প্রেমপাত্র
অনুপাম সকল চরিত ॥
গৌরাঙ্গের সেবা বিনে দেব দেবী নাহি জানে
চারি ভাই দাস-দাসী লয়ে।
সতত-কীর্ত্তন রঙ্গে গৌর-গৌরভক্ত-সঙ্গে
অহর্নিশি প্রেমে মত্ত হয়ে ॥
যাঁর ভার্য্যা শ্রীমালিনী পতিব্রতা-শিরোমণি
যারে প্রভু কহয়ে জননী।
নিত্যানন্দ রহে ঘরে পুত্র-সম স্নেহ করে
স্তন ঝরে নেত্রে বহে পানী ॥
কভু বা ঈশ্বর জ্ঞানে নতি করে শ্রীচরণে
কভু কোলে করয়ে লালন।
প্রভুর নৃত্য-ভঙ্গ লাগি মৃত-পুত্র-শোকত্যাগী
শুনি প্রভু করয়ে রোদন ॥
ভ্রাতৃসুতা নারায়ণী বৈষ্ণব মণ্ডলে ধ্বনি
যার পুত্র বৃন্দাবন দাস।
বর্ণিয়া চৈতন্য-লীলা ত্রিভুবন উদ্ধারিলা
প্রেমদাস কহে যার আশ ॥

শ্রীশ্রীবক্রেশ্বর পণ্ডিত গোস্বামী প্রভুর সূচক।

যথা রাগ।

আরে মোর কুলমণি কেবল প্রেমের খনি
বক্রেশ্বর পণ্ডিত ঠাকুর।
অদ্ভুত চরিত্র তাঁর কহে হেন সাধ্য কার
জাবে যাঁর করুণা প্রচুর॥
বুঝিতে না পারে কেহ অত্যন্ত উদার দেহ
শ্রীগৌরচন্দ্রের কৃপাপাত্র।
দুঃখ সব যায় ক্ষয় ব্রহ্মাণ্ড পবিত্র হয়
যাঁর নাম-স্মরণেই মাত্র॥
মহাপ্রভুর শ্রীচরণ- কমল-ভ্রমর-মন
কৃষ্ণপ্রেম-বিহ্বল সদাই।
দেবাসুর আদি যত যাঁর নৃত্যে বিমোহিত
ভাবাবেশে বুঝন না যায়॥
পুলক হুঙ্কার লম্ফ স্বেদ হাস্য অশ্রু কম্প,
মূর্চ্ছা আনন্দাদি নিরন্তর।
সঙ্কীর্ত্তন মাঝে মত্ত যে করে অদ্ভুত নৃত্য
এক ভাবে চব্বিশ প্রহর॥
প্রভু যাঁর নৃত্যকালে ভুজ তুলি হরি বলে
চতুর্দ্দিকে বুলয়ে ধাইয়া।
পুনঃ প্রভু গৌরহরি বক্রেশ্বর-পানে হেরি
গান করে প্রেমে মত্ত হৈয়া॥

বক্রেশ্বর যত ক্ষণ নৃত্য করে তত ক্ষণ
বেত্র হস্তে লৈয়া গৌরচন্দ্র।
করিয়া যতেক প্রীতি লোকে করে এক ভাঁতি
উপজয়ে সবার আনন্দ॥
বক্রেশ্বর স্থির হৈলে প্রভু ধরি রাখে কোলে
তাহার অঙ্গের ধূলা লৈয়া।
সে ধূলা আপন অঙ্গে লেপন করয়ে রঙ্গে
নেত্রজলে অশ্রুযুক্ত হৈয়া॥
প্রভু সমাধিয়া অতি কহে বক্রেশ্বর প্রতি
মুখ্য এক পাখা তুমি মোর।
যদি আর পাখা পাও আকাশে উড়িয়া যাও
ঐছে কত কাছে নাহি ভর॥
হেন বক্রেশ্বর যাকে করুণা করয়ে তাকে
চৈতন্য-চরণ-ধন মিলে।
কি কব মহিমা তার মো হেন পাপী দুরাচার
কত দীন হীন উদ্ধারিলে॥
নরহরি অকিঞ্চন করে এই নিবেদন
কৃপা কর মো হেন পামরে।
বৃথা জন্ম গোঙাইনু ভক্তি মর্ম্ম না বুঝিনু
মজিলাম এ ভব-সংসারে॥

শ্রীশ্রীহরিদাস ঠাকুরের সূচক।

শ্রীরাগ।

জয় জয় প্রভু মোর ঠাকুর হরিদাস।
যে করিলা হরিনামের মহিমা প্রকাশ॥
গৌর-ভক্তগণ মধ্যে সর্ব্ব-অগ্রগণ্য।
যাঁর গুণ গাইয়া কান্দে আপনে চৈতন্য॥
অদ্বৈত আচার্য্য প্রভুর প্রিয় প্রেমসীমা।
তেঁহো সে জানেন হরিদাসের মহিমা॥
নিত্যানন্দ চাঁদ যাঁরে প্রাণ হেন জানে।
চরণ-পরশে মহী দেহ ধন্য মানে॥
হরেকৃষ্ণ হরেরাম কে শুনাবে আর।
হরিদাস ছেড়ে গেল প্রাণ বাঁচা ভার॥
হরিদাস আছিল পৃথিবীর শিরোমণি।
তেঁহো বিনা রত্নশূন্য হৈল মেদিনী॥
জয় হরিদাস বলি কর হরিধ্বনি।
এত বলি মহাপ্রভু নাচয়ে আপনি॥
সবে গাও জয় জয় জয় হরিদাস।
নামের মহিমা যেঁহো করিলা প্রকাশ॥

শ্রীশ্রীগোপালগুরু-গোস্বামীপ্রভুর সূচক।

যথারাগ।

আরে মোর গোপাল-গুরু ভকতি-কল্পতরু
মকরধ্বজ নাম যাঁহার।
শ্রীকৃষ্ণচৈতন্য যাঁকে গোপাল বলিয়ে ডাকে
দেখি শিশু চরিত্র উদার॥
গৌরাঙ্গের সেবারসে সদাই আনন্দে ভাসে
গোরা বিনু নাহি জানে আন।
তিলেক না দেখি যারে ধৈরয ধরিতে নারে
গোরা যেন গোপালের প্রাণ॥
গোপাল শিশুর প্রতি শিক্ষা দিল এক রীতি
প্রভু প্রেমাবেশে ঢুলি ঢুলি।
কহে সবে আরে আরে আজি হৈতে গোপালেরে
ডাকিবা গোপাল-গুরু বলি॥
গোপালে করুণা দেখি সবার সজল আঁখি
সুখের সমুদ্র উছলিল।
সবে কহে অনুপম শ্রীগোপাল-গুরু নাম
প্রভু-দত্ত জগতে ব্যাপিল॥
গোপালের গুরুভক্তি কহিতে নাহিক শক্তি
সদাই প্রসন্ন বক্রেশ্বর।
মহামত্ত নিজ গীতে নাহিক উপমা দিতে
সর্ব্ব চিত্তাকর্ষে কলেবর॥

দেখিল সকল ঠাঁই এমন দয়ালু নাই
কেবা না জগতে যশ ঘোষে।
সবে কৈল প্রেমপাত্র হৈল বঞ্চিত মাত্র
নরহরি নিজ কর্ম্মদোষে।

শ্রীশ্রীগৌরীদাস পণ্ডিত ঠাকুরের সূচক।

(১)

ভাটিয়ারী

ঠাকুর পণ্ডিতের বাড়ী গোরা নাচে ফিরি ফিরি
নিত্যানন্দ বলে হরি হরি।
কান্দি গৌরীদাস বলে পড়ি প্রভুর পদতলে
কভু না ছাড়িবে মোর বাড়ী॥
আমার বচন রাখ অম্বিকা-নগরে থাক
এই নিবেদন তুয়া পায়।
যদি ছাড়ি যাবে তুমি নিশ্চয় মরিব আমি
রহিব সে নিরখিয়া কায়॥
তোমরা যদি দুটি ভাই থাক মোর এই ঠাই
তবে সবার হয় পরিত্রাণ।
পুন নিবেদন করি না ছাড়িহ গৌরহরি
তবে জানি পতিতপাবন॥

প্রভু বলে গৌরীদাস ছাড়হ এমত আশ
প্রতিমূর্ত্তি সেবা করি দেখ।
তাহাতে আছিয়ে আমি নিশ্চয় জানিহ তুমি
সত্য মোর এই বাক্য রাখ॥
এত শুনি গৌরীদাস ছাড়ি দীর্ঘ নিশ্বাস
ফুকারি ফুকারি পুন কান্দে।
পুন সেই দুই ভাই প্রবোধ করয়ে তায়
তবু হিয়া থির নাহি বান্ধে॥
কহে দীন কৃষ্ণদাস চৈতন্য-চরণে আশ
দুই ভাই রহিল তথায়।
ঠাকুর পণ্ডিতের প্রেমে বন্দী হৈল দুই জনে
ভকত-বৎসল গোঁরা রায়॥

---

(১)

কামোদ।

আকুল দেখিয়া তারে কহে গৌর ধীরে ধীরে
আমরা থাকিলাম তোমার ঠাঞি।
নিশ্চয় জানিহ তুমি তোমার এ ঘরে আমি
রহিলাম বন্দী দুই ভাই॥
এতেক প্রবোধ দিয়া দুই মূর্ত্তি মূর্ত্তি লঞা
আইল পণ্ডিত বিদ্যমান।

চারি জনে দাঁড়াইল পণ্ডিত বিস্ময় ভেল
ভাবে অশ্রু বহয়ে নয়ান॥
পুন প্রভু কহে তারে তোর ইচ্ছা হয় যারে
সেই দুই রাখ নিজ ঘরে।
তোমার প্রতীত লাগি তোর ঠাঞি খাব মাগি
সত্য সত্য জানিহ অন্তরে॥
শুনিয়া পণ্ডিত রাজ করিলা রন্ধন কাজ
চারি জনে ভোজন করিলা।
পুষ্প মালা বস্ত্র দিয়া তাম্বূলাদি সমর্পিয়া
সর্ব্ব অঙ্গে চন্দন লেপিলা॥
নানা মতে পরতীত করাইয়া ফিরাইল চিত
দোঁহারে রাখিলা নিজ ঘরে।
পণ্ডিতের প্রেম লাগি দুই ভাই খাই মাগি
দোঁহে গেলা নীলাচলপুরে॥
পণ্ডিত করয়ে সেবা যখন যে ইচ্ছা যেবা
সেই মত করয়ে বিলাস।
হেন প্রভু গৌরীদাস তাঁর পদ করি আশ
কহে দীন হীন কৃষ্ণদাস॥

শ্রীলোকনাথ গোস্বামী প্রভুর সূচক।

যথা রাগ।

গৌরপ্রেম-গুণমণি কেবল প্রেমের খনি
লোকনাথ লোকের পরাণ।
যাঁর শিশুকাল হৈতে প্রবল বৈরাগ্য চিতে
পরম উদার দয়াবান॥
প্রেমরস-আস্বাদনে দিবা নিশি নাহি জানে
আন কথা না করে শ্রবণ।
মাতৈশ্বর্য্য ত্যাগ করি আইলা নবদ্বীপপুরী
যথা প্রভু শ্রীশচীনন্দন॥
প্রভু-মুখ নিরখিয়া ধরণীতে লোটাইয়া
রহিলেন চরণ-যুগলে।
গৌরাঙ্গ আনন্দ-মনে হেরি লোকনাথ-পানে
প্রেমভরে করে টলমলে॥
আইস আইস লোকনাথ আজি মোর সুপ্রভাত
এত কহি শচীর কুমার।
ভুজযুগ পসারিয়া আলিঙ্গন কৈল ধাঞা
বুক বহি পড়ে অশ্রুধার॥
লোকনাথ করে দৈন্য শুনি প্রভু শ্রীচৈতন্য
নিষেধি নিকটে বসাইলা।
প্রেমাবেশে বার বার পুছে প্রভু সমাচার
লোকনাথ সব নিবেদিলা।

পুন প্রভু হৃষ্ট হঞা প্রিয় লোকনাথে লঞা
নিভৃতে কহয়ে ধীরে ধীরে।
মনোদুঃখ পরিহরি মোর দোষ ক্ষমা করি
যাইতে হইল ব্রজপুরে॥
সনাতন রূপের সাথ ভট্টযুগ রঘুনাথ
আর যত মোর প্রিয়গণ।
ক্রমে ক্রমে সেই স্থানে মিলিবে তোমার সনে
পাইবে আনন্দ অনুক্ষণ॥
আর এক শুন তুমি কত দিন পরে আমি
করিব সন্ন্যাস অধিকার।
দেবের দুর্ল্লভ ধন জীবে করি বিতরণ
নাশিব দারুণ কলি-ভার॥
ভক্তগণ লঞা সঙ্গে বিহরিব নানা রঙ্গে
সঙ্কীর্ত্তন প্রচার করিয়া।
বৃন্দাবনে থাক তুমি সকল শুনাব আমি
সমাচার দিব পাঠাইয়া॥
শুনি সন্ন্যাসের কথা অন্তরে উঠিল ব্যথা
প্রভুর শ্রীকেশ-পানে চায়।
কান্দিয়া কান্দিয়া বলে হায় প্রভু কি বলিলে
ইহা বলি ভূমে পড়ি যায়॥
অদ্ভুত গৌরাঙ্গ-গুণ আপনি অধৈর্য্য পুন
প্রিয়-লোকনাথ-হাতে ধরি।

প্রবোধিয়া কত কত রাধাকৃষ্ণ-প্রেমামৃত
পিয়াইল পুন কৃপা করি ॥
লোকনাথ মনে গণি প্রভুর বচন মানি
অতিশয় মনোদুঃখী হঞা ।
প্রভু-পদ হৃদে ধরি চলিলেন ব্রজপুরী
সবাকার অনুমতি লঞা ॥
দেখি লোকনাথ গতি প্রভু সে ব্যাকুল অতি
লোকনাথ-পথ হেরি কান্দে ।
প্রিয় গদাধর-আদি যত্ন করে নানাবিধি
তথাপিও ধৈর্য্য নাহি বান্ধে ॥
এথা পথে লোকনাথ শিরে দিয়া দুই হাত
কান্দিয়া কহয়ে বারবার ।
গৌর-মুখচন্দ্র-হাসি বরিখে অমিয়া রাশি
বুঝি না দেখিতে পাব আর ॥
সঙ্গে লঞা ভক্তগণ বিহরিবে অনুক্ষণ
সঙ্কীর্ত্তন-সুখের হিল্লোলে ।
মুই অতি অভাগিয়া দেখিতে না পাব ইহা
বিধাতা বঞ্চিত কৈল মোরে ॥
এইরূপ আক্ষেপ মনে দিবা নিশি নাহি জানে
কত দিনে গেল বৃন্দাবনে ।
যমুনা-পুলিন বনে কুণ্ড গিরি গোবর্দ্ধনে
দেখি প্রেমধারা দুনয়নে ।

পূর্ব্ববাস মনোহর শ্রীযাবট নন্দীশ্বর
বৃষভানুপুর অনুপম।
আর যত স্থানগণ তাহে ভ্রমে অনুক্ষণ
তরুতলে বসতি নিয়ম॥
প্রেমের তরঙ্গ অতি নাহি কোন স্থানে স্থিতি
কত দিন পরে বৃন্দাবনে।
শ্রীসুবুদ্ধি মিশ্র রূপ সনাতন ভক্তিভূপ
মিলিলেন এ সবার সনে॥
নানা ভাব পরকাশে সদা সেবানন্দে ভাসে
শ্রীরাধাবিনোদ প্রাণ যাঁর।
গৌরগুণ-সঙ্কীর্ত্তনে উদ্ধারে পতিত জনে
ত্রিজগতে মহিমা অপার॥
কহে নরহরি দীন মো বড় বিষয়া হীন
হেন জন্ম বিফলে গোঙাইনু।
নরোত্তম-প্রাণনাথ মোরে কর আত্মসাথ
তুয়া পদে শরণ লইনু॥

শ্রীশ্রীনরহরি সরকার ঠাকুরের সূচক।

(১)

ধানশী।

ভূখণ্ড মণ্ডল মাঝে তাহাতে শ্রীখণ্ড সাজে
মধুমতী যাহে পরকাশ।

ঠাকুর গৌরাঙ্গ-সনে বিলসয়ে রাত্রিদিনে
নাম ধরে নরহরি দাস॥
শ্রীরাধিকার সহচরী রূপে গুণে আগরী
মধুর মাধুরী অনুপাম।
অবনীতে অবতরি পুরুষ-আকৃতি ধরি
পূর্ণ কৈল চৈতন্যের কাম॥
মধুমতী মধুদানে ভাসাইলা ত্রিভুবনে
মত্ত কৈল গৌরাঙ্গ নাগরে।
মাতিল সে নিত্যানন্দ আর সব ভক্তবৃন্দ
বেদ বিধি পড়িল ফাঁফরে॥
যোগপথ করে নাশ ভকতির পরকাশ
করিল মুকুন্দ সহোদর।
পাাপয়া শেখর রায় বিকাইলা রাঙ্গা পায়
শ্রীরঘুনন্দন প্রাণেশ্বর॥

(২)

ধানশী।

গৌড়দেশে রাঢভূমে শ্রীখণ্ড নামেতে গ্রামে
মধুমতী প্রকাশ যাহায়।
শ্রীমুকুন্দদাস-সঙ্গে শ্রীরঘুনন্দন রঙ্গে
ভক্তিতত্ত্ব জগতে লওয়ায়॥

শুনি মধুমতী নাম নিত্যানন্দ বলরাম
সপার্ষদে দিলা দরশন।
দেখি অবধৌতচন্দ্র হইলা পরমানন্দ
নতি করি বন্দিল চরণ॥
কহে নিত্যানন্দ রাম শুনি মধুমতী নাম
আসিয়াছি তৃষিত হইয়া।
এত শুনি নরহরি নিকটেতে জল হেরি
সেই জল ভাজনে ভরিয়া॥
আনিয়া ধরিল আগে মধু-স্নিগ্ধ-মিষ্ট লাগে
গণ সহ খায় নিত্যানন্দ।
যত জল ভরি আনে মধু হয় তত ক্ষণে
পুন পুন খাইতে আনন্দ॥
মধুমতী মধু-দান সপার্ষদে করি পান
উনমত্ত অবধৌত রায়।
হাসে কান্দে নাচে গায় ভূমে গড়াগড়ি যায়
উদ্ধব দাস রস গায়॥

শ্রীশ্রীরঘুনন্দন ঠাকুরের সূচক।

(১)

ধানশী।

প্রকট শ্রীখণ্ডবাস নাম শ্রীমুকুন্দ দাস
ঘরে সেবা গোপীনাথ জানি।

গেল কোন কার্য্যান্তরে সেবা করিবার তরে
শ্রীরঘুনন্দনে ডাকি আনি ॥
ঘরে আছে কৃষ্ণসেবা যত্ন করি খাওয়াইবা
এত বলি মুকুন্দ চলিলা।
পিতার আদেশ পাঞা সেবার সামগ্রী লঞা
গোপীনাথের সম্মুখে আইলা ॥
শ্রীরঘুনন্দন অতি বয়ঃক্রম শিশুমতি
খাও বলে কান্দিতে কান্দিতে।
কৃষ্ণ সে প্রেমের বশে না রাখিয়া অবশেষে
সকল খাইলা অলক্ষিতে ॥
আসিয়া মুকুন্দ দাস কহে বালকের পাশ
প্রসাদ নৈবেদ্য আন দেখি।
শিশু কহে বাপু শুন সকলি খাইলা পুন
অবশেষ কিছুই না রাখি ॥
শুনি অপরূপ হেন বিস্মিত-হৃদয়ে পুন
আর দিন বালকে কহিয়া।
সেবা-অনুমতি দিয়া বাড়ীর বাহির হৈয়া
পুন আসি রহে লুকাইয়া ॥
শ্রীরঘুনন্দন অতি হৈয়া হরষিত-মতি
গোপীনাথে লাড়ু দিয়া করে।
খাও খাও করে ঘন অর্দ্ধেক খাইতে হেন
সময়ে মুকুন্দ দেখি দ্বারে ॥

যে খাইল রহে তেন আর না খাইল পুন
দেখিয়া মুকুন্দ প্রেমে ভোর।
নন্দন করিয়া কোলে গদ গদ স্বরে বলে
নয়নে বরিখে ঘন লোর॥
অদ্যাপি শ্রীখণ্ডপুরে অর্দ্ধ লাড়ু আছে করে
দেখে যত ভাগ্যবন্ত জনে।
অভিন্ন মদন যেই শ্রীরঘুনন্দন সেই
এ উদ্ধবদাস রস ভণে॥

সুহই।

শ্রীবৃন্দাবন অভিনব সুমদন
শ্রীরঘুনন্দন রাজে।
লাখ লাখ বর বিমল সুধাকর
উয়ল খণ্ড সমাজে॥
জয় পঁহু নটন-কলারস-ধার।
নিখিল মহোৎসব গৌর গুণার্ণব
প্রেমময় সকল শরীর।
রুচির তরুণতর নটবর শেখর
পীতাম্বর-বরধারী।

গাই গাওয়ায়ত গৌর-গুণামৃত
ভবভয়-খণ্ডনকারী ॥
পদতল রাতুল পঙ্কজ নহ তুল
পদনখ ইন্দু পরকাশে।
সো পদ রজনী দিনে শয়নে স্বপনে মনে
রায় শেখর করু আশে ॥

---

(৩)

ধানশী।

পূর্ব্বে শ্রীদাম এবে অভিরাম
মহাতেজঃপুঞ্জ রাশি।
বাঁশী বাজাইতে ভ্রমিতে ভ্রমিতে
শ্রীখণ্ড গ্রামেতে আসি ॥
দেখিয়া মুকুন্দে কহয়ে সানন্দে
কোথায়ে রঘুনন্দন।
তাহারে দেখিতে আইলাম হেথাতে
আনি দেহ দরশন ॥
শুনি ভয় পাঞা রাখে লুকাইয়া
গৃহেতে দুয়ার দিয়া।
হেথা নাহি ঘরে বলি স্তুতি করে
অভিরাম গেল না দেখিয়া ॥

বড়ডাঙ্গি নামে স্থান নিরজনে
নৈরাশ হইয়া বসি।
বুঝি তার মন শ্রীরঘুনন্দন
অলক্ষিতে মিলে আসি॥
দেখিয়া তাহারে দণ্ডবৎ করে
দুই চারি পাঁচ সাতে।
শ্রীরঘুনন্দনে করি আলিঙ্গনে
আনন্দ-আবেশে মাতে॥
তবে দুঁহু মেলি নাচে কুতূহলী
নিজ প্রভু-গুণ গাঞা।
চরণ ঝাড়িতে নূপুর পড়িল
আকাই হাটেতে যাঞা॥
অভিরাম সনে শ্রীরঘুনন্দনে
মিলন হইল শুনি।
সঘনে মুকুন্দ হই নিরানন্দ
কান্দে শিরে কর হানি॥
পত্নীর সহিতে বিষাদিত-চিতে
আইলা দোঁহার পাশ।
দুহুঁ নৃত্য-গীত দেখি হরষিত
ভণয়ে উদ্ধবদাস॥

শ্রীশ্রীনিবাস আচার্য্য ঠাকুরের সূচক।

(১)

কামোদ।

ও মোর জীবন-প্রাণ পরম করুণাবান
আচার্য্যঠাকুর শ্রীনিবাস।
জিনিয়া কাঞ্চন দেহ জগতে বিদিত যেহ
শ্রীচৈতন্য-প্রেমের প্রকাশ॥
চৈতন্যের প্রিয় মত করে স্নেহ অবিরত
কহিতে কি জানি গুণগণ।
অল্প বয়স হৈতে বিদ্যায় নিপুণ চিতে
চিন্তে সদা চৈতন্য-চরণ॥
একদিন রাত্রিশেষে শ্রীচৈতন্য স্নেহাবেশে
নিতাইচাঁদেরে সঙ্গে লঞা।
শ্রীনিবাস-পাশে আসি স্বপ্নছলে হাসি হাসি
কহে শ্রীনিবাস-মুখ চাঞা॥
যাবে শীঘ্র বৃন্দাবন তথা রূপ সনাতন
রাচল বিচিত্র গ্রন্থগণ।
বিতরিব তোমা দ্বারে এত কহি বারে বারে
নিত্যানন্দে কৈল সমর্পণ॥
হেন কালে স্বপ্নভঙ্গ ধরিতে নারয়ে অঙ্গ
শ্রীনিবাস ব্যাকুল হইলা।

নীলাচল গৌড়দেশে ভ্রমিয়া সে প্রেমাবেশে
বৃন্দাবনে গমন করিলা॥
কত অভিলাষ মনে উলাসে অলপ দিনে
মথুরা নগরে প্রবেশিল।
শ্রীরূপ শ্রীসনাতন এ দোঁহার অদর্শন
শুনি তথা মূর্চ্ছিত হইল॥
কাঁদয়ে চেতন পাঞা কহে ভূমে লোটাইয়া
হা হা প্রভু রূপ সনাতন।
কি লাগি বঞ্চিত কৈলা না বুঝি এ সব খেলা
কি লাগিয়া রাখিলা জীবন॥
ঐছে খেদযুক্ত মন জানি রূপ সনাতন
স্বপ্নছলে আসি প্রেমাবশে।
শ্রীনিবাসে কোলে লঞা নেত্রবারি নিবারিয়া
কহে অতি সুমধুর ভাষে॥
শীঘ্র গিয়া বৃন্দাবন কর আত্ম-সমর্পণ
শ্রীগোপাল ভট্টের চরণে।
না ভাবিবে কোন দুঃখ পাইবে পরম সুখ
ঐছে দেখা দিব দুই জনে॥
এত কহি অদর্শন হৈল রূপ সনাতন
শ্রীনিবাস প্রভাতে উঠিয়া।
প্রবেশয়ে বৃন্দাবনে প্রেমধারা দুনয়নে
বৃন্দাবন-শোভা নিরখিয়া॥

শ্রীজীব শ্রীশ্রীনিবাসে পাইয়া আনন্দাবেশে
গোস্বামিগণেরে মিলাইল।
শ্রীরূপের স্বপ্নাদেশে অতি স্নেহে শ্রীনিবাসে
শ্রীগোপাল ভট্ট শিষ্য কৈল॥
শ্রীজীব গোসাঞির যত স্নেহ কে কহিবে কত
করাইলা শাস্ত্রে বিচক্ষণ।
শ্রীনিবাস আনন্দমনে প্রিয়-নরোত্তম-সনে
কিছু দিনে হইলা মিলন॥
নরোত্তমে লঞা সঙ্গে ব্রজে ভ্রমিলেন রঙ্গে
গোবিন্দের আজ্ঞা-মাল পাঞা
গোস্বামীর গ্রন্থগণ করিলেন বিতরণ
শ্রীগৌড়মণ্ডলে স্থির হঞা।
গৌর-প্রেমসুধা-পানে সদা মত্ত সঙ্কীর্ত্তনে
জগতে ঘোষয়ে যশ যাঁর।
কত নরহরি দীনে উদ্ধারে আপনা গুণে
এমন দয়াল নাহি আর।

(২)

প্রভু মোর শ্রীনিবাস পুরাইলে মনের আশ
তুয়া পদে কি বলিব আর।
আছিনু বিষয়-কীট বড়ই লাগিত মিঠ
ঘুচাইলা রাজ-অহঙ্কার॥

করিতু গরল পান সে ভেল ডাহিন বাম
দেখাইলা অমিয়ার ধার।
পিব পিব করে মন সব লাগে উচাটন
এমতি তোমার ব্যবহার॥
রাধাপদ সুধারাশি সে পদে করিলা দাসী
গোরা-পদে বাঁধি দিলা চিত।
শ্রীরাধারমণ সহ দেখাইলা কুঞ্জগেহ
জানাইলা দুঁহু প্রেমরীত॥
কালিন্দীর কূলে যাই সখীগণে ধাওয়া ধাই
রাইকানু বিহরই সুখে।
এ বাব হাম্বীর হিয়া ব্রজভূমি সদা ধেয়া
যাঁহা অলি উড়ে লাখে লাখে॥

(৩)

মঙ্গল।

অনুখণ গৌর- প্রেমরসে গর গর
ঢর ঢর লোচনে লোর।
গদ গদ ভাষ হাস ক্ষণে রোয়ত
আনন্দে মগন সঘনে হরিবোল॥
পহু মোর শ্রীশ্রীনিবাস।
অবিরত বাম- চন্দ্র পহু বিহরত
সঙ্গে নরোত্তম দাস॥ ধ্রু॥

ব্রজপুর-চরিত সতত অনুমোদই
রসিক-ভকতগণ-পাশ।
ভকতি-রতন-ধনে যাচত জনে জনে
পুন কি গৌর পরকাশ॥
ঐছে দয়াল কবহুঁ নাহি হেরিয়ে
ভুবন চতুর্দ্দশ মাঝে।
দীন হীন পতিতে পরম পদ দেয়ল
ধবণী বঞ্চিত নিজ কাজে॥

শ্রীনরোত্তম ঠাকুর মহাশয়ের সূচক।

(১)

কামোদ।

ও মোর করুণাময় শ্রীঠাকুর মহাশয়
নরোত্তম প্রেমের মূরতি।
কিবা সে কোমল তনু শিরীষ কুসুম জনু
জিনিয়া কনক দেহজ্যোতি॥
অলপ বয়স তায় কোন সুখ নাহি ভায়
গোরাগুণ শুনি সদা ঝুরে।
রাজ্যভোগ তেয়াগিয়া অতি লালায়িত হঞা
গমন করিলা ব্রজপুরে॥

প্রবেশিয়া বৃন্দাবনে পরম আনন্দমনে
লোকনাথে আত্ম সমর্পিল।
কৃপা করি লোকনাথ করিলেন আত্মসাথ
রাধাকৃষ্ণ-মন্ত্র দীক্ষা দিল॥
নরোত্তম-চেষ্টা দেখি বৃন্দাবনে সবে সুখী
প্রাণের সমান করে স্নেহ
শ্রীনিবাসাচার্য্য-সনে যে মর্ম্ম তা কেবা জানে॥
প্রাণ এক ভিন্ন মাত্র দেহ॥
শ্রীরাধাবিনোদ দেখি সদাই জুড়ায় আঁখি
প্রভু-লোকনাথ-সেবারত।
ভক্তিশাস্ত্র অধ্যয়নে মহানন্দ বাড়ে মনে
পূর্ণ হৈল অভিলাষ যত।
প্রভু অনুমতি মতে শ্রীব্রজমণ্ডল হৈতে
শ্রীগৌড়মণ্ডলে প্রবেশিলা।
প্রভু-অনুগ্রহ-বলে নবদ্বীপ নীলাচলে
ভক্তগৃহে ভ্রমণ করিলা॥
কিবা সে মধুর রীতি খেতরী গ্রামেতে স্থিতি
সেবে গৌর শ্রীরাধারমণ।
শ্রীবল্লবীকান্ত নাম রাধাকান্ত রসধাম
রাধাকৃষ্ণ শ্রীব্রজমোহন॥
এ ছয় বিগ্রহ যেন সাক্ষাৎ বিহরে হেন
শোভা দেখি কেবা নাহি ভুলে।

প্রিয় রামচন্দ্র সঙ্গে নরোত্তম মহারঙ্গে
ভাসে সদা আনন্দ-হিল্লোলে॥
নরোত্তম-গুণ যত কে তাহা কহিবে কত
প্রেমবৃষ্টি যাঁর সঙ্কীর্ত্তনে।
শ্রীঅদ্বৈত নিত্যানন্দ গণ সহ গৌরচন্দ্র
নাচয়ে দেখিল ভাগ্যবানে॥
গৌরগণ-প্রিয় অতি নরোত্তম মহামতি
বৈষ্ণব-সেবনে যাঁর ধ্বনি।
কি অদ্ভুত দয়াবান্ কারে বা না করে দানে
নির্ম্মল ভকতি-চিন্তামণি॥
পাষণ্ডী অসুরগণে মাতাইলা গোরাগুণে
বিহ্বল হইয়া প্রেমরসে।
অলৌকিক ক্রিয়া যাঁর হেন কি হইবে আর
সে না যশ ঘোষে দেশে দেশে॥
কহে নরহরি হীন হবে কি এমন দিন
নরোত্তম-পাদে বিকাইব।
সঘনে দুবাহু তুলি প্রভু নরোত্তম বলি
কাঁদিয়া ধূলায় লোটাইব॥

(২)

ভাটিয়ারী।

জয় রে জয় রে জয় ঠাকুর নরোত্তম
প্রেমভকতি-মহারাজ।
যাঁকো মন্ত্রী অভিন্ন-কলেবর
রামচন্দ্র কবিরাজ॥
প্রেম-মুকুটমণি ভূষণ ভাবাবলী
অঙ্গহি অঙ্গ বিরাজ।
নৃপ আসন খেতরী মাহা বৈঠত
সঙ্গহি ভকত সমাজ॥
সনাতন-রূপ-কৃত গ্রন্থ ভাগবত
অনুদিন করত বিচার।
রাধা-মাধব যুগল উজ্জ্বল রস
পরমানন্দ সুখসার॥
শ্রীসঙ্কীর্ত্তন- বিষয়রস-উনমত
ধর্ম্মাধর্ম্ম নাহি জান।
যোগ-জ্ঞান-ব্রত- আদি ভয়ে ভাগত
রোয়ত করম-গেয়ান॥
ভাগবত শাস্ত্রগণ যো দেই ভকতিধন
তাক গৌরব করু আপ।
সাংখ্য মীমাংসক তর্কাদিক যত
কম্পিত দেখি পরতাপ॥

অভকত চৌর দূরহি ভাগি রহু
নিয়ড়ে নাহি পরকাশ।
দীন হীন জনে দেয়ল ভকতি-ধনে
বঞ্চিত গোবিন্দদাস॥

শ্রীশ্রীশ্যামানন্দ গোস্বামী প্রভুর সূচক।

১।

কামোদ।

ও মোর পরাণ-বন্ধু শ্যামানন্দ সুখসিন্ধু
সদাই বিহ্বল গোরাগুণে।
গৃহ পরিহরি দূরে আনন্দে অম্বিকাপুরে
আইলেন প্রভুর ভবনে॥
হৃদয়চৈতন্যে দেখি অঝোরে ঝরয়ে আঁখি
ভূমিতে পড়য়ে লোটাইয়া।
শিরে ধরি সে চরণ করি আত্ম-সমর্পণ
এক ভিতে রহে দাঁড়াইয়া।
দেখি শ্যামানন্দ-রীত ঠাকুর করিয়া প্রীত
নিকটে রাখিয়া শিষ্য কৈল।
করি অনুগ্রহ অতি শিখাইয়া ভক্তি-রীতি
নিতাই-চৈতন্যে সমর্পিল॥

কতক দিবস পরে পাঠাইতে ব্রজপুরে
শ্যামানন্দ ব্যাকুল হইলা।
প্রভু নিতাই চৈতন্য শ্যামানন্দে কৈলা ধন্য
যাত্রাকালে আজ্ঞা-মালা দিলা ॥
শ্যামানন্দ পথে চলে ভাসয়ে আঁখির জলে
সোঙরিয়া প্রভুর গুণগণ।
একাকী কতক দিনে প্রবেশিলা বৃন্দাবনে
বহু তীর্থ করিয়া ভ্রমণ ॥
দেখিয়া শ্রীবৃন্দাবণা আপনা মানয়ে ধন্য
আনন্দে ধরিতে নারে থেহা।
সিক্ত হৈয়া নেত্র-জলে লোটায় ধরণীতলে
বিপুল পুলকময় দেহা ॥
গিয়া গিরি গোবর্দ্ধনে কৈল যা আছিল মনে
শ্রীরাধাকুণ্ডের তটে আসি।
প্রেমায় বিহ্বল হৈলা দেখি অনুগ্রহ কৈলা
শ্রীদাস-গোসাঁঞি গুণরাশি ॥
শ্রীজীব-নিকটে গেলা নিজ পরিচয় দিলা
তেঁহো কৃপা কৈল বাৎসল্যেতে।
যেবা মনোরথ ছিল তাহা যেন পূর্ণ হৈল
হৃদয়চৈতন্য-কৃপা হৈতে ॥
ভ্রমিলা দ্বাদশ বন কৈলা গ্রন্থ অধ্যয়ন
হৈলা অতি নিপুণ সেবায়।

শ্রীগৌড় অম্বিকা হৈয়া রহিলা উৎকলে গিয়া
শ্রীগোস্বামিগণের আজ্ঞায় ॥
পাষণ্ডী-অসুর-গণে মাতাইলা গোরাগুণে
কারে বা না কৈলা ভক্তিদান।
অধম আনন্দে ভাসে শ্যামানন্দ-কৃপালেশে
কেবা না পাইল পরিত্রাণ ॥
কে জানিবে তাঁর তত্ত্ব সদা সঙ্কীর্ত্তনে মত্ত
অবনীতে বিদিত মহিমা।
নিজ-পরিকর-সঙ্গে বিলসে পরম-রঙ্গে
উৎকলে সুখের নাই সীমা ॥
যে বারেক দেখে তাঁরে সে ধৃতি ধরিতে নারে
কিবা সে মূরতি মনোহর।
নরহরি কহে কভু রসিকানন্দের প্রভু
হবে কি এ নয়ন-গোচর ॥

যথা রাগ।

জয় প্রভু শ্যামানন্দ করুণানিধান।
হেন প্রভু কোথা গেল করে অনাথিন ॥
হেন প্রভু কোথা গেলা না দেখিয়ে আর।
এবে শূন্য হল মোর সকল সংসার ॥

কে মোরে করিবে দয়া বাৎসল্য করিয়া।
কার সঙ্গে দেশে দেশে বুলিব ভ্রমিয়া॥
কার সঙ্গে করিব আর তীর্থ পর্য্যটন।
কে মোরে লইয়া যাবে শ্রীবৃন্দাবন॥
আর না দেখিব সে চরণ দুখানি।
এত বলি রসিকানন্দ লোটায় ধরণী॥
রসিকের অনুরাগ কহনে না যায়।
যাঁর অনুরাগ শুনি পাষাণ মিলায়॥
মোরে দয়া কর প্রভু শ্যামানন্দ রায়।
ময়া ত্বয়ি বরারোহে! প্রোক্তমেতৎ সুদুর্লভং॥
গোপনীয়ং প্রযত্নেন ন প্রকাশ্যং কথঞ্চন।
শঠায় পাপিনে চৈব লম্পটায় বিশেষতঃ॥
ন দাতব্যং ন দাতব্যং ন দাতব্যং কদাচন।
দেয়ং শিষ্যায় শান্তায় বিষ্ণুভক্তিরতায় চ॥
গোদানব্রহ্মযজ্ঞাদের্বাজপেয়শতস্য চ।
অশ্বমেধসহস্রস্য ফলং পাঠে ভবেদ্ ধ্রুবং॥

মোহনং স্তম্ভনঞ্চৈব মারণোচ্চাটনাদিকং।
যদযদ্বাঞ্ছতি চিত্তেন তত্তৎ প্রাপ্নোতি বৈষ্ণবঃ॥
একাদশ্যাং নরঃ স্নাত্বা সুগন্ধিদ্রব্যতৈলকৈঃ।
আহারং ব্রাহ্মণে দত্বা দক্ষিণাং স্বর্ণভূষণং॥
তত আরম্ভকর্ত্তাসৌ সর্ব্বং প্রাপ্নোতি মানবঃ।
শতাবৃত্তং সহস্রঞ্চ যঃ পঠেদ্বৈষ্ণবো জনঃ॥
শ্রীবৃন্দাবনচন্দ্রস্য প্রসাদাৎ সর্ব্বমাপ্নুয়াৎ।
যদ্গৃহে পুস্তকং দেবি! পূজিতঞ্চৈব তিষ্ঠতি॥
ন মারী ন চ দুর্ভিক্ষং নোপসর্গভয়ং ক্বচিৎ।
সর্পাদিভূতযক্ষাদ্যা নশ্যন্তি নাত্র সংশয়ঃ॥
শ্রীগোপালো মহাদেবি! বসেত্তস্য গৃহে সদা।
গৃহে যত্র সহস্রঞ্চ নাম্নাং তিষ্ঠতি পূজিতং॥

ইতি শ্রীসম্মোহনতন্ত্রে শ্রীহরপার্ব্বতী সংবাদে ত্রৈলোক্যমোহনং শ্রীশ্রীগোপালসহস্রনামস্তোত্রং সম্পূর্ণং।

শ্রীশ্রীরাধিকাসহস্রনামস্তোত্রং।

শ্রীশ্রীরাধিকায়ৈ নমঃ।

শ্রীপার্ব্বত্যুবাচ।

দেবদেব জগন্নাথ ভক্তানুগ্রহকারক ! ।
যদ্যস্তি ময়ি কারুণ্যং যদ্যস্তি ময়ি তে দয়া ॥
যদযৎ ত্বয়া প্রগদিতং তৎ সর্ব্বং মে শ্রুতং প্রভো ।
গুহ্যাদ্ গুহ্যতরং যত্তু যত্তে মনসি কাশতে ॥
ত্বয়া ন গদিতং যত্তু যস্মৈ কস্মৈ কদাচন ।
তস্মাৎ কথয় দেবেশ ! সহস্রং নাম চোত্তমং ॥
শ্রীরাধায়া মহাদেব্যা গোপ্যা ভক্তিপ্রসাধনং ।
ব্রহ্মাণ্ডকর্ত্রী হর্ত্রী সা কথং গোপীত্বমাগতা ॥

শ্রীমহাদেব উবাচ।

শৃণু দেবি : বিচিত্রার্থাং কথাং পাপহরাং শুভাং ।
নাস্তি জন্মানি কর্ম্মাণি তস্যা নূনং মহেশ্বরি ! ॥
যদা হরিশ্চরিত্রাণি কুরুতে কার্য্যগৌরবাৎ ।
তদা বিধত্তে রূপাণি হরিসান্নিধ্যসাধিনী ॥
তস্যা গোপীত্বভাবস্য কারণং গদিতং পুরা ।
ইদানীং শৃণু দেবেশি ! নাম্নাঞ্চৈব সহস্রকং ॥

যন্ময়া কথিতং নৈব তন্ত্রেষ্বপি কদাপি ন।
তব স্নেহাৎ প্রবক্ষ্যামি ভক্ত্যা ধার্য্যাং মুমুক্ষুভিঃ॥
মম প্রাণসমা বিদ্যা ভাব্যতে যে ত্বহর্ন্নিশং।
শৃণুষ্ব গিরিজে! নিত্যং পঠস্ব চ যথামতি॥
যস্যাঃ প্রসাদাৎ কৃষ্ণস্তু গোলোকেশঃ পরঃপ্রভুঃ।
অস্যা নামসহস্রস্য ঋষির্নারদ এব চ।
দেবী রাধা পরা প্রোক্তা চতুর্ব্বর্গপ্রসাধিনী॥

অথ সহস্রনামস্তোত্রং।

শ্রীরাধা রাধিকা কৃষ্ণবল্লভা কৃষ্ণসংযুতা।
বৃন্দাবনেশ্বরী কৃষ্ণপ্রিয়া মদনমোহিনী॥
শ্রীমতী কৃষ্ণকান্তা চ কৃষ্ণানন্দপ্রদায়িনী।
যশস্বিনী যশোগম্যা যশোদানন্দবল্লভা॥
দামোদরপ্রিয়া গোপী গোপানন্দকরী তথা।
কৃষ্ণাঙ্গবাসিনী হৃদ্যা হরিকান্তা হরিপ্রিয়া॥
প্রধানগোপিকা গোপকন্যা ত্রৈলোক্যসুন্দরী।
বৃন্দাবনবিহারিণী বিকাশিতমুখাম্বুজা॥
গোকুলানন্দকর্ত্রী চ গোকুলানন্দদায়িনী।
গতিপ্রদা গীতগম্যা গমনাগমনপ্রিয়া॥
বিষ্ণুপ্রিয়া বিষ্ণুকান্তা বিষ্ণোরঙ্কনিবাসিনী।
যশোদানন্দপত্নী চ যশোদানন্দগেহিনী॥
কামারিকান্তা কামেশী কামলালসবিগ্রহা।
জয়প্রদা জয়া জীবা জীবানন্দপ্রদায়িনী॥

নন্দনন্দনপত্নী চ বৃষভানুসুতা শিবা।
গণাধ্যক্ষা গবাধ্যক্ষা গবাং গতিরনুত্তমা ॥
কাঞ্চনাভা হেমগাত্রা কাঞ্চনাঙ্গদধারিণী।
অশোকা শোকরহিতা বিশোকা শোকনাশিনী ॥
গায়ত্রী বেদমাতা চ বেদাতীতা বিদুত্তমা।
নীতিশাস্ত্রপ্রিয়া নীতির্গতির্মতিরভীষ্টদা ॥
বেদপ্রিয়া বেদগর্ভা বেদমার্গপ্রবর্দ্ধিনী।
বেদগম্যা বেদপরা বিচিত্রকনকোজ্জ্বলা ॥
তথোজ্জ্বলপ্রদা নিত্যা তথৈবোজ্জ্বলগাত্রিকা।
নন্দপ্রিয়া নন্দসুতারাধ্যানন্দপ্রদা শুভা ॥
শুভাঙ্গী বিমলাঙ্গী চ বিলাসিন্যপরাজিতা।
জননী জন্মশূন্যা চ জন্মমৃত্যুজরাপহা ॥
গতির্গতিমতাং ধাত্রী ধাত্র্যানন্দপ্রদায়িনী।
জগন্নাথপ্রিয়া শৈলবাসিনী হেমসুন্দরী ॥
কিশোরী কমলা পদ্মা পদ্মহস্তা পয়োদদা।
পয়স্বিনী পয়োদাত্রী পবিত্রা সর্ব্বমঙ্গলা ॥
মহাজীবপ্রদা কৃষ্ণকান্তা কমলসুন্দরী।
বিচিত্রবাসিনী চিত্রবাসিনী চিত্ররূপিণী ॥
নির্গুণা সুকুলীনা চ নিষ্কুলীনা নিরাকুলা।
গোকুলান্তরগেহা চ যোগানন্দকরী তথা ॥
বেণুবাদ্যা বেণুরতির্বেণুবাদ্যপরায়ণা।
গোপালস্য প্রিয়া সৌম্যরূপা সৌম্যকুলোদ্বহা ॥

মোহাঽমোহা বিমোহা চ গতির্নিষ্ঠা গতিপ্রদা।
গীর্ব্বাণবন্দ্যা গীর্ব্বাণা গীর্ব্বাণগণসেবিতা ॥
ললিতা চ বিশোকা চ বিশাখা চিত্রমালিনী।
জিতেন্দ্রিয়া শুদ্ধসত্ত্বা কুলীনা কুলদীপিকা ॥
দীপপ্রিয়া দীপদাত্রী বিমলা বিমলোদকা।
কান্তারবাসিনী কৃষ্ণা কৃষ্ণচন্দ্রপ্রিয়া মতিঃ ॥
অনুত্তরা দুঃখহন্ত্রী দুঃখকর্ত্রী কুলোদ্বহা।
মতির্লক্ষ্মীর্ধৃতির্লজ্জা কান্তিঃ পুষ্টিঃ স্মৃতিঃ ক্ষমা ॥
ক্ষীরোদশায়িনী দেবী দেবারিকুলমর্দ্দিনী।
বৈষ্ণবী চ মহালক্ষ্মীঃ কুলপূজ্যা কুলপ্রিয়া ॥
সংহর্ত্রী সর্ব্বদৈত্যানাং সাবিত্রী বেদগামিনী।
বেদাতীতা নিরালম্বা নিরালম্বগণপ্রিয়া ॥
নিরালম্বজনৈঃ পূজ্যা নিরালোকা নিরাশ্রয়া।
একাঙ্গা সর্ব্বগা সেব্যা ব্রহ্মপত্নী সরস্বতী ॥
রাসপ্রিয়া রাসগম্যা রাসাধিষ্ঠাতৃদেবতা।
রসিকা রসিকানন্দা স্বয়ং রাসেশ্বরী পরা ॥
রাসমণ্ডলমধ্যস্থা রাসমণ্ডলশোভিতা।
রাসমণ্ডলসেব্যা চ রাসক্রীড়ামনোহরা ॥
পুণ্ডরীকাক্ষনিলয়া পুণ্ডরীকাক্ষগেহিনী।
পুণ্ডরীকাক্ষসেব্যা চ পুণ্ডরীকাক্ষবল্লভা ॥
সর্ব্বজীবেশ্বরী সর্ব্বজীববন্দ্যা পরাৎপরা।
প্রকৃতিঃ শম্ভুকান্তা চ সদাশিবমনোহরা ॥

ক্ষুৎ পিপাসা দয়া নিদ্রা ভ্রান্তিঃ শ্রান্তিঃ ক্ষমাকুলা।
বধূরূপা গোপপত্নী ভারতী সিদ্ধযোগিনী॥
সত্যরূপা নিত্যরূপা নিত্যাঙ্গী নিত্যগেহিনী।
স্থানদাত্রী তথা ধাত্রী মহালক্ষ্মীঃ স্বয়ংপ্রভা
সিন্ধুকন্যা স্থানদাত্রী দ্বারকাবাসিনী তথা।
বুদ্ধিঃ স্থিতিঃ স্থানরূপা সর্ব্বকারণকারণা॥
ভক্তপ্রিয়া ভক্তগম্যা ভক্তানন্দপ্রদায়িনী।
ভক্তকল্পদ্রুমাতীতা তথাতীতগুণা তথা॥
মনোঽধিষ্ঠাতৃদেবী চ কৃষ্ণপ্রেমপরায়ণা।
নিরাময়া সৌম্যদাত্রী তথা মদনমোহিনী॥
একানংশা শিবা ক্ষেমা দুর্গা দুর্গতিনাশিনী
ঈশ্বরী সর্ব্ববন্দ্যা চ গোপনীয়া শুভঙ্করী॥
পালিনী সর্ব্বভূতানাং তথা কামাঙ্গহারিণী
সদ্যোমুক্তিপ্রদা দেবী বেদসারা পরাৎপরা॥
হিমালয়সুতা সর্ব্বা পার্ব্বতী গিরিজা সতী।
দক্ষকন্যা দেবমাতা মন্দলজ্জা হরেস্তনুঃ॥
বৃন্দারণ্যপ্রিয়া বৃন্দা বৃন্দাবনবিলাসিনী।
বিলাসিনী বৈষ্ণবী চ ব্রহ্মলোকপ্রতিষ্ঠিতা॥
রুক্মিণী রেবতী সত্যভামা জাম্ববতী তথা।
সুলক্ষণা মিত্রবিন্দা কালিন্দী জহ্নুকন্যকা॥
পরিপূর্ণা পূর্ণতরা তথা হৈমবতী গতিঃ।
অপূর্ব্বা ব্রহ্মরূপা চ ব্রহ্মাণ্ডপরিপালিনী॥

ব্রহ্মাণ্ডভাণ্ডমধ্যস্থা ব্রহ্মাণ্ডভাণ্ডরূপিণী।
অণ্ডরূপাণ্ডমধ্যস্থা তথাণ্ডপরিপালিনী॥
অণ্ডবাহ্যাণ্ডসংহর্ত্রী শিবব্রহ্মহরিপ্রিয়া।
মহাবিষ্ণুপ্রিয়া কল্পবৃক্ষরূপা নিরন্তরা॥
সারভূতা স্থিরা গৌরী গৌরাঙ্গী শশিশেখরা।
শ্বেতচম্পকবর্ণাভা শশিকোটিসমপ্রভা॥
মালতীমাল্যভূষাঢ্যা মালতীমাল্যধারিণী।
কৃষ্ণস্তুতা কৃষ্ণকান্তা বৃন্দাবনবিলাসিনী॥
তুলস্যধিষ্ঠাতৃদেবী সংসারার্ণবপারদা।
সারদাহারদাম্ভোদা যশোদা গোপনন্দিনী॥
অতীতগমনা গৌরী পরানুগ্রহকারিণী।
করুণার্ণবসম্পূর্ণা করুণার্ণবধারিণী॥
মাধবী মাধবমনোহারিণী শ্যামবল্লভা।
অন্ধকারভয়ধ্বস্তা মঙ্গল্যা মঙ্গলপ্রদা॥
শ্রীগর্ভা শ্রীপ্রদা শ্রীশা শ্রীনিবাসাচ্যুতপ্রিয়া।
শ্রীরূপা শ্রীহরা শ্রীদা শ্রীকামা শ্রীস্বরূপিণী॥
শ্রীদামানন্দদাত্রী চ শ্রীদামেশ্বরবল্লভা।
শ্রীনিতম্বা শ্রীগণেশা শ্রীস্বরূপাশ্রিতা শ্রুতিঃ॥
শ্রীক্রিয়ারূপিণী শ্রীলা শ্রীকৃষ্ণভজনান্বিতা।
শ্রীরাধা শ্রীমতী শ্রেষ্ঠা শ্রেষ্ঠরূপা শ্রুতিপ্রিয়া॥
যোগেশা যোগমাতা চ যোগাতীতা যুগপ্রিয়া।
যোগপ্রিয়া যোগগম্যা যোগিনীগণবন্দিতা॥

জবাকুসুমসঙ্কাশা দাড়িমীকুসুমোপমা।
নীলাম্বধরা ধীরা ধৈর্য্যরূপধরা ধৃতিঃ ॥
রত্নসিংহাসনস্থা চ রত্নকুণ্ডলভূষিতা।
রত্নালঙ্কারসংযুক্তা রত্নমালাধরা পরা ॥
রত্নেন্দ্রসারহারাঢ্যা রত্নমালাবিভূষিতা।
ইন্দ্রনীলমণিন্যস্তপাদপদ্মশুভা শুচিঃ ॥
কার্ত্তিকী পৌর্ণমাসী চ অমাবস্যা ভয়াপহা।
গোবিন্দরাজগৃহিণী গোবিন্দগণপূজিতা ॥
বৈকুণ্ঠনাথগৃহিণী বৈকুণ্ঠপরমালয়া।
বৈকুণ্ঠদেবদেবাঢ্যা তথা বৈকুণ্ঠসুন্দরী ॥
মদালসা বেদবতী সীতা সাধ্বী পতিব্রতা।
অন্নপূর্ণা সদানন্দরূপা কৈবল্যসুন্দরী ॥
কৈবল্যদায়িনী শ্রেষ্ঠা গোপীনাথমনোহরা।
গোপীনাথেশ্বরী চণ্ডী নায়িকানয়নান্বিতা ॥
নায়িকা নায়কপ্রীতা নায়কানন্দরূপিণী।
শেষা শেষবতী শেষরূপিণী জগদম্বিকা ॥
গোপালপালিকা মায়া জায়ানন্দপ্রদা তথা।
কুমারী যৌবনানন্দা যুবতী গোপসুন্দরী ॥
গোপমাতা জানকী চ জনকানন্দকারিণী।
কৈলাসবাসিনী রম্ভা বৈরাগ্যকুলদীপিকা ॥
কমলাকান্তগৃহিণী কমলা কমলালয়া।
ত্রৈলোক্যমাতা জগতামধিষ্ঠাত্রী প্রিয়াম্বিকা

হরকান্তা হররতা হরানন্দপ্রদায়িনী।
হরপত্নী হরপ্রীতা হরতোষণতৎপরা॥
হরেশ্বরী রামরতা রামা রামেশ্বরী রমা।
শ্যামলা চিত্রলেখা চ তথা ভুবনমোহিনী॥
সুগোপী গোপবনিতা গোপরাজ্যপ্রদা শুভা।
অঙ্গারপূর্ণা মাহেয়ী মৎস্যরাজসুতা সতী॥
কৌমারী নারসিংহী চ বারাহী নবদুর্গিকা।
চঞ্চলা চঞ্চলামোদা নারী ভুবনসুন্দরী॥
দক্ষযজ্ঞহরা দাক্ষী দক্ষকন্যা সুলোচনা।
রতিরূপা রতিপ্রীতা রতিশ্রেষ্ঠা রতিপ্রদা॥
রতিলক্ষণগেহস্থা বিরজা ভুবনেশ্বরী।
শঙ্কাস্পদা হরের্জায়া জামাতৃকুলবন্দিতা॥
বকুলা বকুলামোদধারিণী যমুনা জয়া।
বিজয়া জয়পত্নী চ যমলার্জ্জুনভঞ্জিনী॥
বক্রেশ্বরী বক্ররূপা বক্রবীক্ষণবীক্ষিতা।
অপরাজিতা জগন্নাথা জগন্নাথেশ্বরী যতিঃ॥
খেচরী খেচরসুতা খেচরত্বপ্রদায়িনী।
বিষ্ণুবক্ষঃস্থলস্থা চ বিষ্ণুভাবনতৎপরা॥
চন্দ্রকোটিসুগাত্রী চ চন্দ্রাননমনোহরা।
সেবা সেব্যা শিবা ক্ষেমা তথা ক্ষেমঙ্করা বধূঃ॥
যাদবেন্দ্রবধূঃ শৈব্যা শিবভক্তা শিবান্বিতা।
কেবলা নিষ্কলা সূক্ষ্মা মহাভীমাভয়প্রদা॥

জীমূতরূপা জৈমূতী জিতামিত্রপ্রমোদিনী।
গোপালবনিতা নন্দা কুলজেন্দ্রনিবাসিনী॥
জয়ন্তী যমুনাঙ্গী চ যমুনাতোষকারিণী।
কলিকল্মষভঙ্গা চ কলিকল্মষনাশিনী॥
কলিকল্মষরূপা চ নিত্যানন্দকরী কৃপা।
কৃপাবতী কুলবতী কৈলাসাচলবাসিনী॥
বামদেবী বামভাগা গোবিন্দপ্রিয়কারিণী।
নরেন্দ্রকন্যা যোগেশী যোগিনী যোগরূপিণী॥
যোগসিদ্ধা সিদ্ধরূপা সিদ্ধিক্ষেত্রনিবাসিনী।
ক্ষেত্রাধিষ্ঠাতৃরূপা চ ক্ষেত্রাতীতা কুলপ্রদা॥
কেশবানন্দদাত্রী চ কেশবানন্দদায়িনী।
কেশবা কেশবপ্রীতা কেশবা কেশবপ্রিয়া॥
রাসক্রীড়াকরী রাসবাসিনী রাসসুন্দরী।
গোকুলান্বিতদেহা চ গোকুলত্বপ্রদায়িনী॥
লবঙ্গনাম্নী নারঙ্গা নারঙ্গকুলমণ্ডনা।
এলালবঙ্গকর্পূরমুখবাসমুখান্বিতা॥
মুখ্যা মুখ্যপ্রদা মুখ্যরূপা মুখ্যনিবাসিনী।
নারায়ণী কৃপাতীতা করুণাময়কারিণী॥
কারুণ্যা করুণা কর্ণা গোকর্ণা নাগকর্ণিকা।
সর্পিণী কৌলিনী ক্ষেত্রবাসিনী জগদন্বয়া॥
জটিলা কুটিলা নীলা নীলাম্বরধরা শুভা।
নীলাম্বরবিধাত্রী চ নীলকণ্ঠপ্রিয়া তথা॥

ভগিনী ভাগিনী ভোগ্যা কৃষ্ণভোগ্যা ভগেশ্বরী।
বলেশ্বরী বলারাধ্যা কান্তা কান্তনিতম্বিনী ॥
নিতম্বিনী রূপবতী যুবতী কৃষ্ণপীবরী।
বিভাবরী বেত্রবতী শঙ্কটা কুটিলালকা ॥
নারায়ণপ্রিয়া শৈলা সৃক্কণীপরিমোহিতা।
দৃক্‌পাতমোহিতা প্রাতরাশিনী নবনীতিকা ॥
নবীনা নবনারী চ নারঙ্গফলশোভিতা।
হৈমী হেমমুখী চন্দ্রমুখী শশিসুশোভনা ॥
অর্দ্ধচন্দ্রধরা চন্দ্রবল্লভা রোহিণী তমিঃ।
তিমিঙ্গিলকুলামোদমৎস্যরূপাঙ্গহারিণী ॥
কারিণী সর্ব্বভূতানাং কার্য্যাতীতা কিশোরিণী।
কিশোরবল্লভা কেশকারিকা কামকারিকা ॥
কামেশ্বরা কামকলা কালিন্দীকূলদীপিকা।
কলিন্দতনয়াতীরবাসিনী তীরগেহিনী ॥
কাদম্বরীপানপরা কুসুমামোদধারিণী।
কুমুদা কুমুদানন্দা কৃষ্ণেশী কামবল্লভা ॥
তর্কালা বৈজয়ন্তী চ নিম্বদাড়িম্বরূপিণী।
বিল্ববৃক্ষপ্রিয়া কৃষ্ণাম্বরা বিল্বোপমস্তনী ॥
বিল্বাত্মিকা বিল্ববপুর্বিল্ববৃক্ষনিবাসিনী।
তুলসীতোষিকা তৈতিলানন্দপরিতোষিকা ॥
গজমুক্তা মহামুক্তা মহামুক্তিফলপ্রদা।
অনঙ্গমোহিনী শক্তিরূপা শক্তিস্বরূপিণী ॥

পঞ্চশক্তিস্বরূপা চ শৈশবানন্দকারিণী।
গজেন্দ্রগামিনী শ্যামলতানঙ্গলতা তথা॥
যোষিচ্ছক্তিস্বরূপা চ যোষিদানন্দকারিণী।
প্রেমপ্রিয়া প্রেমরূপা প্রেমানন্দতরঙ্গিণী॥
প্রেমহারা প্রেমদাত্রী প্রেমশক্তিময়ী তথা।
কৃষ্ণপ্রেমবতী ধন্যা কৃষ্ণপ্রেমতরঙ্গিণী॥
প্রেমভক্তিপ্রদা প্রেমা প্রেমানন্দতরঙ্গিণা।
প্রেমক্রীড়াপরীতাঙ্গী প্রেমভক্তিতরঙ্গিণী॥
প্রেমার্থদায়িনী সর্ব্বশ্বেতা নিত্যতরঙ্গিণী।
হাবভাবান্বিতা রৌদ্রা রুদ্রানন্দপ্রকাশিনী॥
কপিলা শৃঙ্খলা কেশপাশসম্বন্ধিনী ঘটী।
কুটীরবাসিনী ধূম্রা ধূম্রকেশা জলোদরী॥
ব্রহ্মাণ্ডগোচরা ব্রহ্মরূপিণী ভবভাবিনী।
সংসারনাশিনী শৈবা শৈবলানন্দদায়িনী॥
শিশিরা হেমরাগাঢ্যা মেঘরূপাতিসুন্দরী।
মনোরমা বেগবতী বেগাঢ্যা বেদবাদিনী॥
দয়ান্বিতা দয়াধারা দয়ারূপা সুসেবিনী।
কিশোরসঙ্গসংসর্গা গৌরচন্দ্রাননা কলা॥
কলাধিনাথবদনা কলানাথাধিরোহিণী।
বিরাগকুশলা হেমপিঙ্গলা হেমমণ্ডনা॥
ভাণ্ডীরতালবনগা কৈবর্ত্তী পীবরী শুকী।
শুকদেবগুণাতীতা শুকদেবপ্রিয়া সখী॥

বিকলোৎকর্ষিণী কোষা কৌষেয়াম্বরধারিণী।
কৌষাবরী কোষরূপা জগদুৎপত্তিকারিকা॥
সৃষ্টিস্থিতিকরী সংহারিণী সংহারকারিণী।
কেশশৈবলধাত্রী চ চন্দ্রগাত্রা সুকোমলা॥
পদ্মাঙ্গরাগসংরাগা বিন্ধ্যাদ্রিপরিবাসিনী।
বিন্ধ্যালয়া শ্যামসখী সখীসংসাররাগিণী॥
ভূতা ভবিষ্যা ভব্যা চ ভব্যগাত্রা ভবাতিগা।
ভবনাশান্তকারিণ্যাকাশরূপা সুবেশিনী॥
রতিরঙ্গপবিত্যাগা রতিবেগা রতিপ্রদা।
তেজস্বিনী তেজরূপা কৈবল্যপথদা শুভা॥
ভক্তিহেতুর্মুক্তিহেতুর্লঙ্ঘনী লঙ্ঘনক্ষমা।
বিশালনেত্রা বৈশালী বিশালকুলসম্ভবা॥
বিশালগৃহবাসা চ বিশালবদরারতিঃ।
ভক্ত্যতীতা ভক্তিগতির্ভক্তিকা শিবভক্তিদা॥
শিবভক্তিস্বরূপা চ শিবার্দ্ধাঙ্গবিহারিণী।
শিরীষকুসুমামোদা শিরীষকুসুমোজ্জ্বলা॥
শিরীষমৃদ্বী শৈরীষী শিরীষকুসুমাকৃতিঃ।
বামাঙ্গহারিণী বিষ্ণোঃ শিবভক্তিসুখান্বিতা॥
বিজিতা বিজিতামোদা গণগা গণতোষিতা।
হয়াস্যা হেরম্বসুতা গণমাতা সুখেশ্বরী॥
দুঃখহন্ত্রী দুঃখহরা সেবিতেপ্সিতসর্ব্বদা।
সর্ব্বজ্ঞত্ববিধাত্রী চ কুলক্ষেত্রনিবাসিনী॥

লবঙ্গা পাণ্ডবসখা সখীমধ্যনিবাসিনী।
গ্রাম্যগীতা গয়া গম্যা গমনাতীতনির্ভরা॥
সর্ব্বাঙ্গসুন্দরী গঙ্গা গঙ্গাজলময়ী তথা।
গঙ্গেরিতা পূতগাত্রা পবিত্রকুলদীপিকা॥
পবিত্রগুণশীলাঢ্যা পবিত্রানন্দদায়িনী।
পবিত্রগুণসীমাঢ্যা পবিত্রকুলদীপনী॥
কল্পমানা কংসহরা বিন্ধ্যাচলনিবাসিনী।
গোবর্দ্ধনেশ্বরী গোবর্দ্ধনহাস্যা হয়াকৃতিঃ॥
মীনাবতারা মীনেশী গগনেশী হয়া গজা।
হরিণা হারিণী হারধারিণী কনকাকৃতিঃ॥
বিদ্যুৎপ্রভা বিপ্রমাতা গোপমাতা গয়েশ্বরী।
গবেশ্বরী গবেশী চ গবীশী গতিবাসিনী॥
গতিজ্ঞা গীতকুশলা দনুজেন্দ্রনিবারিণী।
নির্ব্বাণধাত্রী নৈর্ব্বাণী হেতুযুক্তা গয়োত্তরা॥
পর্ব্বতাধিনিবাসা চ নিবাসকুশলা তথা।
সন্ন্যাসধর্ম্মকুশলা সন্ন্যাসেশী শরন্মুখী॥
শরচ্চন্দ্রমুখী শ্যামহারা ক্ষেত্রনিবাসিনী।
বসন্তরাগসংরাগা বসন্তবসনাকৃতিঃ॥
চতুর্ভুজা ষড়্ভুজা চ দ্বিভুজা গৌরবিগ্রহা।
সহস্রাস্যা বিহাস্যা চ মুদ্রাস্যা মুদদায়িনী॥
প্রাণপ্রিয়া প্রাণরূপা প্রাণরূপিণ্যপাবৃতা।
কৃষ্ণপ্রীতা কৃষ্ণরতা কৃষ্ণতোষণতৎপরা॥

কৃষ্ণপ্রেমরতা কৃষ্ণভক্তা ভক্তফলপ্রদা।
কৃষ্ণপ্রেমা প্রেমভক্তা হরিভক্তিপ্রদায়িনী ॥
চৈতন্যরূপা চৈতন্যপ্রিয়া চৈতন্যরূপিণী।
উগ্ররূপা শিবক্রোড়া কৃষ্ণক্রোড়া জলোদরী
মহোদরী মহাদুর্গকান্তারসুস্থবাসিনী।
চন্দ্রাবলী চন্দ্রকেশী চন্দ্রপ্রেমতরঙ্গিণী ॥
সমুদ্রমথনোদ্ভূতা সমুদ্রজলবাসিনী।
সমুদ্রামৃতরূপা চ সমুদ্রজলবাসিকা ॥
কেশপাশরতা নিদ্রা ক্ষুধা প্রেমতরঙ্গিকা।
দূর্ব্বাদলশ্যামতনুর্দূর্ব্বাদলতনুচ্ছবিঃ ॥
নাগরী নাগরীরাগা নাগরানন্দকারিণী।
নাগরালিঙ্গনপরা নাগরাঙ্গনমঙ্গলা ॥
উঁচ্চনীচা হৈমবতীপ্রিয়া কৃষ্ণতরঙ্গদা।
প্রেমালিঙ্গনসিদ্ধাঙ্গী সিদ্ধসাধ্যবিলাসিকা ॥
মঙ্গলামোদজননী মেখলামোদধারিণী।
রত্নমঞ্জীরভূষাঙ্গী রত্নভূষণভূষণা ॥
জম্বালমালিকা কৃষ্ণপ্রাণা প্রাণবিমোচনা।
সত্যপ্রদা সত্যবতী সেবকানন্দদায়িকা ॥
জগদেযানির্জগদ্বীজা বিচিত্রমণিভূষণা।
রাধাবমণকান্তা চ রাধ্যা রাধনরূপিণী ॥
কৈলাসবাসিনী কৃষ্ণপ্রাণসর্ব্বস্বদায়িনী।
কৃষ্ণাবতারনিরতা কৃষ্ণভক্তফলার্থিনী ॥

যাচকা যাচকানন্দকারিণী যাচকোজ্জ্বলা।
হরিভূষণভূষাঢ্যানন্দযুক্তার্দ্রপাদগা॥
হৈহৈতালধরা থৈথৈশব্দশক্তিপ্রকাশিনী।
হেহেশব্দস্বরূপা চ হীহীবাক্যবিশারদা॥
জগদানন্দকর্ত্রী চ সান্দ্রানন্দবিশারদা।
পণ্ডিতা পণ্ডিতগুণা পণ্ডিতানন্দকারিণী॥
পরিপালনকর্ত্রী চ তথা স্থিতিবিনোদিনী।
তথা সংহারশব্দাঢ্যা বিদ্বজ্জনমনোহরা॥
বিদুষাং প্রীতিজননী বিদ্বৎপ্রেমবিবর্দ্ধিনী।
নাদেশী নাদরূপা চ নাদবিন্দুবিধারিণী॥
শূন্যস্থানস্থিতা শূন্যরূপপাদপবাসিনী।
কার্ত্তিকব্রতকর্ত্রী চ বসনাহারিণী তথা॥
জলাশয়া জলতলা শিলাতলনিবাসিনী।
ক্ষুদ্রকীটাঙ্গসংসর্গা সঙ্গদোষবিনাশিনী॥
কোটিকন্দর্পলাবণ্যা কন্দর্পকোটিসুন্দরা।
কন্দর্পকোটিজননী কামবাজপ্রদায়িনী॥
কামশাস্ত্রবিনোদা চ কামশাস্ত্রপ্রকাশিনী।
কামপ্রকাশিকা কামিন্যণিমাদ্যষ্টসিদ্ধিদা॥
যামিনী যামিনীনাথবদনা যামিনীশ্বরী।
যাগযোগহরা ভুক্তিমুক্তিদাত্রী হিরণ্যদা॥
কপালমালিনী দেবী ধামরূপিণ্যপূর্ব্বদা।
কৃপান্বিতা গুণা গৌণ্যা গুণাতীতফলপ্রদা॥

কুষ্মাণ্ডভূতবেতালনাশিনী শরদান্বিতা ।
শীতলা শবলা হেলা লীলা লাবণ্যমঙ্গলা ॥
বিদ্যার্থিনী বিদ্যমানা বিদ্যা বিদ্যাস্বরূপিণী ।
আন্বীক্ষিকীশাস্ত্ররূপা শাস্ত্রসিদ্ধান্তকারিণী ॥
নাগেন্দ্রা নাগমাতা চ ক্রীড়াকৌতুকরূপিণী ।
হরিভাবনশীলা চ হরিতোষণতৎপরা ॥
হরিপ্রাণা হরপ্রাণা শিবপ্রাণা শিবান্বিতা ।
নরকার্ণবসংহন্ত্রী নরকার্ণবনাশিনী ॥
নরেশ্বরা নরাতীতা নরসেব্যা নরাঙ্গনা ।
যশোদানন্দনপ্রাণবল্লভা হরিবল্লভা ॥
যশোদানন্দনারম্যা যশোদানন্দনেশ্বরী ।
যশোদানন্দনাক্রীড়া যশোদাক্রোড়বাসিনী ॥
যশোদানন্দনপ্রাণা যশোদানন্দনার্থদা ।
বৎসলা কোশলা কালা করুণার্ণবরূপিণী ॥
স্বর্গলক্ষ্মীর্ভূমিলক্ষ্মীর্দ্রৌপদী পাণ্ডবপ্রিয়া ।
তথার্জ্জুনসখী ভৌমী ভৈমী ভীমকুলোদ্বহা ॥
ভুবনা মোহনা ক্ষীণা পানাসক্ততরা তথা ।
পানার্থিনী পানপাত্রা পানপানন্দদায়িনী ॥
দুগ্ধমন্থনকর্ম্মাঢ্যা দধিমন্থনতৎপরা ।
দধিভাণ্ডার্থিনী কৃষ্ণক্রোধিনী নন্দনাঙ্গনা ॥
ঘৃতলিপ্তা তক্রযুক্তা যমুনাপারকৌতুকা ।
বিচিত্রকথকা কৃষ্ণহাস্যভাষণতৎপরা ॥

গোপাঙ্গনাবেষ্টিতা চ কৃষ্ণসঙ্গার্থিনী তথা।
রাসসক্তা রাসরতিরাসবাসক্তবাসনা॥
হরিদ্রা হারিতা হারিণ্যানন্দার্পিতচেতনা।
নিশ্চৈতন্যা চ নিশ্চেতা তথা দারুহরিদ্রিকা॥
সুবলস্য স্বসা কৃষ্ণভার্যা ভাষাতিবেগিনী।
শ্রীদামস্য সখী দামদামিনী দামধারিণী॥
কৈলাসিনী কেশিনী চ হরিদম্বরধারিণী।
হরিসান্নিধ্যদাত্রী চ হরিকৌতুকমঙ্গলা॥
হরিপ্রদা হরিদ্বারা যমুনাজলবাসিনী।
জৈত্রপ্রদা জিতার্থী চ চতুরা চাতুরী তমী॥
তমিস্রাতপরূপা চ রৌদ্ররূপা যশোহর্থিনী।
কৃষ্ণার্থিনী কৃষ্ণকলা কৃষ্ণানন্দবিধায়িনী॥
কৃষ্ণার্থবাসনা কৃষ্ণরাগিণী ভবভাবিনী।
কৃষ্ণার্থরহিতা ভক্তা ভক্তভক্তিশুভপ্রদা॥
শ্রীকৃষ্ণরহিতা দীনা তথা বিরহিণী হরেঃ।
মথুরা মথুরারাজগেহভাবনভাবনা॥
শ্রীকৃষ্ণভাবনামোদা তথোন্মাদবিধায়িনী।
কৃষ্ণার্থব্যাকুলা কৃষ্ণসারচর্ম্মধরা শুভা॥
অলকেশ্বরপূজ্যা চ কুবেরেশ্বরবল্লভা।
ধনধান্যবিধাত্রী চ জায়া কায়া হয়া হয়ী॥
প্রণবা প্রণবেশী চ প্রণবার্থস্বরূপিণী।
ব্রহ্মবিষ্ণুশিবার্দ্ধাঙ্গহারিণী শৈবশিংসপা॥

রাক্ষসীনাশিনী ভূতপ্রেতপ্রাণবিনাশিনী।
সকলেপ্সিতদাত্রী চ শচী সাধ্বী অরুন্ধতী॥
পতিব্রতা পতিপ্রাণা পতিবাক্যবিনোদিনী।
অশেষসাধনী কল্পবাসিনী কল্পরূপিণী॥

অথ ফলশ্রুতিঃ।

শ্রীমহাদেব উবাচ।

ইত্যেতৎ কথিতং দেবি! রাধানামসহস্রকং।
যঃ পঠেৎ পাঠয়েদ্বাপি তস্য তুষ্যতি মাধবঃ॥
কিং তস্য যমুনাভির্বা নদীভিঃ সর্ব্বতঃ প্রিয়ে।
কুরুক্ষেত্রাদিতীর্থে চ যস্য তুষ্টো জনার্দ্দনঃ॥
স্তোত্রস্যাস্য প্রসাদেন কিং ন সিধ্যতি ভূতলে।
ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চাঃ স্যাৎ ক্ষত্রিয়ো জগতীপতিঃ।
বৈশ্যো নিধিপতির্ভূয়াৎ শূদ্রো মুচ্যেত জন্মতঃ॥
ব্রহ্মহত্যা-সুরাপান-স্তেয়াদেরতিপাতকাৎ।
সদ্যো মুচ্যেত দেবেশি! সত্যং সত্যং ন সংশয়ঃ॥
রাধানামসহস্রস্য সমানং নাস্তি ভূতলে।
স্বর্গে বাপ্যথ পাতালে গিরৌ বা জলতোঽপি বা।
নাতঃ পরং শুভং স্তোত্রং তীর্থং নাতঃ পরং পরং॥
একাদশ্যাং শুচির্ভূত্বা যঃ পঠেৎ সুসমাহিতঃ।
তস্য সর্ব্বার্থসিদ্ধিঃ স্যাচ্ছৃণুয়াদ্বা সুশোভনে!॥

দ্বাদশ্যাং পৌর্ণমাস্যাং বা তুলসাসন্নিধৌ শিবে!।
যঃ পঠেচ্ছৃণুয়াদ্বাপি তস্য তত্তৎ ফলং শৃণু॥
অশ্বমেধং রাজসূয়ং বার্হস্পত্যং তথাত্রিকং।
অতিরাত্রং বাজপেয়মগ্নিষ্টোমং তথা শুভং॥
কৃত্বা যৎ ফলমাপ্নোতি শ্রুত্বা তৎ ফলমাপ্নুয়াৎ।
কার্ত্তিকে চাষ্টমীং প্রাপ্য পঠেদ্বা শৃণুয়াদপি॥
সহস্রযুগকল্পান্তং বৈকুণ্ঠবসতিং লভেৎ।
ততশ্চ ব্রহ্মভবনে শিবস্য ভবনে পুনঃ॥
সুরাধিনাথভবনে পুনর্যাতি সলোকতাং।
গঙ্গাতীরং সমাসাদ্য যঃ পঠেচ্ছৃণুয়াদপি॥
বিষ্ণোঃ সারূপ্যমায়াতি সত্যং সত্যং সুরেশ্বরি!।
মম বক্ত্রগিরের্জাতা পার্ব্বতীবদনাশ্রিতা॥
রাধানামসহস্রাখ্যা নদী ত্রৈলোক্যপাবনী।
পঠ্যতে হি ময়া নিত্যং ভক্ত্যা শক্ত্যা যথোচিতং॥
মম প্রাণসমং হ্যেতৎ তব প্রীত্যা প্রকাশিতং।
নাভক্তায় প্রদাতব্যং পাষণ্ডায় কদাচন।
নাস্তিকায় বিরাগায় রাগযুক্তায় সুন্দরি!॥
তথা দেয়ং মহাস্তোত্রং হরিভক্তায় শঙ্করি!।
বৈষ্ণবেষু যথাশক্তি দাত্রে পুণ্যার্থশালিনে॥
রাধানামসুধাবারি মম বক্ত্রসুধাম্বুধেঃ।
উদ্ধৃতাসৌ ত্বয়া যত্নাদ্ যতস্ত্বং বৈষ্ণবাগ্রণীঃ॥

বিশুদ্ধসত্ত্বায় যথার্থবাদিনে
দ্বিজস্য সেবানিরতায় মন্ত্রিণে।
দাত্রে যথাশক্তি সুভক্তিমানসে
রাধাপদধ্যানপরায় শোভনে॥
হরিপাদাব্জমধুপমনোভূতায় মানসে।
রাধাপাদসুধাস্বাদশালিনে বৈষ্ণবায় চ॥
দদ্যাৎ স্তোত্রং মহাপুণ্যং হরিভক্তিপ্রসাধনং।
জন্মান্তরং ন পশ্যন্তি রাধাকৃষ্ণপদার্থিনঃ॥
মম প্রাণা বৈষ্ণবা হি তেষাং রক্ষার্থমেব হি।
শূলং ময়া ধার্য্যতে হি নান্যথা মৈত্রকারণং॥
হরিভক্তিদ্বিষামর্থে শূলং সন্ধার্য্যতে ময়া।
শৃণু দেবি! যথার্থং মে গদিতং ত্বয়ি সুব্রতে!॥
ভক্তাসি মে প্রিয়াসি ত্বমতঃ স্নেহাৎ প্রকাশিতং।
কদাপি নোচ্যতে দেবি! ময়া নামসহস্রকং॥

ইতি শ্রীনারদপঞ্চরাত্রে জ্ঞানামৃতসারে শ্রীশ্রীরাধিকা-
সহস্রনামস্তোত্রং সমাপ্তং।

শ্রীশ্রীহরিনামার্থদীপিকা।

গোবিন্দমোহিনী রাধা ভানুর নন্দিনী।
গোবিন্দবিরহে অতি হঞা উন্মাদিনী॥
কামনা-কুঞ্জেতে বসি একমন করি।
গোবিন্দ লাগিয়া সদা বলে হরি হরি॥
মুখে হরি হৃদে হরি নিকুঞ্জেতে হরি।
সর্ব্ব স্থান হরিময় দেখেন সুন্দরী॥
হে সখে গোবিন্দ কোথা করিলে গমন।
তোমার বিরহে আর না রহে জীবন॥
কি দোষ পাইয়া কৃষ্ণ অধিনী রাধায়।
এ বিপিনে পরিহরি গেলে শ্যামরায়॥
হা নাথ হা নাথ হরি এস দয়া করি।
নতুবা এখনি মরে তব সহচরী॥
এই মত খেদ করি রাধিকাসুন্দরী।
গোবিন্দ-লাভের তরে মহাচিন্তা করি॥
অবশেষে শ্রীরাধিকা করেন নিশ্চয়।
কৃষ্ণপ্রাপ্ত্যুপায় হরিনাম-জপ হয়॥
অতএব দৃঢ়রূপে শ্রীরাসরঙ্গিণী।
তথা হরিনাম জপে হয়ে কাঙ্গালিনী॥

শ্রীরাধিকা উবাচ।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

হরে—হে হরে হে হরে কৃষ্ণ শ্রীনন্দনন্দন।
স্বমাধুর্য্য-গুণে মন করেছ হরণ॥
পহিলে রাধার প্রতি কর এ আচার।
এহেতু হইল নাথ হরিনাম সার॥
হৃদয় হরিতে তুমি পটু বিলক্ষণ।
এজন্য তোমারে হরি বলি অনুক্ষণ॥
যেই জন একবার তব নাম করে।
তখনি মাধুর্য্যে তার মন প্রাণ হরে॥
আর গৃহকর্ম্ম ধর্ম্ম করয়ে হরণ।
এই ত গোবিন্দ হরে নামের ধরম॥

কৃষ্ণ—হে কৃষ্ণ হে কৃষ্ণ রাম যশোদানন্দন।
নিত্য পরানন্দময় স্বরূপ মদন॥
সেই পরানন্দে আর স্বরূপের রূপে।
ডুবায়ে রেখেছ সদা প্রেমরসকূপে॥
বিশেষরূপেতে মম স্পৃহা বৃদ্ধি করি।
নিকুঞ্জে করিলে ক্রীড়া নিকুঞ্জবিহারী॥
অখণ্ড-আনন্দ-দাতা তুমি মাত্র জানি।
এজন্য শ্রীকৃষ্ণনাম তোমার বাখানি॥

বারেক যে জন কৃষ্ণ করে তব নাম।
তখনি অন্তরে বৃদ্ধি হয় তার কাম॥
সেই কাম তব প্রতি হঞা বলবান্।
দর্শন-স্পৃহায় তারে করয়ে অজ্ঞান॥
অজ্ঞান হইয়া সেই অত্যদ্ভুতমনে।
তোমারে সুখদ-ভাবে করে আলিঙ্গনে॥
তাহাতে তাহার কৃষ্ণ যেই সুখ হয়।
মোর সাধ্য নাহি তাহা করিতে নির্ণয়॥
পরম সুখে অন্য সুখ করে তুচ্ছ সম।
এই ত শ্রীকৃষ্ণ তব নামের ধরম॥

হরে—হে হরে হে হরে কৃষ্ণ গোপিকারঞ্জন।
তোমার বিরহে হৈল অস্থির জীবন॥
ধৈর্য্য লজ্জা গুরুভয় নারীর ধরম।
অবহেলে তুমি মোর করেছ হরণ॥
এহেতু গোবিন্দ তব জানি হরে নাম।
সত্য কি না কহ আসি গোপিকার প্রাণ॥
যেই জন দৃঢ়রূপে করে তব নাম।
সেই জনের ধৈর্য্য লজ্জা হরয়ে হে রাম॥
আপন ভজনে সদা কর অনুরাগী।
সত্য কিনা দেখ দেখি কহিল অভাগী॥
এই ত কহিনু হরে নামের যে গুণ।
কিন্তু এবে মম ভাগ্যে হয়েছে বিগুণ॥

—হে কৃষ্ণ হে কৃষ্ণ হরে মানসরঞ্জন।
তব অদর্শনে আমি কান্দি অনুক্ষণ॥
গৃহ হৈতে তুমি মোরে করি আকর্ষণ।
বৃন্দাবন-কুঞ্জমাঝে কৈলা আনয়ন॥
এবে অনায়াসে ত্যাগ করিয়ে অমায়।
কোথা রহি বিলসিছ ওহে শ্যামরায়॥
আকর্ষণ-মহামন্ত্রে গৃহ ছাড়া কর।
এ কারণ নাথ তুমি কৃষ্ণনাম ধর॥
যেই জন কৃষ্ণনাম বলয়ে বদনে।
সেই জন গৃহবাস দেয় বিসর্জ্জনে॥
তোমার চরণপদ্ম করিলে আশ্রয়।
কৃষ্ণনাম-গুণ নাথ এতাদৃশ হয়॥
কৃষ্ণ—হে কৃষ্ণ হে কৃষ্ণ নাথ মদনমোহন।
বৃন্দাবন-লতাকুঞ্জে করি আনয়ন॥
কোন্ স্থানে রহি তুমি করিছ বিরাজ।
কেন বা এমন কর রাসরসরাজ॥
তব নামে প্রাণ আদি সব আকর্ষয়।
তাহাতেই কৃষ্ণনাম তোমার নিশ্চয়॥
এ কি হে করম কৃষ্ণ এ কি হে করম।
অবলা আকর্ষণ করা নামের ধরম॥
তোমার বিরহে হরি যাইছে জীবন।
কৃপা করি এ দাসীকে দাও দরশন॥

বংশীনাদে এ দাসীরে কবল করিয়া।
কি সুখ হইল তব নিকুঞ্জে আনিয়া॥
যে তোমার নাম করে করি বড় আশ।
তারে বনচারী কর ছাড়ায়ে আবাস॥
আপনা হইতে তার পাইনু প্রমাণ।
যাহা হউক বেশীক্ষণ না রহিবে প্রাণ॥
কৃষ্ণ—হে কৃষ্ণ হে কৃষ্ণ কৃষ্ণ আভীরী-জীবন।
মম চক্রবাকদ্বয় করি আকর্ষণ॥
মত্তভাবে বারবার করি সম্বাহন।
দশ-নখচন্দ্র-অঙ্ক করিলে স্থাপন॥
সেই সুখ-অঙ্ক এবে করি দরশন।
মন প্রাণ হইতেছে বড় উচাটন॥
তাহাতে বিরহ-অগ্নি হঞা তীব্রতর।
দগ্ধ করিতেছে কৃষ্ণ এই কলেবর॥
অসহ্য যন্ত্রণা আর সহ্য নাহি হয়।
কি করি উপায় নাথ কি করি উপায়॥
যেই জন কৃষ্ণনাম সতত করয়।
সে জন বিরহ-ব্যথা কেমনে সহয়॥
তোমার বিরহ যার হইল উদয়।
আসন্ন সময় তার হইল নিশ্চয়॥
হরে—হে হরে হে হরে হরে পরাণ-রঞ্জন।
পঞ্চ পুষ্পশরে মোরে করেছ বিন্ধন॥

শরে বেঁধা মৃগী করি অরণ্যে ফেলায়ে।
কৃষ্ণ-ব্যাধ কোথা তুমি রয়েছ লুকায়ে॥
ব্যাধ ত হরিণী বিঁধি সঙ্গে লয়ে যায়।
তব নিষাদের কেন বিপরীত তায়॥
এথায় মরিলে দেহ শৃগালে খাইবে।
তখন আসিয়া ব্যাধ কি আর হইবে॥
আমি প্রাণে মরি হরি তাহে দুখ নাই।
উত্তম হরণ কিন্তু দেখালে কানাই॥
যেই জন তব নাম করে অনুক্ষণ।
সে কেমনে রহে শরে হইয়া বিন্ধন॥
ধন্য ধন্য সেই জন যে তোমার নাম।
মম দশাপন্ন হঞা করে অবিশ্রাম॥

হরে—হে হরে হে হরে কৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন।
মম উত্তরীয় বস্ত্র করেছ হরণ॥

চক্রবাক আচ্ছাদিত কঞ্চুলিকা যেহ।
সিংহ সম বল ধরি হরিয়াছ সেহ॥
বক্ষদেশ আবরিতে কিছু নাহি আর।
এবে কর দিয়া বক্ষে কাঁদি অনিবার॥
হে হরে এমন হরে বল কোন্ জন।
তথাপি প্রসন্ন নহে নিরদয় মন॥
এমন হরণ বঁধু শিখিলে কোথায়।
বারেক আসিয়া কৃষ্ণ বল ত আমায়॥

এহেন নামের গুণ দেখি নাই আর।
বিশেষে রাধায় আজি করে ছারখার॥
হরে—হে হরে হে হরে কৃষ্ণ যশোদাকুমার।
দর্পে অন্তরীয় বস্ত্র হরেছ আমার॥
অন্তরীয় বস্ত্র হরি বিবিধ প্রকারে।
বিলাস করিয়া সুখী করেছ আমারে॥
তাহাতে সকল ব্যাধি দূরে গিয়াছিল।
পুনর্ব্বার কিসে নাথ এমন ঘটিল॥
এই হেতু হরে নাম নিশ্চয় তোমার।
সত্য সত্য এই কথা জেনো রাধিকার॥
রাম—হে রাম হে রাম কৃষ্ণ গোবিন্দসুন্দর।
স্বচ্ছন্দে বিলাস মোরে করিলে নাগর॥
বৃন্দাবন-কুঞ্জমাঝে লইয়া আমায়।
বহুবিধ ক্রীড়া করিয়াছ শ্যামরায়॥
রাসরঙ্গকালে মম বাড়াইতে মান।
সবা মধ্যে মোরে লঞা হৈলে অন্তর্ধান॥
ওহে প্রিয় সেই কালে পুষ্পবন মাঝ।
অদ্ভুত রমিলে মোরে তুমি রসরাজ॥
কিন্তু তার পরে মোরে দিলে যেই দুঃখ।
অদ্যাপি মনেতে হৈলে ফেটে যায় বুক॥
তোমার ধৃষ্টতা কৃষ্ণ বারবার জানি।
তথাপি মাধুর্য্য-গুণে কিছুই না মানি॥

যাহা হউক কত কাল আশ্রয়ি কানন।
তব নাম জপি রাধা করিবে রোদন॥
হে নাথ রমণ কৃষ্ণ অচিরাতে আসি।
পূর্ব্ববমত কথা কহ মৃদু মৃদু হাসি॥
বিধিমতে কৃষ্ণ তুমি ধ্বংস কর কাম
এ কারণ বলি নাথ তব রাম নাম॥

হরে—হে হরে হে হরে কৃষ্ণ জীবনরঞ্জন।
ভুজযুগ দ্বারা মোরে করি আলিঙ্গন॥
মুহুর্মুহু ভাল গণ্ড করিয়া চুম্বন।
এককালে হরিয়াছ মানস-রতন॥
বংশীভুক্ত-অবশেষ শ্রীঅধরামৃত।
তাও দানে করিয়াছ অতি আপ্যায়িত॥
বহুমতে হরিলে হে মানস রাধার।
অতএব জানি হরে নামের প্রচার॥
যেই জন ভক্তিভরে কৃষ্ণ নাম গান।
সেই অত্যাদ্ভুতামৃত সদা করে পান॥
আর তার মন প্রাণ সকলি যে হরে।
এতাদৃশ গুণ কৃষ্ণ তব নাম ধরে॥

রাম—হে রাম হে রাম কৃষ্ণ শ্রীমধুসূদন।
সর্ব্ব পুরুষের শ্রেষ্ঠ পুরুষ-ভূষণ॥
নিরন্তর মম চিত্তে করিছ রমণ।
তবে কেন নাথ নাহি পাই দরশন॥

কলযুক্ত বেণুনাদ প্রবেশি শ্রবণে।
কুহরে করিছে ক্রীড়া আনন্দিত-মনে॥
ওহে শ্রেষ্ঠ নানামতে রমিলে আমায়।
এ কারণ কৃষ্ণ তব রামনাম হয়॥
এবে নিরদয় হঞা রয়েছ কোথায়।
ঝটিতি আসিয়া দেখা দাও হে আমায়॥
কি পুরুষ কিবা নারী যে তোমারে ভজে।
সবাই পাইয়া সুখ তব প্রেমে মজে॥
এমন মজানে আর দুটী হেরি নাই।
সত্য কি না কহ আসি প্রাণের কানাই॥

রাম—হে রাম হে রাম হরে পরাণ-পুতলী।
দেখে শুনে মনে হয় একেবারে ভুলি॥
কিন্তু রমণীয়-চূড়ামণি তব রূপ।
ডুবায়ে রেখেছ যথা প্রেমরসকূপ॥
দেহীর দেহেতে কৃষ্ণ দুই মন রয়।
সু কু বলি দুয়ের অভিধান হয়॥
কু চেষ্টা করয়ে বঁধু ভুলাতে তোমায়।
সু সজোর করি বড় নিবারয়ে তায়॥
তব রমণীয় গুণে রাজার নন্দিনী।
কুঞ্জে বসি কাঁদিতেছে হঞা কাঙ্গালিনী॥
নয়নের অভিরাম তুমি হে কানাই।
তোমা বিনা রাধিকার অন্য গতি নাই॥

হে দেব হে দয়িত হে ভুবনের বন্ধু।
হে কৃষ্ণ হে চপল হে করুণার সিন্ধু॥
হে পালক হে রমণ নয়নাভিরাম।
কি দোষে আমার প্রতি হৈলে হে বাম
হায় হায় কোন্ কালে চরণ তোমার।
নয়নগোচর হবে অভাগী রাধার॥
রাম—হে রাম হে রাম কৃষ্ণ গোপিকাবল্লভ।
তুমি যে হয়েছ নাথ জগত-দুর্ল্লভ॥
কেবল রমণরূপ তুমি নাথ হও।
রমণের কর্ত্তা শুদ্ধ তাহাও ত নও॥
রমণের প্রয়োজন-কর্ত্তা মাত্র জানি।
ভাব বর্ণ স্মর-মূর্ত্তে হরেছ পরাণি॥
পহিলে তোমার ভাবে হইনু ভাবিনা।
দ্বিতীয়ে হেরিয়া বর্ণ হইনু উন্মাদিনা॥
তৃতীয়ে মূর্ত্তিতে বঁধু কাম করিলাম।
চতুর্থে তোমার করে প্রাণ সঁপিলাম॥
পঞ্চমেতে একেবারে হৈনু অচেতন।
তাহাতেই মম এই হৈছে বিড়ম্বন॥
মাধবী মল্লিকা আর অশোক বকুল।
আম্রের মুকুল সহ এই পঞ্চ ফুল॥
ইহাদের আকর্ষণ-গুণ-অনুসারে।
বিলাস করিলে কৃষ্ণ তুমি যে আমারে॥

আর মাদনাদি হয় যাহার কারণ।
তাহাও ত দেখায়াছ বৃন্দাবন-ধন॥
এহেতু হইল রামনামের প্রচার।
সত্য কি না আসি হরি বল একবার॥
যেই জন প্রেমভাবে তোমারে ভজয়।
মম সম পঞ্চাবস্থা তাহার ঘটয়॥
হরে—হে হরে হে হরে রাম শ্রীরাখালরাজ।
মোরে হরি আনিয়াছ বৃন্দাবন মাঝ॥
অমূল্য চেতনা-মৃগী করিয়া হরণ।
এত কি আনন্দ হৈল নয়নরঞ্জন॥
প্রথমে আনন্দ যত করি মোরে দান।
স্বাধীন-ভর্ত্তৃকাভাবে বাড়াইলে মান॥
জ্ঞানাদি-হরণে তব আনন্দাতিশয়।
এজন্য তোমার হরে অভিধা নিশ্চয়॥
যেই জন ভব মাঝে হরে নাম করে।
তাহার সে নাম বলে জ্ঞানগম্য হরে॥
এহেন নামের গুণ নাহি হেরি আর।
বিশেষে রাধায় আজি কৈল ছারখার॥
হরে—হে হরে হে হরে কৃষ্ণ শ্রীরাসবিহারী।
শ্রীগোবিন্দ গোপীনাথ নারী-মনোহারী॥
সিংহ সম বলে মোরে হরিয়া আনিয়া।
মহা প্রাবল্যেতে ক্রীড়া প্রকট করিয়া॥

শেষে লতাকুঞ্জ মাঝে করিয়া বর্জ্জন।
অবহেলে রহিলে হে হঞা গোপন॥
ইহাতে জানিয়ে তুয়া হরে নাম সার।
ওহে কৃষ্ণ প্রাণে কষ্ট সহে নাক আর॥
তোমার বিরহ-ক্ষণ কল্পকোটি হয়।
অতএ বিরহ রাই সহিতে নারয়॥
প্রেমের বিচ্ছেদ হেতু যেই ব্যাধি হয়।
অরসিক শঠ কৃষ্ণ তাহা না জানয়॥

কি আশ্চর্য্য হায় হায় প্রেম যথা তথা যায়
পাত্রাপাত্র না করে বিচার।
তাই সে অশেষ জ্বালা পাইতেছে রাজবালা
বিজন বিপিন করি সার॥

ইতি শ্রীমদ্বিশ্বনাথ-চক্রবর্ত্তিঠকুর-বিরচিত-মূলানুগতা
শ্রীশ্রীহরিনামার্থদীপিকা সমাপ্তা।

ভোগমালা।

প্রথমে পঞ্চতত্ত্বের ভোগারাধনা করিতে হইবে। পঞ্চতত্ত্ব, যথাঃ—শ্রীমন্মহাপ্রভু, শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঅদ্বৈতপ্রভু, শ্রীগদাধর পণ্ডিত ও শ্রীশ্রীবাস পণ্ডিত। পঞ্চতত্ত্বের ভোগগুলি পূর্ব্বাভিমুখে স্থাপন করিতে হইবে।

তৎপরে পঞ্চতত্ত্বের বামদিকে দক্ষিণাভিমুখে গুরুবর্গের ভোগ সংস্থাপন করিতে হইবে। গুরুবর্গ, যথাঃ—মাধবেন্দ্রপুরী, ঈশ্বরপুরী, পরমানন্দপুরী, বিষ্ণুপুরী, রঘুনাথপুরী, কৃষ্ণানন্দপুরী, নৃসিংহানন্দপুরী, সুখানন্দপুরী, অনন্তপুরী ও রামচন্দ্রপুরী।

অনন্তর গুরুবর্গের বামভাগে দক্ষিণমুখে ভারতী গোস্বামীদিগের ভোগ স্থাপন করিতে হইবে। ভারতী গোস্বামিগণ যথাঃ—কেশবভারতী, ব্রহ্মানন্দ ভারতী, বলরাম ভারতী, রামানন্দ ভারতী, বল্লভ ভারতী, যদুনন্দন ভারতী ও শ্যামানন্দ ভারতী।

তৎপরে পঞ্চতত্ত্বের বামদিকে পূর্ব্বাভিমুখে দ্বাদশ গোপালের ভোগ সংস্থাপন করিতে হইবে। দ্বাদশ গোপাল যথা—অভিরাম ঠাকুর, সুন্দরানন্দ ঠাকুর, ধনঞ্জয় পণ্ডিত, গৌরীদাস পণ্ডিত, কমলাকর পিপ্পলাই, উদ্ধারণ দত্ত, মহেশ পণ্ডিত, পুরুষোত্তম দাস, নাগর পুরুষোত্তম, পরমেশ্বর দাস, কালা কৃষ্ণদাস ও খোলাবেচা শ্রীধর পণ্ডিত। ইঁহারাই যথাক্রমে ব্রজের দ্বাদশগোপাল, যথা—শ্রীদাম, সুদাম, বসুদাম, সুবল, মহাবল, সুবাহু, মহাবাহু, স্তোককৃষ্ণ, দাম, অর্জ্জুন, লবঙ্গ ও কুসুমাসব।

অনন্তর ভারতী-গোস্বামিগণের বামভাগে পূর্ব্বাভিমুখে অষ্ট প্রধান মহান্তের ভোগ স্থাপন করিতে হইবে। অষ্ট প্রধান মহান্ত, যথাঃ—

স্বরূপ দামোদর, রায় রামানন্দ, সেন শিবানন্দ, রামানন্দ বসু, মাধব ঘোষ, গোবিন্দানন্দ ঠাকুর, গোবিন্দ ঘোষ ও বাসুদেব ঘোষ। ইঁহারাই ব্রজের অষ্ট প্রধানা সখী, যথা—ললিতা, বিশাখা, চিত্রা, চম্পকলতা, তুঙ্গবিদ্যা, ইন্দুরেখা, রঙ্গদেবী ও সুদেবী।

ব্রজলীলায় অষ্ট প্রধানা সখীর প্রত্যেকের অনুগতা আটজন করিয়া মোট চৌষট্টি জন সখী নির্দ্দিষ্টা আছেন। তাঁহারাই নবদ্বীপ-লীলায় অষ্ট প্রধান মহান্তের প্রত্যেকের অনুগত আটজন করিয়া মোট চৌষট্টি জন মহান্ত। অষ্ট প্রধান মহান্তের বামভাগে পূর্ব্বমুখে এই চৌষট্টি মহান্তের ভোগ সংস্থা ন করিতে হইবে।

চৌষট্টী মহান্ত।

প্রথমতঃ স্বরূপ দামোদর গোস্বামীর পার্ষদ আটজন, যথা—চন্দ্রশেখর আচার্য্য, রত্নগর্ভ ঠাকুর, গোবিন্দ, গরুড, মুকুন্দ দত্ত, দামোদর পণ্ডিত, কৃষ্ণদাস ঠাকুর ও কৃষ্ণানন্দ ঠাকুর। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমেঃ—

রত্নপ্রভা রতিকলা সুভদ্রা ভদ্ররেখিকা।
সুমুখী চ ধনিষ্ঠা চ কলহংসী কলাপিনী॥

ইঁহাদিগের বামে রামানন্দ রায়ের পার্ষদ আট জন, যথা :—মাধবাচার্য্য, নীলাম্বর ঠাকুর, রামচন্দ্র দত্ত, বাসুদেব দত্ত, নন্দনাচার্য্য, শঙ্কর ঠাকুর, সুদর্শন ঠাকুর ও সুবুদ্ধি মিশ্র। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমেঃ—

মাধবী মালতী চন্দ্ররেখিকা কুঞ্জরী তথা।
হরিণী চপলা চৈব সুরভী চ শুভাননা॥

ইঁহাদিগের বামে শিবানন্দ সেনের পার্ষদ আট জন, যথা—শ্রীরাম পণ্ডিত, জগন্নাথ দাস, জগদীশ পণ্ডিত, সদাশিব কবিরাজ, রায় মুকুন্দ, মুকুন্দানন্দ, পুরন্দরাচার্য্য ও নারায়ণ বাচস্পতি। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমেঃ—

রসালিকা তিলকিনী শৌরসেনী সুগন্ধিকা।
কামিলা কামনাগরী নাগরা নাগবেলিকা॥

ইঁহাদিগের বামে বসু রামানন্দের পার্ষদ আট জন, যথা—মধুপণ্ডিত, মকরধ্বজ কর, দ্বিজ রঘুনাথ, বঙ্কুদাস, পুরন্দর মিশ্র, গোবিন্দাচার্য্য, পরমানন্দ গুপ্ত ও বলরাম দাস। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমে—

কুরঙ্গাক্ষী সুচরিতা মণ্ডলী মণিকুণ্ডলা।
চন্দ্রিকা চন্দ্রলতিকা কন্দুকাক্ষী সুমন্দিরা॥

ইঁহাদিগের বামে গোবিন্দ ঘোষের পার্ষদ আটজন যথা—কাশীমিশ্র, শিখি মাহাতি, কালিদাস, শ্রীমান্ পণ্ডিত, কবিচন্দ্র ঠাকুর, হিরণ্যগর্ভ, জগন্নাথ সেন ও দ্বিজ পীতাম্বর। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমে:—

কলকণ্ঠী শশিকলা কমলা মধুরেন্দিরা।
কন্দর্পসুন্দরী কামলতিকা প্রেমমঞ্জরী॥

ইঁহাদিগের বামে বাসুদেব ঘোষের পার্ষদ আট জন, যথা—রাঘব পণ্ডিত, রুদ্র পণ্ডিত, মকরধ্বজ পণ্ডিত, কংসারি সেন, জীব পণ্ডিত, মুকুন্দ কবিরাজ, ছোট হরিদাস ও কবিচন্দ্র আচার্য্য। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমে—

কাবেরী চারুকবরা সুকেশী মঞ্জুকেশিকা।
হারহীরা মহাহীরা হারকণ্ঠী মনোহরা॥

ইঁহাদিগের বামে মাধব ঘোষের পার্ষদ আট জন যথা—মকরধ্বজ সেন, বিদ্যাবাচস্পতি, গোবিন্দ ঠাকুর, কবিকর্ণপূর, শ্রীকান্ত ঠাকুর, মাধব পণ্ডিত, প্রবোধানন্দ সরস্বতী ও বলভদ্র ভট্টাচার্য্য। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমে—

মঞ্জুমেধা সুমধুরা সুমধ্যা মধুরেক্ষণা।
তনুমধ্যা মধুস্যন্দা গুণচূড়া বরাঙ্গদা॥

ইঁহাদিগের বামে গোবিন্দানন্দ ঘোষের পার্ষদ আট জন, যথা—পরমানন্দ গুপ্ত, বল্লভ ঠাকুর, জগদীশ ঠাকুর, বনমালী দাস, শ্রীনিধি পণ্ডিত, শ্রীকর পণ্ডিত, লক্ষ্মণাচার্য্য ও পুরুষোত্তম পণ্ডিত। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমেঃ—

তুঙ্গবিদ্যা রসতুঙ্গা রঙ্গবাটী সুমঙ্গলা।
চিত্ররেখা বিচিত্রাঙ্গী মোদনী মদনালসা॥

দ্বাদশ গোপালের বামভাগে পূর্ব্বাভিমুখে অষ্ট গোস্বামীর পঙ্গত হইবে। অষ্ট গোস্বামী যথা—শ্রীরূপ, সনাতন, রঘুনাথভট্ট, রঘুনাথদাস, গোপালভট্ট, শ্রীজীব, লোকনাথ ও ভূগর্ভ গোস্বামী। ব্রজলীলায় ইঁহারা যথাক্রমে অষ্ট মঞ্জরী, যথা—রূপমঞ্জরী, লবঙ্গমঞ্জরী, রসমঞ্জরী, রতিমঞ্জরী, গুণমঞ্জরী, বিলাসমঞ্জরী, মঞ্জুলালীমঞ্জরী (নামান্তর লীলামঞ্জরী) ও প্রেমমঞ্জরী।

ইহার পরে ছয় চক্রবর্ত্তী ও অষ্ট কবিরাজের পঙ্গত হইবে। চক্রবর্ত্তিগণ প্রভুর সম্মুখে পশ্চিমাভিমুখে এবং কবিরাজগণ চক্রবর্ত্তিগণের বামভাগে পশ্চিমমুখে উপবেশন করিবেন।

ছয় চক্রবর্ত্তী, যথা—শ্রীবাস, গোকুলানন্দ, শ্যামদাস, শ্রীদাস, গোবিন্দ ও রামচরণ চক্রবর্ত্তী।

অষ্ট কবিরাজ, যথা—রামচন্দ্র, গোবিন্দ, কর্ণপূর, নৃসিংহ, ভগবান্, বল্লভদাস, গোকুল ও গোপীরমণ কবিরাজ।

এই ছয় চক্রবর্ত্তী ও অষ্ট কবিরাজ সকলেই শ্রীনিবাসাচার্য্যপ্রভুর শিষ্য।

পঞ্চতত্ত্বের দক্ষিণদিকে উত্তরমুখে পিতৃবর্গের পঙ্গত হইবে। পিতৃবর্গ--কুবেরাচার্য্য, জগন্নাথ মিশ্র ও হাড়াই পণ্ডিত।

জগতত্ত্বের বামভাগে দক্ষিণমুখে মাতৃবর্গের ভোগ সংস্থাপন করিতে পুরন্দ মাতৃবর্গ যথাঃ—নাভাদেবী, শচীমাতা ও পদ্মাবতী।

মাতৃবর্গের বামভাগে দক্ষিণমুখে প্রিয়াবর্গের পঙ্গত হইবে। প্রিয়াবর্গ, যথাঃ—সীতা ঠাকুরাণী, শ্রীঠাকুরাণী, বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণী, লক্ষ্মীপ্রিয়া ঠাকুরাণী, বসুধা ঠাকুরাণী ও জাহ্নবা ঠাকুরাণী।

ছয় চক্রবর্ত্তীর দক্ষিণপার্শ্বে পশ্চিমমুখে সন্তানগণের পঙ্গত হইবে। সন্তানগণ যথাঃ—বীরচন্দ্র গোস্বামী, রামাই, নন্দাই, মীনকেতন রামদাস, অচ্যুতানন্দ, কৃষ্ণমিশ্র, বলরাম মিশ্র, গোপাল দাস, জগদীশ, নন্দিনী, জঙ্গলী, নরহরি সরকারঠাকুর, মুকুন্দ, রঘুনন্দন, চিরঞ্জীব ও সুলোচন।

চৌষট্টি মহন্তের বামভাগে পূর্ব্বমুখে ঠাকুরগণের পঙ্গত হইবে ঠাকুরগণ যথাঃ—নরোত্তম, শ্রীনিবাসাচার্য্য ও শ্যামানন্দ ঠাকুর।

অগ্রে পঞ্চতত্ত্বের পূজোপহার প্রদান করিয়া পরে গুরুবর্গাদিক্রমে ঠাকুরান্ত ১৫৪ জনের পূজোপহার প্রদান করিতে হইবে। তন্মধ্যে গুরুবর্গ ও গুরুস্থানীয় পার্ষদগণ অনিবেদিত বস্তু দ্বারা এবং অবশিষ্ট সমস্ত পার্ষদই নিবেদিত বস্তু দ্বারা পূজিত হইয়া থাকেন।

শ্রীশ্রীগৌরগণোদ্দেশ

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
উপেন্দ্রমিশ্র (মহাপ্রভুর পিতামহ)	... পর্জন্য (শ্রীকৃষ্ণের পিতামহ)।
নীলাম্বর চক্রবর্ত্তী (ঐ মাতামহ)	... গর্গমুনি ও সুমুখ (ঐ মাতামহ)।
জগন্নাথ মিশ্র (ঐ পিতা)	... নন্দ (শ্রীকৃষ্ণের পিতা)।
শচীদেবী (ঐ মাতা)	... যশোদা (ঐ মাতা)।
ঈশ্বরপুরী (ঐ দীক্ষাগুরু)	... সান্দীপনি মুনি।
কেশবভারতী (ঐ সন্ন্যাসগুরু)	... অক্রূর।
গঙ্গাদাস পণ্ডিত (ঐ বিদ্যাগুরু)	... বশিষ্ঠ।
মুকুন্দ বা হাড়াই পণ্ডিত (নিত্যানন্দের পিতা)	বসুদেব (রামকৃষ্ণের পিতা)।
পদ্মাবতী (ঐ মাতা)	... রোহিণী (বলরামের মাতা)।
বল্লভাচার্য্য (লক্ষ্মীদেবীর পিতা)	... ভীষ্মক (রুক্মিণীর পিতা)।
সনাতন মিশ্র (বিষ্ণুপ্রিয়ার পিতা)	... সত্রাজিত রাজা (সত্যভামার পিতা)।
বনমালী (লক্ষ্মীর বিবাহের ঘটক)	... বিশ্বামিত্র ঋষি।
কাশীনাথ (বিষ্ণুপ্রিয়ার ঐ)	... কুলক (সত্যভামার বিবাহের ঘটক)।
পুণ্ডরীক বিদ্যানিধি	... বৃষভানু রাজা।
সূর্য্যদাস (বসুধা ও জাহ্নবার পিতা)	... ককুদ্মি (রেবতীর পিতা)।
নিত্যানন্দ	... বলরাম।
বসুধা (নিত্যানন্দের পত্নী)	... বারুণী (বলরামের পত্নী)।
জাহ্নবা (ঐ ঐ)	... অনঙ্গমঞ্জরী ও রেবতী।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
বীরচন্দ্র (নিত্যানন্দের পুত্র)	... পয়োব্ধিশায়ী।
গঙ্গা (ঐ কন্যা)	... গঙ্গা (বিষ্ণুপাদোদ্ভবা)।
মাধবাচার্য্য (গঙ্গার স্বামী)	... শান্তনু রাজা (গঙ্গার স্বামী)।
মীনকেতন রামদাস	... সঙ্কর্ষণের আদিব্যূহ।
অদ্বৈতআচার্য্য ...	... সদাশিব।
সীতাদেবী (অদ্বৈতের পত্নী)	... যোগমায়া ভগবতী।
নন্দিনী (সীতার দাসী)	... জয়া (ভগবতীর দাসী)।
জঙ্গলী (ঐ ঐ)	... বিজয়া (ঐ ঐ)।
অচ্যুতানন্দ (অদ্বৈতের পুত্র)	... অচ্যুতা গোপী।
কৃষ্ণমিশ্র (ঐ ঐ)	... কার্ত্তিকেয়।
গদাধর পণ্ডিত	... শ্রীরাধারাণী।
শ্রীবাস পণ্ডিত	... নারদ।
মালিনী (শ্রীবাসের পত্নী)	... অম্বিকা (শ্রীকৃষ্ণের ধাত্রীমাতা)।
নারায়ণী (ঐ ভ্রাতৃকন্যা)	... কিলিম্বিকা।
লক্ষ্মীপ্রিয়া (মহাপ্রভুর ১মা পত্নী)	... রুক্মিণী (শ্রীকৃষ্ণের পত্নী)।
বিষ্ণুপ্রিয়া (ঐ ২য়া পত্নী)	... সত্যভামা (ঐ ঐ)।
নরহরি সরকারঠাকুর	... মধুমতী।
রঘুনন্দন (খণ্ডবাসী)	... প্রদ্যুম্ন।
বক্রেশ্বর পণ্ডিত	... অনিরুদ্ধ।
গদাধর দাস	... পূর্ণানন্দা (বলরামপ্রিয়া গোপী)।
গোপীনাথাচার্য্য	... ব্রহ্মা।
মুরারিগুপ্ত	... হনুমান্।
পুরন্দর পণ্ডিত	... অঙ্গদ।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
গোবিন্দানন্দ	.. সুগ্রীব।
রামচন্দ্রপুরী	.. বিভীষণ ও জটিলা।
হরিদাস ঠাকুর	.. প্রহ্লাদ ও ঋচিক মুনির পুত্র ব্রহ্মা।
দেবানন্দ পণ্ডিত (কুলিয়া)	.. ভাগুরী মুনি।
বৃন্দাবন দাস	. বেদব্যাস।
বল্লভভট্ট	.. শুকদেব।
চন্দ্রশেখর সরখেল	.. চন্দ্র।
বিশ্বেশ্বরাচার্য্য	.. সূর্য্য।
বনমালী ভিক্ষুক	. সুদামা বিপ্র।
শুক্লাম্বর ব্রহ্মচারী	.. প্রধানা যজ্ঞপত্নী।
জগন্নাথাচার্য্য	.. দুর্ব্বাসা।
জগন্নাথ (জগাই)	.. জয় (বৈকুণ্ঠের দ্বারপাল)।
মাধব (মাধাই)	.. বিজয় (ঐ ঐ)।
গরুড় পণ্ডিত	. গরুড় (বিষ্ণুর বাহন)।
প্রতাপরুদ্র	.. ইন্দ্রদ্যুম্ন।
পরমানন্দপুরী	. উদ্ধব।
সার্ব্বভৌম ভট্টাচার্য্য	. বৃহস্পতি (দেবগুরু)।
ভাস্কর ঠাকুর	বিশ্বকর্ম্মা।
কাশীশ্বর (মহাপ্রভুর ভৃত্য)	. ভৃঙ্গার (শ্রীকৃষ্ণের ভৃত্য)।
গোবিন্দ ঐ	. ভঙ্গুর (ঐ ঐ)।
হরিদাস ঐ	রক্তক (ঐ ঐ)।
বৃহচ্ছিশু ঐ	. পত্রক (ঐ ঐ)।
রামাই ঐ	পয়োদ (ব্রজের জলসংস্কারকারী)।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
নন্দাই (মহাপ্রভুর ভৃত্য)	··· বারিদ (ব্রজের জলসংস্কারকারী)।
ঈশান দাস	··· শাণ্ডিল্য মুনি।
গৌরীদাস কীর্ত্তনীয়া	··· কলকণ্ঠী (ব্রজের গায়ক)।
বনমালী পণ্ডিত	··· মালাধর (ব্রজের বেণু ও মুরলীধারক)।
লোকনাথ	··· সনক।
শ্রীনাথ	··· সনাতন।
রামনাথ	··· সনৎকুমার।
কাশীনাথ	··· সনন্দ।
রায় ভবানন্দ	··· পাণ্ডু মহারাজ।
বাণীনাথ (ভবানন্দের পুত্র)	··· যুধিষ্ঠির।
কলানিধি ঐ	··· ভীম।
রায় রামানন্দ ঐ	··· অর্জ্জুন ও অর্জ্জুনীয়া গোপী। ··· বিশাখা (মতান্তরে)।
সুধানিধি ঐ	··· নকুল।
গোপীনাথ ঐ	··· সহদেব।
সেন শিবানন্দ	··· চিত্রা। মতান্তরে বীরা দূতী।
মালতী (শিবানন্দের পত্নী)	··· বিন্দুমতী।
চৈতন্যদাস (শিবানন্দের পুত্র)	·· দক্ষ (ব্রজের শুকপক্ষী)।
রামদাস ঐ	··· বিচক্ষণ (ঐ ঐ)।
কবি কর্ণপূর ঐ	··· মধুরেক্ষণা। মতান্তরে গুণচূড়া সখী ··· ও সূক্ষ্মধীরা (ব্রজের শারী)।
সত্যানন্দ সরস্বতী	··· গৌতম।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
শ্রীকান্ত সেন	··· কাত্যায়ণী ঠাকুরাণী।
উদ্ধব দাস	··· পদ্মা।
বংশীদাস ঠাকুর	··· শ্রীকৃষ্ণের বংশী।
জগদানন্দ পণ্ডিত	··· সত্যভামার প্রকাশবিশেষ।
কৃষ্ণদাস কবিরাজগোস্বামী	··· কস্তুরীমঞ্জরী।
সারঙ্গ ঠাকুর	··· নান্দীমুখী।
সত্যরাজ খান	··· সুকণ্ঠী।
মুকুন্দ (খণ্ডবাসী)	··· বৃন্দাদেবী।
ভগবানাচার্য্য	··· রত্নাবলী।
দ্বিজ হরিদাস	··· শ্যামমঞ্জরী।
বাণীনাথ পণ্ডিত	··· কলভাষিণী।
নবাই হোড়	··· নীলকান্তি সখী।
কৃষ্ণদাস সরখেল	··· সম্মোহিনী সখী।
বিহারী কৃষ্ণদাস	·· বিদ্যুল্লতা সখী।
হোড় হরিদাস	··· রত্নাবলী সখী।
শ্রীনাথ পণ্ডিত	··· চিত্রাঙ্গী সখী।
গালিম জগন্নাথ	··· সুখপালী সখী।
পুরুষোত্তম ব্রহ্মচারী	··· আহ্লাদিনী সখী।
প্রদ্যুম্ন মিশ্র	··· মধুমঙ্গল।
গোপাল গুরু	··· সুমুখী গোপী।
রাঘব (ঝালিবাহক)	·· মালাধর (ব্রজের ভৃত্য)।
দময়ন্তী (রাঘবের ভগ্নী)	··· গুণমালা (ব্রজের দাসী)।
রাঘব পণ্ডিত (পাণিহাটী)	···· ধনিষ্ঠা।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
জগদীশ (নৃত্যবিনোদী)	... চন্দ্রহাস (ব্রজের নট)।
শঙ্কর ঘোষ (ডম্ফবাদক)	... সুধাকর (ব্রজের মৃদঙ্গবাদক)।
বৈদ্য বিষ্ণুদাস	... সারদা (ব্রজের গায়ক)।
বুদ্ধিমন্ত খান	... মধুব্রত (ব্রজের ভৃত্য)।
জগদীশ পণ্ডিত (যশোড়া)	.. চন্দ্রলতিকা সখী।
কাশীশ্বর গোস্বামী	.. শশিরেখা।
মাধবী দাসী	... কলাকেলী।
জগদীশ ও হিরণ্যক	... দুই জন যজ্ঞ পত্নী।
ভাগবতাচার্য্য	... শ্বেতমঞ্জরী।

দ্বাদশ গোপাল।

অভিরাম ঠাকুর	... শ্রীদাম।
সুন্দরানন্দ ঠাকুর	... সুদাম।
ধনঞ্জয় পণ্ডিত	... বসুদাম।
গৌরীদাস পণ্ডিত	... সুবল।
কমলাকর পিপ্পলাই	... মহাবল।
উদ্ধারণ দত্ত	... সুবাহু।
মহেশ পণ্ডিত	... মহাবাহু।
পুরুষোত্তম দাসঠাকুর	... স্তোককৃষ্ণ।
নাগর পুরুষোত্তম	... দাম।
পরমেশ্বর দাস ঠাকুর	... অর্জ্জুন।
কালা কৃষ্ণদাস	... লবঙ্গ।
শ্রীধর পণ্ডিত	... কুসুমাসব।

দ্বাদশ উপগোপাল।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
হলায়ুধ পণ্ডিত	... প্রবল (ব্রজের সখা)।
রুদ্র পণ্ডিত	... বরূথপ ঐ।
কুমুদানন্দ পণ্ডিত	... গন্ধর্ব্ব ঐ।
কাশীশ্বর পণ্ডিত	... কিঙ্কিণী ঐ।
বনমালী ওঝা	... অংশুমান্ ঐ।
সন্ত ঠাকুর	... ভদ্রসেন ঐ।
মুরারি মাহাতি	... বসন্ত ঐ।
গঙ্গাদাস	... উজ্জ্বল ঐ।
গোপাল ঠাকুর	... কোকিল ঐ।
শিবাই	... বিলাসী ঐ।
নন্দাই	... পুণ্ডরীক ঐ।
বিষ্ণাই ঠাকুর	... কনবিঙ্ক ঐ।

অষ্ট গোস্বামী।

রূপ গোস্বামী	... রূপমঞ্জরী।
সনাতন গোস্বামী	... লবঙ্গমঞ্জরী।
রঘুনাথভট্ট গোস্বামী	... রসমঞ্জরী।
জীব গোস্বামী	... বিলাসমঞ্জরী।
গোপালভট্ট গোস্বামী	... গুণমঞ্জরী।
রঘুনাথদাস গোস্বামী	... রতিমঞ্জরী।
লোকনাথ গোস্বামী	... মঞ্জুলালীমঞ্জরী।
ভূগর্ভ গোস্বামী	... প্রেমমঞ্জরী।

অষ্টসিদ্ধি।

গৌরগণ।	স্বরূপনির্ণয়।
অনন্তপুরী, কৃষ্ণানন্দপুরী, সুখানন্দপুরী, গোবিন্দপুরী, রঘুনাথপুরী, কেশবপুরী, দামোদরপুরী, রাঘবপুরী,	অণিমা, মহিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত্ব।
শ্রীনিধি, শ্রীগর্ভ, কবিরত্ন, সুধানিধি, বিদ্যানিধি, গুণনিধি, রত্নবাহু, আচার্য্যরত্ন, রত্নাকর পণ্ডিত	পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল, খর্ব্ব।

নব জয়ন্ত-পুত্র।

নৃসিংহানন্দতীর্থ, সত্যানন্দতীর্থ, চিদানন্দ তীর্থ, জগন্নাথতীর্থ, বাসুদেবতীর্থ, শ্রীরাম তীর্থ, গরুড় অবধূত, গোপেন্দ্র আশ্রম	জয়ন্তের নয়জন পুত্র— সকলেই ঊর্দ্ধরেতা, সমদর্শী ও পরম ভাগবত।

অষ্ট প্রধান মহান্ত।

স্বরূপ দামোদর	...	ললিতা
রায় রামানন্দ	...	বিশাখা।
সেন শিবানন্দ	...	চিত্রা।
রামানন্দ বসু	...	চম্পকলতা।
মাধব ঘোষ	...	তুঙ্গবিদ্যা।
গোবিন্দানন্দ ঠাকুর	...	ইন্দুরেখা।
গোবিন্দ ঘোষ	...	রঙ্গদেবী।
বাসুদেব ঘোষ	...	সুদেবী।

চৌষট্টি মহান্ত। ৭৪২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

শ্রীশ্রীসঙ্কীর্ত্তন।

শ্রীসঙ্কীর্ত্তনারম্ভে মঙ্গলাচরণ।

(১)

চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নিনির্ব্বাপণং
শ্রেয়ঃকৈরবচন্দ্রিকাবিতরণং বিদ্যাবধূজীবনং।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনং॥

(২)

মঙ্গল রাগ।

জয় জয় শ্রীগুরু প্রেমকল্পতরু
অদ্ভুত যাঁক প্রকাশ।
হিয়-অগেয়ান- তিমির বরজ্ঞান
সুচন্দ্র-কিরণে করু নাশ॥
ইহ লোচন-আনন্দ-ধাম।
অযাচিত এহেন পতিত হেরি যো পহুঁ
যাচি দেয়ল হরিনাম॥ ধ্রু॥
দুরগতি-অগতি অসত-মতি যো জন
নাহি সুকৃতি-লবলেশ।
শ্রীবৃন্দাবন- যুগল-ভজন-ধন
তাহে করত উপদেশ॥

নিরমল গৌর- প্রেমরস-সিঞ্চনে
পূরল সব মন-আশ।
সো চরণাম্বুজে রতি নাহি হোয়ল
রোয়ত বৈষ্ণবদাস॥

(৩)

মঙ্গল রাগ।

জয় রে জয় রে গোরা শ্রীশচীনন্দন
মঙ্গল নটন সুঠান।
কীর্ত্তন-আনন্দে শ্রীবাস রামানন্দে
মুকুন্দ বাসু গুণগান॥
দ্রাং দ্রিমিকি দ্রিমি মঙ্গল বাজত
মধুর মন্দীর রসাল রে।
শঙ্খ করতাল ঘণ্টারব ভেল
মিলল পদতলে তাল রে॥
কো দেই গোরা-অঙ্গে সুগন্ধি চন্দন
কো দেই মালতী-মাল রে।
পিরীতি ফুলশরে মরম ভেদল
ভাবে সহচর ভোর রে॥
কোই কহত গোরা জানকী-বল্লভ
রাধার প্রিয় পাঁচবাণ বে।
নয়নানন্দের মনে আন নাহি জানে
আমার গদাধরের প্রাণ রে॥

(৪)

যথারাগ।

কীর্ত্তন-রসময় আগম-অগোচর
কেবল আনন্দ-কন্দ।
অখিল-লোক-গতি ভকত-প্রাণপতি
জয় জয় নিত্যানন্দচন্দ্র ॥
হেরি পতিতগণ করুণাবলোকন
জগ ভরি করল অপার।
ভব-ভয়-ভঞ্জন দুরিত-নিবারণ
ধন্য ধন্য অবতার ॥
হরি-সঙ্কীর্ত্তনে মজিল জগজনে
সুর নর নাগ পশু পাখী।
সকল-বেদ-সার প্রেম-সুধারস
দেয়ল কাহু না উপেখি ॥
ত্রিভুবন-মঙ্গল নাম-প্রেম-বলে
দূরে গেল কলি-আঁন্ধিয়ার।
শমন-ভবন-পথ সবে এক রোধল
বঞ্চিত রাম দুরাচার ॥

(৫)

ধানশী।

জয় জয় অদভুত সো পহুঁ অদ্বৈত
সুরধুনী-সন্নিধানে।

আঁখি মুদি রহে প্রেমে নদী বহে
বসন তিতিল ঘামে ॥
নিজ পহুঁ মনে ঘন গরজনে
উঠে জোড়ে জোড়ে লম্প।
ডাকে বাহু তুলি কাঁদে ফুলি ফুলি
দেহে বিপরীত কম্প ॥
অদ্বৈত-হুঙ্কারে সুরধুনী-তীরে
আইলা নাগররাজ।
তাহার পিরীতে আইলা তুরিতে
উদয় নদীয়া মাঝ ॥
জয় সীতানাথ করল বেকত
নন্দের নন্দন হরি।
কহে বৃন্দাবন অদ্বৈত-চরণ
হিয়ার মাঝারে ধরি ॥

(৬)

মল্লার।

নিন্দিত-শশধর-নিরুপম-নখরং।
হৃদগত-তিমির-বিনাশক-শিখরং ॥
বন্দে রাধামাধব-চরণং।
ভক্তজনানাং কেবলং শরণং ॥ ধ্রু ॥
পরমানন্দকমতিশয়-ললিতং।
ব্রজযুবতীকুল-লোভক-রচিতং ॥

অহমতি-পামরঃ পাপবিশিষ্টঃ
রাধামোহন-সংজ্ঞকো দুষ্টঃ ॥

শ্রীসঙ্কীর্ত্তনের অধিবাস।

(১)

ধানশী।

একদিন পহুঁ হাসি অদ্বৈত মন্দিরে আসি
বসিলেন শচীর কুমার।
নিত্যানন্দ করি সঙ্গে অদ্বৈত বসিয়া রঙ্গে
মহোৎসবের করিলা বিচার॥
শুনিয়া আনন্দে আসি সীতাঠাকুরাণী হাসি
কহিলেন মধুর বচন।
তা শুনি আনন্দমনে মহোৎসবের বিধানে
কহে কিছু শচীর নন্দন॥
শুন ঠাকুরাণী সীতা বৈষ্ণব আনিয়ে এথা
আমন্ত্রণ করিয়া যতনে।
যেবা গায় যেবা বায় আমন্ত্রণ করি তায়
পৃথক্ পৃথক্ জনে জনে॥
এত বলি গোরারায় আজ্ঞা দিল সবাকায়
বৈষ্ণব করহ আমন্ত্রণ।
খোল করতাল লৈয়া অগুরু চন্দন দিয়া
পূর্ণঘট করহ স্থাপন॥

আরোপণ কর কলা তাহে বান্ধ ফুলমালা
কীর্ত্তনমণ্ডলী কুতূহলে।
মাল্য চন্দন গুয়া ঘৃত মধু দধি দিয়া
খোল-মঙ্গল সন্ধ্যাকালে॥
শুনিয়া প্রভুর কথা প্রীতে বিধি কৈল যথা
নানা উপহার গন্ধবাসে।
সবে হরি হরি বলে খোল-মঙ্গল করে
পরমেশ্বরদাস রসে ভাষে॥

(২)

নানা দ্রব্য আয়োজন করি করে নিমন্ত্রণ
কৃপা করি কর আগমন।
তোমরা বৈষ্ণবগণ মোর এই নিবেদন
দৃষ্টি করি কর সমাপন॥
করি এত নিবেদন আনিল মহান্তগণ
কীর্ত্তনের করে অধিবাস।
অনেক ভাগ্যের ফলে বৈষ্ণব আসিয়া মিলে
কালি হবে মহোৎসব-বিলাস॥
শ্রীকৃষ্ণের লীলাগান করিবেন আস্বাদন
পূরিবে সবার অভিলাষ।
শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র সকল ভকতবৃন্দ
গুণ গায় বৃন্দাবন দাস॥

(৩)

আগে রম্ভা আরোপণ পূর্ণঘট স্থাপন
আম্রপল্লব সারি সারি।
দ্বিজে বেদধ্বনি করে নারীগণ জয়কারে
আর সবে বলে হরি হরি॥
দধি ঘৃত মঙ্গল করি সবে উতরোল
করয়ে আনন্দ পরকাশ।
আনিয়া বৈষ্ণবগণ দিয়া মালাচন্দন
কীর্ত্তন-মঙ্গল-অধিবাস.॥
সবার আনন্দ মন বৈষ্ণবের আগমন
কালি হবে চৈতন্য-কীর্ত্তন ৭
শ্রীকৃষ্ণচৈতন্য নাম শ্রীনিত্যানন্দ রাম
গুণ গায় দাস বৃন্দাবন॥

(৪)

জয় জয় নবদ্বীপ মাঝ।
গৌরাঙ্গ-আদেশ পাঞা ঠাকুর অদ্বৈত যাঞা
করে খোল-মঙ্গলের সাজ॥
আনিয়া বৈষ্ণব সব হরিবোল কলরব
মহোৎসবেব করে অধিবাস।
আপনে নিতাই-ধন দেই মালাচন্দন
করে প্রিয় বৈষ্ণব সম্ভাষ॥

গোবিন্দ মৃদঙ্গ লৈয়া বাজায় তাতা থৈয়া থৈয়া
করতালে অদ্বৈত চপল।
হরিদাস করে গান শ্রীবাস ধরয়ে তান
নাচে গোরা কীর্ত্তন-মঙ্গল॥
চৌদিকে বৈষ্ণবগণ হরি বলে ঘনে ঘন
কালি হবে কীর্ত্তন-মহোৎসব।
আজি খোল মঙ্গলি রাখিয়ে আনন্দ করি
বংশী বলে দেহ জয়রব॥

নিশান্ত-কীর্ত্তন।

(১)

তদুচিত গৌরচন্দ্র।

বিভাষ।

শুতিয়াছে গোরাচাঁদ শয়ন-মন্দিরে।
বিচিত্র পালঙ্ক-শেজ তাহার উপরে॥
আলসে অবশ অঙ্গ গোরা নটরায়।
কি কহব অঙ্গশোভা কহনে না যায়॥
মেঘের বিজুরী কিবা ছানিয়া যতনে।
কত সুধা দিয়া বিধি কৈল নিরমাণে॥
অতি মনোহর শেজ বিচিত্র বালিশে।
বাসুদেব ঘোষে দেখে মনের হরিষে॥

(২)

মালকোষ।

উঠ উঠ গোরাচাঁদ নিশি পোহাইল।
নদীয়ার লোক সব জাগিয়া বৈঠল॥
ময়ূর-ময়ূরী-রব কোকিলের ধ্বনি।
কত সুখে নিদ্রা যাও গৌর গুণমণি॥
অরুণ উদয় ভেল কমল প্রকাশ।
তেজল মধুকর কুমুদিনী পাশ॥
করযোড় করি বলে বাসুদেব ঘোষে।
কত নিদ্রা যাও প্রভু আলস-আবেশে॥

(৩)

যথারাগ।

উঠিয়া গৌরাঙ্গচাঁদ বসিলা আসনে।
সুবাসিত জলে কৈল মুখ প্রক্ষালনে॥
গা তোল হে অবধৌত ডাকে গোরারায়।
অদ্বৈত উঠিয়া নিত্যানন্দেরে জাগায়॥
দক্ষিণে নিতাইবর বামে গদাধর।
সম্মুখেতে শোভা করে অদ্বৈত-সুন্দর॥
শ্রীবাসাদি আর যত প্রিয়ভক্তগণ।
আনন্দে হেরয়ে সবে ও চাঁদবদন॥
নরহরি গদাধর সংহতি বিহরে।
বাসুদেব ঘোষে তাহা কি কহিতে পারে॥

(৪)

ভৈরবী।

মঙ্গল আরতি গৌরকিশোর।
মঙ্গল নিত্যানন্দ জোরহি জোর॥
মঙ্গল শ্রীঅদ্বৈত ভকতহিঁ সঙ্গে।
মঙ্গল গাওত প্রেমতরঙ্গে॥
মঙ্গল বাজত খোল করতাল।
মঙ্গল হরিদাস নাচত ভাল॥
মঙ্গল ধূপদীপ লইয়া স্বরূপ।
মঙ্গল আরতি করে অপরূপ॥
মঙ্গল গদাধর হেরি পহুঁ হাস।
মঙ্গল গাওত দীন কৃষ্ণদাস॥

(৫)

বিভাষ।

নিশি অবশেষে, জাগি সব সখীগণ, বৃন্দাদেবী-মুখ চাই।
রতি-রস-আলসে, শুতি রহুঁ দুহু জন, তুরিতহিঁ দেহ জাগাই॥
তুরিতহিঁ করহ পয়ান।
রাই জাগাই, লেহ নিজ মন্দিরে, যব নাহি হোয়ত বিহান॥
শারী শুক পিক, সকল পক্ষিগণ, সুস্বরে দেহ জাগাই।
জটিলা-আগমন, সবহুঁ মেলি ভাখই, শুনইতে জাগব রাই॥
বৃন্দার বচনে, সকল পক্ষিগণে, মধুর মধুর করু ভাষ।
মন্দির-নিকটে, ঝারি লই ঠারই, হেরত গোবিন্দদাস॥

(৬)

ললিত।

বৃন্দাবিপিনহিঁ সব দ্বিজকুল।
কুজয়ে চৌদিশে হোই আকুল॥
শারী শুক তহিঁ কোকিল মেলি।
কপোত ফুকারত অলিকুল কেলি॥
ময়ূর-ময়ূরী-ধ্বনি শুনিতে রসাল।
বানরী রব তহিঁ অতি সুবিশাল॥
ঐছন শবদ ভেল বনমাহ।
জাগল দুহুঁ জন নাগরী নাহ॥
আলসে দুহুঁ তনু দুহুঁ নাহি তেজে।
শুতি রহল পুন কিশলয় শেজে॥
পুনহি ফুকারই শারী সুকীর।
ঐছন যৈছে সুধারস গীর॥
কব বলরাম তহিঁ শুনব শ্রবণে।
রাধামাধব হেরব নয়নে॥

(৭)

ভৈরবী।

জাগহুঁ বৃষভানুনন্দিনী মোহন যুবরাজে॥ ধ্রু॥
অকরুণ পুন বাল অরুণ উদিত মুদিত কুমুদ-বদন
চমকি চুম্বি চঞ্চরী পদমিনীক সদন সাজে।

কি জানি সজনি রজনী থোর ঘুঘু ঘন ঘোষত ঘোর
গত যামিনী জিত দামিনী কামিনীকুল লাজে ॥
ফুকারত হতশোক কোক জাগব অব সবহুঁ লোক
শুক শারাক পিক কাকলী নিধুবন ভরি গাজে।
গলিত ললিত বসন সাজ মণিযুত বেণী ফণী বিরাজ
উঁচ কোরক রুচচোরক কুচযোরক মাঝে ॥
তড়িত জড়িত জলদ ভাঁতি দোঁহে সুখে শুতি রহল মাতি
জিনি ভাদর রস বাদর পরমাদর শেজে।
বরজ-কুলজ-জলজ-নয়ানা ঘুমল বিমল কমল-বয়ানী
কৃত লালিস ভুজ বালিশ আলিস নাহি তেজে ॥
টুটল কিয়ে ফুলধনু-গুণ কিয়ে রতিরণে ভেল তূণ শূন
সমর মাঝে পড়ল লাজে রতিপতি ভয়ে ভাজে।
বিপতি পড়ল যুবতাবৃন্দ গুরুগণগতি কহই মন্দ
জগদানন্দ সরস বিরস রসবতী রসরাজে ॥

(৮)

ভৈরবী

রাই জাগ রাই জাগ শারী শুক বলে।
কত নিদ্রা যাও কাল মাণিকের কোলে ॥
রজনী প্রভাত হৈল বলিয়ে তোমারে।
অরুণ-কিরণ হেরি প্রাণ কাঁপে ডরে ॥
শারী বলে ওহে শুক গগনে উড়ি ডাক।
নব জলধরে আনি অরুণেরে ঢাক ॥

শুক বলে শারী মোরা পোষাণিয়া পাখী।
জাগালে না জাগে রাই ধরম কর সাখী ॥
ডালেতে বসিয়া শুক করে উচ্চধ্বনি।
উঠিয়া বসিল তবে রাধা বিনোদিনী ॥
গোকুলানন্দ বলে শুক কি কার্য্য করিলি।
তমালে কনকলতা কেন ছাড়াইলি ॥

(৯)

বিভাষ।

উঠিয়া সে বিনোদিনী, হেরি শেষ রজনী,
চমকিত চারিদিকে চায়।
প্রভাত জানিয়া ধনি, মনে সশঙ্কিত মানি,
পদ চাপি বঁধুরে জাগায় ॥
উঠ হে নাগরবর, আলিস পরিহর,
ঘুমে না হইও অচেতন।
বিষম গোকুলের লোকে, হেন বেলে যদি দেখে,
কি বলিয়া বলিব বচন ॥
বাপ-শ্বশুর-কুল, উচ্চ দুই সমতুল,
তাহে বোলাই কুলের কামিনী।
হেন মনে করি ভয়, পাছে কুলে কালি রয়,
লোকে পাছে বলে কলঙ্কিনী ॥
এই ত গোকুলের লোকে, কত কথা বলে মোকে,
ননদিনী পরমাদ করে।

যদি দেখে তুয়া সঙ্গে, হইবে কেমন রঙ্গে,
তবে কি রহিতে দিবে ঘরে ॥
আমি আর বলিব কি, না পারিয়া বিদায় নি,
সকলি গোচর রাঙ্গা পায় ॥
এ যদুনন্দন বলে, দুহুঁ ভাসে প্রেমজলে,
লোরে দুহুঁ দেখিতে না পায় ॥

(১০)

যথারাগ।

মঙ্গল আরতি যুগলকিশোর।
জয় জয় করতহিঁ সখীগণ ভোর ॥
রতন প্রদীপ করে টলমল থোর।
নিরখত মুখবিধু শ্যাম সুগোর ॥
ললিতা বিশাখা সখী প্রেমে আগোর।
করত নিরমঞ্ছন দোঁহে দুহুঁ ভোর ॥
বৃন্দাবন-কুঞ্জহি ভুবন উজোর।
মূরতি মনোহর যুগলকিশোর ॥
গাওত শুক পিকু নাচত ময়ুর।
চাঁদ উপেখি মুখ নিরখে চকোর ॥
বাজত বিবিধ যন্ত্র ঘন ঘোর।
শ্যামানন্দ আনন্দে বাজায় জয় তোর ॥

(১১)

বিভাষ।

কতহুঁ যতনে দুহুঁ, নিজ নিজ মন্দিরে, বিমনহি করত পয়ান।
দুহুঁক নয়ানে গল, প্রেম-বিচ্ছেদ-জল, দারুণ দৈব বিহান॥

দেখ রাধামাধব-প্রেম।

ঐছন ঘটন, কতিহুঁ নাহি হেরিয়ে, যৈছন লাখবাণ হেম॥
পদ আধ চলত, খলত পুনঃ ফিরত, কাতরে নেহারই মুখ।
একই পরাণ, দেহ পুন ভিন ভিন, অতয়ে সে মানিয়ে দুখ॥
তিল এক বিরহ, কলপ করি মানয়ে, গাবয়ে ও পরসঙ্গ।
ভণ রাধামোহন, ঐছন নামগুণ, যাহে নহ ও রস ভঙ্গ॥

(১২)

সুহই।

পদ আধ চলত খলত পুন বেরি।
পুন ফেরি চুম্বয়ে দুহুঁ মুখ হেরি॥
দুহুঁ জন নয়নে গলয়ে জলধার।
রোই রোই সখীগণ চলই না পার॥
ক্ষেণে ভয়ে সচকিত নয়নে নেহার।
গলিত বসন ফুল কুন্তল-ভার॥
নূপুর আভরণ আঁচরে নেল।
দুহুঁ অতি কাতরে দুহুঁ পথে গেল॥
পুন পুন হেরইতে হেরই না পায়।
নয়নক লোরহি বসন ভিগায়॥

চলইতে হেরল নিকটহিঁ গেহ।
পীত বসনে সব গোপয়ে দেহ॥
আপাদ-মস্তক সব বসনে বেয়াপি।
অলপে অলপে চলে পদযুগ চাপি॥
নিজ মন্দিরে ধনি আয়লি দেখি।
গুরুজন গৃহে পুন সচকিতে পেখি॥
তুরিতহিঁ পৈঠলি মন্দির মাঝে।
বৈঠল সুন্দরী আপন শেজে॥
নিতি নিতি ঐছন দুহুঁক বিলাস।
নিতি নিতি হেরব বলরাম দাস॥

(১৩)

যথারাগ।

কতহুঁ দুলহ সঙ্গ ভৈগেল বিচ্ছেদ।
মন মাহা গাঢ়হুঁ বাঢ়ল খেদ॥
ঝর ঝর লোচনে শশিমুখী রোই।
অলখিতে আওল লখই না কোই॥
সহচরীগণ মেলি শেজ বিছাই।
আলসে অবশ ধনি শুতলি তাঁই॥
অন্তরে গর গর শ্যামর-লেহ।
সখীগণ সত্বরে চললি নিজ গেহ॥
সব জন পূরল নিজ নিজ সাধ।
কহ কবিশেখর রস-মরিযাদ॥

মধ্যাহ্নকালীন ভোগ-আরতি।

(১)

(শ্রীঅদ্বৈতগৃহে ভোজন।)

ভজ পতিত-উদ্ধারণ শ্রীগৌরহরি।
শ্রীগৌরহরি নবদ্বীপ-বিহারী
দীন দয়াময় হিতকারী ॥ ধ্রু ॥
এস এস মহাপ্রভু করি নিবেদন।
শান্তিপুরে মোর গৃহে কর আগমন ॥
প্রভু লয়ে সীতানাথ করিলেন গমন।
আনন্দেতে হুলু দিচ্চে যত নারীগণ ॥
অদ্বৈত গৃহিণী আর শান্তিপুর-নারী।
হুলু হুলু রব দেয় গোরা-মুখ হেরি ॥
বসিতে আসন দিলা রত্ন-সিংহাসন।
সুশীতল জলে কৈলা পাদ প্রক্ষালন ॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু কর অবধান।
ভোগমন্দিরে প্রভু করহ পয়ান ॥
বামদিকে গদাধর দক্ষিণে নিতাই।
মধ্যাসনে বসিলেন চৈতন্য গোসাঞি ॥
চৌষট্টি মহান্ত আর দ্বাদশ গোপাল।
ছয় চক্রবর্ত্তী আর অষ্ট কবিরাজ ॥
শাক শুকুতা ভাজি দিয়ে সারি সারি
ভোগের উপরি দিল তুলসীমঞ্জরী ॥

গঙ্গাজল তুলসী দিয়া কৈল নিবেদন।
আনন্দে ভোজন করেন শ্রীশচীনন্দন॥
দধি দুগ্ধ ঘৃত ছানা নানা উপহার।
আনন্দে ভোজন করেন শচীর কুমার॥
মালপোয়া সর ভাজা আর লুচি পুরী।
* আনন্দে ভোজন করেন নদীয়াবিহারী॥
না জানিয়ে পরিপাটী না জানি রন্ধন।
শুক রুখা এক মুঠি করহ ভোজন॥
ভোজনের অবশেষ কহিতে না পারি।
সুবর্ণ ভৃঙ্গারে দিল সুবাসিত বারি॥
ভোজন সারিয়া প্রভু কৈলা আচমন।
সুবর্ণ খড়িকায় কৈল দন্তশোধন॥
আচমন করিয়া প্রভু বসিলেন সিংহাসনে।
কর্পূর তাম্বূল যোগায় প্রিয় ভক্তগণে॥
তাম্বূল খাইয়া প্রভুর পালঙ্কে শয়ন।
গোবিন্দদাস করে পাদ সম্বাহন॥
ফুলের চৌয়ারি ঘর ফুলের কেয়ারী।
ফুলের রত্ন-সিংহাসন চাঁদোয়া মশারি॥
ফুলের পাপড়ি প্রভুর উড়ে পড়ে গায়।
তার মধ্যে মহাপ্রভু সুখে নিদ্রা যায়॥
শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভুর দাসের অনুদাস।
নরোত্তমদাস মাগে সেবা-অভিলাষ॥

(২)

(শ্রীশ্রীবাসগৃহে ভোজন।)

ভজ শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ।
গদাধরের প্রাণ আমার প্রভু গৌরচন্দ্র
শ্রীবাস শ্রীচৈতন্যকে নিমন্ত্রণ কৈল।
মধ্যাহ্ন-সময়ে প্রভু তথায় আইল॥
শ্রীবাস-গৃহিণী দিলেন বসিতে আসন।
সুবর্ণ ভৃঙ্গারে প্রভুর ধোয়াইল চরণ॥
এই নিবেদন দাসীর এই নিবেদন।
ভোগ-মন্দিরে প্রভু করহ গমন॥
তবে মহাপ্রভু উঠি মন্দিরে চলিল।
ভক্তগোষ্ঠী সঙ্গে প্রভু ভোজনে বসিল॥
বামেতে অদ্বৈত প্রভু দক্ষিণে নিতাই।
মধ্যাসনে বসিলেন চৈতন্য গোসাঞি॥
চৌষট্টি মহান্ত আর দ্বাদশ গোপাল।
ছয় চক্রবর্ত্তী আর অষ্ট কবিরাজ॥
সঘৃত শাল্যন্ন ব্যঞ্জন দিয়া সারি সারি।
ভোগের উপরি দিল তুলসী-মঞ্জরী॥
গঙ্গাজল তুলসী দিয়া কৈল নিবেদন।
আনন্দে ভোজন করেন শ্রীশচীনন্দন॥
দধি দুগ্ধ ছানা চিনি নানা উপহার।
আনন্দে ভোজন করেন শচীর কুমার॥

শ্রীবাস-গৃহিণী আর নবদ্বীপ-নারী।
হুলুধ্বনি দেই সবে গোরা-মুখ হেরি॥
নাহি জানি পরিপাটী না জানি রন্ধন।
শুকা রুখা এক মুঠি করহ ভোজন॥
ভোজনের অবশেষ কহিতে না পারি।
পাত্র ভরিয়া দিল সুবাসিত বারি॥
ভোজন করিয়া প্রভু কৈলেন আচমন।
সুবর্ণ খড়িকায় করেন দন্ত শোধন॥
আচমন করিয়া প্রভু বসিলেন সিংহাসনে।
কর্পূর তাম্বূল যোগায় প্রিয় ভক্তগণে॥
তাম্বূল খাইয়া প্রভুর পালঙ্কে শয়ন।
গোবিন্দদাস করে চরণ সেবন॥
ফুলের চৌয়ারী ঘর ফুলের কেয়ারী।
ফুলের রত্ন সিংহাসন চাঁদোয়া মশারি॥
ফুলের পাপড়ি প্রভুর উড়ে পড়ে গায়।
তার মধ্যে মহাপ্রভু সুখে নিদ্রা যায়॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর দাসের অনুদাস।
সেবা-অভিলাষ মাগে নরোত্তম দাস॥

শ্রীশ্রীগৌরাঙ্গের সন্ধ্যা-আরতি।

গৌরী।

ভালি গোরাচাঁদের আরতি বনি।
বাজে সঙ্কীর্ত্তন মধুর ধ্বনি॥
শঙ্খ বাজে ঘণ্টা বাজে বাজে করতাল।
মধুর মৃদঙ্গ বাজে শুনিতে রসাল॥
বিবিধ কুসুম ফুলে বনি বনমালা।
কত কোটি চন্দ্র জিনি বদন উজালা॥
ব্রহ্মা আদি দেব যাঁকো যোড় করে।
সহস্র বদনে ফণী (শিরে) ছত্র ধরে॥
শিব শুক নারদ ব্যাস বিসারে।
নাহি পরাৎপর ভাব-ভরে॥
শ্রীনিবাস হরিদাস পঞ্চম গাওয়ে।
নরহরি গদাধর চামর ঢুলাওয়ে॥
বীরবল্লভ দাস শ্রীগৌর-চরণে আশ।
জগ ভরি রহল মহিমা প্রকাশ॥

শ্রীশ্রীরাধারাণীর সন্ধ্যা-আরতি।

ইমন্ কল্যাণী।

জয় জয় রাধেজীকো শরণ তোঁহারি।
ঐছন আরতি যাঙ বলিহারি॥

পাট পটাম্বর ওঢে নীল শাড়ী।
সাঁথঁক সিন্দুর যাঙ বলিহারি॥
বেশ বনায়ল প্রিয় সহচরী।
রতন সিংহাসনে বৈঠল গোরী॥
রতনে জড়িত মণি মাণিক মোতি।
ঝলমল আভরণ প্রতি অঙ্গ-জ্যোতি॥
চৌদিকে সখীগণ দেই করতালি।
আরতি করতহিঁ ললিতা পিয়ারী॥
নব নব ব্রজবধূ মঙ্গল গাওয়ে।
প্রিয় নর্ম্ম সখীগণ চামর ঢুলাওয়ে॥
রাধাপদ-পঙ্কজ ভকতহিঁ আশা।
দাস মনোহর করত ভরসা॥

শ্রীশ্রীগোপালদেবের সন্ধ্যা-আরতি।

গোরী।

হরত সকল সন্তাপ জনমকো
মিটত তলপ যম কালকি।
আরতি কিয়ে জয় শ্রীমদনগোপালকি॥ ধ্রু॥
গোঘৃত রচিত কর্পূরক বাতি
ঝলকত কাঞ্চন থালকি।
চন্দ্র কোটি কোটি ভানু কোটি ছবি
মুখশোভা নন্দলালকি॥

চরণ কমলোপর নূপুর রাজে
.উরে দোলে বৈজয়ন্তী-মালকি।
ময়ূর মুকুট পীতাম্বর শোহে
বাজত বেণু রসালকি।
সুন্দর লোল কপোলন৷ কিয়ে ছবি
নিরখত মদন গোপালকি।
সুর-নর-মুনিগণ করতহিঁ আরতি
ভকতবৎসল প্রতিপালকি॥
(বাজে) ঘণ্টা তাল মৃদঙ্গ ঝাঝরি
অঞ্জলি কুসুম গুলালকি।
হুঁ হুঁ বলি বলি রঘুনাথ-দাসগোস্বামী
মোহন গোকুললালকি॥

(আরতি কিয়ে জয় শ্রীমদনগোপালকি।
মদনগোপাল জয় জয় যশোদাতুলাল।
যশোদাতুলাল জয় জয় নন্দতুলাল।
নন্দতুলাল জয় জয় গিরিধারীলাল।
গিরিধারীলাল জয় জয় রাধারমণলাল।
রাধারমণলাল জয় জয় রাধাবিনোদলাল।
রাধাবিনোদলাল জয় জয় রাধাকান্তলাল।
রাধাকান্তলাল জয় জয় গোবিন্দগোপাল।
গোবিন্দগোপাল জয় জয় গৌরগোপাল।
গৌরগোপাল জয় জয় শচীর তুলাল।
শচীর তুলাল জয় জয় নিতাই দয়াল।

নিতাই দয়াল জয় জয় অদ্বৈত দয়াল।
আরতি কিয়ে জয় শ্রীমদনগোপালকি ॥)

শ্রীশ্রীতুলসীদেবীর সন্ধ্যা-আরতি।

(১)

নমো নমঃ তুলসি মহারাণি।
বৃন্দে মহারাণি নমো নমঃ ॥ ধ্রু ॥
যাঁকো দরশে পরশে অঘ নাশই
মহিমা বেদ-পুরাণে বাখানি।
যাঁকো পত্র মঞ্জরী কোমল
শ্রীপতি-চরণকমলে লপটানি ॥
ধন্য তুলসি পূরণ তপ কিয়ে
শালগ্রাম-মহাপাটরাণী।
ধূপ দীপ নৈবেদ্য আরতি
ফুলনা কিয়ে বরখা বরখানি ॥
ছাপ্পান্ন ভোগ ছত্রিশ ব্যঞ্জন
বিনা তুলসী প্রভু এক না মানি।
শিব সনকাদি আউর ব্রহ্মাদিক
ঢূরত ফিরত মহামুনি জ্ঞানী।
চন্দ্রশেখর মেয়া তেরা যশ গাওয়ে
ভকতি দান দিয়ে মহারাণি ॥

(২)

নমো নমঃ তুলসি কৃষ্ণপ্রেয়সি।
রাধাকৃষ্ণ-সেবা পাব এই অভিলাষী॥
যে তোমার শরণ লয় তার বাঞ্ছা পূর্ণ হয়
কৃপা করি কর তারে বৃন্দাবনবাসী।
মোর মনে এই অভিলাষ বিলাসকুঞ্জে দিও বাস
নয়নে হেরিব সদা যুগল-রূপরাশি॥
এই নিবেদন ধর সখীর অনুগা কর
সেবা অধিকার দিয়ে কর নিজ দাসী।
দীন কৃষ্ণদাসে কয় এই যেন মোর হয়
শ্রীরাধাগোবিন্দ-প্রেমে সদা আমি ভাসি॥

জয়দেবী।

গুর্জ্জরী।

শ্রিত-কমলা-কুচমণ্ডল ধৃত-কুণ্ডল
কলিত-ললিত-বনমাল।
জয় জয় দেব হরে॥ ধ্রু॥
(জয় জয় রাধে কৃষ্ণ গোবিন্দ গোপালা
জয় যশোদাদুলালা
ভজ ভজ নন্দলালা
জয় জয় দেব হরে।)
দিনমণি-মণ্ডল-মণ্ডন ভব-খণ্ডন

মুনিজন-মানস-হংস।

(জয় জয় দেব হরে ॥)

কালিয়-বিষধর-গঞ্জন জন-রঞ্জন।

যদুকুল-নলিন-দিনেশ।

(জয় জয় দেব হরে ॥)

মধু-মুর-নরক-বিনাশন গরুড়াসন

সুরকুল-কেলি নিদান।

(জয় জয় দেব হরে ॥)

অমল-কমল-দল-লোচন ভব-মোচন

ত্রিভুবন-ভবন-নিধান।

(জয় জয় দেব হরে ॥)

জনকসুতা-কৃত-ভূষণ জিত-দূষণ

সমর-শমিত দশকণ্ঠ।

(জয় জয় দেব হরে ॥)

অভিনব-জলধর-সুন্দর ধৃত-মন্দর

শ্রীমুখ-চন্দ্র-চকোর।

(জয় জয় দেব হরে ॥)

তব চরণে প্রণতা বয়মিতি ভাবয়

কুরু কুশলং প্রণতেষু।

(জয় জয় দেব হরে ॥)

শ্রীজয়দেব-কবেরিদং কুরুতে মুদং

মঙ্গলমুজ্জ্বল-গীতি।

(জয় জয় দেব হরে ॥)

(জয় জয় রাধামাধব রাধামাধব রাধে।
জয়দেবের প্রাণধন হে ॥
জয় জয় রাধামদনগোপাল রাধামদনগোপাল রাধে।
সীতানাথের প্রাণধন হে ॥
জয় জয় রাধাগোবিন্দ রাধাগোবিন্দ রাধে।
রূপগোস্বামীর প্রাণধন হে ॥
জয় জয় রাধামদনমোহন রাধামদনমোহন রাধে।
সনাতনের প্রাণধন হে ॥
জয় জয় রাধাগোপীনাথ রাধাগোপীনাথ রাধে।
মধুপণ্ডিতের প্রাণধন হে ॥
জয় জয় রাধাদামোদর রাধাদামোদর রাধে।
জীবগোস্বামীর প্রাণধন হে ॥
জয় জয় রাধারমণ রাধারমণ রাধে।
গোপালভট্টের প্রাণধন হে ॥
জয় জয় রাধাবিনোদ রাধাবিনোদ রাধে।
লোকনাথের প্রাণধণ হে ॥
জয় জয় রাধাগিরিধারী রাধাগিরিধারী রাধে।
দাসগোস্বামীর প্রাণধন হে ॥
জয় জয় রাধাশ্যামসুন্দর রাধাশ্যামসুন্দর রাধে।
শ্যামানন্দের প্রাণধন হে ॥
জয় জয় রাধাবঙ্কবিহারী রাধাবঙ্কবিহারী রাধে।
হরিদাসের প্রাণধন হে ॥
জয় জয় রাধাকান্ত রাধাকান্ত রাধে।
বক্রেশ্বরের প্রাণধন হে ॥

পঞ্চতত্ত্বের ভজন।

ইমন্ কল্যাণী।

শ্রীমন্নবদ্বীপ-কিশোরচন্দ্র।
হা নাথ বিশ্বম্ভর নাগরেন্দ্র॥
হা শ্রীশচীনন্দন চিত্তচোর।
প্রসীদ হে বিষ্ণুপ্রিয়েশ গৌর॥
শ্রীমন্নিত্যানন্দ অবধৌতচন্দ্র।
হা নাথ হাড়াই-পণ্ডিত-পুত্র॥
শ্রীজাহ্নবা-প্রাণ দয়ার্দ্র চিত্ত।
পদ্মাবতীসুত ময়ি প্রসীদ॥
সীতাপতি শ্রীঅদ্বৈতচন্দ্র।
হা নাথ শান্তিপুর-লোকবন্ধু॥
শ্রীগৌরাঙ্গপ্রেম-দয়ার্দ্রচিত্ত।
শ্রীঅচ্যুত-তাত ময়ি প্রসাদ॥
রত্নাবতী-নন্দন প্রেমপাত্র।
হা নাথ মাধব-আচার্য্য-পুত্র॥
শ্রীগৌরাঙ্গ-প্রেমরস-বিলাস।
হা শ্রীগদাধর কুরু ত্বঙ্ঘ্রিদাস॥
শ্রীমন্নামাদি-লীলার্দ্রচিত্ত।
শ্রীঅদ্বৈত-প্রেম-করুণৈক-পাত্র
হা শ্রীগৌরাঙ্গ-ভক্তাগ্রগণ্য।
শ্রীবাস পণ্ডিত ভব মে প্রসন্ন॥

শ্রীকৃষ্ণ গোপাল হরে মুকুন্দ।
গোবিন্দ হে নন্দকিশোর কৃষ্ণ
শ্রীবল্লবীজীবন রাধিকেশ।
হা শ্রীযশোদা-তনয় প্রসীদ॥
শ্রীরাধা কৃষ্ণপ্রিয়া ব্রজেশ্বরী।
গান্ধর্ব্বিকা শ্রীবৃষভানুকুমারী॥
হা শ্রীকীর্ত্তিদা-তনয়া প্রসীদ।
রাসেশ্বরা গৌরী বিশাখা-আলী।

জয় জয় নিত্যানন্দাদ্বৈত গৌরাঙ্গ।
(নিতাই গৌরাঙ্গ নিতাই গৌরাঙ্গ)॥
জয় জয় রোহিণীনন্দন বলরাম নিত্যানন্দ।
জয় জয় মহাবিষ্ণুর অবতার শ্রীঅদ্বৈতচন্দ্র॥
জয় জয় যশোদানন্দন শচীসুত গৌরচন্দ্র।
জয় জয় গদাধর-শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ॥
জয় জয় স্বরূপ রূপ সনাতন রায় রামানন্দ।
জয় জয় খণ্ডবাসী নরহরি মুরারি মুকুন্দ॥
জয় জয় পঞ্চপুত্র সঙ্গে নাচে রায় ভবানন্দ।
জয় জয় তিন পুত্র সঙ্গে নাচে সেন শিবানন্দ॥
জয় জয় দ্বাদশ গোপাল আদি চৌষট্টি মহান্ত।
কৃপা করি দেহ গৌর-চরণারবিন্দ॥

জয় জয় রাধে কৃষ্ণ গোবিন্দ।
(রাধে গোবিন্দ রাধে গোবিন্দ)॥
জয় জয় শ্যামসুন্দর মদনমোহন বৃন্দাবনচন্দ্র।
জয় জয় রাধারমণ রাসবিহারী শ্রীগোকুলানন্দ॥
জয় জয় ললিতা-বিশাখা-আদি যত সখীবৃন্দ।
জয় জয় শ্রীরূপমঞ্জরী-আদি মঞ্জরী অনঙ্গ॥
জয় জয় পৌর্ণমাসী কুন্দলতা আর বীরা বৃন্দা।
কৃপা করি দেহ যুগল-চরণারবিন্দ॥

বিহাগড়া।

জয় জয় গুরু গোসাঞি শ্রীচরণ সার।
যাহার কৃপায় ঘুচে এ ভব সংসার॥
অন্ধ পট ঘুচিল যাঁর করুণা-অঞ্জনে।
অজ্ঞান-তিমির নাশ কৈল সেই জনে॥
এহেন গুরুর বাক্য হৃদয়ে ধরিয়া।
অনায়াসে যাব ভব সংসার তরিয়া॥
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ।
জয় জয় গদাধর জয় হে শ্রীবাস।
জয় স্বরূপ রামানন্দ জয় হরিদাস॥
জয় রূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥

এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্ট-পূরণ॥
এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈলা বাস।
রাধাকৃষ্ণ নিত্যলীলা করিলেন প্রকাশ॥
এই ছয় গোসাঞি যার তার মুঞি দাস।
তা সবার পদরেণু মোর পঞ্চগ্রাস॥
মুকুন্দ শ্রীনরহরি শ্রীরঘুনন্দন।
খণ্ডবাসী চিরঞ্জীব আর সুলোচন॥
ভূগর্ভ শ্রীলোকনাথ জয় শ্রীনিবাস।
নরোত্তম রামচন্দ্র গোবিন্দদাস॥
জয় জয় শ্যামানন্দ জয় রসিকানন্দ।
নিধুবনে সেবা করে পরম আনন্দ॥
জয় গৌরভক্তবৃন্দ গৌর যার প্রাণ।
কৃপা করি দেহ মোরে প্রেমভক্তি দান॥
দন্তে তৃণ ধরি মুঞি করি নিবেদন।
কৃপা করি কর মোর অপরাধ মার্জ্জন॥
রাধে কৃষ্ণ গোবিন্দ যমুনা বৃন্দাবন।
রাধাকুণ্ড শ্যামকুণ্ড গিরি গোবর্দ্ধন॥
জয় জয় রাধে কৃষ্ণ শ্রীরাধে গোবিন্দ।
ললিতা বিশাখা আদি যত সখীবৃন্দ॥
শ্রীরূপমঞ্জরী-আদি মঞ্জরী অনঙ্গ।
কৃপা করি দেহ যুগল-চরণারবিন্দ॥

নামমালা।

জয় জয় রাধামাধব রাধামাধব রাধে ইত্যাদি ৭৭৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

শ্রীহরিবাসরের গৌরচন্দ্র।

শ্রীহরিবাসরে হরিকীর্ত্তন-বিধান।
নৃত্য আরম্ভিল প্রভু জগতের প্রাণ॥
পুণ্যবন্ত-শ্রীবাস-অঙ্গনে শুভারম্ভ।
উঠিল কীর্ত্তনধ্বনি গোপাল গোবিন্দ॥
সভার অঙ্গেতে শোভে শ্রীচন্দন মালা।
আনন্দে নাচয়ে সভে হইয়ে বিভোলা॥
মৃদঙ্গ মন্দিরা বাজে শঙ্খ করতাল।
সঙ্কীর্ত্তন-সঙ্গে সব হইল মিশাল॥
ব্রহ্মাণ্ডে উঠিল ধ্বনি পূরিয়া আকাশ।
চৌদিগের অমঙ্গল যায় সব নাশ॥
চতুর্দ্দিকে শ্রীহরি-মঙ্গল-সঙ্কীর্ত্তন।
মধ্যে নাচে জগন্নাথ মিশ্রের নন্দন॥
যাঁর নামানন্দে শিব বসন না জানে।
যাঁর রসে নাচে শিব সে নাচে আপনে॥
যাঁর নামে বাল্মীকি হইল তপোধন।
যাঁর নামে অজামিল পাইল মোচন॥
যাঁর নাম-শ্রবণে সংসার-বন্ধ ঘুচে।
হেন প্রভু অবতরি কলিযুগে নাচে॥

যার নাম লই শুক নারদ বেড়ায়।
সহস্রবদন প্রভু যার গুণ গায়॥
সর্ব্ব মহা-প্রায়শ্চিত্ত যে প্রভুর নাম্।
সে প্রভু নাচয়ে দেখে যত ভাগ্যবান্॥
নিজানন্দে নাচে মহাপ্রভু বিশ্বম্ভর।
চরণের তালি শুনি অতি মনোহর॥
ভাবাবেশে মালা নাহি রহয়ে গলায়।
ছিণ্ডিয়া পড়য়ে গিয়া ভকতের গায়॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচাঁদ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

প্রসাদভোজনকালীন কীর্ত্তন।

ভজ মন শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ।
কলিঘোর-মোচন আনন্দকন্দ॥
গোকুল-সখাসঙ্গে ধেনু চরাওয়ে।
সো পঁহু বিহরে শ্রীনবদ্বীপ মাঝে॥
সুরধুনী-তীরে বিহরে দোন ভাই।
কৃপা করি উদ্ধারিল জগাই আর মাধাই॥
রাবণ মারি বিভীষণ-উদ্ধারী।
দ্রৌপদীর লজ্জা হরি নিবারণকারী॥
শিব সনকাদি যাঁকো ভেদ না পাওয়ে।
সো প্রভু ঘরে ঘরে প্রেম বিলাওয়ে॥

ভকতবৎসল প্রভু শ্রীগৌরহরি।
শ্রীকৃষ্ণদাস-স্বামী যাঙ বলিহারি॥

(রাম কহ সুখে ভজ, কৃষ্ণ কহ দুঃখ যায়, মহিমা মহাপ্রসাদ পাও সাধু প্রেম পিরীতি লাগাই। প্রেম্‌ছে কহ শ্রীরাধে কৃষ্ণ বলিয়ে প্রভু নিতাই চৈতন্য অদ্বৈত শ্রীরাধারাণীকি জয়, মহাপ্রসাদকি জয়, দাতা ভোক্তাকি জয়, নগরবস্তীকি জয়, চারিধামকি জয়, চারি সম্প্রদায়কি জয়, অনন্তকোটী বৈষ্ণবকি জয়, আপন আপন গুরুগোবিন্দকি জয়, গে জয়।)

মহান্ত-বিদায়।

মহা মহা মহোৎসব পূর্ণের কারণ।
দধিমঙ্গল আনাইলেন শ্রীশচীনন্দন॥
গৌরীদাস কীর্ত্তনীয়ার করেতে ধরিয়া।
কহিছেন মহাপ্রভু কাঁদিয়া কাঁদিয়া॥
গোলোকের সম্পত্তি হরিনাম-সঙ্কীর্ত্তন।
কেমনে বিদায় দিব মহান্তের গণ॥
এত শুনি নিত্যানন্দ আইল ধাইয়া।
ভূমিতে ফেলিল ভাণ্ড আছাড় মারিয়া॥
দ্বাদশ গোপাল গেল আপন ভবন।
চৌষট্টি মহান্ত গেল নিজ নিকেতন॥
নিত্যানন্দ চলি গেলা আপনার বাস।
ভূমিতে পড়িয়া কান্দে নরোত্তম দাস॥

নাম পূর্ণ।

হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ ইত্যাদি ৩৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

হরিধ্বনি।

বোল হরিবোল, বোল হরিবোল, হরি হরি বোল গৌরনিত্যানন্দ বোল, গৌরনিত্যানন্দ বোল সীতা অদ্বৈত বোল, সীতা অদ্বৈত বোল গৌরগদাধর বোল, গৌরগদাধর বোল গৌর শ্রীনিবাস বোল, গৌর শ্রীনিবাস বোল গঙ্গা ভাগীরথী বোল, গঙ্গা ভাগীরথী বোল গঙ্গা সুরধুনী বোল, যার তীরে নীরে বিহরই গোবিন্দ বোল, গোবিন্দ বোল রাধাগোবিন্দ বোল, বোল হরিবোল, বোল হরিবোল, বোল হরিবোল।

প্রেমধ্বনি।

প্রেমসে কহ শ্রীরাধে কৃষ্ণ বলিয়ে প্রভু নিতাই চৈতন্য অদ্বৈত শ্রীরাধারাণীকি জয়, শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকি জয়, শ্রীমন্নিত্যানন্দপ্রভুকি জয়, শ্রীমদদ্বৈতপ্রভুকি জয়, শ্রীগদাধর পণ্ডিত গোস্বামীকি জয়, শ্রীশ্রীবাস পণ্ডিতকি জয়, শ্রীনবদ্বীপধামকি জয়, গঙ্গাভাগীরথীকি জয়, চারিধামকি জয়, চারি সম্প্রদায়কি জয়, খোল করতালকি জয়, অনন্তকোটী বৈষ্ণবকি জয়, আপন আপন গুরু গোবিন্দকি জয়, গৌরভক্তবৃন্দকি জয়।

সংক্ষিপ্ত সদাচার।

(এই প্রবন্ধের সমস্ত অংশ শ্রীহরিভক্তিবিলাস ও শ্রীভক্তিরসামৃতসিন্ধু হইতে সংগৃহীত।)

দীক্ষা।

দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু।
যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু ॥
তথাত্রাদীক্ষিতানান্ত মন্ত্রদেবার্চ্চনাদিষু।
নাধিকারোহস্ত্যতঃ কুর্য্যাদাত্মানং শিবসংস্তুতং ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত আগমবচন।

তে নরাঃ পশবো লোকে কিং তেষাং জীবনে ফলং।
যৈর্নলব্ধা হরেদীক্ষা নার্চ্চিতো বা জনার্দ্দনঃ ॥ ২ ॥
অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকং।
পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ ॥ ৩ ॥

ঐ স্কন্দপুরাণ।

দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ং।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ ॥ ৪ ॥

ঐ বিষ্ণুযামল।

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাং ॥ ৫ ॥

ঐ তত্ত্বসাগর।

লব্ধা মন্ত্রস্তু যো নিত্যং নার্চ্চয়েন্মন্ত্রদেবতাং।
সর্ব্বকর্ম্মাফলং তস্যানিষ্টং যচ্ছতি দেবতা ॥ ৬ ॥

ঐ আগম।

এই সংসারে যজ্ঞোপবীত না হইলে যেমন ব্রাহ্মণদিগের স্বীয় কর্ত্তব্য

কর্ম্ম বেদাধ্যয়নাদিতে অধিকার জন্মে না, উপনয়ন হইলে অধিকার জন্মে, তদ্রূপ দীক্ষা না হইলে কাহারও পূজাদিতে অধিকার জন্মে না। অতএব আত্মাকে পবিত্র করিবার জন্য দীক্ষা গ্রহণ করিবে ॥ ১ ॥

যাহারা বিষ্ণুদীক্ষা গ্রহণ করে নাই বা বিষ্ণুপূজা করে না, এই জগতে তাহারাই পশু; তাহাদের জীবনধারণে ফল কি? ॥ ২ ॥

হে বামোরু! অদীক্ষিত ব্যক্তি যে কোন কর্ম্মের অনুষ্ঠান করে, তাহা বিফল হয় এবং সে পশুযোনি প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩ ॥

দিব্য জ্ঞান দেয় ও সম্যক্‌রূপে পাপ ক্ষয় করে বলিয়া তত্ত্বজ্ঞ গুরুগণ তাহাকে "দীক্ষা" বলিয়া থাকেন ॥ ৪ ॥

বিধানানুসারে পারদ-সংযোগ দ্বারা কাংস্য যেমন স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ দীক্ষাবিধান দ্বারা নরগণের দ্বিজত্ব প্রাপ্তি হইয়া থাকে ॥ ৫ ॥

মন্ত্র গ্রহণ করিয়া যে ব্যক্তি মন্ত্রদেবতার অর্চ্চনা না করে, তাহার সমস্ত কর্ম্ম বিফল হয় এবং মন্ত্রদেবতা তাহার অনিষ্ট সাধন করেন ॥ ৬ ॥

সদাচার।

আচারহীনং ন পুনন্তি বেদা যদ্যপ্যধীতা সহ ষড়্‌ভিরঙ্গৈঃ।
ছন্দাংস্যেনং মৃত্যুকালে ত্যজন্তি নীড়ং শকুন্তা ইব জাতপক্ষাঃ ॥ ১ ॥
আচারো ভূতিজনন আচারঃ কীর্ত্তিবর্দ্ধনঃ।
আচারাদ্বর্দ্ধতে হ্যায়ুরাচারো হন্ত্যলক্ষণং ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ভবিষ্যপুরাণবচন।

আচারহীন ব্যক্তি ষড়ঙ্গের সহিত বেদ অধ্যয়ন করিলেও বেদ সকল তাহাকে পবিত্র করেন না। পক্ষ হইলেই পক্ষিগণ যেমন নীড় পরিত্যাগ করিয়া চলিয়া যায়, তদ্রূপ অধীত বেদ সকলও মৃত্যুকালে তাহাকে পরিত্যাগ করিয়া যান অর্থাৎ তাহার পরলোকের কোন মঙ্গলবিধান করেন না ॥ ১ ॥

আচার ঐশ্বর্য্য উৎপন্ন করে, আচার কীর্ত্তি বৃদ্ধি করে, আচার হইতেই পরমায়ুঃ বর্দ্ধিত হয় এবং আচার দরিদ্রতা, অপমৃত্যু প্রভৃতি অমঙ্গল সকল নষ্ট করে ॥ ২ ॥

(অতএব সাবধানে নিত্য শাস্ত্রোক্ত আচার প্রতিপালন করা সকলেরই অবশ্য কর্ত্তব্য।)

প্রাতঃকালীন স্মরণ কীর্ত্তন।

ব্রাহ্মমুহূর্ত্তে (চারিদণ্ড রাত্রি থাকিতে অরুণোদয়, তাহার প্রথম দুইদণ্ড ব্রাহ্মমুহূর্ত্ত) কৃষ্ণ কৃষ্ণ বলিতে বলিতে গাত্রোত্থান করিয়া হস্তপদ প্রক্ষালন পূর্ব্বক পবিত্র ও স্থিরচিত্তে মন্ত্র জপ করিয়া দন্তধাবন করিতে হইবে। অনন্তর আচমনান্তে রাত্রিবাস পরিত্যাগ পূর্ব্বক অন্য বস্ত্র পরিধান করতঃ শ্রীগুরুপাদপদ্ম ধ্যান করিয়া তদীয় স্তব করণান্তর শ্রীকৃষ্ণের কীর্ত্তন ও স্মরণ করিতে হইবে, যথা :—

জয়তি জন-নিবাসো দেবকী-জন্মবাদো।
যদুবর-পরিষৎস্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মং ॥
স্থির-চর-বৃজিনঘ্নঃ সুস্মিত-শ্রীমুখেন।
ব্রজ-পুর-বনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং ॥ ১ ॥
স্মৃতে সকল-কল্যাণ-ভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি স্মরণং হরিং ॥ ২ ॥

বিদগ্ধ-গোপাল-বিলাসিনীনাং সম্ভোগ-চিহ্নাঙ্কিত-সর্ব্বগাত্রং।
পবিত্রমাম্নায়-গিরামগম্যং ব্রহ্ম প্রপদ্যে নবনীতচৌরং ॥ ৩ ॥
উদ্গায়তীনামরবিন্দলোচনং ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্নশ্চ নির্মন্থন-শব্দ-মিশ্রিতো নিরস্যতে যেন দিশামমঙ্গলং ॥ ৪ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত শ্রীমদ্ভাগবতবচন।

মলত্যাগাদি কার্য্যবিধি।

আত্মচ্ছায়াং তরোশ্ছায়াং গোসূর্য্যাগ্ন্যনিলাংস্তথা।
গুরুং দ্বিজাতীংশ্চ বুধো ন মেহেত কদাচন ॥
ন কৃষ্টে শস্যমধ্যে বা গোব্রজে জনসংসদি।
ন বর্ত্মনি ন নদ্যাদিতীর্থেষু পুরুষর্ষভ ! ॥
নাপ্সু নৈবাম্ভসস্তীরে ন শ্মশানে সমাচরেৎ।
উৎসর্গং বৈ পুরীষস্য মূত্রস্য চ বিসর্জ্জনং ॥
উদঙ্মুখো দিবোৎসর্গং বিপরীতমুখো নিশি।
কুর্ব্বীতানাপদি প্রাজ্ঞো মূত্রোৎসর্গং চ পার্থিব ! ॥
তৃণৈরাচ্ছাদ্য বসুধাং বস্ত্র-প্রাবৃত-মস্তকঃ।
তিষ্ঠেন্নাতিচিরং তত্র নৈব কিঞ্চিদুদীরয়েৎ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুপুরাণবচন।

নিজের ও বৃক্ষের ছায়ায় এবং গো, সূর্য্য, অগ্নি, বায়ু, গুরু ও ব্রাহ্মণের সম্মুখীন হইয়া পণ্ডিত ব্যক্তি কদাচ মলমূত্র ত্যাগ করিবেন না। কর্ষিত-ক্ষেত্রে, শস্যমধ্যে, গোচারণ-স্থানে, জনসমাজে, পথিমধ্যে, নদী প্রভৃতি তীর্থে, জলমধ্যে, জলের ধারে ও শ্মশানে মলমূত্র ত্যাগ করিবেন না। হে রাজন্! কোনরূপ বিপদ উপস্থিত না হইলে, পণ্ডিত ব্যক্তি দিবসে উত্তর-মুখ ও রাত্রিকালে দক্ষিণ-মুখ হইয়া তৃণদ্বারা ভূমি আচ্ছাদন ও বস্ত্রদ্বারা মস্তক আবৃত করিয়া মলমূত্র ত্যাগ করিবেন, কিন্তু তথায় অধিকক্ষণ থাকিবেন না এবং মলমূত্র ত্যাগকালে কোন কথা কহিবেন না।

(মলমূত্র ত্যাগকালে দ্বিজগণ দক্ষিণ কর্ণে যজ্ঞোপবীত স্থাপন করিবেন।)

শৌচবিধি।

বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জলাত্তথা।
শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাল্লেপসম্ভবাং ॥

অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব !।
পরিত্যজেন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে ॥ ১ ॥
একা লিঙ্গে গুহ্যে তিস্রো দশ বামকরে নৃপ !।
হস্তদ্বয়ে চ সপ্তান্যা মৃদঃ শৌচোপপাদিকাঃ ॥ ২ ॥
শ্রীহরিভক্তি বিলাসধৃত বিষ্ণুপুরাণবচন।
তিস্রস্তু পাদয়োদেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ ॥ ৩ ॥
ঐ যমস্মৃতি।

হে রাজন্! বল্মীক (উঁই) ও মূষিক (ইন্দুর) কর্ত্তৃক উত্তোলিত, জলমধ্যগত, শৌচের অবশিষ্ট এবং গৃহের ভিত্তিস্থিত মৃত্তিকা দ্বারা শৌচ কার্য্য করিবে না। যে মৃত্তিকার অভ্যন্তরে কীট বর্ত্তমান এবং যাহা লাঙ্গল দ্বারা উদ্ধৃত, তাহা শৌচকার্য্যে পরিত্যাগ করিবে ॥ ১ ॥

শৌচসাধন-মৃত্তিকা লিঙ্গে একবার, গুহ্যদ্বারে তিনবার, বাম হস্তে দশবার ও দুই হস্তে সাতবার মর্দ্দন করিবে ॥ ২ ॥

শুদ্ধি-কামী ব্যক্তি নিত্য দুই পদে তিন তিনবার, মৃত্তিকা প্রদান করিবেন ॥ ৩ ॥

দন্তধাবন।

উত্থায় নেত্রং প্রক্ষাল্য শুচিভূর্ত্বা সমাহিতঃ।
পরিজপ্য চ মন্ত্রেণ ভক্ষয়েদ্দন্তধাবনং ॥ ১ ॥
শ্রীহরিভক্তিবিলাসধৃত কাত্যায়নবচন।
দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি।
সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি ॥ ২ ॥
ঐ বরাহপুরাণ।
সর্ব্বে কণ্টকিনঃ পুণ্যা আয়ুর্দ্দাঃ ক্ষীরিণঃ স্মৃতাঃ।
কটুতিক্তকষায়াশ্চ বলারোগ্যসুখপ্রদাঃ ॥ ৩ ॥
ঐ স্মৃতিশাস্ত্র।

মধ্যাঙ্গুলিসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলিসম্মিতং।
সত্বচং দন্তকাষ্ঠং যৎ তদগ্রে ন তু ধারয়েৎ॥ ৪॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত কূর্ম্মপুরাণবচন।

উপবাসে তথা শ্রাদ্ধে ন খাদেদ্দন্তধাবনং।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি সপ্তকুলানি বৈ॥ ৫॥

ঐ শাস্ত্রান্তর

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যেকাদশীরবৌ।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি পুণ্যং পুরাকৃতং॥ ৬॥

ঐ বৃদ্ধবশিষ্ঠ।

অলাভে বা নিষেধে বা কাষ্ঠানাং দন্তধাবনং।
পর্ণাদিনা বিশুদ্ধেন জিহ্বোল্লেখঃ সদৈব হি॥ ৭॥

ঐ পৈঠীনসি।

কাষ্ঠৈঃ প্রতিপদাদৌ যন্নিষিদ্ধং দন্তধাবনং।
তৃণপর্ণৈস্তু তৎ কুর্য্যাদমামেকাদশীং বিনা॥ ৮॥

শ্রীহরিভক্তিবিলাস।

শয্যা হইতে উঠিয়া চক্ষু প্রক্ষালন পূর্ব্বক পবিত্র ও স্থিরচিত্তে মন্ত্রজপ করতঃ দন্তধাবন করিবে॥ ১॥

শ্রীভগবান্ বলেন, দন্তধাবন না করিয়া যে আমার উপাসনা করে সে সেই একমাত্র কার্য্য দ্বারা তাহার সর্ব্বকালকৃত কর্ম্ম নষ্ট করিয়া ফেলে॥ ২॥

কণ্টকযুক্ত বৃক্ষের দন্তকাষ্ঠ পবিত্র, ক্ষীরযুক্ত বৃক্ষের দন্তকাষ্ঠ পরমায়ুঃ বৃদ্ধি করে এবং কটু তিক্ত ও কষায় রসবিশিষ্ট বৃক্ষের দন্তকাষ্ঠ বল, আরোগ্য ও সুখসম্পত্তি প্রদান করিয়া থাকে॥ ৩॥

যে দন্তকাষ্ঠ মধ্যমাঙ্গুলির ন্যায় স্থূল, পরিমাণে দ্বাদশাঙ্গুলি ও ত্বকযুক্ত তদ্দ্বারা দন্তধাবন করিবে; কিন্তু ঐ কাষ্ঠের অগ্রভাগ ধারণ করিবে না, মূলের দিকে ধরিয়া অগ্রভাগ দ্বারা দন্তধাবন করিবে॥ ৪॥

উপবাস ও শ্রাদ্ধদিবসে দন্তকাষ্ঠ ব্যবহার করিবে না, করিলে সপ্তপুরুষ বিনষ্ট হয়॥ ৫॥

প্রতিপৎ, অমাবস্যা, ষষ্ঠী, নবমী, একাদশী ও রবিবারে দন্তকাষ্ঠ ব্যবহার করিলে পূর্ব্বকৃত পুণ্যরাশি ধ্বংস প্রাপ্ত হয়॥ ৬॥

দন্তকাষ্ঠের অভাবে বা নিষিদ্ধদিনে পবিত্র পত্রাদি দ্বারা দন্তধাবন করিবে; কিন্তু নিষিদ্ধ, অনিষিদ্ধ সকল দিনেই জিহ্বা মার্জ্জন করিবে॥ ৭॥

প্রতিপদাদি তিথিতে কাষ্ঠ দ্বারা যে দন্তধাবন নিষিদ্ধ হইয়াছে তাহা তৃণ পত্র দ্বারা করিবে, কিন্তু অমাবস্যা ও একাদশীতে তৃণ পত্র দ্বারাও দন্তধাবন করিবে না॥ ৮॥

স্নান।

নদীনদতড়াগেষু দেবখাতজলেষু চ।
নিত্যক্রিয়ার্থং স্নায়ীত গিরিপ্রস্রবণেষু চ॥
কূপেষূদ্ধৃততোয়েন স্নানং কুর্ব্বীত বা ভুবি।
স্নায়ীতোদ্ধৃততোয়েন অথবা ভুব্যসম্ভবে॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুপুরাণবচন।

স্নানং বিনা তু যো ভুঙ্‌ক্তে মলাশী স সদা নরঃ।
অস্নায়িনোঽশুচেস্তস্য বিমুখাঃ পিতৃদেবতাঃ।
স্নানহীনো নরঃ পাপী স্নানহীনোঽশুচিঃ সদা।
অস্নায়ী নরকং ভুক্ত্বা পুক্কশাদিষু জায়তে॥ ২॥

ঐ পদ্মপুরাণ।

প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থগৃহস্থয়োঃ।
যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ।
সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা॥ ৩॥

ঐ দক্ষ।

অশিরস্কং ভবেৎ স্নানমশক্তৌ কর্ম্মিণাং সদা।
আর্দ্রেণ বাসসা বাপি পাণিনা বাপি মার্জ্জনং॥ ৪ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত দক্ষবচন।

স্নানে মনঃপ্রসাদঃ স্যাদ্দেবা অভিমুখাঃ সদা।
সৌভাগ্যং শ্রীঃ সুখং পুষ্টিঃ পুণ্যং বিদ্যা যশো ধৃতিঃ।
মহাপাপাগ্নলক্ষ্মীঞ্চ দুরিতং দুর্ব্বিচিন্তিতং।
শোকদুঃখাদি হরতে প্রাতঃস্নানং বিশেষতঃ॥ ৫ ॥

ঐ অত্রিস্মৃতি।

স্নায়াদুষ্ণোদকেনাপি শক্তোঽপ্যামলকৈস্তথা।
তিলৈস্তৈলৈশ্চ সম্বর্জ্য প্রতিষিদ্ধদিনানি তু॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

কুর্য্যান্নৈমিত্তিকং স্নানং শীতাদ্ভিঃ কাম্যমেব চ।
নিত্যং যাদৃচ্ছিকঞ্চৈব যথারুচি সমাচরেৎ॥ ৭ ॥

হঃ ভঃ বিঃ ধৃত গর্গবচন।

পুত্রজন্মনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
অস্পৃশ্যস্পর্শনে চৈব ন স্নায়াদুষ্ণবারিণা॥ ৮ ॥

ঐ যম।

পৌর্ণমাস্যাং তথা দর্শে যঃ স্নায়াদুষ্ণবারিণা।
স গোহত্যাকৃতং পাপং প্রাপ্নোতীহ ন সংশয়ঃ॥ ৯ ॥

ঐ বৃদ্ধমনু।

দশম্যাং তৈলমস্পৃষ্ট্বা যঃ স্নায়াদবিচক্ষণঃ।
চত্বারি তস্য নশ্যন্তি আয়ুঃ প্রজ্ঞা যশো ধনং॥ ১০ ॥
মোহাৎ প্রতিপদং ষষ্ঠীং কুহূং রিক্তাতিথিং তথা।
তৈলেনাভ্যঞ্জয়েদ্যস্তু চতুর্ভিঃ পরিহীয়তে।

পঞ্চদশ্যাং চতুর্দ্দশ্যাং পঞ্চম্যাং রবিসংক্রমে।
দ্বাদশ্যাং সপ্তম্যাং ষষ্ঠ্যাং তৈলস্পর্শং বিবর্জ্জয়েৎ ॥ ১১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত যোগিযাজ্ঞবল্ক্যবচন।

স্নানে বা যদি বাস্নানে পক্কতৈলং ন দুষ্যতি ॥ ১২ ॥

ঐ শাস্ত্রান্তর।

তৈলাভ্যক্তো ঘৃতাভ্যক্তো বিণ্মূত্রে কুরুতে দ্বিজঃ।
অহোরাত্রোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ১৩ ॥

ঐ অত্রিস্মৃতি।

মান্ত্রং পার্থিবমাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসং চেতি স্নানং সপ্তবিধং স্মৃতং ॥ ১৪ ॥

ঐ স্মৃতিশাস্ত্র।

নদ, নদী, দীর্ঘিকা, দেবখাত (হ্রদাদি) ও গিরিপ্রস্রবণের জলে স্নান করিবে। কলসাদি দ্বারা কূপ হইতে জল উঠাইয়া তদ্দ্বারা কূপতটে স্নান করা যাইতে পারে। তটের অভাব হইলে কূপোদ্ধৃত শীতল জলে, অথবা তাহাতেও অক্ষম হইলে উষ্ণ জলে স্নান করিবে ॥ ১ ॥

স্নান না করিয়া যে ব্যক্তি ভোজন করে, তাহার সর্ব্বদা মল ভোজন করা হয়; যে স্নান না করে, সেই অশুচি ব্যক্তির প্রতি দেবলোক ও পিতৃলোক বিমুখ হয়েন। স্নানহীন ব্যক্তি পাপী ও সর্ব্বদা অপবিত্র; সে নরক ভোগ করিয়া পুক্কশাদি অন্ত্যজ জাতিতে জন্মগ্রহণ করে ॥ ২ ॥

বানপ্রস্থ ও গৃহস্থ ব্যক্তি প্রাতে ও মধ্যাহ্নে, যতি ত্রিসন্ধ্যায় এবং ব্রহ্মচারী একবার মাত্র স্নান করিবেন। অসমর্থ হইলে সকলের পক্ষেই একবার মাত্র স্নানের বিধি; তাহাতেও অক্ষম হইলে মন্ত্রস্নানাদি করিতে হইবে ॥ ৩ ॥

অসমর্থ হইলে কর্ম্মী ব্যক্তির পক্ষে মস্তক ব্যতীতও স্নান হইতে পারে; আর্দ্র বসন বা আর্দ্র হস্ত দ্বারা দেহ মার্জ্জন করিলে স্নান সিদ্ধ হয় ॥ ৪ ॥

স্নান করিলে চিত্ত প্রফুল্ল হয়, দেবতাগণ সর্ব্বদা সম্মুখে অবস্থান করেন, এবং সৌভাগ্য, শ্রী, সুখ, পুষ্টি, পুণ্য, বিদ্যা, যশঃ ও ধৃতি লাভ হয়। বিশেষতঃ প্রাতঃস্নানে সমস্ত মহাপাতক, অলক্ষ্মী, পাপ, দুশ্চিন্তা ও শোক-দুঃখাদি দূরীভূত হয়॥ ৫॥

শরীর সুস্থ থাকিলে নিষিদ্ধ দিন ব্যতীত অন্যান্য দিনে আমলকী, তিল বা তৈল মর্দ্দন পূর্ব্বক উষ্ণ জলেও স্নান করা যাইতে পারে॥ ৬॥

নৈমিত্তিক ও কাম্যস্নান শীতল জল দ্বারা করিবে; নিত্যস্নান ইচ্ছানুসারে কি শীতল কি উষ্ণ সকল জলেই করা যাইতে পারে॥ ৭॥

পুত্রের জন্মদিনে, সংক্রান্তিতে, চন্দ্র ও সূর্য্যগ্রহণে, এবং অস্পৃশ্য স্পর্শ করিলে উষ্ণ জলে স্নান করিবে না॥ ৮॥

পূর্ণিমা ও অমাবস্যায় যিনি উষ্ণ জলে স্নান করেন, তিনি ইহলোকে গোহত্যাপাপে পাপী হন সন্দেহ নাই॥ ৯॥

যে নির্ব্বোধ ব্যক্তি দশমীতে তৈল স্পর্শ না করিয়া স্নান করে, তাহার আয়ুঃ, বুদ্ধি, যশ ও ধন সমস্তই বিনষ্ট হয়॥ ১০॥

অজ্ঞানতা প্রযুক্ত প্রতিপৎ, ষষ্ঠী, অমাবস্যা ও রিক্তা (চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী) তিথিতে তৈল মর্দ্দন করিলে আয়ুঃ, বুদ্ধি, যশ ও ধন নষ্ট হয়। পূর্ণিমা, অমাবস্যা, চতুর্দ্দশী, পঞ্চমী, সংক্রান্তি, দ্বাদশী, সপ্তমী ও ষষ্ঠী এই সমস্ত দিনে তৈল স্পর্শ করিবে না॥ ১১॥

স্নানকালে হউক্ বা অন্য সময়ে হউক্, পক্ক তৈল ব্যবহার করিলে কদাচ কোন দোষ স্পর্শে না অর্থাৎ নিষিদ্ধ দিনেও ব্যবহার করা যাইতে পারে॥ ১২॥

দ্বিজগণ তৈল বা ঘৃত মর্দ্দন করিয়া মলমূত্র ত্যাগ করিলে অহোরাত্র উপবাসী থাকিয়া পঞ্চগব্য ভক্ষণ করিয়া পবিত্র হইবেন॥ ১৩॥

স্নান সপ্তবিধ, যথাঃ—মান্ত্র, পার্থিব, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ ও

মানস। "শন্ন আপস্তু দ্রুপদা আপোহিষ্টাঘমর্ষণং" এই মন্ত্র দ্বারা স্নানকে মান্ত্রস্নান, গঙ্গাদির মৃত্তিকা স্পর্শ দ্বারা স্নানকে পার্থিব স্নান, সংস্কৃত ভস্ম দ্বারা স্নানকে আগ্নেয় স্নান, গোধূলি দ্বারা স্নানকে বায়ব্য স্নান, রৌদ্র থাকিতে যে বৃষ্টি তদ্দ্বারা স্নানকে দিব্য স্নান, নদ্যাদিতে স্নানকে বারুণ স্নান এবং মানসে বিষ্ণুস্মরণ দ্বারা স্নানকে মানস স্নান বলে ॥ ১৪ ॥

(অবস্থানুসারে এই সাতটীর মধ্যে যে কোনরূপ স্নান করিলেই পবিত্র হওয়া যায়; তবে সদাচারে বারুণ ও মানস স্নানই দৃষ্ট হইয়া থাকে। কিন্তু ঋষিগণ সর্ব্বপ্রকার স্নানের মধ্যে মানস স্নানকে শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, যেহেতু "অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥)

বস্ত্র।

অধৌতং কারুধৌতং বাপরেদ্যুর্ধৌতমেব বা।
কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ।
ন চার্দ্রমেব বসনং পরিদধ্যাৎ কদাচন ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত অত্রিবচন।

একবস্ত্রো ন ভুঞ্জীত ন কুর্য্যাদ্দেবতার্চ্চনং ॥ ২ ॥

ঐ গোভিল।

শুক্লবাসা ভবেন্নিত্যং রক্তঞ্চৈব বিবর্জ্জয়েৎ ॥ ৩ ॥

ঐ ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্র।

শৌচং সহস্ররোমাণাং বায়ূগ্ন্যর্কেন্দুরশ্মিভিঃ।
রেতঃস্পৃষ্টং শবস্পৃষ্টমাবিকং নৈব দুষ্যতি ॥ ৪ ॥

ঐ অঙ্গিরা।

ন কুর্য্যাৎ সন্ধিতং বস্ত্রং দেবকর্ম্মণি ভূমিপ!।
ন দগ্ধং ন চ বৈ ছিন্নং পারক্যং ন তু ধারয়েৎ।

কাকবিষ্ঠাসমং হ্যক্তমবিধৌতঞ্চ যদ্ভবেৎ।
রজকাদাহৃতং যচ্চ ন তদ্বস্ত্রং ভবেচ্ছুচি।
কীটস্পৃষ্টন্তু যদ্বস্ত্রং পুরীষং যেন কারিতং।
মূত্রং বা মৈথুনং বাপি তদ্বস্ত্রং পরিবর্জ্জয়েৎ।
আবিকন্তু সদা বস্ত্রং পবিত্রং রাজসত্তম!।
পিতৃদেবমনুষ্যাণাং ক্রিয়ায়াঞ্চ প্রশস্যতে।
শুক্রমূত্ররক্তলিপ্তং তথাপি পরমং শুচি।
অগ্নিরাবিকবস্ত্রঞ্চ ব্রাহ্মণাশ্চ তথা কুশাঃ।
চতুর্ণাং ন কৃতো দোষো ব্রহ্মণা পরমেষ্ঠিনা॥ ৫॥

ঐ শাস্ত্রান্তর।

অধৌত, রজক কর্ত্তৃক ধৌত, অন্য দিনে ধৌত, রঞ্জিত ও মলিন বস্ত্র কি কৌপীন পরিধান করিবে না। আর্দ্র (ভিজা) বস্ত্রও কদাচ পরিধান করিবে না॥ ১॥

এক বস্ত্র পরিধান করিয়া আহার ও দেবার্চ্চনা করিবে না॥ ২॥

সর্ব্বদা শুক্লবস্ত্র পরিধান করিবে, রক্তবস্ত্র বর্জ্জন করিবে॥ ৩॥

যে বস্ত্র সহস্ররোমদ্বারা প্রস্তুত, বায়ু, অগ্নি ও চন্দ্রসূর্য্যের কিরণ দ্বারা তাহার শুদ্ধি হইয়া থাকে। মেষলোমনির্ম্মিত কম্বলাদি বসন রেতঃস্পৃষ্ট ও শবস্পৃষ্ট হইলেও দূষিত হয় না॥ ৪॥

হে রাজন্! দেবকার্য্যে সেলাই করা বস্ত্র, ছিন্ন ও দগ্ধ বস্ত্র এবং পরের বস্ত্র পরিধান করিবে না; অধৌত বস্ত্র কাকবিষ্ঠার তুল্য এবং রজক-গৃহ হইতে আনীত বস্ত্র অপবিত্র। কীটস্পৃষ্ট বস্ত্র এবং যে বস্ত্র পরিধান করিয়া মলত্যাগ বা মূত্রত্যাগ বা স্ত্রীসঙ্গ করা হইয়াছে তাহা পরিত্যাগ করিবে। কিন্তু হে রাজন! মেষলোমজাতবস্ত্র সর্ব্বদাই শুচি; পিতৃকর্ম্ম, দেবকর্ম্ম ও মনুষ্যকর্ম্মে ইহা প্রশস্ত। মেষলোমজাত বস্ত্র ধৌত হউক,

অধৌত হউক, দগ্ধ হউক, সন্ধিত (সেলাই করা) হউক, রজকগৃহ হইতে আনীত হউক, আর শুক্র, মূত্র বা রক্তলিপ্ত হউক, তথাপি উহা পরম পবিত্র। অগ্নি, মেষলোমজাত বস্ত্র, ব্রাহ্মণ ও কুশ এই চারিটীকে ব্রহ্মা অপবিত্র করেন নাই ॥ ৫ ॥

দ্বাদশতিলকবিধি।

স্থাননির্দ্দেশ।				মন্ত্র।
ললাটে	...	...	...	শ্রীকেশবায় নমঃ।
উদরে	...	...	...	শ্রীনারায়ণায় নমঃ।
বক্ষঃস্থলে	...	...	...	শ্রীমাধবায় নমঃ।
কণ্ঠস্থলে	...	...	...	শ্রীগোবিন্দায় নমঃ।
দক্ষিণপার্শ্বে	...	...	...	শ্রীবিষ্ণবে নমঃ।
দক্ষিণবাহুতে	...	...	...	শ্রীমধুসূদনায় নমঃ।
দক্ষিণস্কন্ধে	...	...	...	শ্রীত্রিবিক্রমায় নমঃ।
বামপার্শ্বে	...	...	...	শ্রীবামনায় নমঃ।
বামবাহুতে	...	...	...	শ্রীশ্রীধরায় নমঃ।
বামস্কন্ধে	...	...	...	শ্রীহৃষীকেশায় নমঃ।
পৃষ্ঠে	...	...	...	শ্রীপদ্মনাভায় নমঃ।
কটিতে	...	...	...	শ্রীদামোদরায় নমঃ।

'শ্রীবাসুদেবায় নমঃ' এই মন্ত্র উচ্চারণ করিয়া হস্তধৌত জল মস্তকে অর্পণ করিবেন।

ঊর্দ্ধ্বপুণ্ড্র।

মৎপ্রিয়ার্থং শুভার্থম্বা রক্ষার্থে চতুরানন !।
মৎপূজাহোমকালে চ সায়ং প্রাতঃ সমাহিতঃ।
মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রং ভয়াপহং॥ ১॥
যজ্ঞোদানং তপোহোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণং।
ব্যর্থং ভবতি তৎসর্ব্বমূর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতং॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

যস্যোর্দ্ধপুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি।
তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ॥ ৩॥

ঐ স্কন্দপুরাণ।

ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা সৌম্যং ললাটে যস্য দৃশ্যতে।
স চণ্ডালোঽপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ॥ ৪
ঊর্দ্ধপুণ্ড্রস্য মধ্যে তু বিশালে সুমনোহরে।
লক্ষ্ম্যা সার্দ্ধং সমাসীনো দেবদেবো জনার্দ্দনঃ।
তস্মাদ্যস্য শরীরে তু ঊর্দ্ধপুণ্ড্রং ধৃতং ভবেৎ।
তস্য দেহং ভগবতো বিমলং মন্দিরং স্মৃতং।
ঊর্দ্ধপুণ্ড্রধরো যস্তু কুর্য্যাৎ শ্রাদ্ধং শুভাননে !।
কল্পকোটীসহস্রাণি বৈকুণ্ঠে বাসমাপ্নুয়াৎ।
যজ্ঞ-দান-তপশ্চর্য্যা-জপ-হোমাদিকঞ্চ যৎ।
ঊর্দ্ধপুণ্ড্রধরঃ কুর্য্যাৎ তস্য পুণ্যমনন্তকং॥ ৫॥

ঐ পদ্মপুরাণ।

অশুচির্ব্বাপ্যনাচারো মনসা পাপমাচরন্।
শুচিরেব ভবেন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রাঙ্কিতো নরঃ॥ ৬॥

ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো ম্রিয়েত যত্র কুত্রচিৎ।
শ্বপাকোঽপি বিমানস্থো মম লোকে মহীয়তে॥ ৭॥
ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো গৃহে যস্যান্নমশ্নুতে।
তদা বিংশৎকুলং তস্য নরকাদুদ্ধরাম্যহং॥ ৮॥
বীক্ষ্যাদর্শে জলে বাপি যো বিদধ্যাৎ প্রযত্নতঃ।
ঊর্দ্ধপুণ্ড্রং মহাভাগ! স যাতি পরমাং গতিং॥ ৯॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মাণ্ডপুরাণবচন।

একান্তিনো মহাভাগাঃ সর্ব্বভূতহিতে রতাঃ।
সান্তরালং প্রকুর্ব্বন্তি পুণ্ড্রং হরিপদাকৃতি।
শ্যামং শান্তিকরং প্রোক্তং রক্তং বশ্যকরং তথা।
শ্রীকরং পীতমিত্যাহুঃ শ্বেতং মোক্ষপ্রদং শুভং।
বর্ত্তুলং তির্য্যগচ্ছিদ্রং হ্রস্বং দীর্ঘতরং তনু।
বক্রং বিরূপং বদ্ধাগ্রং ভিন্নমূলং পদচ্যুতং।
অশুভং রুক্ষমাসক্তং তথা নাঙ্গুলিকল্পিতং।
বিগন্ধমপসব্যঞ্চ পুণ্ড্রমাহুরনর্থকং॥ ১০॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদং।
নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষতে।
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ॥ ১১॥
নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধপুণ্ড্রং দ্বিজাধমঃ।
স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যপোহতি॥ ১২॥

ঐ পদ্মপুরাণ।

নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধপুণ্ড্রং সুশোভনং।
মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরং।

বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণে তু সদাশিবঃ।
মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ ॥ ১৩ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

অনামিকা কামদোক্তা মধ্যমায়ুষ্করী ভবেৎ।
অঙ্গুষ্ঠঃ পুষ্টিদঃ প্রোক্তস্তর্জ্জনী মোক্ষসাধনী ॥ ১৪ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্মৃতিবচন।

যত্তু দিব্যং হরিক্ষেত্রং তস্যৈব মৃদমাহরেৎ ॥ ১৫ ॥
ব্রহ্মঘ্নো বাথ গোঘ্নো বা হেতুকঃ সর্ব্বপাপকৃৎ।
গোপীচন্দনসম্পর্কাৎ পূতো ভবতি তৎক্ষণাৎ ॥
গোপীচন্দনখণ্ডন্তু যো দদাতি হি বৈষ্ণবে।
কুলমেকোত্তরং তেন সন্তবেত্তারিতং শতং ॥ ১৬ ॥

" ঐ পদ্মপুরাণ।

যো মৃত্তিকাং দ্বারবতীসমুদ্ভবাং করে সমাদায় ললাটপট্টকে।
করোতি নিত্যং ত্বথ চোর্দ্ধপুণ্ড্রং ক্রিয়াফলং কোটিগুণং সদা ভবেৎ ॥
যস্মিন্ গৃহে তিষ্ঠতি গোপীচন্দনং ভক্ত্যা ললাটে মনুজো বিভর্ত্তি।
তস্মিন্ গৃহে তিষ্ঠতি সর্ব্বদা হরিঃ শ্রদ্ধান্বিতঃ কংসনিহা বিহঙ্গম ! ॥
যো ধারয়েৎ কৃষ্ণপুরীসমুদ্ভবাং সদা পবিত্রাং কলিকিল্বিষাপহাং।
নিত্যং ললাটে হরিমন্ত্রসংযুতাং যমং ন পশ্যেৎ যদি পাপসংবৃতঃ ॥
যস্যান্তকালে খগ ! গোপীচন্দনং বাহ্বোর্ললাটে হৃদি মস্তকে চ।
প্রয়াতি লোকং কমলালয়ং প্রভোর্গোবালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ ॥১৭॥

" ঐ গরুড়পুরাণ।

অম্বরীষ ! মহাঘস্য ক্ষয়ার্থে কুরু বীক্ষণং।
ললাটে যৈঃ কৃতং নিত্যং গোপীচন্দনপুণ্ড্রকং ॥ ১৮ ॥

ঐ পদ্মপুরাণ।

দূতাঃ! শৃণুত যন্তালং গোপীচন্দনলাঞ্ছিতং।
জ্বলদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ॥ ১৯॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত কাশীখণ্ডবচন।

হে ব্রহ্মন্! আমার ভক্ত স্থিরচিত্তে সায়ং ও প্রাতঃকালে আমার পূজা ও হোমসময়ে আমার প্রীতিসাধন অথবা স্বীয় কল্যাণ ও রক্ষার নিমিত্ত ভয়নাশক উর্দ্ধপুণ্ড্র নিত্য ধারণ করিবে॥ ১॥

উর্দ্ধপুণ্ড্র ধারণ না করিয়া যজ্ঞ, দান, তপ, হোম বেদপাঠ বা পিতৃ-তর্পণ যাহা কিছু করা যায় সে সমস্তই বিফল হইয়া থাকে॥ ২॥

যাহার ললাটে উর্দ্ধপুণ্ড্র নাই, তাহাকে দর্শন করিবে না, তাহাকে দেখিলে সূর্য্য দর্শন করিয়া শুদ্ধ হইবে॥ ৩॥

যাঁহার ললাটে মৃত্তিকা-রচিত মনোহর উর্দ্ধপুণ্ড্র দেখা যায়, তিনি চণ্ডাল হইলেও তাঁহার আত্মা পবিত্র এবং তিনি নিশ্চয় পূজনীয় ইহাতে সন্দেহ নাই॥ ৪॥

উর্দ্ধপুণ্ড্রের অতি মনোহর বিস্তৃত মধ্যভাগে দেবদেব নারায়ণ লক্ষ্মী-দেবীর সহিত উপবেশন করিয়া থাকেন। এজন্য যাঁহার দেহে উর্দ্ধপুণ্ড্র বিদ্যমান্ থাকে, তাঁহার দেহ পবিত্র ভগবন্মন্দির বলিয়া কথিত হয়। হে শুভাননে! যিনি উর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া শ্রাদ্ধ করেন, তিনি সহস্রকোটী কল্প বৈকুণ্ঠে বাস করিতে অধিকারী হয়েন। উর্দ্ধপুণ্ড্রধারী ব্যক্তি যজ্ঞ, দান, তপ, জপ, হোম প্রভৃতি যে সমস্ত কার্য্য করেন, তাঁহার সেই সমস্ত কার্য্যের পুণ্য অক্ষয় হইয়া থাকে॥ ৫॥

অশুচিই হউক বা আচারহীনই হউক বা মনে মনে পাপাচরণই করুক, উর্দ্ধপুণ্ড্র ধারণ করিলে মনুষ্য সর্ব্বদা পবিত্র থাকে॥ ৬॥

শ্রীভগবান্ বলেন উর্দ্ধপুণ্ড্রধারী ব্যক্তি যে কোন স্থানে প্রাণত্যাগ

করুক না কেন, চণ্ডাল হইলেও সে বিমানে আরোহণ করিয়া আমার ধামে যাইয়া পূজিত হয় ॥ ৭ ॥

তিনি আরও বলেন, ঊর্দ্ধপুণ্ড্রধারী ব্যক্তি যাহার গৃহে অন্ন ভোজন করেন, তাহার বিংশতি পুরুষকে আমি নরক হইতে উদ্ধার করি ॥ ৮ ॥

হে মহাভাগ! যিনি দর্পণে বা জলে নিজ প্রতিবিম্ব দেখিয়া যত্নপূর্ব্বক ঊর্দ্ধপুণ্ড্র রচনা করেন, তিনি পরমা গতি প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৯ ॥

একান্তচিত্ত, সর্ব্বপ্রাণীর হিতে রত, মহাভাগ্যবান্ ব্যক্তিগণ হরিপাদ-পদ্মাকৃতি, মধ্যে ছিদ্রযুক্ত পুণ্ড্র নির্ম্মাণ করেন। পণ্ডিতগণ বলেন শ্যামবর্ণ পুণ্ড্র শান্তিপ্রদ, রক্তবর্ণ পুণ্ড্র বশীকারক, পীতবর্ণ পুণ্ড্র সম্পত্তি-প্রদ এবং শ্বেতবর্ণ পুণ্ড্র শুভজনক ও মোক্ষপ্রদ। যে পুণ্ড্র বর্ত্তুলাকার তির্য্যক্, ছিদ্রহীন, খর্ব্ব, অতি দীর্ঘ, কৃশ, বক্র, বিরূপ, অগ্রভাগে সংলগ্ন, মূলে বিচ্ছিন্ন অর্থাৎ নিম্নভাগ পৃথক্, স্থানভ্রষ্ট, মলিন, রুক্ষ. পরস্পর সংলগ্ন এবং অঙ্গুলি ব্যতীত অন্য কোন বস্তু দ্বারা রচিত, পণ্ডিত-গণ তাহাকে বিফল বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ১০ ॥

নাসিকার মূল হইতে আরম্ভ করিয়া ললাটের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে। নাসিকার তৃতীয় ভাগকে নাসিকার মূল কহে। ভ্রূদ্বয়ের মূল হইতে আরম্ভ করিয়া ছিদ্র রচনা করিবে ॥ ১১ ॥

যে দ্বিজাধম মধ্যে ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ করে, সে নিশ্চয়ই তত্রস্থ বিষ্ণু ও লক্ষ্মীকে দূর করিয়া দেয় ॥ ১২ ॥

নাসিকা হইতে আরম্ভ করিয়া কেশ পর্য্যন্ত বিস্তৃত, অতীব মনোহর এবং মধ্যে ছিদ্রযুক্ত যে ঊর্দ্ধপুণ্ড্র তাহাকেই হরিমন্দির বলিয়া জানিবে। ঊর্দ্ধপুণ্ড্রের বামভাগে ব্রহ্মা, দক্ষিণে সদাশিব এবং মধ্যে বিষ্ণু অবস্থিতি করেন, অতএব মধ্যভাগ লেপন করিবে না ॥ ১' ॥

তিলক-রচনায় অনামিকা অভীষ্টদায়িনী, মধ্যমা পরমায়ুর্ব্বৃদ্ধিকরী, বৃদ্ধাঙ্গুলি পুষ্টিসাধিকা এবং তর্জ্জনী মোক্ষদায়িনী ॥ ১৪ ॥

যাহা উৎকৃষ্ট হরিক্ষেত্র সেই স্থান হইতেই মৃত্তিকা সংগ্রহ করিবে ॥ ১৫ ॥

ব্রহ্মহত্যাকারীই হউক, গোহত্যাকারীই হউক, কুতর্কীই হউক কিম্বা নিখিলপাপকারীই হউক, গোপীচন্দন স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র হয়। যিনি বৈষ্ণবকে একখণ্ডমাত্র গোপীচন্দন দান করেন, তিনি একশত এক কুল উদ্ধার করেন ॥ ১৬ ॥

যিনি দ্বারকাসমুৎপন্ন-মৃত্তিকা হস্তে গ্রহণ করিয়া প্রত্যহ ললাটদেশে ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করেন, তিনি যে কার্য্য করেন তাহার ফল কোটীগুণ হইয়া থাকে। যে গৃহে গোপীচন্দন বিরাজিত এবং যে গৃহে মানব ভক্তিপূর্ব্বক ললাটে গোপীচন্দন-তিলক ধারণ করেন, হে বিহঙ্গম! সেই গৃহে কংসধ্বংসকারী হরি শ্রদ্ধাযুক্ত হইয়া সর্ব্বদা বাস করেন। যিনি কলিপাতকনাশিনী, নিত্য পবিত্রা, হরিমন্ত্রসংযুতা দ্বারকামৃত্তিকা নিত্য ললাটে ধারণ করেন, তিনি পাপবিশিষ্ট হইলেও, তাঁহার যমকে অবলোকন করিতে হইবে না। হে বিহগ! মৃত্যুকালে, যাঁহার দুই বাহুতে, ললাটে, হৃদয়ে ও মস্তকে গোপীচন্দন বিদ্যমান্ থাকে, তিনি গোহত্যা, শিশুহত্যা, ব্রহ্মহত্যা করিয়া থাকিলেও লক্ষ্মীর আবাসস্থান বিষ্ণুলোকে গমন করিবেন ॥ ১৭ ॥

গৌতম বলিলেন হে মহারাজ অম্বরীষ! যাঁহারা প্রতিদিন ললাটে গোপীচন্দন দ্বারা পুণ্ড্র নির্ম্মাণ করেন, মহাপাপ নাশ করিবার জন্য তাঁহাদিগকে দর্শন কর ॥ ১৮ ॥

যমরাজ কহিলেন হে দূতগণ! শ্রবণ কর; যাঁহার ললাট গোপীচন্দনে অঙ্কিত, প্রজ্জ্বলিত বহ্নির ন্যায় অতিশয় যত্ন সহকারে তাঁহাকে দূরে পরিত্যাগ করিবে ॥ ১৯ ॥

মালাধারণ।

ধারয়ন্তি ন যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ।
নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত গরুড়পুরাণবচন।

তুলসীকাষ্ঠমালাঞ্চ কণ্ঠস্থাং বহতে তু যঃ।
অপ্যাশৌচোঽপ্যনাচারো মামেবৈতি ন সংশয়ঃ॥ ২॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
ফলং যচ্ছতি দৈত্যারিঃ প্রত্যহং দ্বারকোদ্ভবং।
নিবেদ্য বিষ্ণবে মালাং তুলসীকাষ্ঠসম্ভবাং।
বহতে যো নরো ভক্ত্যা তস্য বৈ নাস্তি পাতকং
সদা প্রীতমানস্তস্য কৃষ্ণো দেবকিনন্দনঃ।
তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি নাশৌচং তস্য বিগ্রহে॥
তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতঃ পুণ্যমাচরেৎ।
পিতৃণাং দেবতানাঞ্চ কৃতং কোটিগুণং কলৌ॥
তুলসীকাষ্ঠমালাস্তু প্রেতরাজস্য দূতকাঃ।
দৃষ্ট্বা নশ্যন্তি দূরেণ বাতোদ্ধূতং যথা দলং॥ ৩॥

ঐ গরুড়পুরাণ।

সন্নিবেদ্যৈব হরয়ে তুলসীকাষ্ঠসম্ভবাং।
মালাং পশ্চাৎ স্বয়ং ধত্তে স বৈ ভাগবতোত্তমঃ।
হরয়ে নার্পয়েদ্যস্তু তুলসীকাষ্ঠসম্ভবাং।
মালাং ধত্তে স্বয়ং মূঢ়ঃ স যাতি নরকং ধ্রুবং।
ক্ষালিতাং পঞ্চগব্যেন মূলমন্ত্রেন মন্ত্রিতাং।

গায়ত্র্যা চাষ্টকৃত্বো বৈ মন্ত্রিতাং ধূপয়েচ্চ তাং।
বিধিবৎ পরয়া ভক্ত্যা সদ্যোজাতেন পূজয়েৎ ॥
"তুলসীকাষ্ঠসম্ভূতে মালে! কৃষ্ণজনপ্রিয়ে।
বিভর্ম্মি ত্বামহং কণ্ঠে কুরু মাং কৃষ্ণবল্লভং।
যথা ত্বং বল্লভা বিষ্ণোর্নিত্যং বিষ্ণুজনপ্রিয়া।
তথা মাং কুরু দেবেশি! নিত্যং বিষ্ণুজনপ্রিয়ং।
দানে লা ধাতুরুদ্দিষ্টো লাসি মাং হরিবল্লভে!।
ভক্তেভ্যশ্চ সমস্তেভ্যস্তেন মালা নিগদ্যসে।"
এবং সংপ্রার্থ্য বিধিবৎ মালাং কৃষ্ণগলেঽর্পিতাং।
ধারয়েদ্বৈষ্ণবো যো বৈ স গচ্ছেদ্বৈষ্ণবং পদং ॥ ৪ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

যে সকল হেতুবাদ রত পাপবুদ্ধি মনুষ্য মালাধারণ না করে, তাহারা শ্রীহরির কোপানলে দগ্ধ হয় ও নরক হইতে আর প্রত্যাগমন করে না ॥ ১ ॥

শ্রীভগবান্ বলেন যিনি তুলসীকাষ্ঠের মালা কণ্ঠে বহন করেন, তিনি অশুচি এবং আচারহীন হইলেও নিঃসন্দেহ আমাকেই প্রাপ্ত হইবেন ॥ ২ ॥

যিনি তুলসাকাষ্ঠ-নিৰ্ম্মিতা মালা ধারণ করেন, শ্রীকৃষ্ণ তাঁহাকে প্রত্যহ দ্বারকাবাসের ফল প্রদান করিয়া থাকেন। যে ব্যক্তি তুলসীকাষ্ঠ-নিৰ্ম্মিতা মালা বিষ্ণুকে নিবেদন করিয়া ভক্তি সহকারে ধারণ করেন তাঁহার আর কোন পাপই থাকে না এবং দেবকীনন্দন শ্রীকৃষ্ণ তাঁহার প্রতি সর্ব্বদা প্রসন্ন থাকেন। যিনি তুলসীকাষ্ঠ-নিৰ্ম্মিতা মালা কণ্ঠে বহন করেন, তাঁহাকে প্রায়শ্চিত্ত করিতে হয় না এবং তাঁহার দেহে কোন পাপ থাকে না। কলিযুগে তুলসীকাষ্ঠ-নিৰ্ম্মিতা মালা দ্বারা ভূষিত হইয়া পুণ্য কৰ্ম্ম এবং পিতৃলোক ও দেবগণের কার্য্য করিলে কোটীগুণ ফললাভ

হইয়া থাকে। যমদূতগণ তুলসীকাষ্ঠের মালা দেখিয়া বায়ুবিতাড়িত পত্রের ন্যায় দূরে পলায়ন করে॥ ৩॥

যিনি তুলসীকাষ্ঠের মালা শ্রীহরিকে নিবেদন করিয়া পরে নিজে ধারণ করেন, তিনি নিশ্চয় ভগবদ্ভক্তাগ্রগণ্য। যে মূঢ় তুলসীকাষ্ঠের মালা হরিকে নিবেদন না করিয়া স্বয়ং ধারণ করে, সে নিশ্চয় নরকে গমন করিবে। মালা প্রস্তুত করিয়া পঞ্চগব্য দ্বারা ধৌত করতঃ তদুপরি মূলমন্ত্র জপ করিয়া আট বার গায়ত্রী জপ করিবে; অনন্তর ধূপের ধূম স্পর্শ করাইয়া সদ্যোজাত মন্ত্রদ্বারা (ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি সদ্যজাতায় বৈ নমো নমঃ। ভবে ভবে নাদি ভবে ভজস্বমাং ভবোদ্ভবায় নমঃ॥) পরম ভক্তি সহকারে পূজা করিবে। পরে এই প্রার্থনা করিতে হইবে, যথা :—"হে মালে! তুমি তুলসীকাষ্ঠ-নির্ম্মিতা ও বৈষ্ণবের প্রিয়া; আমি তোমাকে কণ্ঠে ধারণ করিতেছি, আমাকে শ্রীকৃষ্ণের প্রিয়পাত্র কর। মা শব্দের অর্থ আমাকে, লা ধাতুর অর্থ দান করা; হে হরিবল্লভে! তুমি আমাকে কৃষ্ণভক্তগণে দান করিলে, এজন্য তুমি মালা বলিয়া কীর্ত্তিত হইয়া থাক।" যে বৈষ্ণব যথাবিধি এইরূপ প্রার্থনা করিয়া মালা অগ্রে কৃষ্ণগলে অর্পণ করিয়া পরে নিজে ধারণ করেন, তিনি বিষ্ণুপদ প্রাপ্ত হন॥ ৪॥

গুরুত্যাগ অকর্ত্তব্য।

অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব জনার্দ্দনঃ।
মার্গস্থো বাপ্যমার্গস্থো গুরুরেব সদা গতিঃ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত আদিত্যপুরাণবচন

উপদেষ্টারমাম্নায়াগতং পরিহরন্তি যে।
তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্নোপভুঞ্জতে ॥ ২ ॥
বোধঃ কলুষিতস্তেন দৌরাত্ম্যং প্রকটীকৃতং।
গুরুর্যেন পরিত্যক্তস্তেন ত্যক্তঃ পুরা হরিঃ ॥ ৩ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্বিপ্রতিপদ্যতে।
স কল্পকোটিং নরকে পচ্যতে পুরুষাধমঃ ॥ ৪ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

মূর্খই হউন আর পণ্ডিতই হউন, গুরুদেবই জনার্দ্দন ; স্বপথেই থাকুন আর বিপথেই গমন করুন, গুরুদেবই সর্ব্বদা একমাত্র গতি ॥ ১ ॥

যাহারা কুলক্রমাগত অথবা বেদবিহিত গুরুকে পরিত্যাগ করে, মরিলে মাংসাশী পশুপক্ষীরাও তাহাদিগকে ভক্ষণ করে না ॥ ২ ॥

যে ব্যক্তি গুরুকে ত্যাগ করিল, সে প্রথমে শ্রীহরিকে বর্জ্জন করিল, ইহাতে তাহার জ্ঞান দূষিত হইল ও দৌরাত্ম্য প্রকাশ পাইল ॥ ৩ ॥

যে একবার গুরু বলিয়া স্বীকার করিয়া পুনরায় উক্ত গুরুকে পরিত্যাগ করে, সে নরাধম কোটীকল্পকাল নরকে পচিতে থাকে ॥ ৪ ॥

গুরুত্যাগে বিশেষবিধি।

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যগ্ গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্‌গুরোঃ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপঞ্চরাত্রবচন।

অবৈষ্ণবের নিকট মন্ত্রগ্রহণ করিলে নরকে যাইতে হয় ; অতএব পুনরায় বিধিমতে বৈষ্ণব গুরুর নিকট মন্ত্র গ্রহণ করিবে।

পূজার্থে আসন-নিয়ম।

ততশ্চাসনমন্ত্রেণাভিমন্ত্র্যাভ্যর্চ্চ্য চাসনং।
তস্মিন্ন্ পবিশেৎ পদ্মাসনেন স্বস্তিকেন বা॥
তত্র কৃষ্ণার্চ্চকঃ প্রায়ো দিবসে প্রাঙ্মুখো ভবেৎ।
উদঙ্মুখো রজন্যান্তু স্থিরমূর্ত্তিশ্চ সম্মুখঃ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাস।

আসীনঃ প্রাগুদগ্বার্চ্চেৎ স্থিরায়ান্ত্বথ সম্মুখঃ॥ ২॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত শ্রীমদ্ভাগবতবচন।

আসন মন্ত্র অর্থাৎ "ওঁ আধারশক্তয়ে নমঃ" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আসনকে আমন্ত্রণ ও পূজা করিয়া উক্ত আসনের উপর পদ্মাসনে বা স্বস্তিকাসনে উপবেশন করিবে। কৃষ্ণপূজক স্থিরদেহ ও সম্মুখীন হইয়া দিবসে প্রায়ই পূর্ব্বমুখ ও রাত্রিকালে প্রায়ই উত্তরমুখ হইয়া উপবেশন করিবে॥ ১॥

(বাম পদ দক্ষিণ পদের উপর এবং দক্ষিণ পদ বাম পদের উপর স্থাপন করিয়া কটি, বক্ষঃ ও গ্রীবা স্থির রাখিয়া নাসিকার অগ্রভাগে দৃষ্টি নিক্ষেপ করতঃ উপবেশন করার নাম পদ্মাসন। জানু ও উরুদেশের মধ্যভাগে উভয় পদতল স্থাপন করতঃ সরলভাবে উপবেশন করার নাম স্বস্তিকাসন।)

আসনে উপবেশন করিয়া পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া পূজা করিবে, কিন্তু প্রতিমা সাক্ষাৎ থাকিলে, তাঁহাকে সম্মুখ করিয়া উপবেশন করিবে॥ ২॥

ব্যবহার্য্য আসন।

বংশাদাহুর্দরিদ্রত্বং পাষাণে ব্যাধিসম্ভবং।
ধরণ্যাং দুঃখসম্ভূতিং দৌর্ভাগ্যং দারবাসনে

তৃণাসনে যশোহানিং পল্লবে চিত্তবিভ্রমং।
দর্ভাসনে ব্যাধিনাশং কম্বলং দুঃখমোচনং॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত নারদপঞ্চরাত্রবচন।

পণ্ডিতগণ বলেন বংশাসনে দরিদ্রতা. প্রস্তরে রোগোৎপত্তি, মৃত্তিকায় দুঃখ, কাষ্ঠাসনে দৌর্ভাগ্য, তৃণাসনে যশঃক্ষয, পত্রাসনে চিত্তবিভ্রম, কুশাসনে রোগনাশ ও কম্বলাসনে দুঃখমোচন হয়।

তুলসী।

তুলসীং প্রাপ্য যো নিত্যং ন করোতি মমার্চ্চনং।
তস্যাহং প্রতিগৃহ্ণামি ন পূজাং শতবার্ষিকীং॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত গরুড়পুরাণবচন।

তুলসীরহিতাং পূজাং ন গৃহ্ণাতি সদা হরিঃ।
কাষ্ঠং বা স্পর্শয়েত্তত্র নো চেত্তন্নামতো যজেৎ॥ ২॥
তুলসীদলমাদায় যোঽন্যং দেবং প্রপূজয়েৎ।
ব্রহ্মহা স হি গোঘ্নশ্চ স এব গুরুতল্পগঃ॥ ৩॥

ঐ বায়ুপুরাণ।

সুকৃতী দুষ্কৃতী বাপি তুলস্যা যোঽর্চ্চয়েদ্ধরিং।
তস্যাস্তে হি বয়ং নেশা বিষ্ণুদূতৈঃ স নীয়তে॥ ৪॥

ঐ হরিভক্তিসুধোদয়।

কৃষ্ণা বাপ্যথবাঽকৃষ্ণা তুলসী কৃষ্ণবল্লভা।
সিতা বাপ্যথবা কৃষ্ণা দ্বাদশী বল্লভা হরেঃ॥ ৫॥

ঐ বিষ্ণুরহস্য।

নিরস্য মালতীপুষ্পং মুক্তাপুষ্পং সরোরুহং।
গৃহ্ণাতি তুলসীং শুষ্কামপি পর্য্যুষিতাং হরিঃ॥ ৬॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

শ্রীমত্তুলস্যার্চ্চয়তে সকৃদ্ধরিং পত্রৈঃ সুগন্ধৈর্বিমলৈরখণ্ডিতৈঃ।
যস্তস্য পাপং পটসংস্থিতং প্রভুর্নিরীক্ষয়িত্বা মৃজতে স্বয়ং যমঃ॥ ৭॥

ঐ পদ্মপুরাণ।

তুলসীপত্রমাদায় যঃ করোতি সমার্চ্চনং।
ন পুনর্যোনিমায়াতি মুক্তিভাগী ভবেন্নরঃ॥ ৮॥

ঐ গরুড়পুরাণ।

অস্নাত্বা তুলসীং চিত্বা যঃ পূজাং কুরুতে নরঃ।
সোঽপরাধী ভবেৎ সত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ॥ ৯॥

ঐ বায়ুপুরাণ।

(চয়নমন্ত্র।)

তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে!॥
ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং।
তথা কুরু পবিত্রাঙ্গি! কলৌ মলবিনাশিনি!॥ ১০॥

ঐ স্কন্দপুরাণ।

ইত্যুক্ত্বা তুলসীং নত্বা চিত্বা দক্ষিণপাণিনা।
পত্রাণ্যেকৈকশো ন্যসেৎ সৎপাত্রে মঞ্জরীরপি॥ ১১॥

শ্রীহরিভক্তিবিলাস।

মন্ত্রেণানেন যঃ কুর্য্যাদ্ গৃহীত্বা তুলসীদলং।
পূজনং বাসুদেবস্য লক্ষকোটিফলং লভেৎ॥ ১২॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

সংক্রান্ত্যাদৌ নিষিদ্ধোঽপি তুলস্যবচয়ঃ স্মৃতো।
পরং শ্রীবিষ্ণুভক্তৈস্তু দ্বাদশ্যামেব নেষ্যতি ॥ ১৩ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

নাচ্ছিন্দ্যাৎ তুলসীং বিপ্রাঃ! দ্বাদশ্যাং বৈষ্ণবঃ কচিৎ ॥ ১৪ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত বিষ্ণুধর্ম্মোত্তরবচন।

দ্বাদশ্যাং তুলসীপত্রং ধাত্রীপত্রঞ্চ কার্ত্তিকে।
লুনাতি স নরো গচ্ছেন্নিরয়ানতিগর্হিতান্ ॥ ১৫ ।

ঐ পদ্মপুরাণ।

শ্রীভগবান্ বলেন যে ব্যক্তি নিত্য তুলসী সংগ্রহ না করিয়া আমার পূজা করে, সে শত বৎসর ধরিয়া পূজা করিলেও আমি তাহার পূজা গ্রহণ করি না ॥ ১ ॥

তুলসীবিহীন পূজা শ্রীহরি কোন কালে গ্রহণ করেন না; অতএব তুলসীর অভাব হইলে তদীয় কাষ্ঠ তাঁহার অঙ্গে স্পর্শ করাইবে; তাহারও অভাব হইলে তুলসী নাম উচ্চারণ করিয়া কৃষ্ণ পূজা করিবে ॥ ২ ॥

তুলসী গ্রহণ করিয়া যে অন্য দেবতার পূজা করে, সে ব্রহ্মহত্যাকারী, গোহত্যাকারী ও গুরুপত্নীগামীর তুল্য পাপী হয় ॥ ৩ ॥

যমদূতেরা বলেন যিনি তুলসী দ্বারা শ্রীহরির অর্চ্চনা করেন, তিনি ধার্ম্মিকই হউন বা অধার্ম্মিকই হউন, তাঁহার মৃত্যু হইলে, আমরা তাঁহাকে স্পর্শ করিতে পারি না। বিষ্ণুদূতেরা তাঁহাকে লইয়া যান ॥ ৪ ॥

কৃষ্ণবর্ণ হউন বা হরিদ্বর্ণ হউন, তুলসী শ্রীকৃষ্ণের প্রিয়া এবং কৃষ্ণ-পক্ষেরই হউন বা শুক্ল পক্ষেরই হউন, দ্বাদশী শ্রীহরির প্রিয়া ॥ ৫ ॥

মালতীপুষ্প, মুক্তাপুষ্প ও পদ্ম পরিত্যাগ করিয়া শ্রীহরি পর্য্যুষিত ও শুষ্ক তুলসী পত্র গ্রহণ করেন ॥ ৬ ॥

যিনি সুগন্ধি, পরিষ্কৃত ও অখণ্ডিত তুলসীপত্র দ্বারা একবার মাত্র

শ্রীহরির অর্চ্চনা করেন, গুপ্তই হউক আর প্রকাশ্যই হউক, তাঁহার পটস্থিত যাবতীয় পাপ পাপীদিগের নিয়ন্তা স্বয়ং যম তন্ন তন্ন করিয়া নিরীক্ষণ পূর্ব্বক মার্জ্জনা করেন ॥ ৭ ॥

শ্রীভগবান্ বলেন তুলসীপত্র লইয়া যে আমার পূজা করে, তাহার আর পুনর্জ্জন্ম হয় না এবং সে মুক্তি লাভ করে ॥ ৮ ॥

যিনি স্নান না করিয়া তুলসীচয়ন পূর্ব্বক পূজা করেন, তিনি নিশ্চয় অপরাধী হয়েন এবং তাঁহার সমস্ত কর্ম্ম বিফল হয় ॥ ৯ ॥

চয়নমন্ত্র যথাঃ—হে শোভনে! হে তুলসী! অমৃত হইতে তোমার জন্ম এবং তুমি সকল সময়েই কেশবের প্রিয়া, কেশবের পূজার জন্য আমি তোমাকে চয়ন করিতেছি তুমি বর প্রদান কর। হে পবিত্রাঙ্গি! হে কলিকলুষনাশিনি! তোমার অঙ্গজাত পত্রদ্বারা আমি যেরূপে হরির পূজা করিতে পারি, তুমি তাহা কর ॥ ১০ ॥

এই মন্ত্র উচ্চারণ করিয়া তুলসীকে নমস্কার পূর্ব্বক দক্ষিণ হস্তে এক একটী পত্র এবং মঞ্জরী চয়ন করতঃ পবিত্র পাত্রে রাখিবে ॥ ১১ ॥

যিনি এই মন্ত্রদ্বারা তুলসীপত্র গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের পূজা করেন, তিনি লক্ষকোটীগুণ ফললাভ করেন ॥ ১২ ॥

স্মৃতিশাস্ত্রে সংক্রান্তি, আমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও রবিবারে তুলসী-চয়ন নিষিদ্ধ থাকিলেও, বিষ্ণুভক্তগণ কেবল দ্বাদশীতেই তুলসী চয়ন করিতে ইচ্ছা করেন না ॥ ১৩ ॥

হে দ্বিজগণ! বৈষ্ণবগণ দ্বাদশীতে কদাচ তুলসী চয়ন করিবেন না ॥ ১৪ ॥

যে ব্যক্তি দ্বাদশীতে তুলসীপত্র ও কার্ত্তিকমাসে আমলকীপত্র ছেদন করে, সে অতিশয় নিন্দনীয় নরকে গমন করে ॥ ১৫ ॥

দীপদান-মাহাত্ম্য।

যো দদাতি মহীপাল! কৃষ্ণস্যাগ্রে তু দীপকং।
পাতকন্তু সমুৎসৃজ্য জ্যোতীরূপং লভেৎ পদং ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত মহাভারতবচন।

ঘৃতেন বাথ তৈলেন দীপং প্রজ্বালয়েন্নরঃ।
বিষ্ণবে বিধিবদ্ভক্ত্যা তস্য পুণ্যফলং শৃণু।
বিহায় পাপং সকলং সহস্রাদিত্যসপ্রভঃ।
জ্যোতিষ্মতা বিমানেন বিষ্ণুলোকে মহীয়তে ॥ ২ ॥

ঐ নৃসিংহপুরাণ।

তন্নাস্তি পাতকং কিঞ্চিত্রিষু লোকেষু নারদ!।
যন্ন শোধয়তে দীপঃ কার্ত্তিকে কেশবাগ্রতঃ ॥ ৩ ॥
নিমিষার্দ্ধার্দ্ধমাত্রেণ দীপদানেন কার্ত্তিকে।
ন তৎ ক্রতুশতৈঃ প্রাপ্যং ফলং তীর্থশতৈরপি ॥ ৪ ॥
দীপদানেন বিপ্রেন্দ্র! ন পুনর্জায়তে ভুবি ॥ ৫ ॥
বৈষ্ণবো ন স মন্তব্যঃ সংপ্রাপ্তে কার্ত্তিকে মুনে!।
যো ন যচ্ছতি মূঢ়াত্মা দীপং কেশবসদ্মনি ॥ ৬ ॥

ঐ স্কন্দপুরাণ।

হে রাজন! যে ব্যক্তি শ্রীকৃষ্ণের সম্মুখে দীপদান করে, তিনি পাপমুক্ত হইয়া জ্যোতির্ম্ময় বৈকুণ্ঠধাম লাভ করেন ॥ ১ ॥

যে মানব ঘৃত বা তৈল দ্বারা দীপ প্রজ্বালিত করিয়া ভক্তি পূর্ব্বক যথাবিধি বিষ্ণুকে অর্পণ করেন, তাঁহার পুণ্যফল শ্রবণ কর। তিনি সর্ব্বপাপমুক্ত হইয়া সহস্র সূর্য্যের ন্যায় তেজস্বী হন এবং জ্যোতির্ম্ময় রথে আরোহণ করিয়া বিষ্ণুলোকে গমন করতঃ সম্মান সহকারে তথায় অবস্থিতি করেন ॥ ২ ॥

হে নারদ! ত্রিলোকে এমন কোন পাপ নাই যাহা কার্ত্তিকমাসে বিষ্ণুর সম্মুখে দীপদান দ্বারা বিনষ্ট না হয়॥ ৩॥

অর্দ্ধ নিমিষেরও অর্দ্ধেক সময় মাত্র বিষ্ণুমন্দিরে দীপদান করিলে যে ফল হয়, শত শত যজ্ঞে বা শত শত তীর্থে সে ফল লাভ হয় না॥ ৪॥

হে দ্বিজ! কার্ত্তিকমাসে বিষ্ণুমন্দিরে দীপদান করিলে পৃথিবীতে আর জন্ম হয় না॥ ৫॥

হে মুনে! যে মূঢ় কার্ত্তিকমাসে হরিমন্দিরে দীপদান না করে তাহাকে বৈষ্ণব বলিয়া মানিবে না॥ ৬॥

আকাশ-প্রদীপ।

উচ্চৈঃ প্রদীপমাকাশে যো দদ্যাৎ কার্ত্তিকে নরঃ।
সর্ব্বং লোকং সমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত পদ্মপুরাণবচন

যিনি কার্ত্তিকমাসে আকাশে উচ্চ প্রদীপ প্রদান করেন, তিনি আপনার সমস্ত কুল উদ্ধার করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হন।

স্তবমাহাত্ম্য।

স্তবন্নমেয়-মাহাত্ম্যং ভক্তিগ্রথিত-রম্যবাক্।
ভবেদ্ব্রহ্মাদিদুর্ল্লভ্যং প্রভুকারুণ্যভাজনং॥ ১॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত হরিভক্তিসুধোদয়বচন

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং ॥ ২ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

যে ব্যক্তি ভক্তিবিরচিত মনোহর স্তব দ্বারা শ্রীভগবানের অপরিমেয় মাহাত্ম্য কীর্ত্তন করেন, ব্রহ্মাদি দেবগণ প্রভুর যে অনুগ্রহ পাইতে পারেন না, তিনি সেই অনুগ্রহের প্রাত্র হন ॥ ১ ॥

শ্রীকৃষ্ণের স্তবরত্নসমূহ দ্বারা যাঁহাদিগের জিহ্বা অলঙ্কৃত তাঁহারা সিদ্ধ ও মুনিগণের নমস্য এবং দেবতাদিগের বন্দনীয় ॥ ২ ॥

প্রণাম।

সকৃদ্বা ন নমেদ্যস্তু বিষ্ণবে শর্ম্মকারিণে।
শবোপমং বিজানীয়াৎ কদাচিদপি নালপেৎ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বৃহন্নারদীয়পুরাণবচন।

নমস্কারঃ স্মৃতো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ।
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥ ২ ॥

ঐ নৃসিংহপুরাণ।

শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বনে।
শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥ ৩ ॥

ঐ স্কন্দপুরাণ।

বিষ্ণোর্দণ্ডপ্রণামার্থং ভক্তেন পততা ভুবি।
পাতিতং পাতকং কৃৎস্নং নোত্তিষ্ঠতি পুনঃ সহ ॥ ৪ ॥

ঐ হরিভক্তিসুধোদয়।

কৃত্বাপি বহুশঃ পাপং নরো মোহসমন্বিতঃ।
ন যাতি নরকং নত্বা সর্ব্বপাপহরং হরিং ॥ ৫ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত পদ্মপুরাণবচন।

অষ্টাঙ্গ প্রণাম।

দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা।
মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ। ৬ ॥

পঞ্চাঙ্গ প্রণাম।

জানুভ্যাঞ্চৈব বাহুভ্যাং শিরসা বচসা ধিয়া।
পঞ্চাঙ্গকং প্রণামং স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ ॥ ৭ ॥

ঐ আগম।

সক্থিং বীক্ষ্য হরিং চান্যং গুরূন্ স্বগুরুমেব চ।
দ্বিচতুর্ব্বিংশদথবা চতুর্ব্বিংশত্তদর্দ্ধকং।
নমেত্তদর্দ্ধমথবা তদর্দ্ধং সর্ব্বথা নমেৎ ॥ ৮ ॥

ঐ নারদপঞ্চরাত্র।

স্ববামে প্রণমেদ্বিষ্ণুং দক্ষিণে গৌরীশঙ্করৌ।
গুরোরগ্রে প্রণমেত অন্যথা নিষ্ফলো ভবেৎ ॥ ৯ ॥
জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ পুমান্ বৈ ধর্ম্মমাচরেৎ।
সর্ব্বং তন্নিষ্ফলং যাতি একহস্তাভিবাদনাৎ ॥ ১০ ॥

ঐ বিষ্ণুস্মৃতি।

বস্ত্রপ্রাবৃতদেহস্তু যো নরঃ প্রণমেত মাং।
শ্বিত্রী স জায়তে মূর্খঃ সপ্ত জন্মানি ভামিনি ! ॥ ১১ ॥

ঐ বরাহ পুরাণ।

অগ্রে পৃষ্ঠে তথা বামে সমীপে গর্ভমন্দিরে।
জপহোমনমস্কারান্ন কুর্য্যাৎ কেশবালয়ে ॥ ১২ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

সকৃদ্ভূমৌ নিপতিতো ন শক্তঃ প্রণমেন্মুহুঃ।
উত্থায়োত্থায় কর্ত্তব্যং দণ্ডবৎ-প্রণিপাতনং॥ ১৩॥

শ্রীহরিভক্তিবিলাস।

যে ব্যক্তি মঙ্গলকারী শ্রীবিষ্ণুকে একবারমাত্রও প্রণাম করে না, তাহাকে শবতুল্য জানিবে, এবং তাহার সহিত কখনও আলাপ করিবে না॥ ১॥

নমস্কার যজ্ঞস্বরূপ ও সমস্ত যজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ; একবারমাত্র নমস্কার দ্বারা মনুষ্য পবিত্র হইয়া শ্রীহরিকে প্রাপ্ত হইতে পারে॥ ২॥

শার্ঙ্গধন্বা হরিকে শঠতা পূর্ব্বক নমস্কার করিলেও শত জন্মের পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয়॥ ৩॥

বিষ্ণুকে দণ্ডবৎ প্রণাম করিবার জন্য ভক্ত ব্যক্তি যখন ভূতলে পতিত হন, তখন তাঁহার দেহস্থ সমুদায় পাপও সেই সঙ্গে পতিত অর্থাৎ ধ্বংস প্রাপ্ত হয়; উত্থানকালে তিনি আর পাপের সহিত উত্থিত হন না অর্থাৎ তাঁহার দেহে আর পাপ থাকে না॥ ৪॥

অজ্ঞানাচ্ছন্ন মানব যদি বহু পাপ করিয়াও সর্ব্বপাপহারী হরিকে নমস্কার করে, তবে আর তাহাকে নরকে যাইতে হয় না॥ ৫॥

বাহুদ্বয়, পদদ্বয়, জানুদ্বয়, বক্ষঃস্থল, মস্তক, দৃষ্টি, মন ও বাক্য এই অষ্ট অবয়ব দ্বারা প্রণাম করাকে অষ্টাঙ্গ প্রণাম বলে॥ ৬॥

(চক্ষু ঈষৎ নিমীলনপূর্ব্বক প্রণাম করার নাম দৃষ্টি দ্বারা প্রণাম; দুই বাহুদ্বারা প্রভুর দুই চরণ ধারণপূর্ব্বক শ্রীচরণে মস্তক অবনত করিয়া প্রণাম করিতেছি এইরূপ ধ্যান দ্বারা প্রণাম করার নাম মন দ্বারা প্রণাম এবং "হে ভগবন্! আপনি প্রসন্ন হউন" ইত্যাদি বাক্যে স্তুতিপূর্ব্বক প্রণাম করার নাম বাক্যদ্বারা প্রণাম।)

জানুদ্বয়, বাহুদ্বয়, মস্তক, বাক্য ও বুদ্ধি এই পাঁচ অঙ্গদ্বারা প্রণাম করাকে পঞ্চাঙ্গ প্রণাম বলে। পূজায় অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ প্রণামই প্রশস্ত॥ ৭॥

শয়ন-ভোজনাদি ব্যতিরিক্ত কালে প্রথমে হরিকে, তৎপরে পিতা, মাতা, বিদ্যাদাতা, জ্যেষ্ঠভ্রাতা, ও পতি এই পাঁচজন গুরুকে ও নিজ গুরু-দেবকে ৪৮ বার বা ২৪ বার বা ১২ বার বা ৬ বার বা ৩ বার প্রণাম করিবে॥ ৮॥

বিষ্ণুকে বামে রাখিয়া, শিব ও দুর্গাকে দক্ষিণে রাখিয়া এবং গুরু-দেবের সম্মুখে প্রণাম করিবে॥ ৯॥

এক হস্তে ভগবান্‌কে প্রণাম করিলে মানবের জন্মাবধি আচরিত ধর্ম্মকার্য্য সকল নিষ্ফল হয়॥ ১০॥

শ্রীভগবান্ বলিলেন, হে ভামিনি! যদি কেহ সর্ব্বাঙ্গ বস্ত্রাবৃত করিয়া আমাকে প্রণাম করে, তবে সে সপ্ত জন্ম পর্য্যন্ত শ্বেতকুষ্ঠরোগবিশিষ্ট ও মূর্খ হয়॥ ১১॥

ভগবদালয়ে শ্রীবিগ্রহের সম্মুখে, পশ্চাদ্ভাগে, বামভাগে ও নিকটে এবং শ্রীমন্দিরের অভ্যন্তরে জপ, হোম ও নমস্কার করিবে না॥ ১২॥

শক্তি থাকিলে একবার মাত্র ভূমিতে পতিত হইয়া বারম্বার প্রণাম করিবে না, প্রত্যেকবার উঠিয়া দণ্ডবৎ প্রণাম করিবে॥ ১৩॥

প্রদক্ষিণ।

প্রদক্ষিণাং যে কুর্ব্বন্তি ভক্তিযুক্তেন চেতসা।
ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিং॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বরাহপুরাণবচন।

চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য! তত্তীর্থগমনাধিকং॥ ২॥

ঐ স্কন্দপুরাণ।

একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দত্ত্যাদ্বিনায়কে।
চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে ত্বৰ্দ্ধপ্রদক্ষিণাং ॥ ৩ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত নৃসিংহপুরাণবচন।

একহস্ত-প্রণামশ্চ একা চৈব প্রদক্ষিণা।
অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ৪ ॥

ঐ বিষ্ণুস্মৃতি।

যাঁহারা ভক্তিযুক্তচিত্তে বিষ্ণুকে প্রদক্ষিণ করেন, তাঁহারা যমালয়ে গমন করেন না, ভক্তগণের গতি প্রাপ্ত হন ॥ ১ ॥

হে বিপ্রবর! শ্রীভগবান্‌কে চারিবার প্রদক্ষিণ করিলে, চরাচর সমুদায় জগৎ প্রদক্ষিণ করা হয় এবং তাহাতে তীর্থপর্য্যটন অপেক্ষাও অধিক ফললাভ হয় ॥ ২ ॥

চণ্ডীকে একবার, সূর্য্যকে সাতবার, গণেশকে তিনবার, বিষ্ণুকে চারিবার এবং শিবকে অর্দ্ধবার প্রদক্ষিণ করিবে ॥ ৩ ॥

বিষ্ণুকে একহস্তে প্রণাম, একবার প্রদক্ষিণ ও অকালে অর্থাৎ ভোজন-শয়নাদি সময়ে দর্শন করিলে পূর্ব্বকৃত পুণ্য নষ্ট হয় ॥ ৪ ॥

নির্ম্মাল্যধারণ।

বিষ্ণুমূর্ত্তিস্থিতং পুণ্যং শিরসা যো বহেন্নরঃ।
অপর্য্যুষিতপাপস্তু যাবদ্‌যুগচতুষ্টয়ং ॥ ১ ॥
কিং করিষ্যতি সুস্নাতো গঙ্গায়াং ভূসুরোত্তম!।
যো বহেৎ শিরসা নিত্যং তুলসীং বিষ্ণুসেবিতাং ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

হরের্মূর্ত্ত্যবশেষন্তু তুলসীকাষ্ঠচন্দনং।
নির্ম্মাল্যন্তু বহেদ্যস্তু কোটীতীর্থফলং লভেৎ ॥ ৩ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত গরুড়পুরাণবচন।

ত্বয়োপযুক্তস্রগ্-গন্ধ-বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি ॥ ৪ ॥

ঐ শ্রীমদ্ভাগবত।

শ্রীবিগ্রহস্থিত তুলসী প্রভৃতি নির্ম্মাল্য যিনি মস্তকে ধারণ করেন, তাঁহার চারিযুগের সঞ্চিত পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ১ ॥

হে বিপ্রবর! যিনি বিষ্ণুর নির্ম্মাল্য তুলসী নিত্য মস্তকে ধারণ করেন, তাঁহার আর গঙ্গাস্নানের প্রয়োজন কি? ॥ ২ ॥

হরির গাত্রসংলগ্ন তুলসীকাষ্ঠ-চন্দনের অবশেষ ও নির্ম্মাল্য যিনি ধারণ করেন, তাঁহার কোটীতীর্থ-পর্য্যটনের ফল লাভ হয় ॥ ৩ ॥

শ্রীভগবান্‌কে উদ্ধব বলিলেন, তুমি যে মাল্য, চন্দন, বস্ত্র, অলঙ্কার উপভোগ করিয়া পরিত্যাগ কর, তাহা ধারণ করিয়া ও তোমার উচ্ছিষ্ট ভোজন করিয়াই আমারা তোমার মায়া জয় করিতে সমর্থ হইব ॥ ৪ ॥

শঙ্খজল-মাহাত্ম্য।

শঙ্খস্থিতন্তু যত্তোয়ং ভ্রামিতং কেশবোপরি।
বন্দতে শিরসা নিত্যং গঙ্গাস্নানেন তস্য কিং ॥ ১ ॥
কৃষ্ণমূর্দ্ধ্নি ভ্রামিতন্তু জলং তচ্ছঙ্খসংস্থিতঃ।
কৃত্বা মূর্দ্ধ্ন্যবাপ্নোতি মুক্তিং বিষ্ণোঃ প্রসাদতঃ ॥ ২ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন

শঙ্খে করিয়া যে জল হরির মস্তকের উপর ভ্রমণ করান হইয়াছে, সেই জল যিনি মস্তকে নিত্য ধারণ করেন, গঙ্গাস্নানে তাঁহার আর প্রয়োজন কি?॥ ১॥

শঙ্খস্থিত যে জল কৃষ্ণের মস্তকের উপর ভ্রমণ করান হইয়াছে, তাহা মস্তকে ধারণ করিলে বিষ্ণুর অনুগ্রহে মুক্তি লাভ হয়॥ ২।

চরণামৃতধারণ।

কৃষ্ণপাদাব্জতীর্থঞ্চ বৈষ্ণবেভ্যঃ প্রদায় হি।
স্বয়ং ভক্ত্যাভিবন্দ্যাদৌ পীত্বা শিরসি ধারয়েৎ॥ ১॥
বিষ্ণুপাদোদকং পীতং কোটীহত্যাঘনাশনং।
তদেবাষ্টগুণং পাপং ভূমৌ বিন্দুনিপাতনাৎ॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাস।

অর্চ্চিতৈঃ কোটিভির্লিঙ্গৈর্নিত্যং যৎ ক্রিয়তে ফলং।
তৎ ফলং শতসাহস্রং পীতে পাদোদকে হরেঃ॥ ৩॥
অশুচির্ব্বা দুরাচারো মহাপাতকসংযুতঃ।
স্পৃষ্ট্বা পাদোদকং বিষ্ণোঃ সদা শুধ্যতি মানবঃ॥ ৪॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

অন্তকালেঽপি যস্যেহ দীয়তে পাদয়োর্জলং।
সোঽপি সদ্গতিমাপ্নোতি সদাচারৈর্বহিষ্কৃতঃ॥ ৫॥
ধারয়স্ব সদা মূর্দ্ধ্নি প্রাশনং কুরু নিত্যশঃ।
জন্মমৃত্যুজরাদুঃখৈর্মোক্ষং যাস্যসি পুত্রক!॥ ৬॥

ঐ ব্রহ্মাণ্ডপুরাণ।

প্রায়শ্চিত্তে সমুৎপন্নে কিং দানৈঃ কিমুপোষণৈঃ।
চান্দ্রায়ণৈশ্চ তীর্থৈশ্চ পীত্বা পাদোদকং শুচি ॥ ৭ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

হরিপাদোদকং যস্তু ক্ষণমাত্রঞ্চ ধারয়েৎ।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু বিষ্ণোঃ প্রিয়তরস্তথা ॥ ৮ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ।

শ্রীকৃষ্ণের চরণামৃত অগ্রে বৈষ্ণবদিগকে প্রদান করিয়া পরে প্রণাম পূর্ব্বক প্রথমতঃ পান ও তৎপরে মস্তকে ধারণ করিবে ॥ ১ ॥

চরণামৃত পান করিলে কোটী ব্রহ্মহত্যার পাপ বিনষ্ট হয়, কিন্তু ঐ চরণামৃত যদি বিন্দুমাত্রও ভূমিতে পতিত হয়, তবে তাহার অষ্টগুণ পাপ সঞ্চিত হইবে ॥ ২ ॥

প্রত্যহ কোটী শিবলিঙ্গ পূজা করিলে যে ফল হয়, হঁরির চরণামৃত পান করিলে তদপেক্ষা শতসহস্রগুণ ফল জন্মে ॥ ৩ ॥

অশুচিই হউক, দুরাচারই হউক বা মহাপাতকীই হউক, বিষ্ণুপাদোদক স্পর্শ করিবামাত্র মানব পবিত্র হইয়া থাকে ॥ ৪ ॥

চির-আচারবিহীন ব্যক্তিকে অন্তকালেও যদি চরণামৃত পান করান যায়, তাহা হইলে সে পরম গতি লাভ করিয়া থাকে ॥ ৫ ॥

হে পুত্র! নিত্য চরণামৃত পান ও মস্তকে ধারণ কর, তাহা হইলেই জন্ম, মৃত্যু, জরা ও দুঃখ হইতে বিমুক্ত হইবে ॥ ৬ ॥

প্রায়শ্চিত্ত করিবার আবশ্যক হইলে, যদি চরণামৃত পান করা যায়, তবে দান, উপবাস, চান্দ্রায়ণ বা তীর্থভ্রমণের প্রয়োজন কি? ॥ ৭ ॥

যিনি ক্ষণকালের জন্যও চরণামৃত ধারণ করেন, তাঁহার সর্ব্বতীর্থে স্নান করা হয় এবং তিনি বিষ্ণুর অতিশয় প্রিয় হইয়া থাকেন ॥ ৮ ॥

পূজা ব্যতিরিক্ত ভোজন-দোষ।

অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ।
শ্বানবিষ্ঠাসমং চান্নং নীরঞ্চ সুরয়া সমং॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত কূর্ম্মপুরাণবচন।

এককালং দ্বিকালম্বা ত্রিকালং পূজয়েদ্ধরিং।
অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ॥ ২॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

যে সকল ধর্ম্মবর্জ্জিত ব্যক্তি গোবিন্দের পূজা না করিয়া ভোজন করে, তাহাদের সম্বন্ধে অন্ন কুক্কুর-বিষ্ঠার সমান ও জল সুরার সমান হয়॥ ১॥

মানব এককাল, দ্বিকাল বা ত্রিকাল হরির পূজা করিবে; যদি পূজা না করিয়া ভোজন করে, তাহা হইলে সে ব্যক্তি সকল প্রকার নরকে গমন করিবে॥ ২॥

অনিবেদিত-দ্রব্য-ভোজননিষেধ।

পত্রং, পুষ্পং ফলং তোয়মন্নপানাদ্যমৌষধং।
অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতং॥
অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ।
তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদা॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ব্রহ্মাণ্ডপুরাণবচন।

অবৈষ্ণবানামন্নঞ্চ পতিতানাং তথৈব চ।
অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংসসদৃশং ভবেৎ॥ ২॥

ঐ পদ্মপুরাণ।

অনিবেদ্য তু যো ভুঙ্‌ক্তে হরয়ে পরমাত্মনে।
মজ্জন্তি পিতরস্তস্য নরকে শাশ্বতীঃ সমাঃ ॥ ৩ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত বিষ্ণুস্মৃতিবচন।

পত্র, পুষ্প, ফল, জল, অন্নপানাদি, ঔষধ এবং যাহা কিছু নিজের আহারের জন্য কল্পিত হইয়াছে, তাহা নিবেদন না করিয়া ভোজন করিবে না। অনিবেদিত বস্তু ভোজন করিলে প্রায়শ্চিত্ত করিতে হয়; অতএব সর্ব্বদা সমুদায় দ্রব্যই বিষ্ণুকে নিবেদন করিয়া ভোজন করিবে॥ ১ ॥

অবৈষ্ণবদিগের অন্ন, পতিত ব্যক্তিগণের অন্ন এবং যে অন্ন বিষ্ণুকে নিবেদন করা হয় নাই, সেই অন্ন কুক্কুরমাংস সদৃশ ॥ ২ ॥

যে ব্যক্তি পরমাত্মা শ্রীহরিকে নিবেদন না করিয়া ভোজন করে, তাহার পিতৃগণ অনন্তকাল নরক ভোগ করে॥ ৩ ॥

নৈবেদ্য-মাহাত্ম্য।

কোটীযজ্ঞৈস্তু যৎ পুণ্যং মাসোপোষণ-কোটিভিঃ।
তৎ ফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্য-ভক্ষণাৎ॥ ১ ॥
পাবনং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং।
অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

মুকুন্দাশনশেষন্তু যো হি ভুঙ্‌ক্তে দিনে দিনে।
সিক্থে সিক্থে ভবেৎ পুণ্যং চান্দ্রায়ণশতাধিকং॥ ৩ ॥

ঐ ব্রহ্মাণ্ডপুরাণ।

নৈবেদ্যং জগদীশস্য অন্নপানাদিকঞ্চ যৎ।
ভক্ষ্যাভক্ষ্যবিচারশ্চ নাস্তি তদ্ভক্ষণে দ্বিজাঃ! ॥ ৪ ॥

ঐ বৃহদ্বিষ্ণুপুরাণ।

কোটী যজ্ঞ ও কোটী মাসোপবাস-ব্রত করিলে যে পুণ্য হয়, বিষ্ণুনৈবেদ্য ভক্ষণ মাত্র সেই ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ১ ॥

দেবগণ, সিদ্ধগণ ও মুনিগণ বলিয়াছেন বিষ্ণুর নৈবেদ্যই পবিত্র, অন্য দেবতার নৈবেদ্য ভক্ষণ করিলে চান্দ্রায়ণ করিতে হয় ॥ ২ ॥

যিনি প্রত্যহ শ্রীকৃষ্ণের প্রসাদ ভোজন করেন, তাঁহার প্রতিগ্রাসে শত চান্দ্রায়ণ অপেক্ষাও অধিক পুণ্য হয় ॥ ৩ ॥

অন্নপানাদি যাহা কিছু বিষ্ণুর নৈবেদ্য, তাহার ভক্ষণ-বিষয়ে খাদ্যা-খাদ্য বিচার করিবে না ॥ ৪ ॥

শ্রীমূর্ত্তি-দর্শন

তাবদ্‌ভ্রমন্তি সংসারে মনুষ্যা মন্দবুদ্ধয়ঃ।
যাবদ্রূপং ন পশ্যন্তি কেশবস্য মহাত্মনঃ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুধর্ম্মোত্তরবচন।

যত্র কুত্রাপি প্রতিমাং বেদধর্ম্মসমন্বিতাং।
ন পশ্যন্তি জনা গত্বা তে দণ্ড্যা যমকিঙ্করৈঃ ॥ ২ ॥

ঐ পদ্মপুরাণ।

পূজিতং পূজ্যমানঞ্চ যে পশ্যন্তি জনার্দ্দনং।
কপিলাশতদানস্য নিত্যং ভবতি তৎ ফলং ॥ ৩ ॥

ঐ পদ্মপুরাণ।

পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং।
শ্রদ্ধয়া মোদয়েদ্‌যস্তু সোঽপি যোগফলং লভেৎ ॥ ৪ ॥

ঐ অগ্নিপুরাণ।

মন্দবুদ্ধি মানবগণ যে পর্য্যন্ত কেশবের শ্রীমূর্ত্তি দর্শন না করে, সে পর্য্যন্ত তাহাদিগকে সংসারে ভ্রমণ করিয়া বেড়াইতে হয় ॥ ১ ॥

দুর্গম বা সুগম যে কোন স্থানেই হউক, বেদবিহিত ধর্ম্ম দ্বারা প্রতিষ্ঠা-পূর্ব্বক যথাবিধি পূজ্যমান্ শ্রীবিগ্রহকে যাহারা গিয়া দর্শন না করে, যম-কিঙ্করগণ কর্ত্তৃক তাহারা দণ্ডিত হয় ॥ ২ ॥

যাঁহারা পূজিত বা পূজ্যমান্ জনার্দ্দনকে দর্শন করেন, তাঁহারা এক শত কামধেনুদানের ফল নিত্য লাভ করিয়া থাকেন ॥ ৩ ॥

যিনি ভক্তিভাবে পূজিত বা পূজ্যমান্ হরিকে দর্শন করেন তিনি, এবং যিনি শ্রদ্ধাপূর্ব্বক তাহাতে অনুমোদন করেন, তিনিও যোগফল প্রাপ্ত হন ॥ ৪ ॥

বৈষ্ণবশ্রাদ্ধবিধি।

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ।
তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভাগবতো নরঃ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরং।
পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বা তু বৈষ্ণবং।
বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্র শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ ॥
সিক্থমাত্রন্তু যদ্ভুঙ্ক্তে জলং গণ্ডূষমাত্রকং।
তদন্নং মেরুণাতুল্যং তজ্জলং সাগরোপমং ॥ ৩ ॥

ঐ স্কন্দপুরাণ।

নিবেশয়েন্নরো মোহাদন্যপঙ্ক্তৌ হরেঃ প্রিয়ং।
স পতেন্নিরয়ে ঘোরে পঙ্ক্তিভেদী নরাধমঃ ॥ ৪ ॥

ঐ বিষ্ণুরহস্য।

একাদশ্যাং যদা রাম শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
তদ্দিনে তু পরিত্যজ্য দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥ ৫ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত পদ্মপুরাণ বচন।

একাদশী যদা নিত্যা শ্রাদ্ধং নৈমিত্তিকং ভবেৎ।
উপবাসং তদা কুর্য্যাদ্দ্বাদশ্যাং শ্রাদ্ধমাচরেৎ ॥ ৬ ॥

ঐ স্কন্দপুরাণ।

যে কুর্ব্বন্তি মহীপাল! শ্রাদ্ধং ত্বেকাদশীদিনে।
ত্রয়স্তে নরকং যান্তি দাতা ভোক্তা পরেতকঃ ॥ ৭ ॥

ঐ ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

ভগবদ্ভক্তগণ শ্রাদ্ধদিবসে প্রথমতঃ শ্রীভগবান্‌কে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধানুষ্ঠান করিবেন ॥ ১ ॥

শ্রীহরির নিবেদিত অন্ন দ্বারা অন্যান্য দেবতাগণের পূজা করিতে হয়; আর পিতৃগণকেও হরির নিবেদিত অন্ন প্রদান করিবে, উহাতে অক্ষয় ফল লাভ হইবে ॥ ২ ॥

শ্রাদ্ধে বৈষ্ণব ভোজন করাইতে হয় তদ্বিষয়ে লিখিত হইতেছে, যথা :—

"বিদ্যাহীন বৈষ্ণবকে মূর্খজ্ঞানে যে ব্যক্তি বেদজ্ঞগণকে শ্রাদ্ধ প্রদান করে, তাহার সেই শ্রাদ্ধ রাক্ষস কর্ত্তৃক গৃহীত হয়। শ্রাদ্ধে বৈষ্ণবব্যক্তি গ্রাস পরিমিত অন্ন ভোজন করিলে এবং গণ্ডূষমাত্র জলপান করিলে, সেই অন্ন সুমেরু সদৃশ ও সেই জল সমুদ্রতুল্য হইয়া থাকে ॥ ৩ ॥

ভ্রমবশতঃ বৈষ্ণবজনকে অবৈষ্ণবের পঙ্‌ক্তিতে প্রবেশ করাইলে, সেই পঙ্‌ক্তিভেদী অধমকে ঘোর নরকে পতিত হইতে হয় ॥ ৪ ।"

(বৈষ্ণবগণের শ্রাদ্ধে ভোজন নিষিদ্ধ, অথচ শ্রাদ্ধে বৈষ্ণব ভোজন অবশ্য কর্ত্তব্য; অতএব ভগবন্নিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধ করিলে, তাহা ভোজন করিতে বৈষ্ণবগণের আর কোন বাধা থাকিবে না।)

হে রাম! উপবাসদিনে নৈমিত্তিক শ্রাদ্ধ উপস্থিত হইলে, সেই দিন পরিত্যাগ করিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে॥ ৫॥

নিত্যস্বরূপিণী একাদশীতে নৈমিত্তিক শ্রাদ্ধ উপস্থিত হইলে, একাদশীতে উপবাসী থাকিয়া দ্বাদশীতে শ্রাদ্ধ করিবে॥ ৬॥

(নৈমিত্তিক শ্রাদ্ধ শব্দে এখানে আদ্য শ্রাদ্ধও বুঝিতে হইবে।)

হে রাজন্! একাদশীদিনে শ্রাদ্ধ করিলে দাতা, ভোক্তা ও প্রেত তিন জনকেই নরকে যাইতে হয়॥ ৭॥

শ্রীভগবদর্থে দ্রব্যদানমাহাত্ম্য।

বিষ্ণুমুদ্দিশ্য যৎ কিঞ্চিদ্বিষ্ণুভক্তায় দীয়তে।
দানং তদ্বিমলং প্রোক্তং কেবলং মোক্ষসাধনং॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

যথা কথঞ্চিদ্যদ্দত্তং দেবদেবে জনার্দ্দনে।
অবিনাশি তু তদ্বিদ্ধি পাত্রমেকো জনার্দ্দনঃ॥ ২॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

বিষ্ণুর উদ্দেশে বৈষ্ণবকে যে কিছু দ্রব্য দেওয়া যায়, সেই দানই পবিত্র বলিয়া কথিত এবং তাহাই মুক্তির উপায়॥ ১॥

যে কোন প্রকারে দেবদেব জনার্দ্দনকে যাহা কিছু দেওয়া যায়, তাহার বিনাশ নাই জানিবে, জনার্দ্দনই দানের একমাত্র পাত্র॥ ২॥

জপ।

গণিত্রিব্বাং গৃহীত্বা যো মন্ত্রং চিন্তয়তে বুধঃ।
জন্মান্তরসহস্রাণি চিন্তিতোঽহঞ্চ তেন বৈ।
মাঙ্গল্যা কুশলা সিদ্ধা সর্ব্বসংসারমোক্ষণী॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বরাহপুরাণবচন।

উত্তমা মধ্যমা চৈব কন্যসী তু মণিত্রিকা।
অষ্টোত্তরশতৈঃ পূর্ব্বা পঞ্চাশত্তিস্তু মধ্যমা।
কন্যসী পঞ্চবিংশত্যা পরিমাণং বিধীয়তে॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বরাহপুরাণবচন।

মুখে মুখং প্রকর্ত্তব্যং মুখং মূলে বিবর্জ্জয়েৎ।
ধাত্রীফলপ্রমাণেন শ্রেষ্ঠমেতদুদাহৃতং।
বদরাণ্ডপ্রমাণেন গন্থতে মধ্যমাধমে।
নব-ত্রিতন্তুনা চৈতদ্ গ্রন্থনীয়মসংস্পৃশৎ।
ঊর্দ্ধবক্ত্রঞ্চ মের্ব্বাখ্যং কর্ত্তব্যং তন্ন লঙ্ঘয়েৎ॥ ৩ ॥

ঐ শিবাগম।

তুলসীকাষ্ঠঘটিতৈর্মণিভির্জপমালিকা।
সর্ব্বকর্ম্মণি সর্ব্বেষামীপ্সিতার্থফলপ্রদা॥ ৪ ॥

ঐ শাস্ত্রান্তর।

তুলসীসম্ভবা যা তু সা মোক্ষং তনুতেঽচিরাৎ॥ ৫ ॥

ঐ গৌতমীয়তন্ত্র।

তর্জ্জন্যা ন স্পৃশেৎ সূত্রং কম্পয়েন্ন বিধূনয়েৎ॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

ন স্পৃশেৎ বামহস্তেন করভ্রষ্টাং না কারয়েৎ॥ ৭ ॥
অশুচির্ন স্পৃশেদেনাং করভ্রষ্টাং ন কারয়েৎ।
অঙ্গুষ্ঠস্থামক্ষমালাং চালয়েন্মধ্যমাগ্রতঃ।
তর্জ্জন্যা ন স্পৃশেৎ সোঽয়ং মুক্তিদো গণনাক্রমাৎ॥ ৮ ॥
ভূতরাক্ষসবেতালাঃ সিদ্ধগন্ধর্ব্বচারণাঃ।
হরন্তি প্রকটং যস্মাত্তস্মাদ্‌গুপ্তং জপেৎ সুধীঃ॥ ৯ ॥
জপান্তকালে মালান্তু পূজয়িত্বা সুগোপয়েৎ॥ ১০ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত শাস্ত্রবাক্য।

তত্রাঙ্গুলিজপং কুর্ব্বন্ সাঙ্গুষ্ঠাঙ্গুলিভির্জপেৎ।
অঙ্গুষ্ঠেন বিনা কর্ম্ম কৃতং তদফলং ভবেৎ।
কনিষ্ঠানামিকা মধ্যা চতুর্থী তর্জ্জনী মতা।
তিস্রোঽঙ্গুল্যস্ত্রিপর্ব্বাঃ স্যুর্মধ্যমা চৈকপর্ব্বিকা।
পর্ব্বদ্বয়ং মধ্যমায়াঃ জপকালে বিবর্জ্জয়েৎ।
এবং মেরু বিজানীয়াদ্ব্রহ্মণা দূষিতং স্বয়ং।
আরভ্যানামিকামধ্যাৎ প্রদক্ষিণমনুক্রমাৎ।
তর্জ্জনীমূলপর্য্যন্তং ক্রমাদ্দশসু পর্ব্বসু।
অঙ্গুলির্ন বিযুঞ্জীত কিঞ্চিৎ সঙ্কোচয়েত্তলং।
অঙ্গুলীনাং বিয়োগে তু ছিদ্রেষু স্রবতে জপঃ॥ ১১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত শাস্ত্রবাক্য।

বদন্ন গচ্ছন্ন স্বপন্নান্যৎ কিমপি সংস্মরন্।
ন ক্ষুজ্জৃম্ভণহিক্কাদি-বিকলীকৃতমানসঃ।
মন্ত্রসিদ্ধিমবাপ্নোতি তস্মাদ্যত্নপরো ভবেৎ॥ ১২॥

নারদপঞ্চরাত্র।

অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে।
অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ ১৩॥

ঐ ব্যাসস্মৃতি।

উষ্ণীষী কঞ্চুকী নগ্নো মুক্তকেশো গলাবৃতঃ।
অপাবৃতকরো ভূত্বা শিরসি প্রাবৃতোঽপি চ।
অনাসনঃ শয়ানো বা গচ্ছন্নুত্থিত এব বা।
প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব বা॥ ১৪

মন্ত্রার্ণব।

ধ্যায়েত মনসা মন্ত্রং জিহ্বোষ্ঠৌ ন তু চালয়েৎ।
ন কম্পয়েচ্ছিরো গ্রীবাং দন্তান্নৈব প্রকাশয়েৎ॥ ১৫॥

ঐ যাজ্ঞবল্ক্যসংহিতা।

শনৈঃ শনৈঃ সুবিস্পষ্টং ন দ্রুতং ন বিলম্বিতং।
ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে॥ ১৬॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপঞ্চরাত্রবচন।

জপস্য পুরতঃ কৃত্বা প্রাণায়ামত্রয়ং বুধঃ।
মন্ত্রার্থস্মৃতিপূর্ব্বঞ্চ জপেদষ্টোত্তরং শতং॥
শক্তোঽষ্টাধিকসাহস্রং জপেত্তং চার্পয়ন্ জপং।
প্রাণায়ামাংশ্চ কৃত্বা ত্রীন্ দদ্যাৎ কৃষ্ণকরে জলং॥ ১৭॥

শ্রীহরিভক্তিবিলাস।

শ্রীভগবান্ বলেন যিনি মালা গ্রহণ করিয়া মন্ত্র স্মরণ করেন, সেই সুধী ব্যক্তি কর্ত্তৃক আমি সহস্র জন্ম চিন্তিত হইয়া থাকি। ঐ মালা তদীয় কল্যাণকরী, কুশলা, সিদ্ধিদাত্রী ও সংসারনাশকারিণী হইয়া থাকে॥ ১॥

মালা ত্রিবিধ, যথাঃ—উত্তম, মধ্যম ও কনিষ্ঠ। অষ্টোত্তরশত মালা উত্তম, পঞ্চাশৎ মধ্যম ও পঞ্চবিংশতি কনিষ্ঠ॥ ২॥

মালাগ্রন্থনের নিয়ম যথাঃ—মালার মুখের দিকে মুখ করিতে হয়, মূলের দিকে মুখ করিতে নাই। ধাত্রীফল (আমলকী) পরিমিতি মালা উত্তম, বদর (কুল) প্রমাণ মালা মধ্যম এবং বদরবীজ প্রমাণ মালা অধম বলিয়া কীর্ত্তিত। নূতন সূত্র অগ্রে ত্রিগুণ করিয়া পরে পুনরায় ত্রিগুণ করতঃ নয়গুণ সূত্রে মালা গ্রন্থন করিতে হয়; কিন্তু মালা পরস্পর সংস্পৃষ্ট না হয় এরূপভাবে প্রতি মালাদ্বয়ের মধ্যে গ্রন্থি দিতে হইবে। ঊর্দ্ধমুখে মেরু স্থাপন করিতে হইবে এবং জপকালে মেরুলঙ্ঘন করিবে না॥ ৩॥

তুলসীকাষ্ঠনির্ম্মিতা মালা সমস্ত কর্ম্মেই সকলের অভিলাষ পূর্ণ করেন॥ ৪॥

তুলসীমালা আশু মোক্ষ প্রদান করেন॥ ৫॥

তর্জ্জনী অঙ্গুলি দ্বারা মালা স্পর্শ করিতে নাই, এবং মালা কম্পিত বা নিক্ষিপ্ত করা অনুচিত॥ ৬॥

বাঁমহস্ত দ্বারা মালা স্পর্শ করিবে না এবং মালা হস্তভ্রষ্ট করিবে না ॥৭॥

অশুচি অবস্থায় মালা স্পর্শ করিবে না, মালা হস্তচ্যুতও করিতে নাই। অঙ্গুষ্ঠের উপর মালা স্থাপন করিয়া মধ্যমার অগ্রভাগ দ্বারা চালনা করিতে হয়, তর্জ্জনী দ্বারা মালা স্পর্শ করিতে নাই। এইরূপে জপ করিলেই মুক্তি-লাভ করা যায় ॥ ৮ ॥

মালা প্রকাশ্যভাবে জপ করিলে সেই জপ ভূত, রাক্ষস, বেতাল, সিদ্ধ ও গন্ধর্ব্ব কর্ত্তৃক অপহৃত হয়; সুতরাং গুপ্তভাবে মালা জপ করাই সুধী ব্যক্তির কর্ত্তব্য ॥ ৯ ॥

জপ ব্যতীত অন্য সময়ে মালার অর্চ্চনা করিয়া গুপ্তস্থানে রাখিয়া দিবে ॥ ১০ ॥

অঙ্গুলিজপে অঙ্গুষ্ঠ দ্বারা অঙ্গুলিতে জপ করিতে হইবে; অঙ্গুষ্ঠ ব্যতীত জপ করিলে তাহা সফল হয় না। কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও চতুর্থী তর্জ্জনী; ইহার মধ্যে তিনটী অঙ্গুলির তিন তিন পর্ব্ব (অঙ্গুলির রেখার মধ্যবর্ত্তী স্থানের নাম পর্ব্ব) ও মধ্যমার এক পর্ব্ব এই দশ পর্ব্বে জপ করিতে হইবে। জপে মধ্যমার অন্য দুই পর্ব্ব ত্যাগ করিবে, ঐ পর্ব্বদ্বয়কে মেরু বলিয়া জানিবে; ব্রহ্মা স্বয়ং উহা দূষিত করিয়াছেন। অনামিকার মধ্য পর্ব্ব হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্তক্রমে তর্জ্জনীর মূল পর্য্যন্ত দশ পর্ব্বে জপ করিবে। অঙ্গুলি পরস্পর পৃথক করিতে নাই, করতল ঈষৎ কুঞ্চিত করিতে হয়; অঙ্গুলি সমূহ পরস্পর বিযুক্ত হইলে, তন্মধ্যস্থ ছিদ্র দ্বারা জপ স্রাবিত হইয়া যায় ॥ ১১ ॥

কথা কহিতে কহিতে, গমন করিতে করিতে, শয়নাবস্থায়, অন্য বিষয় চিন্তা করিতে করিতে, ক্ষুৎ (হাঁচি), জৃম্ভণ (হাই) ও হিক্কাদি দ্বারা চঞ্চল-চিত্ত হইয়া জপ করিলে মন্ত্র সিদ্ধ হয় না; অতএব জপকালে এই সমস্ত ত্যাগ করিতে যত্নবান্ হইবে ॥ ১২ ॥

অঙ্গুলির অগ্রভাগে জপ করিলে, মেরু লঙ্ঘন করিয়া জপ করিলে ও সংখ্যা না রাখিয়া জপ করিলে, ঐ জপ বিফল হইয়া যায় ॥ ১৩ ॥

উষ্ণীষ বা কঞ্চুক ধারণ করিয়া, উলঙ্গ হইয়া, কেশ মুক্ত করিয়া গল-দেশে বস্ত্রাদি আবরণ করিয়া, কর আচ্ছাদন না করিয়া, মস্তক আবৃত করিয়া, আসনে উপবেশন না করিয়া, শয়ন করিয়া, গমন করিতে করিতে, দণ্ডায়মান্ হইয়া, পদ প্রসারণ করিয়া বা উৎকট আসনে বসিয়া জপ করিবে না ॥ ১৪ ॥

জপকালে মনে মনে মন্ত্র চিন্তা করিবে, জিহ্বা বা ওষ্ঠ চালনা করিতে নাই, মস্তক ও গ্রীবা (ঘাড়) কম্পিত করিবে না এবং দন্তবিকাশ করাও নিষিদ্ধ ॥ ১৫ ॥

শনৈঃ শনৈঃ সুস্পষ্টরূপে প্রত্যহ জপ করিবে, কিন্তু দ্রুত বা বিলম্বিত-ভাবে কিম্বা ন্যূন (কম) বা অধিক (বেশী) করিয়া জপ করিবে না ॥ ১৬ ॥

পণ্ডিত ব্যক্তি জপ করিবার অগ্রে তিনবার প্রাণায়াম করিয়া মন্ত্রার্থ স্মরণ পূর্ব্বক অষ্টোত্তরশতবার জপ করিবেন। আর সক্ষম হইলে অষ্টোত্তর-সহস্রবার জপ করিবেন। জপান্তে বারত্রয় প্রাণায়াম পূর্ব্বক "গুহ্যাতিগুহ্য-গোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাত্বয়ি স্থিতে" এই মন্ত্র স্মরণ করিয়া শ্রীকৃষ্ণের করে জল অর্পণ করিয়া জপ সমর্পণ করিতে হইবে ॥ ১৭ ॥

শ্রীএকাদশীব্রত।

রটন্তীহ পুরাণানি ভূয়ো ভূয়ো বরাননে ! ।
ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদ ও পদ্মপুরাণবচন।

একাদশ্যাং ন ভুঞ্জীত কদাচিদপি মানবঃ ॥ ২ ॥

ঐ বিষ্ণুস্মৃতি।

পরমাপদমাপন্নো হর্ষে বা সমুপস্থিতে।
সূতকে মৃতকে চৈব ন ত্যাজ্যং দ্বাদশীব্রতং॥ ৩॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুরহস্যবচন।

একাদশ্যাং ন ভুঞ্জীত নারী দৃষ্টে রজস্যপি॥ ৪॥

ঐ শৃঙ্গিঋষি।

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাসমানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে।
তানি পাপান্যবাপ্নোতি ভুঞ্জানো হরিবাসরে॥ ৫॥

ঐ নারদপুরাণ।

পুরডাশোঽপি বামোরু সংপ্রাপ্তে হরিবাসরে।
অভক্ষ্যঃ সর্ব্বদা প্রোক্তঃ কিং পুনশ্চান্নসংক্রিয়া॥ ৬॥

ঐ পদ্মপুরাণ।

সোঽশ্নাতি পার্থিবং পাপং যোঽশ্নাতি মধুভিদ্দিনে॥ ৭॥

ঐ স্কন্দপুরাণ।

ব্রহ্মঘ্নস্য সুরাপস্য স্তেয়িনো গুরুতল্পিনঃ।
নিষ্কৃতির্ধর্ম্মশাস্ত্রোক্তা নৈকাদশ্যন্নভোজিনঃ॥ ৮॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

বৈষ্ণবো যদি ভুঞ্জীত একাদশ্যাং প্রমাদতঃ।
বিষ্ণ্বর্চ্চনং বৃথা তস্য নরকং ঘোরমাপ্নুয়াৎ॥ ৯॥

ঐ গৌতমীয়তন্ত্র।

ভুঙ্‌ক্ষ্ব ভুঙ্‌ক্ষ্বেতি যো ব্রূয়াৎ সংপ্রাপ্তে হরিবাসরে।
গোব্রাহ্মণস্ত্রিয়শ্চাপি জহীহি বদতি ক্বচিৎ।
মদ্যং পিবেতি যো ব্রূয়াৎ তেষামেব অধোগতিঃ॥ ১০॥

ঐ পদ্মপুরাণ।

একাদশ্যাং মুনিশ্রেষ্ঠ! শ্রাদ্ধে ভুঙ্ক্তে নরো যদি।
প্রতিগ্রাসং স ভুঙ্ক্তে কিল্বিষং মূত্রবিণ্মরং॥ ১১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত সনৎকুমারসংহিতাবচন।

বিধবা যো ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেদ্ ভ্রূণহত্যা দিনে দিনে॥ ১২॥

সমাদায় বিধানেন দ্বাদশীব্রতমুত্তমং।
তস্য ভঙ্গং নরঃ কৃত্বা রৌরবং নরকং ব্রজেৎ॥ ১৩॥

ঐ বিষ্ণুস্মৃতি।

সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তিসংযুতঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি॥ ১৪॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

মাতেব সর্ব্ববালানামৌষধং রোগিণামিব।
রক্ষার্থং সর্ব্বলোকানাং নির্ম্মিতৈকাদশীতিথিঃ॥ ১৫॥

ঐ তত্ত্বসাগর।

একাদশীসমুত্থেন বহ্নিনা পাতকেন্ধনং।
ভস্মতাং যাতি রাজেন্দ্র! অপি জন্মশতোদ্ভবং॥ ১৬॥

অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ।
একাদশ্যুপবাসস্য কলাং নার্হন্তি ষোড়শীং॥ ১৭॥

অন্নাভাবে যদা বিপ্র! একাদশ্যামুপোষিতঃ।
উপবাসফলং তস্য সমগ্রং সমবাপ্যতে॥ ১৮॥

ঐ নারদপুরাণ।

সর্ব্বপ্রায়শ্চিত্তমিদং সংসারোত্তারকারকং।
একাদশীব্রতং বিপ্র! কুর্ব্বন্ মুক্তিমবাপ্নুয়াৎ॥ ১৯॥

ঐ ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

উপোষ্যৈকাদশীমেকাং প্রসঙ্গেনাপি মানবঃ।
ন যাতি যাতনাং যামীমিতি নো যমতঃ শ্রুতং ॥ ২০ ॥
একাদশীসমং কিঞ্চিৎ পুণ্যং লোকে ন বিদ্যতে।
ব্যাজেনাপি কৃতা যৈস্তে বশং যান্তি ন ভাস্করেঃ ॥ ২১ ॥
নাহং শাস্তা বিশেষেণ তেভ্যো বিপ্র! বিভেম্যহং।
যেষাং পুত্রশ্চ পৌত্রশ্চ একাদশ্যামুপোষিতঃ।
স মহাত্মা স্বপুরুষান্ শতমুদ্ধরতে বলাৎ ॥ ২২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

ন দানং ন তপঃ স্নানং ন চান্যৎ সুকৃতং কচিৎ।
মুক্তয়ে হ্যভবৎ সুভ্রু! মুক্তৈ্যকং হরিবাসরং ॥ ২৩ ॥
নাশ্বমেধসহস্রৈশ্চ তীর্থকোট্যবগাহনৈঃ।
যৎ ফলং প্রাপ্যতে বৎস! দ্বাদশীবাসরে কৃতে ॥ ২৪ ॥

ঐ স্কন্দপুরাণ।

কৃত্বা পাপসহস্রাণি ব্রহ্মহত্যাশতানি বৈ।
একামেকাদশীং ভক্ত্যা সমুপোষ্য শুচির্ভবেৎ ॥ ২৫ ॥

ঐ সনৎকুমারসংহিতা।

মনসাপি চিকীর্ষন্তি দ্বাদশীং যে নরোত্তমাঃ।
তেঽপি ঘোরং ন পশ্যন্তি সংসারদুঃখসাগরং ॥ ২৬ ॥

ঐ বিষ্ণুরহস্য।

ওঁকারঃ সর্ব্ববেদানাং যথা চান্যঃ প্রপূজিতঃ।
তথা সর্ব্বব্রতানাঞ্চ দ্বাদশীব্রতমুত্তমং ॥ ২৭ ॥

ঐ বিষ্ণুপুরাণ।

উপবাসফলং প্রেপ্সুর্জহ্যাদ্ভক্তচতুষ্টয়ং।
পূর্ব্বাপরদিনে রাত্রৌ নাহর্নক্তঞ্চ মধ্যমে ॥ ২৮ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ।

বর্ণনামাশ্রমাণাঞ্চ স্ত্রীণাঞ্চ বরবর্ণিনি !।
একাদশ্যাপবাসস্তু কর্ত্তব্যো নাত্র সংশয়ঃ ॥ ২৯ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বায়ুপুরাণবচন।

অষ্টবর্ষাধিকো মর্ত্ত্যো হ্যপূর্ণাশীতিবৎসরঃ।
একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি ॥ ৩০ ॥

ঐ কাত্যায়নস্মৃতি।

অসামর্থ্যে শরীরস্য ব্রতে বা সমুপস্থিতে।
কারয়েদ্ধর্ম্মপত্নীঞ্চ পুত্রং বা বিনয়ান্বিতং।
ভগিনীং ভ্রাতরং বাপি ব্রতমস্য ন লুপ্যতে ॥ ৩১ ॥

ঐ বরাহপুরাণ।

কর্ত্তা দশগুণং পুণ্যং প্রাপ্নোত্যত্র ন সংশয়ঃ।
যমুদ্দিশ্য কৃতং সোঽপি সম্পূর্ণং ফলমাপ্নুয়াৎ ॥ ৩২ ॥

ঐ কাত্যায়নস্মৃতি।

একভক্তেন নক্তেন বালবৃদ্ধাতুরঃ ক্ষিপেৎ।
পয়োমূলফলৈর্বাপি ন নির্দ্বাদশিকো ভবেৎ ॥ ৩৩ ॥

ঐ মার্কণ্ডেয়পুরাণ।

উপবাসে ত্বশক্তানামশীতেরূর্দ্ধজীবিনাং।
একভক্তাদিকং কার্য্যমাহ বৌধায়নো মুনিঃ ॥ ৩৪ ॥
ব্যাধিভিঃ পরিভূতানাং পিত্তাধিকশরীরিণাং।
ত্রিংশদ্বর্ষাধিকানাঞ্চ নক্তাদিপরিকল্পনং ॥ ৩৫ ॥

ঐ বৌধায়নস্মৃতি।

একাদশ্যাং প্রভুং বিষ্ণুং সমভ্যর্চ্চ্য কদাচন।
উপোষিতেন নক্তেন তথৈবাযাচিতেন চ।
একভক্তেন বা তাত ! ন নির্দ্বাদশিকো ভবেৎ।
তদেকনিয়মী নিত্যং ন সীদতি কদাচন ॥ ৩৬ ॥

ঐ ভবিষ্যপুরাণ।

দিনার্দ্ধসময়েঽতীতে ভুজ্যতে নিয়মেন যৎ।
একভক্তমিতি প্রোক্তং কর্ত্তব্যং তৎ প্রযত্নতঃ॥ ৩৭॥
নক্তং হবিষ্যান্নমনোদনম্বা ফলন্তিলাঃ ক্ষীরমথাম্বু চাজ্যং।
যৎ পঞ্চগব্যং যদি বাপি বায়ুঃ প্রশস্তমত্রোত্তরমুত্তরঞ্চ॥ ৩৮॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বায়ুপুরাণবচন।

অষ্টৈতান্যব্রতঘ্নানি আপো মূলং ফলং পয়ঃ।
হবির্ব্রাহ্মণকাম্যা চ গুরোর্বচনমৌষধং॥ ৩৯॥

ঐ মহাভারত।

মচ্ছয়নে মদুত্থানে মৎপার্শ্বপরিবর্ত্তনে।
ফলমূলজলাহারী হৃদি শল্যং সমার্পয়েৎ॥ ৪০॥

শ্রীহরিভক্তিবিলাস।

একাদশী তু সম্পূর্ণা বিদ্ধেতি দ্বিবিধা স্মৃতা।
বিদ্ধা চ বিবিধা তত্র ত্যাজ্যা বিদ্ধা তু পূর্ব্বজা॥ ৪১॥

শ্রীহরিভক্তিবিলাস।

একাদশী তথা ষষ্ঠী পৌর্ণমাসী চতুর্দ্দশী।
তৃতীয়া চ চতুর্থী চ অমাবস্যাষ্টমী তথা।
উপোষ্যাঃ পরসংযুক্তা নোপোষ্যাঃ পূর্ব্বসংযুতাঃ॥ ৪২॥

ঐ সারদাপুরাণ।

একাদশীমুপবসেদ্দ্বাদশীমথবা পুনঃ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং কচিৎ॥ ৪৩॥

ঐ সৌরধর্ম্মোত্তর।

ব্রহ্মঘ্নস্য চ যৎ পাপং স্ত্রীবালগুরুঘাতিনঃ।
দশমীশেষসংযুক্তং যঃ করোতি তদাপ্নুয়াৎ॥ ৪৪॥

ঐ স্কন্দপুরাণ।

বহুবাক্যবিরোধেন সন্দেহো জায়তে যদা।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ৪৫ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপুরাণবচন।

একাদশ্যান্তু বিদ্ধায়াং নোপবাসার্চ্চনাদিকং।
দ্বাদশ্যামেব তৎ কুর্য্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণং।
শতযজ্ঞাধিকং পুণ্যাং মুক্তিরেব মহাফলং ॥ ৪৬ ॥

ঐ স্কন্দপুরাণ।

আদিত্যোদয়বেলায়াঃ প্রাঙ্মুহূর্ত্তদ্বয়ান্বিতা।
একাদশী তু সম্পূর্ণা বিদ্ধান্যা পরিকীর্ত্তিতা ॥ ৪৭ ॥

ঐ ভবিষ্যপুরাণ।

উদয়াৎ প্রাক্ চতস্রশ্চ ঘটিকা অরুণোদয়ঃ।
তত্র স্নানং প্রশস্তং স্যাৎ স বৈ পুণ্যতমঃ স্মৃতঃ ॥ ৪৮ ॥

ঐ স্কন্দপুরাণ।

চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয় উচ্যতে ॥ ৪৯ ॥

ঐ ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

অরুণোদয়বেলায়াং দশমীমিশ্রিতা ভবেৎ।
তাং ত্যক্ত্বা দ্বাদশীং শুদ্ধামুপোষ্যেদবিচারয়ন্ ॥ ৫০ ॥

ঐ পদ্মপুরাণ।

দশমীশেষসংযুক্তো যদি স্যাদরুণোদয়ঃ।
বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতং ॥ ৫১ ॥
অরুণোদয়কালে তু দশমী যদি দৃশ্যতে।
পাপমূলং তদা জ্ঞেয়মেকাদশ্যুপবাসিনাং ॥৫২ ॥

ঐ ভবিষ্যপুরাণ।

ইত্থঞ্চ জন্মাষ্টম্যাদি-ব্রতান্যপি ন বৈষ্ণবৈঃ।
বিদ্ধেষহঃসু কার্য্যাণি তাদৃগ্ দোষগণাশ্রয়াৎ ॥ ৫৩ ॥

অথ বেধবিহীনাপি সম্পূর্ণৈকাদশীতিথিঃ।
অগ্রতো বৃদ্ধিগামিত্বাৎ পরিত্যাজ্যৈব বৈষ্ণবৈঃ॥ ৫৪॥

শ্রীহরিভক্তিবিলাস।

হে বরাননে! পুরাণসকল বারম্বার বলিতেছেন হরিবাসর অর্থাৎ একাদশী উপস্থিত হইলে ভোজন করিবে না, ভোজন করিবে না॥ ১॥

মনুষ্য একাদশীতে কদাচ ভোজন করিবে না॥ ২॥

ভীষণ বিপদে বা মহাহর্ষে কিম্বা জননাশৌচে বা মরণাশৌচেও কদাচ একাদশীব্রত পরিত্যাগ করিবে না॥ ৩॥

ঋতুমতী হইলেও স্ত্রীজাতি একাদশীতে ভোজন করিবে না॥ ৪॥

হরিবাসর সমাগত হইলে ব্রহ্মহত্যাদি সমস্ত পাতক অন্নে অধিষ্ঠিত হয়, সুতরাং হরিবাসরে যে ভোজন করে, সে ঐ সমস্ত পাতকই গ্রহণ করিয়া থাকে॥ ৫॥

হে বামোরু! হরিবাসরে যখন যবচূর্ণ-প্রস্তুত রোটিকাবিশেষও অভক্ষ্য, তখন অন্নপাকের কথা আর কি বলিব?॥ ৬॥

যে ব্যক্তি হরিবাসরে ভোজন করে, তাহার পৃথিবীর সমুদায় পাপ ভোজন করা হয়॥ ৭॥

ব্রহ্মঘাতী, সুরাপায়ী, তস্কর এবং গুরুপত্নীগামীরও প্রায়শ্চিত্তের ব্যবস্থা শাস্ত্রে আছে, কিন্তু একাদশীতে অন্নভোজীর প্রায়শ্চিত্তের কোন ব্যবস্থা নাই॥ ৮॥

বৈষ্ণব যদি ভ্রমবশতঃও একাদশীতে ভোজন করেন, তাহা হইলে তাঁহার বিষ্ণুপূজা বিফল হয় এবং তিনি ঘোর নরকে পতিত হন॥ ৯॥

হরিবাসর উপস্থিত হইলে যে ব্যক্তি ভোজন কর, ভোজন কর এই কথা বলে, এবং যে ব্যক্তি গো, ব্রাহ্মণ ও স্ত্রী হত্যা করে এই কথা কখনও

বলে, আর যে ব্যক্তি মদ্য পান কর এই কথা বলে, তাহাদের সকলেরই অধোগতি হইয়া থাকে ॥ ১০ ॥

হে মুনিবর! মনুষ্য যদি একাদশীতে ও শ্রাদ্ধে ভোজন করে, তাহা হইলে তাহার প্রতিগ্রাসে মলমূত্রময় পাপ ভোজন করা হয় ॥ ১১ ॥

বিধবা স্ত্রীলোক যদি একাদশীতে ভোজন করে, তাহা হইলে তাহার সমস্ত পুণ্য নষ্ট হয় এবং সে প্রত্যহ ভ্রূণহত্যার পাপে লিপ্ত হইতে থাকে ॥ ১২ ॥

অনুত্তম একাদশীব্রত যথাবিধি গ্রহণ করিয়া যদি কেহ তাহা ভঙ্গ করে, তাহা হইলে সে রৌরব নরকে গমন করিবে ॥ ১৩ ॥

পুত্র, ভার্য্যা ও স্বজনগণের সহিত শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষের একাদশীতে উপবাস করিবে ॥ ১৪ ॥

বালকদিগের রক্ষার্থে মাতার ন্যায় এবং রোগীদিগের রক্ষার্থে ঔষধের ন্যায় সমস্ত লোকের রক্ষার্থে একাদশী তিথির সৃষ্টি হইয়াছে ॥ ১৫ ॥

হে রাজেন্দ্র! শতজন্মার্জ্জিত পাপরূপ কাষ্ঠ একাদশী-সমুৎপন্ন বহ্নি দ্বারা ভস্মীভূত হইয়া যায় ॥ ১৬ ॥

সহস্র সহস্র অশ্বমেধ ও শত শত বাজপেয় যজ্ঞের ফল একাদশী-উপবাসের ষোড়শাংশের এক অংশেরও সমান নহে ॥ ১৭ ॥

একাদশীদিনে অন্নাভাবে উপবাসী থাকিলেও উপবাসের পূর্ণ ফল প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৮ ॥

হে দ্বিজ! এই একাদশীব্রত সর্ব্ববিধ পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ ও সংসারত্রাণকারক, ইহার অনুষ্ঠানে মুক্তি লাভ হয় ॥ ১৯ ॥

আমরা যমের মুখে শুনিয়াছি যে যদি কোন মনুষ্য কাহারও সঙ্গবশতঃও একটী মাত্র একাদশীর উপবাস করেন, তাহা হইলে তাঁহাকে যমযাতনা ভোগ করিতে হয় না ॥ ২০ ॥

জগতে একাদশীর তুল্য পুণ্য আর নাই; শঠতা সহকারে ঐ ব্রত করিলেও যমালয়ে যাইতে হয় না॥ ২১॥

হে বিপ্র! যাহাদের পুত্র পৌত্র একাদশীব্রতাচরণ করে, আমি (যম) তাহাদের শাসনকর্ত্তা নহি, তাহাদিগকে আমি বিশেষ ভয় করি। একাদশীব্রত-পরায়ণ মহাত্মা বলপূর্ব্বক স্বীয় শত পুরুষ উদ্ধার করেন॥ ২২॥

হে সুন্দরি! হরিবাসর পরিত্যাগ পূর্ব্বক দান, তপ, স্নান বা অন্য কোনরূপ পুণ্য কার্য্য মুক্তির কারণ হইতে পারে না॥ ২৩॥

হে বৎস! একাদশীতে উপবাস করিলে যে ফল লাভ হয়, সহস্র সহস্র অশ্বমেধ যজ্ঞ বা কোটী কোটী তীর্থে অবগাহন করিলে তাহা হয় না॥ ২৪॥

সহস্র সহস্র পাপ ও শত শত ব্রহ্মহত্যা করিয়াও যদি কেহ ভক্তি-পূর্ব্বক একটীমাত্র একাদশীর উপবাস করে, তাহা হইলে সে পবিত্র হয়॥ ২৫॥

যে সমস্ত নরপুঙ্গব মনের দ্বারাও দ্বাদশীব্রত করিতে ইচ্ছা করেন, তাঁহাদিগকেও আর দারুণ সংসাররূপ দুঃখসাগর দর্শন করিতে হয় না॥ ২৬॥

ওঁকার যেমন সকল বেদের আদি বলিয়া পূজা দ্বাদশীব্রতও তদ্রূপ সকল ব্রতের মধ্যে শ্রেষ্ঠ॥ ২৭॥

যিনি উপবাসের ফল প্রাপ্তির বাসনা করেন, তিনি পূর্ব্ব দিনে (দশমীতে) রাত্রিভোজন, পরদিনে (দ্বাদশীতে) রাত্রিভোজন এবং মধ্য দিনে (একাদশীতে) দিবাভোজন ও রাত্রিভোজন এই ভোজন চতুষ্টয় বর্জ্জন করিবেন॥ ২৮॥

ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদি চতুর্ব্বিধ বর্ণের, ব্রহ্মচর্য্য-গৃহস্থাদি চতুর্ব্বিধ আশ্রমীর ও স্ত্রীজাতির পক্ষে একাদশীতে উপবাস অবশ্য কর্ত্তব্য॥ ২৯॥

আট বৎসর বয়ঃক্রমের পর হইতে অশীতি বর্ষ পূর্ণ না হওয়া পর্য্যন্ত প্রত্যেক মানবই একাদশীতে উপবাস করিবেন ॥ ৩০ ॥

শরীরের অসমর্থ অবস্থায় একাদশীব্রত উপস্থিত হইলে, পত্নী বা বিনয়ী পুত্র বা ভগিনী বা ভ্রাতার দ্বারা ব্রত করাইবে, তাহা হইলে ব্রতলোপ হইবে না ॥ ৩১ ॥

যাঁহার উদ্দেশে একাদশীব্রত করা হয়, তিনি ব্রতের পূর্ণ ফল প্রাপ্ত হন, এবং উপবাসকারী ব্যক্তিও তাহার দশগুণ ফল লাভ করেন, ইহাতে সন্দেহ নাই ॥ ৩২ ॥

ভার্য্যাদি প্রতিনিধির অভাবে উপবাসাশক্ত বালক, বৃদ্ধ ও আতুর ব্যক্তি কেবল দিবাভাগে দ্বিপ্রহরের পর একবারমাত্র ভোজনরূপ ব্রত, বা রাত্রিতে একবারমাত্র ভোজনরূপ ব্রত কিম্বা দুগ্ধ ও ফলমূল সেবন পূর্ব্বক দিন যাপন করিবেন, তথাপি কদাচ একাদশীব্রত রহিত করিবেন না ॥ ৩৩ ॥

বোধায়ন মুনি বলেন যাঁহার বয়স অশীতি বর্ষের অধিক হইয়াছে, তিনি উপবাসে অশক্ত হইলে, ভার্য্যাদি প্রতিনিধির অভাবে, একবার মাত্র ভোজনরূপ ব্রতাচরণ করিবেন ॥ ৩৪ ॥

যাঁহারা ব্যাধিগ্রস্ত, যাঁহারা পিত্তাধিক-ধাতুবিশিষ্ট এবং যাঁহাদের বয়ঃক্রম অশীতি বর্ষের (ত্রিংশদ্বর্ষ অর্থাৎ গৃহাশ্রমবাসের উপযুক্ত বয়ঃক্রম পঞ্চাশৎ বর্ষের পর ত্রিংশদ্বর্ষ, সুতরাং অশীতি বর্ষ) অধিক হইয়াছে, তাঁহারা উপবাসে অশক্ত হইলে, ভার্য্যাদি প্রতিনিধির অভাবে, রাত্র্যাদিতে ভোজনের কল্পনা করিবেন ॥ ৩৫ ॥

উপবাসাসমর্থ ব্যক্তি ভার্য্যাদি প্রতিনিধির অভাবে একাদশীতে প্রভু বিষ্ণুর পূজা করতঃ উপবাস বা নক্তব্রত (রাত্রিতে ভোজনরূপ ব্রত) বা অযাচিত ব্রত বা একভক্তব্রত দ্বারা দিন যাপন করিবেন, কদাচ

লঙ্ঘন করিবেন না। হে বৎস! এই সকল নিয়মের কোন একটি নিয়ম অবলম্বন করিলে কদাচ ক্লেশ পাইতে হয় না ॥ ৩৬ ॥

দিবসের অর্দ্ধাংশ সময় অতীত হইলে নিয়মপূর্ব্বক যাহা ভোজন করা যায়, তাহার নাম একভক্ত; যত্নপূর্ব্বক ঐ একভক্ত ব্রতের আচরণ করা কর্ত্তব্য ॥ ৩৭ ॥

নক্তব্রতে অর্থাৎ রাত্রিতে একবারমাত্র ভোজনরূপ ব্রতে হবিষ্যান্ন, অন্ন ভিন্ন অন্য দ্রব্য, ফল, তিল, দুগ্ধ, জল, ঘৃত, পঞ্চগব্য, কিম্বা বায়ু এইসকল বস্তু উত্তরোত্তর অধিকতর প্রশস্ত ॥ ৩৮ ॥

জল, মূল, ফল, দুগ্ধ, ঘৃত, ব্রাহ্মণকামনা, গুরুবাক্য ও ঔষধ এই আটটি ব্রত নষ্ট করে না ॥ ৩৯ ॥

(কিন্তু এসম্বন্ধে বিশেষ বিধি নিম্নে লিখিত হইল।)

শ্রীভগবান্ বলেন আমার শয়নে, উত্থানে এবং পার্শ্বপরিবর্ত্তনে অর্থাৎ শয়নৈকাদশী, উত্থানৈকাদশী ও পার্শ্বৈকাদশীতে যে ব্যক্তি ফল, মূল, বা জল আহার করে, সে আমার হৃদয়ে শেল বিদ্ধ করে ॥ ৪০ ॥

একাদশী দ্বিবিধঃ—সম্পূর্ণা ও বিদ্ধা। বিদ্ধাও আবার নানাবিধ, তন্মধ্যে পূর্ব্বাবিদ্ধা পরিত্যাগ করিবে ॥ ৪১ ॥

একাদশী, ষষ্ঠী, পূর্ণিমা, চতুর্দ্দশী, তৃতীয়া, চতুর্থী, অমাবস্যা ও অষ্টমী এই সকল তিথি পরবিদ্ধা হইলে উপবাসযোগ্যা, কিন্তু পূর্ব্ববিদ্ধা হইলে উপবাসযোগ্যা নহে ॥ ৪২ ॥

একাদশী কিম্বা দ্বাদশীতে উপবাস করিবে অথবা একাদশীযুক্ত দ্বাদশীতে উপবাস করিবে, কিন্তু দশমীযুক্তা একাদশীতে কদাচ উপবাস করিবে না ॥ ৪৩ ॥

দশমীর শেষসংযুক্তা একাদশীতে ব্রত করিলে, ব্রহ্মঘাতী এবং স্ত্রী, বালক ও গুরুহত্যাকারীর পাতকে পাতকী হইতে হয় ॥ ৪৪ ॥

বহু বাক্যের বিরোধ হেতু সন্দেহ উপস্থিত হইলে, দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে ॥ ৪৫ ॥

একাদশী বিদ্ধা হইলে, তাহাতে উপবাস ও পূজাদি করিবে না; ঐ সমস্ত দ্বাদশীতে করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে, তাহা হইলে শত যজ্ঞাধিক পুণ্য ও মুক্তিরূপ মহাফল প্রাপ্ত হইবে ॥ ৪৬ ॥

একাদশী তিথি সূর্য্যোদয়ের দুই মুহূর্ত্ত অর্থাৎ চারি দণ্ড পূর্ব্বে প্রবৃত্ত হইয়া ষষ্টি দণ্ড ভোগ করিলে ঐ একাদশীকে সম্পূর্ণা বলে; সূর্য্যোদয়ের পূর্ব্বে একাদশী দুই মুহূর্ত্তের ন্যূন থাকিলে, তাহা বিদ্ধা বলিয়া কীর্ত্তিত হয় ॥ ৪৭ ॥

সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড কালকে অরুণোদয় কহে; ঐ কালে স্নান প্রশস্ত, উহা পুণ্যতম বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৮ ॥

উষাকালীন চারি দণ্ড অর্থাৎ সূর্য্যোদয়ের পূর্ব্ব চারি দণ্ড অরুণোদয় বলিয়া কথিত হয় ॥ ৪৯ ॥

অরুণোদকালে একাদশী যদি দশমীমিশ্রিতা হয়, তবে তাহা অর্থাৎ সেই অরুণোদয়বিদ্ধা একাদশী ত্যাগ করিয়া শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিবে, এ বিষয়ে কোন বিচার করিতে হইবে না ॥ ৫০ ॥

অরুণোদয়কাল যদি দশমীর শেষসংযুক্ত হয়, তবে বৈষ্ণবগণ সে দিবস একাদশীর উপবাস করিবেন না ॥ ৫১ ॥

অরুণোদয়কালে দশমী দৃষ্ট হইলে অর্থাৎ একাদশী অরুণোদয়বিদ্ধা হইলে, তাহাতে উপবাস করা উপবাসিগণের পক্ষে কেবল পাপের কারণ হইয়া থাকে ॥ ৫২ ॥

বৈষ্ণবগণ জন্মাষ্টমী প্রভৃতি অন্য সমস্ত ব্রতও এইরূপ বিদ্ধ দিনে করিবেন না, করিলে উপরোক্ত দোষসমূহ উপস্থিত হইবে ॥ ৫৩ ॥

সম্পূর্ণা একাদশী তিথি বেধবিহীনা হইয়াও যদি সম্মুখে বৃদ্ধিগামিনী

হয় অর্থাৎ যদি একাদশী বৃদ্ধি প্রাপ্ত হইয়া দ্বাদশীদিনে, বা দ্বাদশী বৃদ্ধি প্রাপ্ত হইয়া ত্রয়োদশীদিনে, বা পূর্ণিমা ও অমাবস্যা বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রতিপদে গমন করে, তাহা হইলে তাদৃশ একাদশীও বৈষ্ণবগণ বর্জ্জন করিবেন ॥ ৫৪ ॥

অষ্ট মহাদ্বাদশী।

উন্মীলনী বঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধনী।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥
দ্বাদশ্যোঽষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপহরা দ্বিজাঃ।
তিথিযোগেন জায়ন্তে চতস্রশ্চাপরাস্তথা।
নক্ষত্রযোগাচ্চ বলাৎ পাপং প্রশময়ন্তি তাঃ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

অথ ঋক্ষপ্রযুক্তানাং ব্রতকর্ত্তব্যতা যথা।
জয়াদীনাং চতসৃণাং তথা ব্যক্তং নিরূপ্যতে।
ভান্যর্কোদয়মারভ্য প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমা ন্যূনানি বা সন্তু ততোঽমীষাং ব্রতৌচিতী।
কিম্বা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমানি বা তদাপ্যেষা ব্রতাচরণযোগ্যতা।
শ্রবণা-ব্যতিরিক্তেষু নক্ষত্রেষু খলু ত্রিষু।
সূর্য্যাস্তগমনপর্য্যন্তং কার্য্যং দ্বাদশ্যপেক্ষণং।
শ্রবণে ত্বস্তমনতঃ প্রাগ্ দ্বাদশ্যাং সমাপ্ততাং।
গতায়ামপি তত্রৈব ব্রতস্যোচিততা ভবেৎ ॥ ২ ॥
বৃদ্ধৌ ভতিথ্যোরধিকা তিথিশ্চেৎ পারণন্ততঃ।
ভান্তে স্যাচ্চেত্তিথির্ন্যূনা তিথিমধ্যে তু পারণং।

দ্বাদশ্যনন্যবৃত্তৌ তু বৃদ্ধৌ ব্রহ্মাচ্যুতর্ক্ষয়োঃ।
তন্মধ্যে পারণং বৃদ্ধৌ শেষয়োস্তদতিক্রমে॥ ৩॥

শ্রীহরিভক্তিবিলাস।

ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যোঽষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যমপুরে বাসো যাবদাহূতসংপ্লবং॥ ৪॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত পদ্ম ও মার্কণ্ডেয়পুরাণবচন।

উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধনী, জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপ-নাশিনী এই অষ্ট দ্বাদশী মহাপুণ্যস্বরূপিণী এবং নিখিল-পাতকহারিণী। ইহাদের মধ্যে প্রথম চারিটি তিথিযোগে ও অপর চারিটী নক্ষত্রযোগে হইয়া থাকে এবং ইহারা বলপূর্ব্বক পাপ নাশ করে॥ ১॥

নক্ষত্রযোগসম্ভূতা জয়া প্রভৃতি চারিটি মহাদ্বাদশীর ব্রত-কর্ত্তব্যতা, স্পষ্টরূপে লিখিত হইতেছে। শুক্লপক্ষের দ্বাদশীতে যদি পুনর্ব্বসু, শ্রবণা, রোহিণী ও পুষ্যা এই চারিটি নক্ষত্র সূর্য্যোদয় হইতে প্রবৃত্ত হইয়া ষষ্টি দণ্ডের অধিক বা সমান বা কম সময় স্থায়ী হয়, তাহা হইলে ঐ চারিটি নক্ষত্রের যোগে দ্বাদশীতে ব্রত করিতে হইবে। কিম্বা ঐ নক্ষত্রগুলি যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে অর্থাৎ অরুণোদয়ে বা তৎপূর্ব্বেও প্রবৃত্ত হইয়া ষষ্টি দণ্ডের অধিক বা ষষ্টি দণ্ড কাল ভোগ করে, তাহা হইলে ঐ দিবস ব্রত হইবে; কিন্তু ষষ্টি দণ্ডের ন্যূন হইলে ব্রত হইবে না। পুনর্ব্বসু, রোহিণী ও পুষ্যা এই তিন নক্ষত্রযোগে মহাদ্বাদশীর ব্রতে সূর্য্যের অস্তকাল পর্য্যন্ত দ্বাদশী থাকা আবশ্যক অর্থাৎ সূর্য্যাস্তের পূর্ব্বে দ্বাদশী শেষ হইয়া গেলে ব্রত হইবে না। কিন্তু শ্রবণানক্ষত্রযোগে সূর্য্যাস্তের পূর্ব্বে দ্বাদশী সমাপ্ত হইলেও ব্রত হইবে॥ ২॥

জয়াদি চারিটি মহাদ্বাদশীর পারণকাল নির্ণীত হইতেছে। যদি নক্ষত্র ও তিথি বৃদ্ধি পাইয়া পারণদিনে কিঞ্চিৎ থাকে, তাহা হইলে তিথির

আধিক্যস্থলে নক্ষত্রের শেষে পারণ করিবে এবং নক্ষত্রের আধিক্য হইলে তিথির মধ্যে পারণ করিতে হইবে। কিন্তু পারণদিনে যদি দ্বাদশী না থাকে এবং রোহিণী ও শ্রবণা নক্ষত্র বৃদ্ধি পায়, তাহা হইলে নক্ষত্রের মধ্যে পারণ করিবে; আর পুনর্ব্বসু ও পুষ্যার বৃদ্ধি হইলে, তাহাদের অন্তে পারণ করিবে॥ ৩॥

শ্রীভগবান্ বলেন, সংসারে যে ব্যক্তি অষ্ট মহাদ্বাদশীর ব্রত না করে, আমার আজ্ঞায় তাহাদিগকে মহাপ্রলয় পর্য্যন্ত যমপুরে বাস করিতে হয়॥ ৪॥

১। উন্মীলনী।

একাদশী তু সম্পূর্ণা বর্দ্ধতে পুনরের সা।
দ্বাদশী চ ন বর্দ্ধেত কথিতোন্মীলনীতি সা॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

সর্ব্বত্রৈকাদশী কার্য্যা দ্বাদশীমিশ্রিতা নরৈঃ।
প্রাতর্ভবতু বা মা বা যতো নিত্যমুপোষণং॥ ২॥

ঐ পদ্মপুরাণ।

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরের সা।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং॥ ৩॥

ঐ স্কন্দপুরাণ।

একাদশীকলাপ্যেকা পরতো দ্বাদশী ন চেৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং॥ ৪॥

ঐ কূর্ম্মপুরাণ।

একাদশী যদি সম্পূর্ণা হইয়া দ্বাদশীতেও বৃদ্ধি প্রাপ্ত হয়, কিন্তু যদি দ্বাদশীর বৃদ্ধি না হয়, তাহা হইলে ঐ দ্বাদশীর নাম উন্মীলনী॥ ১॥

সকল ব্রতেই দ্বাদশী-মিশ্রিত একাদশী গ্রহণ করিবে; প্রা

প্রাতঃকালে দ্বাদশী থাকুক্ বা না থাকুক্, উন্মীলনী ব্রতের নিতান্ত বিধান আছে ॥ ২ ॥

সম্পূর্ণা একাদশী যদি পুনরায় প্রাতঃকালেও থাকে, তবে পরদিন ব্রত করিলে শতযজ্ঞের ফল হয়। ইহাতে ত্রয়োদশীতে পারণ করিতে হইবে ॥ ৩ ॥

দ্বাদশীর দিন যদি কলামাত্রও একাদশী থাকে এবং ত্রয়োদশীতে দ্বাদশী না থাকে, তাহা হইলে সেই উন্মীলনী দ্বাদশীর ব্রতে শতযজ্ঞের ফল হয়। এই ব্রতে ত্রয়োদশীতে পারণ করিতে হইবে ॥ ৪ ॥

২। বঞ্জুলী।

সম্পূর্ণৈকাদশী যত্র দ্বাদশী চ যদা ভবেৎ।
ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্দ্ধং বঞ্জুলী সা হরিপ্রিয়া।
শুক্লপক্ষে তথা কৃষ্ণে যদা ভবতি বঞ্জুলী।
একাদশীদিনে ভুক্ত্বা দ্বাদশ্যাং কারয়েদ্ব্রতং।
পারণং দ্বাদশীমধ্যে ত্রয়োদশ্যাং ন কারয়েৎ।
এবং কৃতে মহীপাল! যজ্ঞাযুতফলং লভেৎ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

দ্বাদশ্যেব বিবর্দ্ধেতে ন চৈবৈকাদশী যদা।
বঞ্জুলী তু ভৃগুশ্রেষ্ঠ! কথিতা পাপনাশিনী ॥ ২ ॥

ঐ ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

একাদশী ভবেৎ পূর্ণা পরতো দ্বাদশী যদা।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশ্যাং সমুপোষয়েৎ ॥ ৩ ॥

ঐ স্কন্দপুরাণ।

উপোষ্যা দ্বাদশী শুদ্ধা দ্বাদশ্যামেব পারণং।
নির্গতায়াং ত্রয়োদশ্যাং কলা চ বিকলাপি বা।

বিকলায়াস্তু দ্বাদশ্যাং পারণং যঃ করোতি হি।
তামুপোষ্য মহীপাল! ন গর্ভে বিশতে নরঃ ॥ ৪ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ভবিষ্যপুরাণ।

সম্পূর্ণৈকাদশী ত্যাজ্যা পরতো দ্বাদশী যদি।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা দ্বাদশ্যামেব পারণং।
ন গর্ভে বিশতে জন্তুরিত্যাহ ভগবান্ হরিঃ ॥ ৫ ॥

ঐ ভার্গবতাদিতন্ত্র।

একাদশী সম্পূর্ণা হইলে এবং তৎপরদিবস দ্বাদশীও সম্পূর্ণা হইয়া ত্রয়োদশীদিনে কিঞ্চিৎ থাকিলে তাহাকে বঞ্জুলী বলে। এই বঞ্জুলী শ্রীহরির অত্যন্ত প্রিয়। শুক্লপক্ষে হউক বা কৃষ্ণপক্ষে হউক, যখন বঞ্জুলী হইবে, তখন একাদশীতে ভোজন করিয়া দ্বাদশীতে ব্রত করিবে; কিন্তু বঞ্জুলীব্রতে দ্বাদশীর মধ্যেই পারণ করিবে, ত্রয়োদশীতে পারণ করিবে না। হে মহীপাল! এইরূপে ব্রত করিলে দশসহস্র যজ্ঞের ফল লাভ হয় ॥ ১ ॥

হে ভৃগুবর! একাদশীর বৃদ্ধি না হইয়া দ্বাদশীর বৃদ্ধি হইলে, ঐ দ্বাদশীকে বঞ্জুলী বলে। বঞ্জুলী নিখিল পাতক বিনাশ করে। ॥ ২ ॥

অরুণোদয়প্রবৃত্তা সম্পূর্ণা একাদশী হইলে এবং দ্বাদশীও সম্পূর্ণা হইয়া ত্রয়োদশীতে কিঞ্চিৎ থাকিলে, শুদ্ধা একাদশী পরিত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিবে। ॥ ৩ ॥

শুদ্ধা অর্থাৎ একাদশাস্পর্শশূন্যা দ্বাদশীতে উপবাস পূর্ব্বক দ্বাদশীতেই পারণ করিবে। ত্রয়োদশীতে দ্বাদশীর কলামাত্র থাকুক্ বা না থাকুক্, বিকলা দ্বাদশীতে (দ্বাদশীর কলামাত্রশূন্য ত্রয়োদশীদিনে) পারণ করিবে, অর্থাৎ ত্রয়োদশীদিনে দ্বাদশীর কলামাত্র থাকিলে, সেই দ্বাদশীতেই পারণ করিবে এবং কলামাত্র না থাকিলে শুদ্ধা ত্রয়োদশীতে পারণ করিবে। হে

রাজন্! যে নর ঐ দ্বাদশীতে উপবাস করে, তাহাকে আর মাতৃগর্ভে প্রবেশ করিতে হয় না ॥ ৪ ॥

ত্রয়োদশীদিনে যদি দ্বাদশী থাকে, তাহা হইলে সম্পূর্ণা একাদশী বর্জ্জন পূর্ব্বক শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতেই পারণ করিবে। ভগবান্ বলিয়াছেন এই দ্বাদশীতে উপবাস করিলে জীব আর জননী-জঠরে প্রবেশ করে না অর্থাৎ তাহার আর পুনর্জ্জন্ম হয় না ॥ ৫ ॥

৩। ত্রিস্পৃশা।

অরুণোদয় আদ্যা স্যাদ্দ্বাদশী সকলং দিনং।
অন্তে ত্রয়োদশী প্রাতস্ত্রিস্পৃশা সা হরেঃ প্রিয়া ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাস ধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশা নাম সা প্রোক্তা ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥ ২ ॥

ঐ নারদপুরাণ।

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিভির্মিশ্রা তিথিঃ প্রোক্তা সর্ব্বপাপহরা স্মৃতা।
উপবাসঃ কৃতস্তস্যাং সদা পাতকনাশনঃ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং ॥ ৩ ॥

ঐ কূর্ম্মপুরাণ।

ত্রিস্পৃশাং দ্বাদশীং প্রাপ্য কুরুতে পূর্ব্ববাসরং।
তেনাত্মনস্তু কল্যাণং দগ্ধং পাপাগ্নিনা দৃঢ়ং ॥ ৪ ॥

ঐ দ্বারকামাহাত্ম্য।

অরুণোদয়ে একাদশী, পরে সমস্ত দিবারাত্র দ্বাদশী ও শেষে প্রাতে ত্রয়োদশী হইলে, উহাকে ত্রিস্পৃশা দ্বাদশী বলে। উহা শ্রীহরির অতিশয় প্রিয় ॥ ১ ॥

যে দিবস একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী হয়, তাহাকে ত্রিস্পৃশা বলে। এই ত্রিস্পৃশায় ব্রত করিলে ব্রহ্মহত্যা-পাপ বিনষ্ট হয় ॥ ২॥

যে দিবস একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী এই তিন তিথি মিলিত হয়, তাহা সর্ব্বপাপনাশিনী। তাহাতে উপবাস করিলে সর্ব্বদা পাতক বিনষ্ট হয় ও শত যজ্ঞের পুণ্য হইয়া থাকে। এই ব্রতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥ ৩ ॥

ত্রিস্পৃশা দ্বাদশী প্রাপ্ত হইয়া তৎপূর্ব্বদিন অর্থাৎ একাদশীতে উপবাস করিলে, স্বীয় দৃঢ় কল্যাণরাশি পাপানলে ভস্মীভূত হইয়া যায় ॥ ৪ ॥

৪। পক্ষবর্দ্ধনী।

কুহূরাকে যদা বৃদ্ধিং প্রয়াতে পক্ষবর্দ্ধনী।
বিহায়ৈকাদশীং তত্র দ্বাদশীং সমুপোষয়েৎ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

অমা বা যদি বা পূর্ণা সম্পূর্ণা জায়তে যদা।
ভূত্বা চ ষষ্টিদণ্ডিকা দৃশ্যতে প্রতিপদ্দিনে।
অশ্বমেধাযুতৈস্তুল্যা সা ভবেৎ পক্ষবর্দ্ধনী ॥ ২ ॥

ঐ পদ্মপুরাণ।

যদি অমাবস্যা বা পূর্ণিমা বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহা হইলে তাহার পূর্ব্ববর্ত্তী দ্বাদশীকে পক্ষবর্দ্ধনী বলে; একাদশী পরিত্যাগ করিয়া ঐ দ্বাদশীতেই উপবাস করিবে ॥ ১ ॥

অমাবস্যা বা পূর্ণিমা যদি ষষ্টিদণ্ডব্যাপিনী হইয়া সম্পূর্ণা দৃষ্ট হয় এবং বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রতিপৎ দিনেও কিঞ্চিৎ থাকে, তবে তৎপূর্ব্ববর্ত্তী দ্বাদশীকে পক্ষবর্দ্ধনী বলে। পক্ষবর্দ্ধনী দ্বাদশী দশসহস্র অশ্বমেধের তুল্য ॥ ২ ॥

৫। জয়া।

দ্বাদশ্যান্তু সিতে পক্ষে ঋক্ষং যদি পুনর্ব্বসুঃ।
নাম্না সা তু জয়াখ্যাতা তিথীনামুত্তমা তিথিঃ।
তামুপোষ্য নরো ঘোরে নরকে নৈব মজ্জতি।
অগ্নিষ্টোমাদিযজ্ঞানাং ফলমাপ্নোত্যসংশয়ং॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মপুরাণবচন।

শুক্লপক্ষের দ্বাদশীতে পুনর্ব্বসু নক্ষত্রের যোগ হইলে তাহাকে জয়া বলে। এই জয়া সকল তিথির শ্রেষ্ঠ; ইহাতে উপবাস করিলে মানব নরকে পতিত হয় না এবং নিশ্চয়ই অগ্নিষ্টোমাদি যজ্ঞের ফল লাভ করে।

৬। বিজয়া।

যদা তু শুক্লদ্বাদশ্যাং নক্ষত্রং শ্রবণং ভবেৎ।
তদা সা তু মহাপুণ্যা দ্বাদশী বিজয়া স্মৃতা।
হোমস্তত্রোপবাসশ্চ সহস্রগুণিতো ভবেৎ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত বিষ্ণুধর্ম্মোত্তরবচন।

শুক্লা দ্বাদশীতে শ্রবণা নক্ষত্রের যোগ হইলে, সেই মহাপুণ্যস্বরূপা দ্বাদশী বিজয়া নামে অভিহিত হয়। ইহাতে হোম ও উপবাস করিলে সহস্রগুণ ফল লাভ হয়।

৭। জয়ন্তী।

যদা তু শুক্লদ্বাদশ্যাং প্রাজাপত্যং প্রজায়তে।
জয়ন্তী নাম সা প্রোক্তা সর্ব্বপাপহরা তিথিঃ॥ ১॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মপুরাণবচন।

সর্ব্বপাপপ্রশমনং সর্ব্বপুণ্যফলপ্রদং।
দ্বাদশ্যাং রোহিণীযোগে জয়ন্তীনাম সুব্রতং॥ ২॥

ঐ স্কন্দপুরাণ।

শুক্লা দ্বাদশীতে রোহিণী নক্ষত্রের যোগ হইলে তাহাকে জয়ন্তী বলে। ইহা সর্ব্বপাপ হরণ করে। ॥ ১ ॥

দ্বাদশীতে রোহিণীযোগে জয়ন্তী নামে যে উৎকৃষ্ট ব্রত, সেই ব্রত করিলে সর্ব্বপাপ বিদূরিত হয় এবং সমস্ত পুণ্যফল লাভ হয় ॥ ২ ॥

৮। পাপনাশিনী।

যদা তু শুক্লদ্বাদশ্যাং পুষ্যা ভবতি কর্হিচিৎ।
তদা সা তু মহাপুণ্যা কথিতা পাপনাশিনী।
বাচিকান্মানসাৎ পাপাৎ কায়িকাচ্চ বিশেষতঃ।
সপ্তজন্মকৃতাদ্ঘোরান্মুচ্যতে নাত্র সংশয়ঃ।
ইমামেকামুপোষ্যৈব পুষ্যানক্ষত্রসংযুতাং।
একাদশীসহস্রস্য ফলমপ্নোতি মানবঃ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মপুরাণবচন।

শুক্লা দ্বাদশীতে কখনও পুষ্যা নক্ষত্রের যোগ হইলে, ঐ মহাপুণ্যময়ী তিথিকে পাপনাশিনী বলে। পুষ্যানক্ষত্রযুক্তা এই দ্বাদশীর উপবাস করিলে মানব সপ্তজন্মার্জ্জিত বাচিক, মানসিক ও বিশেষতঃ কায়িক ঘোর পাপসমূহ হইতে মুক্ত হয় এবং সহস্র একাদশীর ফল প্রাপ্ত হয়।

ভৈমী একাদশী।

যদ্যষ্টমী-চতুর্দ্দশ্যোর্দ্বাদশীষ্বথ ভারত!।
অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্তস্ত্বমুপোষিতুং।
ততঃ পুণ্যামিমাং ভীমতিথিং পাপপ্রণাশিনীং।
উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদং॥

শ্রী হঃ ভঃ বিঃ ধৃত মৎস্যপুরাণবচন।

শ্রীভগবান্ বলিয়াছেন হে বৃকোদর! অষ্টমী, চতুর্দ্দশী, দ্বাদশী এবং অন্যান্য দিনে ও নক্ষত্রাদিতে উপবাস করিতে অসমর্থ হইলে, পাতকহারিণী, পুণ্যস্বরূপা ভীমতিথিতে অর্থাৎ মাঘী শুক্লা একাদশীতে বিধানানুসারে উপবাস করিয়া হরির পরম পদে গমন কর।

গোবিন্দ-দ্বাদশী।

ফাল্গুনামলপক্ষে তু পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী।
তস্যামুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাং॥ ১॥

শ্রী হঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মপুরাণবচন।

আমর্দ্দকী দ্বাদশীতি লোকে খ্যাতেয়মেব হি।
যোগাভাবেঽত্র তন্নাম্নী তদীয়ৈকাদশী মতা॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাস।

ফাল্গুন মাসের শুক্লা দ্বাদশী পুষ্যাযুক্তা হইলে তাহাকে গোবিন্দ-দ্বাদশী বলে; উহা মহাপাপনাশিনী। বিধিপূর্ব্বক গোবিন্দ-দ্বাদশীতে উপবাস করিলে, পাপ নাশ হয় এবং আর পুনর্জন্ম গ্রহণ করিতে হয় না॥ ১॥

ইহাকে লোকে আমার্দ্দকী দ্বাদশীও বলিয়া থাকে। যোগের অভাব হইলে, একাদশীতে উপবাস করিতে হয় এবং উহাকে আমর্দ্দকী একাদশী কহে॥ ২॥

নির্জ্জলৈকাদশী।

পিতামহ! হ্যশক্তোঽহমুপবাসে করোমি কিং।
অতো বহুফলং ব্রূহি ব্রতমেকমপি প্রভো ১

বৃষস্থে মিথুনস্থেঽর্কে শুক্লা হ্যেকাদশী হি যা।
জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন সোপোষ্যা জলবৰ্জ্জিতা।
স্নানে বাচমনে চৈব বৰ্জ্জয়িত্বোদকং বুধঃ।
উপযুঞ্জীত নৈবান্যদ্ব্রতভঙ্গোঽন্যথা ভবেৎ।
উদয়াদুদয়ং যাবদ্বর্জ্জয়িত্বা জলং বুধঃ।
স প্রযত্নাদবাপ্নোতি দ্বাদশ-দ্বাদশী-ফলং।
ততঃ প্রভাতে বিমলে দ্বাদশ্যাং স্নানমাচরেৎ।
জলং সুবর্ণং দত্ত্বা তু দ্বিজাতিভ্যো যথাবিধি।
ভুঞ্জীত কৃতকৃত্যস্তু ব্রাহ্মণৈঃ সহিতো বশী।
এবং কৃতে তু যৎ পুণ্যং ভীমসেন শৃণুষ্ব তৎ।
সম্বৎসরস্য যা মধ্যে একাদশ্যো ভবন্তি হি।
তাসাং ফলমবাপ্নোতি পুত্র! মে নাত্র সংশয়ঃ।
ইতি মাং কেশব প্রাহ শঙ্খচক্রগদাধরঃ॥ ২॥
যৈঃ কৃতা ভীমসেনৈষা নির্জ্জলৈকাদশা শুভা।
স্বকুলং তারিতং সৰ্ব্বং কুলাতীতং তথা গতং।
আত্মনা সহ তৈর্নীতং বাসুদেবস্য মন্দিরে॥ ৩॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

ভীমসেন বলিলেন, হে পিতামহ! আমি উপবাসে অসমর্থ অতএব কি করি? আপনি বহুফলপ্রদ একটীমাত্র ব্রত মৎসকাশে কীর্ত্তন করুন॥ ১॥

ব্যাসদেব কহিলেন, বৃষ বা মিথুনরাশিস্থ আদিত্যে জ্যৈষ্ঠমাসে যে শুক্লা একাদশী তাহাতে জল পর্য্যন্ত ত্যাগ করিয়া উপবাসী থাকিবে। স্নানে বা আচমনেও জল ত্যাগ করা পণ্ডিতের কর্ত্তব্য এবং অন্য সমস্ত প্রকার উপ-ভোগই বর্জ্জন করিবে, নতুবা ব্রতভঙ্গ হইবে। সূর্য্যের এক উদয় হইতে অন্য উদয় পর্য্যন্ত জল ত্যাগ করিলে দ্বাদশ মাসের সমস্ত একাদশীর ফল

প্রাপ্ত হওয়া যায়। কৃতকৃত্য জিতেন্দ্রিয় ব্যক্তি দ্বাদশীর সুপ্রভাতে স্নানান্তে ব্রাহ্মণদিগকে জল ও সুবর্ণ দান করিয়া দ্বিজগণের সহিত ভোজন করিবেন। হে বৎস ভীম! শঙ্খচক্রগদাধারী শ্রীহরি আমাকে বলিয়াছেন যে এইরূপে ব্রত করিলে সম্বৎসরের যাবতীয় একাদশীব্রতের ফল লাভ করা যায়॥ ২॥

হে বৃকোদর! যে সকল ব্যক্তি এই পবিত্র নির্জ্জলা একাদশীর ব্রত করেন, তাঁহাদিগের দ্বারা অতীত শত পুরুষ সহ স্বীয় কুলের উদ্ধার সাধিত হয় এবং তাঁহারা সকলকে লইয়া বিষ্ণুলোকে গমন করেন॥ ৩॥

শ্রবণা-দ্বাদশী ও বিষ্ণুশৃঙ্খলযোগ।

মাসি ভাদ্রপদে শুক্লা দ্বাদশী শ্রবণান্বিতা।
মহতী দ্বাদশী জ্ঞেয়া উপবাসে মহাফলা॥
বুধশ্রবণসংযুক্তা সৈব চেদ্দ্বাদশী ভবেৎ।
অত্যন্তমহতী তস্যাং দত্তং ভবতি চাক্ষয়ং॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

দ্বাদশ্যেকাদশী বা স্যাদুপোষ্যা শ্রবণান্বিতা।
বিষ্ণুশৃঙ্খলযোগশ্চ তত্রয়ং মিশ্রিতং যদি॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাস।

শ্রবণর্ক্ষসমাযুক্তা দ্বাদশী যদি লভ্যতে।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণং॥ ৩॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত মার্কণ্ডেয়বচন।

একাদশ্যা বিশুদ্ধত্বে দ্বাদশ্যান্তু পরেঽহনি।
শ্রবণে সতি শক্তস্য ব্রতযুগ্মং বিধীয়তে॥ ৪॥

ঐ যমস্মোক্তি।

অশক্তস্তু ব্রতদ্বন্দ্বে ভুঙ্‌ক্তে বৈকাদশী দিনে।
উপবাসং বুধঃ কুর্য্যাচ্ছ্রবণদ্বাদশীদিনে॥ ৫॥

শ্রীহরিভক্তিবিলাস।

উপোষ্য দ্বাদশীং পুণ্যাং বিষ্ণুঋক্ষেণ সংযুতাং।
একাদশ্যুদ্ভবং পুণ্যং নরঃ প্রাপ্নোত্যসংশয়ং॥ ৬॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপুরাণবচন।

অত্যল্পোঽপ্যনয়োর্যোগো ভবেত্তিথিভয়োর্যদি।
উপাদেয়ঃ স এব স্যাদিত্যত্রোপবসেদ্বুধঃ॥ ৭॥

শ্রীহরিভক্তিবিলাস।

(প্রথম বিষ্ণুশৃঙ্খলযোগ।)

দ্বাদশী শ্রবণস্পৃষ্টা স্পৃশেদেকাদশীং যদা।
স এষ বৈষ্ণবো যোগো বিষ্ণুশৃঙ্খলসংজ্ঞিতঃ॥
তস্মিন্নুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাং॥ ৮॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত মৎস্যপুরাণবচন।

অনুবৃত্তির্দ্বয়োরেব পারণাহে ভবেদ্যদি।
তত্রাধিক্যে তিথের্বৃত্তে ভান্তে সত্যেব পারণং॥
ঋক্ষস্য সতি চাধিক্যে তিথিমধ্যে হি পারণং।
দ্বাদশীলঙ্ঘনে দোষো বহুশো লিখিতো যতঃ॥
এবং দ্বয়োর্নিশাব্যাপ্তৌ চাহ্নি পারণমীরিতং।
ন রাত্রৌ পারণং কুর্য্যাদিতি হ্যন্যত্র সম্মতং॥
তথাপি সন্দিহানশ্চেদ্গৃহ্নীয়াচ্চরণামৃতং।
পারণায়াঃ পরং সম্যক্ পূরকং তদ্ভবেদ্যতঃ॥ ৯॥

শ্রীহরিভক্তিবিলাস।

(দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলযোগ।)

একাদশী দ্বাদশী চ বৈষ্ণব্যমপি তদ্ভবেৎ।
তদ্বিষ্ণুশৃঙ্খলং নাম বিষ্ণুসাযুজ্যকৃদ্ভবেৎ।
তস্মিন্নুপোষণাদগচ্ছেচ্ছ্বেতদ্বীপপুরং ধ্রুবং॥
দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণং।
নিষিদ্ধমপি কর্ত্তব্যমিত্যাজ্ঞা পরমেশ্বরী। ১০॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুধর্ম্মোত্তরবচন।

ভাদ্রমাসের শুক্লা দ্বাদশীতে শ্রবণানক্ষত্রের যোগ হইলে উহা মহতী দ্বাদশী হইয়া থাকে। উহাতে উপবাস করিলে মহাফল হয়। যদি ঐ দ্বাদশী বুধবার ও শ্রবণানক্ষত্রযুক্ত হয়, তাহা হইলে অতিশয় মহতী বলিয়া কীর্ত্তিত হয়॥ ১॥

দ্বাদশী বা একাদশীতে শ্রবণার যোগ হইলেই, তাহাতে উপবাস করিবে; আর যদি তিনটী একত্র মিশ্রিত হয়, তবে তাহাকে বিষ্ণুশৃঙ্খলযোগ বলে। (এখানে তাৎপর্য্য এই যে যদি দ্বাদশীতে শ্রবণার যোগ হয়; তবে সমর্থ, অসমর্থ সকলেই দ্বাদশীতে উপবাস করিবেন। আর যদি একাদশীতে শ্রবণার যোগ হয় এবং দ্বাদশীতে শ্রবণা না থাকে, তবে সমর্থ, অসমর্থ সকলেই একাদশীতে উপবাস করিবেন। কিন্তু যদি তিথিক্ষয় নিবন্ধন এক দিনেই দ্বাদশী, একাদশী ও শ্রবণা হয় তাহা হইলে উহাকে বিষ্ণুশৃঙ্খল যোগ বলে, কেননা বিষ্ণু ঐ তিনেরই দেবতা এবং এই তিনটী শৃঙ্খলের ন্যায় গ্রথিত হয়। এ নিমিত্ত ইহাতেই উপবাস করিতে হয়)॥ ২॥

দ্বাদশীতে শ্রবণার যোগ হইলে, সেইদিনে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করা কর্ত্তব্য॥ ৩॥

পূর্ব্বদিবস একাদশী যদি শুদ্ধা হয় এবং পরদিবস দ্বাদশীতে যদি শ্রবণা থাকে, তবে সমর্থ ব্যক্তি দুইটী ব্রতই করিবেন॥ ৪॥

দুইটী উপবাসে অক্ষম হইলে, একাদশীতে ভোজন করিয়া শ্রবণা দ্বাদশীতে উপবাস করিবেন ॥ ৫ ॥

শ্রবণানক্ষত্রযুক্ত দ্বাদশীতে উপবাস করিলে একাদশীর উপবাসের ফলও প্রাপ্ত হইবে, ইহাতে সংশয় নাই ॥ ৬ ॥

তিথি ও নক্ষত্রের যোগ যদি অত্যল্পও হয়, তবে তাহাই প্রশস্ত, পণ্ডিতব্যক্তি তাহাতেই উপবাস করিবেন ॥ ৭ ॥

(প্রথম বিষ্ণুশৃঙ্খলযোগ।)

শ্রবণাস্পৃষ্টা দ্বাদশী যদি একাদশীকে স্পর্শ করে অর্থাৎ ব্রতবিহিত একাদশী দিনে যদি শ্রবণাস্পৃষ্টা দ্বাদশীর যোগ হয়, তবে ঐ বৈষ্ণবযোগকে বিষ্ণুশৃঙ্খল বলা যায়। ঐ দিনে যথাবিধি উপবাস করিলে, মানব নিখিল পাপমুক্ত হইয়া পুনর্জ্জন্মরহিতকারী অত্যুত্তমা সিদ্ধি প্রাপ্ত হয় ॥ ৮ ॥

পারণ দিবসে তিথি ও নক্ষত্র উভয়ের আধিক্য হইলে, তিথির আধিক্যে নক্ষত্রান্তে পারণ করিবে। নক্ষত্রের আধিক্য হইলে তিথি মধ্যে পারণ করিবে, যেহেতু দ্বাদশী লঙ্ঘনে বহু বহু দোষ লিখিত হইয়াছে। এইরূপ তিথি নক্ষত্র রাত্রি পর্য্যন্ত ব্যাপিয়া থাকিলে, দিবান্তেই পারণ করিবে,. কারণ রাত্রে পারণ নিষিদ্ধ ইহা অন্যত্র নির্দ্দিষ্ট আছে। তথাপি সন্দেহ হইলে দ্বাদশীতে চরণামৃত গ্রহণ করিবে, যেহেতু চরণামৃত-পানে পারণা পূর্ণ হইয়া থাকে ॥ ৯ ॥

(দ্বিতীয় বিষ্ণুশৃঙ্খলযোগ।)

একাদশী, দ্বাদশী ও শ্রবণানক্ষত্র এই তিনটী যদি এক দিনে হয়, তবে তাহাকে বিষ্ণুশৃঙ্খল কহে, ইহা দ্বারা হরিসাযুজ্য লাভ হয়। এই বিষ্ণু-শৃঙ্খলে উপবাস করিলে শ্বেতদ্বীপে গতি লাভ হয়। ইহাতে দ্বাদশীতে উপবাসী থাকিয়া ত্রয়োদশীতে পারণ করিবে। যদিও ত্রয়োদশীতে পারণ

নিষিদ্ধ, তথাপি পরমেশ্বরের আজ্ঞা হেতু মহাদ্বাদশীরূপ বৈষ্ণবব্রতে ত্রয়োদশীতে পারণ বিহিত ॥ ১০ ॥

উপবাসের পূর্ব্বদিনকৃত্য।

প্রাতঃস্নানাদিকং কৃত্বা সুবেশো ধৌতবস্ত্রকঃ।
ব্রতং সংকল্প্য কুর্ব্বীত বৈষ্ণবৈশ্চ মহোৎসবং ॥ ১ ॥
দশমীদিনমারভ্য করিষ্যেহহং ব্রতং তব।
ত্রিদিনং দেবদেবেশ ! নির্ব্বিঘ্নং কুরু কেশব ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাস

প্রাতর্হরিদিনং লোকাস্তিষ্ঠধ্বং চৈকভোজনাঃ।
অক্ষারলবণাঃ সর্ব্বে হবিষ্যান্ননিষেবিণঃ।
অবনী-তল্পশয়নাঃ প্রিয়াসঙ্গ-বিবর্জ্জিতাঃ।
স্মরধ্বং দেবমীশানং পুরাণং পুরুষোত্তমং।
সকৃদ্ভোজনসংসক্তা দ্বাদশ্যাঞ্চ ভবিষ্যথ ॥ ৩ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপুরাণবচন।

তিলমুদ্গাদৃতে শস্যং শম্য-গোধূম-কোদ্রবাঃ।
চণকং দেবধান্যঞ্চ এষ ক্ষারগণঃ স্মৃতঃ ॥ ৪ ॥
হৈমন্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গা যবাস্তিলাঃ।
কলায়-কঙ্গু-নীবারা বাস্তূকং হিলমোচিকা।
ষষ্টিকা কালশাকঞ্চ মূলকং কেমুকেতরৎ।
কন্দং সৈন্ধবসামুদ্রে গব্যে চ দধিসর্পিষী।
পয়োহনুদ্ধৃতসারঞ্চ পনসাম্রে হরীতকী।
পিপ্পলী জীরকঞ্চৈব নাগরঙ্গঞ্চ তিন্তিড়ী।

কদলী-লবলী-ধাত্রী-ফলান্যগুড়মৈক্ষবং।
অতৈলপক্বং মুনয়ো হবিষ্যাণি প্রচক্ষতে॥ ৫॥

শ্রীহরিভক্তিবিলাস।

কাংস্যং মাংসং মসূরঞ্চ ক্ষৌদ্রঞ্চানৃতভাষণং।
পুনর্ভোজনমায়াসং দশম্যাং পরিবর্জ্জয়েৎ॥ ৬॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

কাংস্যং মাসং সুরাং ক্ষৌদ্রং তৈলং বিতথভাষণং।
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বাপঞ্চ মৈথুনং।
শিলাপিষ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি সন্ত্যজেৎ॥ ৭॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত মৎস্যপুরাণবচন।

দশম্যামেকভক্তন্তু কুর্ব্বীত নিয়তেন্দ্রিয়ঃ।
আচম্য দন্তকাষ্ঠন্তু খাদয়েত্তদনন্তরং॥ ৮॥

শ্রীহরিভক্তিবিলাস।

প্রাতঃস্নানান্তর সন্ধ্যাহ্নিকাদি নিত্যকৃত্য সমাপন করিয়া ক্ষৌরকার্য্য বিধানান্তে ও ধৌত বস্ত্র ধারণ করতঃ ভক্তগণের সহিত মহোৎসব-বিধান পূর্ব্বক (অর্থাৎ শ্রীভগবন্মন্দির মার্জ্জনা ও পতাকাদি দ্বারা সুশোভিত করিয়া সিংহাসনোপরি প্রভুকে স্থাপন পূর্ব্বক মহতী পূজা করতঃ ও বৈষ্ণব-গণকে আহ্বান পূর্ব্বক সম্মানাদি করিয়া তাঁহাদের সহিত নৃত্যগীতাদি করতঃ) ব্রতের নিমিত্ত সঙ্কল্প করিবে॥ ১॥

হে দেবদেবেশ! হে কেশব! আমি দশমীদিন হইতে আরম্ভ করিয়া তিন দিবস আপনার ব্রত করিব, আমার ব্রতের বিঘ্ন নাশ করুন॥ ২॥

নারদপুরাণে এইরূপ ঘোষণার বিষয় লিখিত আছে যে, হে মানবগণ! অদ্য হরিবাসরের প্রভাতকাল, অদ্য সকলে একবারমাত্র ভোজন কর, ক্ষার সেবন করিও না, হবিষ্যান্ন ভোজন কর, ভূতলে শয়ন কর, স্ত্রীসঙ্গ

করিও না, পুরাণপুরুষ দেবদেব জনার্দ্দনকে স্মরণ কর এবং দ্বাদশীদিনে একবারমাত্র ভোজন করিও ॥ ৩ ॥

তিল ও মুগ ব্যতীত শস্য, শমী ধান্য, গোধূম (গম), কোদ্রব (কোঁদো ধান), চণক (ছোলা), ও দেবধান্য (দেধান) এই সমস্ত ক্ষার বলিয়া কথিত ॥ ৪ ॥

হৈমন্তিক শুক্ল ধান্যের অসিদ্ধ অর্থাৎ আতপ তণ্ডুল, মুগ, যব, তিল, কলায় (মটর), কঙ্গু (কাঙ্‌নি বা কাওন), নীবার (উড়িধান্য), বাস্তুক (বেতোশাক) হিলমোচিকা (হিঞ্চা বা হেলাঞ্চা শাক), ষষ্টিকা (ষাইটা ধান), কালশাক (কালকাশিন্দা শাক), কেঁউ ব্যতীত অন্যান্য মূল, কন্দ, সৈন্ধব লবণ, সামুদ্রিক লবণ, গব্যদধি, গব্যঘৃত, যাহার নবনী উদ্ধৃত হয় নাই এরূপ দুগ্ধ, পনস (কাঁঠাল), আম্র, হরীতকী, পিপ্পলী (পিঁপুল), জীরক (জীরা), নাগরঙ্গ (নারাঙ্গা নেবু), তেঁতুল, কলা, লবলী (নোয়াড়ী ফল), আমলকী, গুড় ব্যতীত ইক্ষুবিকার (আকের চিনি, বাতাসা প্রভৃতি, কিন্তু আকের গুড় নহে) এবং যাহা তৈল দ্বারা পাক করা নহে অর্থাৎ ঘৃতপক্ক দ্রব্য, এই সমস্তকে ঋষিগণ হবিষ্য বলিয়াছেন ॥ ৫ ॥

কাংস্যপাত্র, মাংস, মসূর, মধু, মিথ্যাকথা, পুনর্ভোজন ও পরিশ্রম এইগুলি দশমীতে বর্জ্জন করিবে ॥ ৬ ॥

কাংস্যপাত্র, মাংস, মদ্য, মধু, তৈল, মিথ্যাকথা, ব্যায়াম, প্রবাস, দিবা-নিদ্রা, স্ত্রীসঙ্গ, শিলাপিষ্ট অর্থাৎ প্রস্তর দ্বারা পেশন করা দ্রব্য ও মসূর এই দ্বাদশটী দশমীতে ত্যাগ করিবে ॥ ৭ ॥

দশমীতে সংযতেন্দ্রিয় হইয়া একবারমাত্র ভোজন, তৎপরে আচমন ও তৎপরে দন্তধাবন করিবে ॥ ৮ ॥

(এই একবার মাত্র ভোজন দিবসের অর্দ্ধভাগ অতীত হইলে করিতে হয়।)

(দশমীতে যাহা বর্জ্জন করা কর্ত্তব্য, সে সমস্ত যে একাদশীতেও সর্ব্বথা বর্জ্জনীয় একথা বলা বাহুল্য মাত্র।)

উপবাসদিন-কৃত্য।

প্রাতঃ স্নাত্বার্চ্চয়িত্বা চ ভগবন্তং যথাবিধি।
তাম্রপাত্রং সমাদায় ব্রতসঙ্কল্পমাচরেৎ॥
একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি।
ভোক্ষ্যামি পুণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুত॥
উচ্চারয়ন্নিমং মন্ত্রং শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ।
পুষ্পাঞ্জলিং সমর্প্যাথ মন্ত্রপূতং জলং পিবেৎ॥
অষ্টাক্ষরেণ মন্ত্রেণ ত্রিজপ্তেনাভিমন্ত্রিতং।
উপবাসফলং প্রেপ্সুঃ পিবেত্তোয়ং সমাহিতঃ॥
দশম্যাং চার্দ্ধরাত্রোপর্য্যনুবৃত্তৌ পুরঃসরান্।
একাদশ্যাশ্চতুর্যামান্ হিত্বা সঙ্কল্পমাচরেৎ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাস।

উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ।
উপবাসঃ স বিজ্ঞেয়ঃ সর্ব্বভোগ-বিবর্জ্জিতঃ॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাস।

পুষ্পালঙ্কারবস্ত্রাণি গন্ধধূপানুলেপনং।
উপবাসে চ দুষ্যন্তি দন্তধাবনমঞ্জনং॥ ৩॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত ব্যাসদেবোক্তি।

অসত্যভাষণং দ্যূতং দিবাস্বাপঞ্চ মৈথুনং।
একাদশ্যাং ন কুর্ব্বীত উপবাসপরো নরঃ॥ ৪॥

ঐ শাতাতপ।

পাষণ্ডিভিরসংস্পর্শমসম্ভাষণমেব চ।
বিষ্ণোরারাধনপরৈরেতৎ কার্য্যমুপোষিতৈঃ॥ ৫॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরবচন।

তস্যাবলোকনাৎ সূর্য্যং পশ্যেত মতিমান্নরঃ ॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুপুরাণবচন।

সংস্পর্শে চ বুধঃ স্নাত্বা শুচিরাদিত্যদর্শনাৎ।

সম্ভাষ্য তান্ শুচিষদং চিন্তয়েদচ্যুতং বুধঃ॥ ৭ ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

তজ্জপ্যং তজ্জপধ্যানং তৎকথাশ্রবণাদিকং।

তদর্চ্চনঞ্চ তন্নামকীর্ত্তনশ্রবণাদয়ঃ।

উপবাসকৃতা হ্যেতে গুণাঃ প্রোক্তা মনীষিভিঃ॥ ৮ ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তর।

দন্তধাবন-তাম্বূল-দিবাস্বাপাক্ষ-মৈথুনাৎ।

অসকৃজ্জলপানাচ্চ নোপবাসফলং লভেৎ॥ ৯ ॥

ঐ দেবল।

বিনা জাগরণং গৌরি! বিষ্ণোর্দিনফলং ন হি॥ ১০ ॥

ঐ স্কন্দপুরাণ।

বৈষ্ণবান্ জাগরেঽভ্যর্চ্চ্য তীর্থং শঙ্খোদকান্বিতং।

তেভ্যো দত্ত্বা স্বয়ং প্রাশ্য বিদ্বান্ স্তোত্রাদিকং পঠেৎ॥

পুরাণাদি ততঃ শ্রুত্বা গীতনৃত্যাদিকং স্বয়ং।

কুর্য্যাৎ পশ্যেচ্চ পারক্যং বারয়েন্ন হসেন্ন চ॥ ১১ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

নিবারয়তি যো গীতং নৃত্যং জাগরণে হরেঃ।

ষষ্টি-যুগসহস্রাণি পচ্যতে রৌরবাদিষু॥ ১২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

যমেন সূচিতং তস্য নরকং যাতনাকুলং।

মুখং ন তস্য দ্রষ্টব্যং যেন দৃষ্টো ন জাগরঃ॥ ১৩ ॥

শৃণু নারদ বক্ষ্যামি জাগরস্য তু লক্ষণং।

যেন বিজ্ঞাতমাত্রেণ দুর্ল্লভো ন জনার্দ্দনঃ॥

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ পুরাণপঠনন্তথা।
ধূপং দীপঞ্চ নৈবেদ্যং পুষ্পগন্ধানুলেপনং।
ফলমর্ঘ্যঞ্চ শ্রদ্ধা চ দানমিন্দ্রিয়নিগ্রহঃ।
সত্যান্বিতং বিনিদ্রঞ্চ মুদ্রাযুক্তং ক্রিয়ান্বিতং।
সাশ্চর্য্যঞ্চৈব সোৎসাহং পাপালস্যাদিবর্জ্জিতং।
প্রদক্ষিণাভিঃ সংযুক্তং নমস্কারপুরঃসরং।
নীরাজনসমাযুক্তমনির্ব্বিণ্ণেন চেতসা।
যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেঃ।
এতৈর্গুণৈঃ সমাযুক্তং কুর্য্যাজ্জাগরণং হরেঃ॥ ১৪॥
অভাবে বাচকস্যাথ গীতং নৃত্যঞ্চ কারয়েৎ।
বাচকে সতি দেবেশি পুরাণং প্রথমং পঠেৎ॥ ১৫॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

সর্ব্বাবস্থোঽপি যঃ কুর্য্যাদ্দ্বাদশ্যাং জাগরং হরেঃ।
যামৈকৈকেন দহতে পাপং জন্মসহস্রজং॥
সংপ্রাপ্তে বাসরে বিষ্ণোর্যে ন কুর্ব্বন্তি জাগরং।
ভ্রশ্যতে সুকৃতং তেষাং বৈষ্ণবানাঞ্চ নিন্দয়া॥
যঃ প্রবোধয়তে লোকান্ বিষ্ণুজাগরণে ততঃ।
বসেচ্চিরন্তু বৈকুণ্ঠে পিতৃভিঃ সহ বৈষ্ণবঃ॥
কামার্থসম্পদঃ পুত্রাঃ কীর্ত্তির্লোকশ্চ শাশ্বতঃ।
যজ্ঞাযুতৈর্ন লভ্যেত দ্বাদশীজাগরং বিনা॥ ১৬॥
ততঃ প্রভাতে ভগবদ্রাত্রিক্রীড়ারসাত্মিকাং।
কৌশিকীং প্রমুদা গায়েচ্ছ্রীকৃষ্ণপরিতোষণীং॥ ১৭॥

শ্রীহরিভক্তিবিলাস।

প্রাতঃকালে যথাবিধি স্নান ও ভগবানের পূজা করিয়া তাম্রপাত্র গ্রহণ পূর্ব্বক ব্রতের সঙ্কল্প করিবে। (তাম্রপাত্রের অভাবে কেবলমাত্র সঙ্কল্প করিবে)। হে পুণ্ডরীকাক্ষ! হে অচ্যুত! আমি একাদশীতে উপবাসী থাকিয়া পর দিবস ভোজন করিব, আপনি আমার আশ্রয় হউন। এই মন্ত্র উচ্চারণ করিয়া শ্রীকৃষ্ণচরণে পুষ্পাঞ্জলি প্রদান পূর্ব্বক মন্ত্রপূত জল পান করিবে। উপবাসফলাকাঙ্ক্ষী ব্যক্তি সমাহিতচিত্তে তিনবার অষ্টাক্ষর মন্ত্রে অভিমন্ত্রিত জল পান করিবে। অর্দ্ধরাত্রির পর যদি দশমী থাকে, তাহা হইলে একাদশীর পূর্ব্ব-প্রহর-চতুষ্টয় বর্জ্জন করিয়া সঙ্কল্প করিবে ॥ ১ ॥

সমস্ত পাপ হইতে নিবৃত্ত হইয়া গুণের সহিত মানবের অবস্থিতির নাম উপবাস। এই উপবাসে সমস্ত ভোগের বর্জ্জন জানিতে হইবে ॥ ২ ॥

পুষ্প, অলঙ্কার, বস্ত্র, গন্ধ, ধূপ, অনুলেপন, দন্তধাবন, ও অঞ্জন এই সমস্ত উপবাসে দূষণীয়, অতএব এই ভোগ সকল ত্যাগ করিবে ॥ ৩ ॥

উপবাস-পরায়ণ ব্যক্তি মিথ্যা-কথন, দ্যূতক্রীড়া, দিবানিদ্রা ও মৈথুন এই সকল ত্যাগ করিবেন ॥ ৪ ॥

বিষ্ণুপূজাপরায়ণ মানব উপবাস করিয়া পাষণ্ডকে স্পর্শ বা তাহার সহিত আলাপ করিবেন না ॥ ৫ ॥

যদি পাষণ্ডের দর্শন ঘটে, তবে ধীমান্ ব্যক্তি সূর্য্য দর্শন করিবেন ॥ ৬ ॥

পাষণ্ডীর সহিত সংস্পর্শ হইলে পণ্ডিত ব্যক্তি স্নানান্তে পবিত্র হইয়া সূর্য্য দর্শন করিবেন এবং তাহাদের সহিত আলাপ করা হইলে পরমপাবন শ্রীহরিকে ধ্যান করিবেন ॥ ৭ ॥

শ্রীভগবানের মন্ত্র বা নামজপ, তাঁহার ধ্যান এবং তৎকথা-শ্রবণাদি, উপবাসকৃত এই সমস্ত গুণ পণ্ডিতগণ কর্ত্তৃক কীর্ত্তিত হইয়াছে ॥ ৮ ॥

দন্তধাবন, তাম্বূলভোজন, দিবানিদ্রা, মৈথুন ও বারম্বার জলপান এই সমস্ত দ্বারা উপবাসের ফল নষ্ট হয় ॥ ৯ ॥

হে গৌরি! রাত্রি জাগরণ না করিলে একাদশীর ফল লাভ হয় না ॥১০॥

সুধীব্যক্তি জাগরণকালে বৈষ্ণবগণের পূজা করিয়া শঙ্খে চরণামৃত গ্রহণ করতঃ তাঁহাদিগকে প্রদান করিবেন এবং স্বয়ং কিঞ্চিৎ পান করিয়া স্তোত্রাদি পাঠ করিবেন। তৎপরে পুরাণাদি শ্রবণ করিয়া নৃত্যগীতাদি করিবেন, অথবা অন্য লোকে করিতেছে তাহা দর্শন করিবেন, কিন্তু কদাচ নিষেধ বা উপহাস করিবেন না ॥ ১১ ॥

শ্রীহরির জাগরণে গীত বা নৃত্য নিবারণ করিলে ষষ্টি-যুগসহস্রকাল রৌরবাদি নরকে পচিতে হয় ॥ ১২ ॥

যে ব্যক্তি শ্রীহরির জাগরণ দর্শন না করে, ধর্ম্মরাজ তাহার জন্য 'যাতনা-ময় নরক স্থির করিয়া রাখেন, কদাচ তাহার মুখদর্শন করিবে না ॥ ১৩ ॥

হে নারদ! জাগরণের নিয়ম বলিতেছি, শ্রবণ কর। ইহা অবগত হইবামাত্র শ্রীহরিকে অনায়াসে লাভ করা যায়। হে মহাভাগ! শ্রীহরির জাগরণে একান্তচিত্তে প্রহরে প্রহরে গীত, বাদ্য, নৃত্য, পুরাণপাঠ; ধূপ, দীপ, নৈবেদ্য, ফল ও অর্ঘ্য সমর্পণ; শ্রদ্ধা-প্রদর্শন, দান, ইন্দ্রিয়সংযম, সত্যনিষ্ঠা, নিদ্রাহীনতা, আনন্দ-প্রকাশ, ক্রিয়ানুষ্ঠান, চমৎকারিতা, উৎসাহ, পাপত্যাগ, আলস্যবর্জ্জন, প্রদক্ষিণ, নমস্কার, নীরাজন এবং আরাত্রিক-করণ এই ষড়বিংশ-গুণযুক্ত হইয়া শ্রীহরির জাগরণ করিবে ॥ ১৪ ॥

বাচকের অভাব হইলে, নৃত্যগীত করাইবে। কিন্তু হে দেবেশি! বাচক থাকিলে প্রথমে পুরাণপাঠ করাইবে ॥ ১৫ ॥

যিনি সর্ব্বাবস্থাতেই হরির দ্বাদশীতে জাগরণ করেন, প্রতি প্রহরে তাঁহার সহস্রজন্মের পাপ ভস্মীভূত হইয়া যায়। শ্রীহরিবাসর সমাগত হইলে যাহারা জাগরণ না করে, বৈষ্ণবনিন্দা দ্বারা যেমন পুণ্যের ক্ষয় হয়, তদ্রূপ তাহা-দেরও পুণ্যরাশি বিনাশ প্রাপ্ত হয়। যিনি বিষ্ণুর জাগরণে লোক সকলকে প্রবর্ত্তিত করেন, সেই বৈষ্ণব চিরকাল পিতৃলোক সহ বৈকুণ্ঠে বাস করেন।

শ্রীহরির জাগরণ ব্যতীত অযুত অযুত যজ্ঞ দ্বারাও কাম, অর্থ, সম্পদ, পুত্র, যশঃ ও চিরস্থায়িনী পারলৌকিকী গতি, এ সকল কিছুই লাভ হয় না ॥ ১৬ ॥

জাগরণে প্রভাতে শ্রীভগবানের নিশাকালীন শৃঙ্গাররসাত্মিকা-রাসাদি-ক্রীড়াবিষয়ক গীত অর্থাৎ গীতগোবিন্দে বর্ণিত "রজনি-জনিত-গুরু-জাগর-রাগ" ইত্যাদি পদ সকল শ্রীকৃষ্ণপ্রীত্যর্থে গান করিবেন ॥ ১৭ ॥

পারণদিন-কৃত্য।

মঙ্গলারাত্রিকং কৃত্বাভ্যর্চ্চ্য প্রস্থাপ্য বৈষ্ণবান্।
প্রাতঃ পূজাঞ্চ নিষ্পাদ্য কৃষ্ণে তৎ সর্ব্বমর্পয়েৎ। ১ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

অজ্ঞানতিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত কাত্যায়নোক্তি।

স্নানং ন হরয়ে দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা।
পক্ষপূজাফলং সর্ব্বং বাস্কলায়োপগচ্ছতি ॥ ৩ ॥

ঐ ত্রৈলোক্যমোহনপঞ্চরাত্র।

অতো দিবা নিষিদ্ধত্বাদ্রজন্যাং স্নাপয়েৎ প্রভুং।
পবিত্রাদমনদ্বাদশ্যুৎসবে তু ন নিশ্যপি ॥ ৪ ॥
নিত্যকৃত্যং সমাপ্যাথ শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ।
কুর্ব্বীত দ্বাদশীমধ্যে তুলসীং প্রাশ্য পরাণং ॥ ৫ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

কৃত্বা চৈবোপবাসন্ত যোঽশ্নাতি দ্বাদশীদিনে।
নৈবেদ্যং তুলসীমিশ্রং পাপকোটিবিনাশনং ॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

পারণাহনি সম্প্রাপ্তে দ্বাদশীং যো ব্যতিক্রমেৎ।
ত্রয়োদশ্যান্তু ভুঞ্জানঃ শতজন্মানি নারকী ॥ ৭ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতং।
ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাৎ দ্বাদশদ্বাদশীক্ষয়াৎ। ৮ ॥

ঐ কূর্ম্মপুরাণ।

অল্পা চেদ্দ্বাদশী কুর্য্যান্নিত্যকর্ম্মারুণোদয়ে।
অত্যল্পা চেন্নিশীথোর্দ্ধমামধ্যাহ্নিকমেব তৎ ॥ ৯ ॥

ঐ দেবীরহস্য।

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশী যদি দৃশ্যতে।
স্নানার্চ্চনাদিকং কর্ম্ম তদা রাত্রৌ বিধীয়তে ॥
কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেব হি।
আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ শম্ভুশাসনাৎ ॥
অশক্ত্যা সঙ্কটে প্রাপ্তে পারণং বারিণা চরেৎ।
তদ্ধি নৈবাশিতং নৈবানশিতঞ্চ বিদুর্ব্বুধাঃ ॥ ১০ ॥

ঐ স্কন্দপুরাণ।

মন্ত্রং জপিত্বা হরয়ে নিবেদ্যোপষণং ব্রতী।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ সঙ্কটে বিষমে সতি ॥ ১১ ॥
দ্বাদশী-পূর্ব্বপাদীয়স্তত্র চেদ্ধরিবাসরঃ।
দ্বাদশ্যাধিক্যতস্তিষ্ঠেৎ পারণং তত্র নাচরেৎ ॥ ১২ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত কাত্যায়নোক্তি।

ক্ষৌদ্রং মাংসং সুরাং তৈলং ব্যায়ামং ক্রোধমৈথুনে।
পরান্নং কাংস্যতাম্বূলে লোভং নির্ম্মাল্যলঙ্ঘনং।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥ ১৩ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত স্কন্দপুরাণবচন।

কাংস্যং মাংসং সুরাং তৈলং ক্ষৌদ্রং লোভং বিতথভাষণং।
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বপ্নমথাঞ্জনং।
শিলাপিষ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি বৈষ্ণবঃ।
দ্বাদশ্যাং বর্জ্জয়েন্নিত্যং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ১৪॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মাণ্ডপুরাণবচন।

একাদশী-জাগরণের প্রাতঃকালে মঙ্গল আরত্তি করিয়া বৈষ্ণবদিগকে মহাপ্রসাদ দিয়া সম্মানপূর্ব্বক বিদায় দিবেন। অনন্তর প্রাতঃকালীন পূজা সমাধা করিয়া উপাসনাদি শ্রীকৃষ্ণে সমর্পণ করিবেন॥ ১॥

ব্রত সমর্পণ মন্ত্র যথা :—

হে কেশব! আমি অজ্ঞানতিমিরে অন্ধ হইয়াছি, এই ব্রত দ্বারা আপনি অনুকূল হইয়া আমাকে জ্ঞান-চক্ষু প্রদান করুন॥ ২॥

দ্বাদশীতে দিবাভাগে শ্রীহরিকে স্নান করাইতে নাই, করাইলে একপক্ষের সমস্ত পূজা বাস্কল দানবে উপস্থিত হয়॥ ৩॥

অতএব দিবাভাগে নিষেধ হেতু দ্বাদশীর রাত্রিতে প্রভুকে স্নান করাইবে, কিন্তু পবিত্রারোপণ এবং দমনকারোপণেব দ্বাদশী উৎসবের রাত্রিতেও স্নান করাইতে নাই॥ ৪॥

নিত্যকৃত্য সমাপন করিয়া স্বীয় ক্ষমতানুসারে ব্রাহ্মণদিগকে ভোজন করাইবেন, তৎপরে অগ্রে তুলসী ভক্ষণ করিয়া দ্বাদশীতে পারণ করিবেন।৫॥

যিনি উপবাস করিয়া দ্বাদশীদিনে তুলসীমিশ্র নৈবেদ্য ভক্ষণ করেন তাঁহার কোটি কোটি পাপ বিনষ্ট হয়॥ ৬॥

পারণদিন উপস্থিত হইলে যে ব্যক্তি দ্বাদশী লঙ্ঘন করিয়া ত্রয়োদশীতে ভাজন করে, তাহাকে শত জন্ম নরকভোগ করিতে হয়॥ ৭॥

একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতেই পারণ করিবে, ত্রয়োদশীতে করিবে না, করিলে দ্বাদশ দ্বাদশীর পুণ্য নষ্ট হয়॥ ৮॥

পারণদিনে দ্বাদশী যদি অল্পমাত্র থাকে, তবে অরুণোদয়কালে নিত্যকর্ম্ম সমাপন করিবেন, তদপেক্ষাও অল্প থাকিলে, মধ্যাহ্নকাল পর্য্যন্ত যে সমস্ত কার্য্য করিতে হয়, তৎ সমুদয় নিশীথ অর্থাৎ মধ্যরাত্রির পরে করিবেন ॥ ৯ ॥

দ্বাদশী যখন দুই কলা বা তিন কলা থাকে, তখন রাত্রিতে স্নানার্চ্চনাদি কার্য্য সকল সমাধা করিবে। দ্বাদশী যদি অর্দ্ধ কলা মাত্র থাকে, তাহা হইলে শ্রীমহাদেবের এইরূপ আদেশ যে মধ্যাহ্নকাল পর্য্যন্ত যে সমস্ত কর্ত্তব্য কর্ম্ম তাহা নিশীথকালের পরে করিবে। কিন্তু যথা সময়ের মধ্যে সমস্ত কার্য্য করিতে অক্ষম হইলে সঙ্কট উপস্থিত হইল, এরূপ স্থলে কার্য্য-সমাপনের পূর্ব্বে কেবল জল দ্বারা পারণ করিবে; পণ্ডিতগণ এইরূপ জলপানকে দ্বাদশীর পারণ সম্বন্ধে ভোজন ও নিত্যকর্ম্ম করণের পক্ষে অনশন বলিয়া জানেন ॥ ১০ ॥

বিষম সঙ্কট উপস্থিত হইলে, ব্রতী ব্যক্তি মন্ত্র জপ পূর্ব্বক হরিকে উপবাস নিবেদন করিয়া জল দ্বারা পারণ করিবেন ॥ ১১ ॥

দ্বাদশীর প্রথম পাদ হরিবাসর বলিয়া কথিত; উহাকে অতিক্রম করিয়া পারণ করা কর্ত্তব্য অর্থাৎ দ্বাদশীদিনে পঞ্চচত্বারিংশৎ (পঁয়তাল্লিশ) দণ্ডের ঊর্দ্ধ যত দণ্ড পল দ্বাদশী থাকে, আদিতে সেই দণ্ড পল ত্যাগ করতঃ পারণ করিবে ॥ ১২ ॥

বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীতে মধু, মাংস, মদ্য, তৈল, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, পরান্ন, কাংস্যপাত্র, তাম্বূল, লোভ ও নির্ম্মাল্য এই দ্বাদশটী বর্জ্জন করিবেন ॥ ১৩ ॥

বৈষ্ণব ব্যক্তি দ্বাদশীতে কাংস্যপাত্র, মাংস, মদ্য, মধু, লোভ, মিথ্যাভাষণ, ব্যায়াম, প্রবাস, দিবানিদ্রা, অঞ্জন, শিলাপিষ্ট দ্রব্য ও মসূর এই দ্বাদশটী পরিত্যাগ করিলে নিখিল পাতক হইতে মুক্ত হইবেন ॥ ১৪ ॥

নৃসিংহ-চতুর্দ্দশী।

বৈশাখে শুক্লপক্ষে তু চতুর্দ্দশ্যাং মহাতিথৌ।
নৃহরেরবতারাত্তাং যত্নতঃ সমুপোষয়েৎ।
মহাপুণ্যতমায়াঞ্চ সায়ং বিষ্ণুং প্রপূজয়েৎ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত আগমবচন।

স্বাতীনক্ষত্রযোগে তু শনিবারে হি মদ্ব্রতং।
সিদ্ধযোগস্য যোগে চ লভ্যতে দৈবযোগতঃ।
সর্ব্বৈরেতৈস্তু সংযুক্তৈর্হত্যাকোটিবিনাশনং॥
কেবলঞ্চ প্রকর্ত্তব্যং মদ্দিনং ফলকাঙ্ক্ষিভিঃ।
বৈষ্ণবৈর্ন তু কর্ত্তব্যা স্মরবিদ্ধাচতুর্দ্দশী॥ ২॥

ঐ বৃহন্নারসিংহপুরাণ।

বৈশাখমাসের শুক্লা চতুর্দ্দশী মহাতিথির (সন্ধ্যাকালে) শ্রীনৃসিংহদেব অবতীর্ণ হইয়াছিলেন বলিয়া এই মহা পুণ্যময়ী তিথিতে উপবাস করিয়া সন্ধ্যাকালে বিষ্ণুর পূজা করিবে॥ ১॥

শ্রীনৃসিংহদেব বলেন দৈবাৎ স্বাতীনক্ষত্রযুক্ত শনিবারে ও তাহাতে সিদ্ধিযোগের সংযোগে আমার ব্রত লাভ হইলে, ঐ ব্রত কোটিহত্যাজনিত পাপ বিনাশ করেন। তবে উক্ত যোগ না ঘটিলে ফলাকাঙ্ক্ষী ব্যক্তি কেবল শুদ্ধা চতুর্দ্দশীতে উপবাস করিবেন, কিন্তু বৈষ্ণবগণ ত্রয়োদশীবিদ্ধা চতুর্দ্দশীতে কদাচ উপবাস করিবেন না॥ ২॥

শ্রীজন্মাষ্টমীব্রত।

জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তং দ্বিজোত্তম।
ত্রৈলোক্যসম্ভবং পাপং ভুক্তমেব ন সংশয়ঃ॥
শ্রাবণে বহুলে পক্ষে কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
ন করোতি নরো যস্তু স ভবেৎ ক্রূররাক্ষসঃ॥

বর্ষে বর্ষে তু যা নারী কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
ন করোতি মহাপ্রাজ্ঞ ব্যালী ভবতি কাননে ॥ ১ ॥
যো ভুঙ্‌ক্তে চ বিমূঢ়াত্মা জয়ন্তীবাসরে নৃপ।
ন তস্য নরকোত্তারো দ্বাদশীং চ প্রকুর্ব্বতঃ ॥ ২ ॥
কৃষ্ণজন্মাষ্টমীং ত্যক্ত্বা যোঽন্যব্রতমুপাসতে।
নাপ্নোতি সুকৃতং কিঞ্চিদ্দৃষ্টং শ্রুতমথাপি বা ॥ ৩ ॥
ধনধান্যবহা পুণ্যা সর্ব্বপাপহরা শুভা।
সমুপোষ্যা নরৈর্যত্নাজ্জয়ন্তী কৃষ্ণভক্তিদা ॥ ৪ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বিষ্ণুরহস্যবচন।

সম্পর্কেণাপি যঃ কুর্য্যাৎ কশ্চিজ্জন্মাষ্টমীব্রতং।
বিষ্ণুলোকমবাপ্নোতি সোঽপি পার্থঃ ন সংশয়ঃ ॥ ৫ ॥

ঐ ভবিষ্যোত্তর।

ন বেদৈর্ন পুরাণৈশ্চ ময়া দৃষ্টং মহামুনে।
যৎ সমঞ্চাধিকং বাপি কৃষ্ণজন্মাষ্টমীব্রতাৎ ॥ ৬ ॥

ঐ স্কন্দপুরাণ।

রোহিণীসহিতা কৃষ্ণা মাসি ভাদ্রপদেঽষ্টমী।
অর্দ্ধরাত্রাদধশ্চোর্দ্ধং কলয়াপি যদা ভবেৎ।
অত্র জাতো জগন্নাথঃ কৌস্তুভী হরিরব্যয়ঃ।
তমেবোপবসেৎ কালং কুর্য্যাৎ তত্রৈব জাগরং।
জয়ন্তী নাম সা রাত্রিস্তত্র জাতো জনার্দ্দনঃ।
নিয়তাত্মা শুচিঃ স্নাত্বা পূজাং অত্র প্রবর্ত্তয়েৎ ॥ ৭ ॥

ঐ ভবিষ্যপুরাণ ও বিষ্ণুধর্ম্মোত্তর।

প্রেতযোনিং গতানান্তু প্রেতত্বং নাশিতং নরৈঃ।
যৈঃ কৃতা শ্রাবণে মাসি অষ্টমী রোহিণীযুতা ॥

কিং পুনর্বুধবারেণ সোমেনাপি বিশেষতঃ।
কিং পুনর্নবমীযুক্তা কুলকোট্যাস্তু মুক্তিদা ॥ ৮ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

উদয়ে চাষ্টমী কিঞ্চিন্নবমী সকলা যদি।
ভবতে বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষসংযুতা।
অপি বর্ষশতেনাপি লভ্যতে বা ন বা বিভো ॥ ৯ ॥
ইন্দুঃ পূর্ব্বেঽহনি জ্ঞে বা পরে চেদ্রোহিণীযুতা।
কেবলা চাষ্টমী বৃদ্ধা সোপোষ্যা নবমীযুতা ॥ ১০ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

পূর্ব্ববিদ্ধা যথা নন্দা বর্জ্জিতা শ্রবণান্বিতা।
তথাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাঞ্চ বিবর্জ্জয়েৎ ॥
জন্মাষ্টমীং পূর্ব্ববিদ্ধাং সঋক্ষাং সকলামপি।
বিহায় নবমীং শুদ্ধামুপোষ্য ব্রতমাচরেৎ ॥ ১১ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

শুদ্ধা চ রোহিণীযুক্তা পূর্ব্বেঽহনি পরত্র চ।
অষ্টম্যুপোষ্যা পূর্ব্বৈব তিথিভান্তে চ পারণং ॥ ১২ ॥
শুদ্ধায়াঃ কেবলায়াশ্চাষ্টমীবৃদ্ধৌ তু পারণং।
তিথ্যন্তে ভেঽধিকে ভান্তে দ্বিবৃদ্ধৌ চৈকভেদতঃ ॥ ১৩ ॥
ব্রতসাধারণত্বাচ্চ সপ্তম্যাদি-দিনত্রয়ে।
কর্ত্তব্যা নিয়মা সর্ব্বে দশম্যাদি-দিনেষ্বেব ॥ ১৪ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

হে দ্বিজরাজ! জন্মাষ্টমীদিনে আহার করিলে ত্রিভুবনস্থ নিখিল পাতক ভোজন করা হয় সন্দেহ নাই। যে মানব শ্রাবণী কৃষ্ণপক্ষে জন্মাষ্টমীব্রত না করে, সে ক্রূররাক্ষস হয়। যে সধবা নারীও প্রতিবৎসর জন্মাষ্টমীব্রত না করে, সে বনমধ্যে সর্পিণী হয় ॥ ১ ॥

হে নৃপ! যে ব্যক্তি মোহবশতঃ জয়ন্তীদিনে আহার করে, একাদশীব্রত করিলেও তাহার নরক হইতে পরিত্রাণ নাই॥ ২॥

জন্মাষ্টমীব্রত পরিত্যাগ করিয়া যে ব্যক্তি অন্য ব্রতের অনুষ্ঠান করে, তাহার দর্শন কি শ্রবণ জনিত কোন পুণ্যই লাভ হয় না॥ ৩॥

জয়ন্তী অর্থাৎ জন্মাষ্টমীতে উপবাস করিলে, ঐ তিথি ধন, ধান্য ও পুণ্য প্রদান করেন, নিখিল পাতক হরণ করেন, মঙ্গল করেন এবং কৃষ্ণভক্তি প্রদান করেন॥ ৪॥

প্রসঙ্গক্রমেও যদি কেহ জন্মাষ্টমীব্রত করেন, তবে তিনি বিষ্ণুলোক প্রাপ্ত হইবেন॥ ৫॥

ব্রহ্মা কহিলেন হে নারদ। জন্মাষ্টমীব্রত করিলে যে ফল হয়, তাহার সমান বা অধিক ফল আমি বেদপুরাণে দৃষ্টি করি নাই॥ ৬॥

ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমীতে অর্দ্ধরাত্রের পরে বা পূর্ব্বে কলামাত্র রোহিণীর যোগ হইলে তাহাতেই কৌস্তুভধারী অব্যয় জগন্নাথ হরির জন্ম জানিতে হইবে। উহাতেই উপবাস ও জাগরণ করিতে হয়। ঐ রাত্রির নাম জয়ন্তী, উহাতে জনার্দ্দনের জন্ম। অতএব উহাতে সংযতচিত্ত, পবিত্র ও কৃতস্নান হইয়া পূজায় প্রবৃত্ত হইবে॥ ৭॥

যাঁহারা শ্রাবণ মাসে রোহিণীসংযুক্তা অষ্টমীতে ব্রত করেন, তাঁহারা প্রেতযোনি প্রাপ্ত পুরুষগণের প্রেতত্ব নাশ করেন। আবার ঐ রোহিণী-যুক্তা অষ্টমীতে যদি বুধবার বা সোমবার বা নবমীর যোগ হয় তাহা হইলে উহা কোটীকুল উদ্ধার করে॥ ৮॥

সূর্য্যোদয়কালে কিঞ্চিন্মাত্র অষ্টমী থাকিয়া সমস্ত দিবারাত্রি নবমী হইলে এবং বুধবার ও রোহিণীনক্ষত্রের যোগ হইলে, উহা অতি দুর্লভ বলিয়া জানিতে হইবে। হে বিভো! এরূপ যোগ শত বৎসরেও পাওয়া যায় কি না সন্দেহ॥ ৯॥

পূর্ব্বদিবস যদি সোমবার বা বুধবার হয়, কিন্তু শুদ্ধা অষ্টমী বৃদ্ধি প্রাপ্ত হইয়া পরদিন যদি রোহিণীর সহিত যুক্ত হয়, তাহা হইলে পরদিবস নবমী যুক্তা বৃদ্ধিগামিনী অষ্টমীতে উপবাস করিবে॥ ১০॥

শ্রবণানক্ষত্রের যোগ হইলেও পূর্ব্ববিদ্ধা অর্থাৎ দশমীবিদ্ধা একাদশী যেরূপ পরিত্যাজ্যা, রোহিণীনক্ষত্রের যোগ থাকিলেও পূর্ব্ববিদ্ধা অর্থাৎ সপ্তমীবিদ্ধা অষ্টমী তদ্রূপ পরিত্যাজ্যা। জন্মাষ্টমী যদি সম্পূর্ণ রোহিণীযুক্তা হইয়াও সপ্তমীবিদ্ধা হয়, তবে তাহা বর্জ্জন পূর্ব্বক কেবল নবমীতে উপবাস করিয়া ব্রত করিবে॥ ১১॥

(তাৎপর্য্য। অষ্টমীতে নক্ষত্র বা অন্য যে কোনও প্রকারের যোগ থাকুক, সপ্তমীবিদ্ধা হইলেই উহা পরিত্যাগ করিয়া পরদিন ব্রত করিতে হইবে। অরুণোদয়বিদ্ধা অত্যাজ্যা।)

রোহিণীযুক্তা সপ্তমীবেধবর্জ্জিতা শুদ্ধা অষ্টমী পূর্ব্ব ও পর এই উভয় দিন ব্যাপিয়া থাকিলে পূর্ব্ব দিবসের অষ্টমীতে উপবাস করিয়া পরদিন তিথি বা নক্ষত্রের অন্তে পারণ করিতে হইবে॥ ১২॥

শুদ্ধা অর্থাৎ সপ্তমীবেধবিহীনা এবং কেবলা অর্থাৎ রোহিণীযোগরহিতা কেবলমাত্র অষ্টমী যদি বৃদ্ধি প্রাপ্ত হইয়া পরদিন থাকে, তবে অষ্টমীর অন্তে পারণ করিবে। আর কেবল নক্ষত্র বৃদ্ধি পাইয়া পরদিন থাকিলে রোহিণী নক্ষত্রের অন্তে পারণ করিবে। তিথি ও নক্ষত্র উভয়ই বৃদ্ধি পাইয়া পরদিন থাকিলে উহাদের মধ্যে একটীর অন্তে পারণ করিতে হইবে। আর উভয়ে যদি সম পরিমাণে থাকে, তবে উভয়ের অন্তে পারণ করিবে॥ ১৩॥

দশমী প্রভৃতি তিন দিবস যেরূপ নিয়ম বিধান করা হইয়াছে, সাধারণ ব্রতের নিয়ম প্রযুক্ত এই ব্রতেও সপ্তমী, অষ্টমী ও নবমীতে সেই নিয়মানুযায়ী চলিতে হইবে॥ ১৪॥

(একমাত্র একাদশী ভিন্ন জন্মাষ্টমী প্রভৃতি অন্য কোন ব্রত বা তিথি অরুণোদয়বিদ্ধ হইলে ত্যাজ্য নহে, সূর্য্যোদয়বিদ্ধ হইলে ত্যাজ্য যথাঃ—"অরুণোদয়বিদ্ধস্তু সংত্যাজ্যো হরিবাসরঃ। জন্মাষ্টম্যাদিকং সূর্য্যোদয়বিদ্ধং পরিত্যজেৎ॥" ইতি প্রমেয়রত্নাবলী)

জন্মতিথি।

শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর জন্মতিথি (ফাল্গুনী পূর্ণিমা), শ্রীমন্নিত্যানন্দ-প্রভুর জন্মতিথি (মাঘী শুক্লা ত্রয়োদশী) ও শ্রীমদদ্বৈতপ্রভুর জন্মতিথি (মাঘী শুক্লা সপ্তমী), এই তিনটী জন্মতিথির এবং শ্রীশ্রীরাধাষ্টমীর (ভাদ্র মাসের শুক্লাষ্টমী) ব্রতোপবাস বৈষ্ণবগণের অবশ্য কর্ত্তব্য।

বামন-দ্বাদশী

ভাদ্রস্য শুক্লদ্বাদশ্যাং যুক্তায়াং শ্রবণেন হি।
উপোষ্য সঙ্গমে স্নাত্বা দেবং বামনমর্চ্চয়েৎ ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

যদি ন প্রাপ্যতে ঋক্ষং দ্বাদশ্যাং বৈষ্ণবং ক্বচিৎ।
একাদশী তদোপোষ্যা পাপঘ্নী শ্রবণান্বিতা ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত নারদপুরাণবচন।

দিনদ্বয়েঽপি শ্রবণাভাবে তদ্যোগহানিতঃ।
একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং বামনং যজেৎ ॥ ৩ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

একাদশ্যুপবাসে চ দ্বাদশ্যাং কৃষ্ণমর্চ্চয়েৎ।
প্রাদুর্ভূতো হি ভগবান্ দ্বাদশ্যামেব বামনঃ ॥ ৪ ॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত বিষ্ণুপুরাণবচন।

অত্রো যদি ন লভ্যেত মধ্যাহ্নে দ্বাদশী তদা।
দ্বাদশীমধ্য এবার্চ্চ্যো বামনস্তর্হি সূরিভিঃ ॥ ৫ ॥
একাদশ্যা রজন্যাম্বা দ্বাদশ্যাং চার্চ্চয়েৎ প্রভুং ॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

কুর্য্যাজ্জাগরণং রাত্রৌ গীতশাস্ত্রসমন্বিতং।
শ্রদ্ধয়া পরয়া যুক্তো নিশামনিমিষেক্ষণঃ।
প্রভাতে ভোজয়েদ্বিপ্রান্ দ্বাদশ্যাং পারণং ততঃ॥ ৭॥

শ্রীহঃ ভঃ বিঃ ধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণবচন।

ভাদ্রমাসের শ্রবণানক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীতে উপবাস পূর্ব্বক নদীসঙ্গমে স্নান করিয়া বামনদেবের অর্চ্চনা করিবে॥ ১॥

যদি দ্বাদশীতে রাত্র্যাদি কোন সময়ে শ্রবণা নক্ষত্রের যোগ না হয়, তবে শ্রবণান্বিতা পাপহারিণী একাদশীতে উপবাস করিবে॥ ২॥

একদশী ও দ্বাদশী এই উভয়দিনে যদি শ্রবণার অভাব হয়, তবে উক্ত যোগের অর্থাৎ দেবদুন্দুভি যোগের (একদিনে একাদশী, দ্বাদশী, বুধবার ও শ্রবণানক্ষত্রের যোগ) হানি হেতু একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে বামনদেবের অর্চ্চনা ক'রবে॥ ৩॥

একাদশীতে উপবাস হইলে দ্বাদশীতে শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবে, যেহেতু ভগবান্ বামন দ্বাদশীতেই জন্মগ্রহণ করিয়াছিলেন॥ ৪॥

অতএব মধ্যাহ্নকালে যদি দ্বাদশীলাভ না হয়, তবে বিদ্বান্ ব্যক্তি দ্বাদশী মধ্যেই বামনদেবের অর্চ্চনা করিবেন॥ ৫॥

দ্বাদশীর ক্ষয় হইলে, একাদশীর নিশাভাগে বা পরদিন দ্বাদশীতে বামন দেবের পূজা করিবে॥ ৬॥

অনিমিষিনেত্র ও মহা শ্রদ্ধাবান্ হইয়া গীতবাদ্য সহকারে রাত্রি জাগরণ করিবে। পরে প্রাতঃকালে ব্রাহ্মণ ভোজন করাইয়া দ্বাদশীর মধ্যে পারণ করিবে॥ ৭॥

শিবরাত্রি।

শিবরাত্রিব্রতমিদং যদ্যপ্যাবশ্যকং ন হি।
বৈষ্ণবানাং তথাপ্যত্র সদাচারাদ্বিলিখ্যতে।
শিবরাত্রিব্রতং কৃষ্ণচতুর্দ্দশ্যান্তু ফাল্গুনে।
বৈষ্ণবৈরপি তৎ কার্য্যং শ্রীকৃষ্ণপ্রীতয়ে সদা॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাস।

সৌরো বা বৈষ্ণবো বান্যদেবতান্তরপূজকঃ।
ন পূজাফলমাপ্নোতি শিবরাত্রিবহির্ম্মুখঃ॥ ২॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

মাঘমাসস্য শেষা যা প্রথমা ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা॥ ৩॥

ঐ মহীখণ্ড।

মাঘাসিতং ভূতদিনং হি রাজন্নুপৈতি যোগং যদি পঞ্চদশ্যাঃ।
জয়াপ্রযুক্তাং ন তু জাতু কুর্য্যাচ্ছিবস্য রাত্রিং প্রিয়কৃচ্ছিবস্য॥ ৪॥

ঐ পরাশর।

শিবরাত্রৌ চ কর্ত্তব্যং নিয়মেন এবং বুধৈঃ।
উপবাস-মহাদেবপূজা-জাগরণং নিশি॥ ৫॥

শ্রীহরিভক্তিবিলাস।

যদিও বৈষ্ণবদিগের শিবরাত্রিব্রতের কোন প্রয়োজন নাই, তথাপি সদাচরপ্রযুক্ত এস্থলে লিখিত হইতেছে। ফাল্গুনমাসে কৃষ্ণা চতুর্দ্দশীতে এই ব্রত হইয়া থাকে। বৈষ্ণবগণও শ্রীকৃষ্ণপ্রীতির নিমিত্ত সর্ব্বদা এই ব্রতাচরণ করিবেন॥ ১॥

সূর্য্যোপাসক হউন বা বৈষ্ণব হউন বা অন্যদেবপূজক হউন, শিবরাত্রি ব্রত না করিলে পূজার ফল প্রাপ্ত হইবেন না॥ ২॥

মাঘমাসের শেষে ও ফাল্গুনমাসের প্রথমে যে কৃষ্ণা চতুর্দ্দশী, তাহার নাম শিবরাত্রি ॥ ৩ ॥

হে নৃপ! মাঘমাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে অমাবস্যার যোগ হইলে, ঐ দিবস শিবরাত্রিব্রত করিবে, উহা শিবের প্রীতিকর; কিন্তু ত্রয়োদশীযুক্তা চতুর্দ্দশীতে ব্রত করিবে না ॥ ৪ ॥

(চতুর্দ্দশীদিনে ২ দণ্ড বা তদধিক ত্রয়োদশী থাকিয়া চতুর্দ্দশী হইলে এবং পরদিন ৪ দণ্ড বা তদধিক চতুর্দ্দশী থাকিয়া অমাবস্যা হইলে বৈষ্ণবমতে পরদিন ব্রত হইবে। এই ব্রতে বেধ ত্যাজ্য, দুই দণ্ডকে বেধ বলে। পূর্ব্ব দিবস ২ দণ্ড ত্রয়োদশী থাকিলেই বেধ হইবে, আর পরদিবস ৪ দণ্ড চতুর্দ্দশী থাকিলেই যোগ হইল। এইরূপ যোগ বা বেধ না হইলে পূর্ব্বদিবস ব্রত হইবে। অমাবস্যার ক্ষয়স্থলে উক্ত যোগ ও বেধ না হইলে পূর্ব্বদিন ব্রত হইবে এবং চতুর্দ্দশীর ক্ষয়েতেও পূর্ব্বদিন ব্রত হইবে। তখন বেধ গ্রাহ্য হইবে না, কারণ প্রতিপদে পারণ নিষিদ্ধ।)

শিবরাত্রিব্রতে উপবাস, রাত্রিকালে শিবপূজা ও জাগরণ এই তিনটির যথাবিধি অনুষ্ঠান করা সুধীগণের কর্ত্তব্য ॥ ৫ ॥

শ্রীরামনবমী।

চৈত্রে কুর্য্যাৎ সিতে পক্ষে শ্রীরামনবমীব্রতং ॥ ১ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

যস্তু রামনবম্যাং হি ভুঙ্‌ক্তে মোহাদ্বিমূঢ়ধীঃ।
কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ২ ॥
একামপি নরো ভক্ত্যা শ্রীরামনবমীং মুনে!।
উপোষ্য কৃতকৃত্যঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত অগস্ত্যসংহিতাবচন।

চৈত্রে মাসি নবম্যান্তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা।
সৈব মধ্যাহ্নযোগেন মহাপুণ্যতমা ভবেৎ ॥ ৪ ॥
নবমী চাষ্টমীবিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
উপোষণং নবম্যাং বৈ দশম্যামেব পারণং ॥ ৫ ॥
দশম্যাং পারণায়াশ্চ নিশ্চয়ান্নবমীক্ষয়ে।
বিদ্ধাপি নবমী গ্রাহ্যা বৈষ্ণবৈরপ্যসংশয়ং ॥ ৬ ॥

শ্রীহরিভক্তিবিলাস।

চৈত্রমাসের শুক্লপক্ষে শ্রীরামনবমীব্রত হইবে ॥ ১ ॥

মোহবশেও রামনবমীতে আহার করিলে ভীষণ কুম্ভীপাক নরকে পচিতে হইবে সন্দেহ নাই ॥ ২ ॥

স্বেচ্ছাধীন হইয়া রামনবমীতে উপবাস করিলে আর মাতৃগর্ভে প্রবেশ করিতে হয় না; সেই ব্যক্তি নিঃসন্দেহ শ্রীরামচন্দ্রের প্রিয়পাত্র হন ॥ ৩ ॥

চৈত্রমাসের নবমীতে স্বয়ং হরি রামচন্দ্র জন্ম গ্রহণ করেন। পুনর্ব্বসু নক্ষত্রের যোগ হইলে ঐ তিথি নিখিল কামফল প্রদান করেন। মধ্যাহ্ন সময়ে পুনর্ব্বসুর যোগ হইলে ঐ তিথি মহাপুণ্যস্বরূপা হয় ॥ ৪ ॥

বৈষ্ণবগণ অষ্টমীবিদ্ধা নবমী পরিত্যাগ করিয়া শুদ্ধা নবমীতে উপবাস পূর্ব্বক দশমীতে পারণ করিবেন ॥ ৫ ॥

দশমীতে পারণের নিশ্চয়তা প্রযুক্ত নবমীর ক্ষয়স্থলে বৈষ্ণবগণ নিঃসংশয়-চিত্তে অষ্টমীবিদ্ধা নবমীতে উপবাস করিবেন ॥ ৬ ॥

(এখানে তাৎপর্য্য এই যে, একাদশীব্রতের ব্যাঘাত ঘটিলে বিদ্ধাতে উপবাস করিবেন, নচেৎ শুদ্ধা নবমীতে উপবাস করিতে হইবে।)

শ্রীভগবদ্ভক্তি।

শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো! ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে নান্যদ্যথা স্থূলতুষাবঘাতিনাং ॥ ১ ॥

যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত শ্রীমদ্ভাগবতবচন।

মদ্ভক্তিং বহতাং পুংসামিহলোকে পরেঽপি বা।
নাশুভং বিদ্যতে কিঞ্চিৎ কুলকোটিং নয়েদ্দিবং ॥ ৩ ॥

ঐ দ্বারকামাহাত্ম্য।

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরের্ভজন্নপক্বোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাভদ্রমভূদমুষ্য কিং কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ ॥ ৪ ॥

ঐ শ্রীমদ্ভাগবত।

কিন্তস্য বহুভির্মন্ত্রৈঃ শাস্ত্রৈঃ কিং বহুবিস্তরৈঃ।
বাজপেয়সহস্রৈঃ কিং ভক্তির্যস্য জনার্দ্দনে ॥ ৫ ॥

ঐ পদ্মপুরাণ।

সধ্রীচীনো হ্যয়ং লোকে পন্থাঃ ক্ষেমোঽকুতোভয়ঃ।
সুশীলাঃ সাধবো যত্র নারায়ণপরায়ণাঃ ॥ ৬ ॥

ঐ শ্রীমদ্ভাগবত।

ধর্ম্মার্থকামৈঃ কিং তস্য মুক্তিস্তস্য করে স্থিতা।
সমস্তজগতাং মূলে যস্য ভক্তিঃ স্থিতা ত্বয়ি ॥ ৭ ॥

ঐ বিষ্ণুপুরাণ।

সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ শরণার্ত্তিপ্রণাশনঃ।
স্বভক্তবৎসলো দেবো ভক্ত্যা তুষ্যতি নান্যথা ॥ ৮ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ।

নালং দ্বিজত্বং দেবত্বমৃষিত্বম্বাহসুরাত্মজাঃ!।
প্রীণনায় মুকুন্দস্য ন বৃত্তং ন বহুজ্ঞতা।
ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানি চ।
প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনং ॥ ৯ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত শ্রীমদ্ভাগবতবচন

দেবতায়াঞ্চ মন্ত্রে চ তথা মন্ত্রপ্রদে গুরৌ।
ভক্তিরষ্টবিধা যস্য তস্য কৃষ্ণঃ প্রসীদতি।
তদ্ভক্তজনবাৎসল্যং পূজায়াঞ্চানুমোদনং।
সুমনা অর্চ্চয়েন্নিত্যং তদর্থে দম্ভবর্জ্জনং।
তৎকথাশ্রবণে রাগস্তদর্থে চাঙ্গবিক্রিয়া।
তদনুস্মরণং নিত্যং যস্তন্নাম্নোপজীবতি।
ভক্তিরষ্টবিধা হ্যেষা যস্মিন্ ম্লেচ্ছেঽপি বর্ত্ততে।
স মুনিঃ সত্যবাদী চ কীর্ত্তিমান্ স ভবেন্নরঃ ॥ ১০ ॥

ঐ গৌতমীয়তন্ত্র

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং।
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়তে ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমং ॥ ১১ ॥

ঐ শ্রীমদ্ভাগবত।

আদ্যন্তু বৈষ্ণবং প্রোক্তং শঙ্খচক্রাঙ্কনং হরেঃ।
ধারণঞ্চোর্দ্ধপুণ্ড্রাণাং তন্মন্ত্রাণাং পরিগ্রহঃ।
অর্চ্চনঞ্চ জপো ধ্যানং তন্নামস্মরণং তথা।
কীর্ত্তনং শ্রবণঞ্চৈব বন্দনং পাদসেবনং।

তৎপাদোদকসেবা চ তন্নিবেদিতভোজনং।

তদীয়ানাঞ্চ সংসেবা দ্বাদশীব্রতনিষ্ঠতা।

তুলসীরোপণং বিষ্ণোর্দেবদেবস্য শার্ঙ্গিণঃ।

ভক্তিঃ ষোড়শধা প্রোক্তা ভববন্ধবিমুক্তয়ে॥ ১২॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

যাহারা মঙ্গলের পথস্বরূপ ভক্তি পরিত্যাগ করিয়া কেবল জ্ঞানলাভের জন্য ক্লেশ করে, তুষাবঘাতী লোকদিগের ন্যায়, তাহাদের কেবল ক্লেশ করাই সার হইয়া থাকে অর্থাৎ তাহারা কোন ফল লাভ করিতে পারে না॥ ১॥

শ্রীভগবান্ বলিলেন, হে উদ্ধব! পাকাদির নিমিত্ত প্রজ্বলিত অগ্নি যেমন কাষ্ঠ সকলকে ভস্মীভূত করে, মৎসম্বন্ধীয়া ভক্তিও তদ্রূপ পাপরাশিকে বিনষ্ট করিয়া থাকে॥ ২॥

শ্রীভগবান্ বলেন, আমাতে ভক্তিযুক্ত পুরুষগণের ইহলোকে বা পরলোকে কোন প্রকার অমঙ্গল হয় না; ভক্তিদেবী তাঁহাদের কোটী কুলকে বৈকুণ্ঠধাম প্রাপ্ত করাইয়া থাকেন॥ ৩॥

স্বধর্ম্ম অর্থাৎ স্বীয় বর্ণাশ্রমধর্ম্ম ত্যাগ করিয়া হরিভজন করিতে করিতে যদি কোন ব্যক্তি অপক্ক দশাতেই ভ্রষ্ট বা মৃত্যুমুখে পতিত হন, তথাপি স্বধর্ম্ম-ত্যাগের জন্য কদাচ তাঁহার নীচযোনিতে জন্ম প্রভৃতি কোন প্রকার অমঙ্গল হইবে না। হরিভজন না করিয়া কেবল স্বধর্ম্মাচরণ দ্বারা কোন্ ব্যক্তি অভীষ্ট লাভ করিতে পারিয়াছে?॥ ৪॥

জনার্দ্দনের প্রতি যাঁহার ভক্তি আছে, তাঁহার বহুবিধ মন্ত্রজপ, বিস্তর শাস্ত্রাধ্যয়ন ও সহস্র-বাজপেয়-যজ্ঞানুষ্ঠানে কি প্রয়োজন?॥ ৫॥

ইহলোকে ভক্তিমার্গই সমীচীন ও পরম-মঙ্গল-বিধায়ক; এই পথে কোন প্রকার বিভীষিকা নাই, নারায়ণ-পরায়ণ দয়ালু নিষ্কাম সাধুগণ এইপথে অবস্থিতি করিতেছেন বলিয়া ইহাতে জ্ঞানমার্গের ন্যায় সহায়তার অভাব

নিবন্ধন অথবা কর্ম্মমার্গের ন্যায় মৎসরান্বিত ব্যক্তিগণ হইতে কোনরূপ বিঘ্নাদির আশঙ্কা নাই ॥ ৬ ॥

শ্রীপ্রহ্লাদ বলিলেন, হে ভগবন্! তুমি সমস্ত জগতের মূল, তোমাতে যাঁহার ভক্তি আছে, তাঁহার ধর্ম্ম, অর্থ, কামে কি হইবে, মুক্তি তাঁহার করতলে অবস্থিত ॥ ৭ ॥

সর্ব্বদেবময়, শরণাগত জনের দুঃখনাশক, ভক্তবৎসল ভগবান্ কেবল ভক্তি দ্বারাই পরিতুষ্ট হন, অন্য কোন প্রকারে তিনি তুষ্টি লাভ করেন না ॥ ৮ ॥

শ্রীপ্রহ্লাদ বালকগণকে উপদেশ দিবার জন্য বলিলেন, হে অসুরতনয়গণ! দ্বিজত্ব, দেবত্ব, ঋষিত্ব, সচ্চরিত্রতা কিম্বা বহুজ্ঞতা কিছুতেই মুকুন্দ দেবের প্রীতিসাধন করিতে সমর্থ হয় না। আর দান, তপস্যা, যজ্ঞ, শৌচ ও ব্রত এ সকলও ভগবানের প্রীতির কারণ নহে, কেবল নিষ্কাম ভক্তি দ্বারাই তিনি প্রীত হইয়া থাকেন, অন্য যাহা কিছু সবই বিড়ম্বন অর্থাৎ নাটামাত্র ॥ ৯ ॥

দেবতায়, মন্ত্রে ও মন্ত্রদাতা গুরুতে যাঁহার নিম্নোক্ত অষ্টবিধ ভক্তি আছে, শ্রীকৃষ্ণ তাঁহার প্রতি প্রসন্ন হন। (১) ভগবদ্ভক্তের প্রতি প্রীতি, (২) পূজায় অনুমোদন, (৩) শ্রদ্ধাভক্তিসহকারে নিত্য ভগবদর্চ্চন, (৪) পূজাবিষয়ে দম্ভত্যাগ, (৫) ভগবৎকথা-শ্রবণে আসক্তি, (৬) ভগবদগ্রে নৃত্যাদি, (৭) নিত্য ভগবৎ-স্মরণ ও (৮) ভগবন্নামে জীবনধারণ; এই অষ্ট প্রকার ভক্তি কোন ম্লেচ্ছেতেও বিদ্যমান্ থাকিলে, তিনি জীবন্মুক্ত, সত্যবাদী ও কীর্ত্তিমান্ ॥ ১০ ॥

প্রহ্লাদ কহিলেন, হে পিতঃ! শ্রীভগবল্লীলাদি শ্রবণ ও কীর্ত্তন, তদীয় পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য (শ্রীভগবানে কর্ম্মার্পণ) ও সখ্য (শ্রীভগবানে বিশ্বাস) এবং আত্মনিবেদন (শ্রীভগবানে দেহ-সমর্পণ) এই নয় প্রকার

ভক্তি যিনি ভগবান্ বিষ্ণুতে অর্পণ পূর্ব্বক তাঁহার অনুষ্ঠান করেন, আমি বোধ করি তাহাই তাঁহার উত্তম অধ্যয়ন ॥ ১১ ॥

হরির শঙ্খচক্রাঙ্কন বিষ্ণুভক্তির প্রথম লক্ষণ বলিয়া কীর্ত্তিত। ঊর্দ্ধপুণ্ড্র-ধারণ, বিষ্ণুমন্ত্র-গ্রহণ, তদীয় পূজা, জপ ও ধ্যান, ভগবন্নাম স্মরণ, কীর্ত্তন ও শ্রবণ, তদীয় বন্দন ও পাদসেবন, ভগবচ্চরণামৃতধারণ ও প্রসাদভক্ষণ শ্রীবৈষ্ণবগণের সম্যক্‌রূপ সেবা, একাদশীব্রতনিষ্ঠা, এবং তুলসীরোপণ, দেবদেব শার্ঙ্গী বিষ্ণুর সম্বন্ধে এই ষোড়শ প্রকার ভক্তি কীর্ত্তিত হইয়াছে; এই সকলের অনুষ্ঠান দ্বারাই ভববন্ধন মোচন হয় ॥ ১২ ॥

ভক্তির চৌষট্টি অঙ্গ যাজন।

গুরুপাদাশ্রয়স্তস্মাৎ কৃষ্ণদীক্ষাদিশিক্ষণং।
বিশ্রম্ভেণ গুরোঃ সেবা সাধুবর্ত্মানুবর্ত্তনং।
সদ্ধর্ম্মপৃচ্ছা ভোগাদিত্যাগঃ কৃষ্ণস্য হেতবে।
নিবাসো দ্বারকাদৌ চ গঙ্গাদেরপি সন্নিধৌ।
ব্যবহারেষু সর্ব্বেষু যাবদর্থানুবর্ত্তিতা।
হরিবাসরসম্মানো ধাত্র্যশ্বত্থাদিগৌরবং।
এষামত্র দশাঙ্গানাং ভবেৎ প্রারম্ভরূপতা ॥
সঙ্গত্যাগো বিদূরেণ ভগবদ্বিমুখৈর্জনৈঃ।
শিষ্যাদ্যননুবন্ধিত্বং মহারম্ভাদ্যনুদ্যমঃ।
বহুগ্রন্থকলাভ্যাসব্যাখ্যাবাদবিবর্জ্জনং।
ব্যবহারেঽপ্যকার্পণ্যং শোকাদ্যবশবর্ত্তিতা
অন্যদেবানবজ্ঞা চ ভূতানুদ্বেগদায়িতা।

সেবা-নামাপরাধানামুদ্ভবাভাবকারিতা।
কৃষ্ণ-তদ্ভক্ত-বিদ্বেষ-বিনিন্দাদ্যসহিষ্ণুতা।
ব্যতিরেকতয়ামীষাং দশানাং স্যাদনুষ্ঠিতিঃ।
অস্যাস্তত্র প্রবেশায় দ্বারত্বেহপ্যঙ্গবিংশতেঃ।
ত্রয়ং প্রধানমেবোক্তং গুরুপাদাশ্রয়াদিকং॥
ধৃতির্বৈষ্ণবচিহ্নানাং হরের্নামাক্ষরস্য চ।
নির্ম্মাল্যাদেশ্চ তস্যাগ্রে তাণ্ডবং দণ্ডবন্নতিঃ।
অভ্যুত্থানমনুব্রজ্যা গতিঃ স্থানে পরিক্রমাঃ।
অর্চ্চনং পরিচর্য্যা চ গীতং সঙ্কীর্ত্তনং জপঃ।
বিজ্ঞপ্তিস্তবপাঠশ্চ স্বাদো নৈবেদ্যপাদ্যয়োঃ।
ধূপমাল্যাদিসৌরভ্যং শ্রীমূর্ত্তেঃ স্পৃষ্টিরীক্ষণং।
আরাত্রিকোৎসবাদেশ্চ দর্শনং তৎকৃপেক্ষণং।
স্মৃতির্ধ্যানং তথা দাস্যং সখ্যমাত্মনিবেদনং।
নিজপ্রিয়োপহরণং তদর্থেঽখিলচেষ্টিতং।
সর্ব্বথা শরণাপত্তিস্তদীয়ানাঞ্চ সেবনং।
তদীয়াস্তুলসীশাস্ত্রমথুরাবৈষ্ণবাদয়ঃ।
যথা বৈভবসামগ্রী সদ্গোষ্ঠীভির্মহোৎসবঃ।
উর্জ্জাদরো বিশেষেণ যাত্রা জন্মদিনাদিষু।
শ্রদ্ধা বিশেষতঃ প্রীতিঃ শ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে।
শ্রীমদ্ভাগবতার্থানামাস্বাদো রসিকৈঃ সহ।
স্বজাতীয়াশয়ে স্নিগ্ধে সাধৌ সঙ্গঃ স্বতো বরে
নামসঙ্কীর্ত্তনং শ্রীমন্মথুরামণ্ডলে স্থিতিঃ।
অঙ্গানাং পঞ্চকস্যাস্য পূর্ব্বং বিলিখিতস্য চ।
নিখিলশ্রৈষ্ঠ্যবোধায় পুনরপ্যত্র কীর্ত্তনং।

ইতি কায়হৃষীকান্তঃকরণানামুপাসনাঃ।
চতুঃষষ্টিঃ পৃথক্‌সাঙ্ঘাতিকভেদাৎ ক্রমাদিমাঃ॥

শ্রীভক্তিরসামৃতসিন্ধু।

ভক্তি যাজনের চৌষট্টি অঙ্গ যথাঃ—(১) শ্রীগুরুপাদপদ্মে আশ্রয়গ্রহণ। (২) শ্রীগুরুদেবের নিকট কৃষ্ণমন্ত্রে দীক্ষাগ্রহণ ও শ্রীভগবদ্বিষয়ে শিক্ষা লাভ করা। (৩) শ্রীগুরুদেব ভগবৎস্বরূপ এবম্বিধ বিশ্বাস সহকারে গুরুসেবা করা। (৪) সাধুদিগের আচরিত শ্রুত্যাদিবিহিত বিধিসমূহের প্রতিপালন। (৫) সদ্ধর্ম্মজিজ্ঞাসা অর্থাৎ ভগবদ্ধর্ম্মতত্ত্ব অবগত হইবার জন্য তদ্বিষয়ে প্রশ্ন করা। (৬) শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত ভোগাদি ত্যাগ করা। (৭) দ্বারকাদি ধামে ও গঙ্গাদির সমীপে বাস করা। (৮) নিয়মের ন্যূনতা বা আধিক্য হইলে পরমার্থ হইতে ভ্রষ্ট হইতে হয়, সে কারণে সর্ব্বপ্রকার কার্য্যে যে পরিমাণ নিয়মের অনুষ্ঠান করিলে আপনার ভক্তি নির্ব্বাহ হইতে পারে, সেইরূপ নিয়ম স্বীকার করা। (৯) হরিবাসরসম্মান অর্থাৎ একাদশীতে উপবাসাদি করা। (১০) আমলকী, অশ্বত্থ, তুলসী, গো, ব্রাহ্মণ ও বৈষ্ণবের গৌরব রক্ষা করা।

(এই দশটী অঙ্গ সাধন ভক্তির আরম্ভ স্বরূপ।)

(১১) ভগবদ্বিমুখজনের সঙ্গ দূরে পরিত্যাগ করা। (১২) অনধিকারী ব্যক্তিকে শিষ্যরূপে অঙ্গীকার না করা। (১৩) আড়ম্বরপূর্ণ ভগবদ্বহির্ম্মুখ-কার্য্যানুষ্ঠানের চেষ্টা না করা। (১৪) ভগবদ্বহির্ম্মুখ বহুবিধ গ্রন্থ ও চতুঃষষ্টি কলার অভ্যাস ও ব্যাখ্যা এবং তদ্বিষয়ে তর্কবিতর্ক পরিবর্জ্জন করা। (১৫) ভোজনাচ্ছাদন-সাধন-বিষয়ে লাভ না হইলে বা ক্ষতি হইলে শোক না করা। (১৬) শোকমোহক্রোধাদির বশীভূত না হওয়া। (১৭) অন্য দেবতার অবজ্ঞা না করা। (১৮) প্রাণী মাত্রকে উদ্বেগ না দেওয়া। (১৯) সেবাপরাধ ও নামাপরাধ জন্মিতে না দেওয়া। (২০) কৃষ্ণ ও কৃষ্ণভক্তের দ্বেষনিন্দাদি সহ্য না করা।

(এই দশটী অঙ্গের যাজন ব্যতীত সাধন ভক্তির উদয় হয় না। যদিও উপরোক্ত বিংশতি অঙ্গ ভক্তিপথে প্রবেশ করিবার দ্বারস্বরূপ, তথাপি গুরুপাদাশ্রয়াদি তিনটী অঙ্গই প্রধান বলিয়া কথিত হইয়া থাকে।)

(২১) তিলক, মালা প্রভৃতি বৈষ্ণবচিহ্ন ধারণ করা। (২২) শরীরে হরিনামাক্ষর লিখন। (২৩) নির্ম্মাল্যধারণ। (২৪) ভগবানের অগ্রে নৃত্য করা। (২৫) শ্রীভগবান্‌কে দণ্ডবৎ প্রণাম করা। (২৬) শ্রীমূর্ত্তিদর্শন করিয়া গাত্রোত্থান করা। (২৭) শ্রীবিগ্রহের পশ্চাৎ পশ্চাৎ বা পার্শ্বে পার্শ্বে বা অগ্রে অগ্রে গমন করা। (২৮) শ্রীভগবানের স্থানে অর্থাৎ তৎসম্বন্ধীয় তীর্থে বা শ্রীমন্দিরে গমন করা। (২৯) শ্রীভগবান্‌ ও তুলস্যাদির পরিক্রমা করা। (৩০) শ্রীভগবানের অর্চ্চন। (৩১) শ্রীভগবানের সেবা। (৩২) শ্রীভগবল্লীলাদি বিষয়ক গীত গান করা। (৩৩) শ্রীভগবন্নামগুণাদির সঙ্কীর্ত্তন। (৩৪) শ্রীভগবন্মন্ত্রজপ। (৩৫) শ্রীভগবৎসমীপে আত্মবিষয়ে নিবেদন। (৩৬) শ্রীভগবানের স্তবপাঠ। (৩৭) নৈবেদ্যের আস্বাদগ্রহণ অর্থাৎ প্রসাদ-ভোজন। (৩৮) চরণামৃত পান। (৩৯) ধূপমাল্যাদির সৌরভ গ্রহণ। (৪০) শ্রীমূর্ত্তি স্পর্শন। (৪১) শ্রীমূর্ত্তিদর্শন। (৪২) আরতি ও উৎসবাদি দর্শন। (৪৩) শ্রীভগবন্নামগুণাদি কীর্ত্তন ও তদীয় লীলাকথাদি শ্রবণ। (৪৪) শ্রীকৃষ্ণের কৃপার প্রতি নিরীক্ষণ করিয়া থাকা। (৪৫) শ্রীকৃষ্ণের স্মরণ। (৪৬) শ্রীকৃষ্ণের ধ্যান। (৪৭) শ্রীভগবানের দাস্য অর্থাৎ তাঁহাতে কর্ম্মার্পণ ও তাঁহার দাসত্ব। (৪৮) শ্রীভগবানে বিশ্বাস এবং মিত্রতা স্থাপন। (৪৯) শ্রীভগবানে আত্মসমর্পণ। (৫০) শ্রীভগবান্‌কে অত্যুৎকৃষ্ট ও নিজ প্রিয় বস্তু নিবেদন করা। (৫১) শ্রীকৃষ্ণের নিমিত্তই সমস্ত চেষ্টা বা কার্য্য করা। (৫২) সর্ব্বতোভাবে শ্রীভগবানের শরণ গ্রহণ করা। (৫৩) তুলসী সেবন। (৫৪)। শ্রীমদ্ভাগবতাদি বৈষ্ণবশাস্ত্রের সেবন। (৫৫) মথুরার সেবন। (৫৬) বৈষ্ণবাদির সেবন। (৫৭) যেমন বৈভব, তদনুসারে সজ্জনগণের সহিত মহোৎসব করা। (৫৮) কার্ত্তিকমাসের বিশেষরূপ

সমাদর করা। (৫৯) জন্মাষ্টমী প্রভৃতি পর্ব্বদিনে যাত্রা মহোৎসব করা। (৬০) শ্রদ্ধা ও প্রীতি পূর্ব্বক শ্রীমূর্ত্তিসেবন। (৬১) রসিক ভক্তের সহিত শ্রীমদ্ভাগবতের অর্থ আস্বাদন। (৬২) নিজের যেরূপ বাসনা তদ্রূপ বাসনাবিশিষ্ট, নিজের অপেক্ষা শ্রেষ্ঠ এবং স্নিগ্ধপ্রকৃতি সাধুর সঙ্গ করা। (৬৩) শ্রীভগবানের নামসঙ্কীর্ত্তন। (৬৪) মথুরামণ্ডলে বাস।

(যদিও শেষোক্ত পাঁচটী অঙ্গ পূর্ব্বে লিখিত হইয়াছে, তথাপি অন্যান্য অঙ্গ হইতে ইহাদিগের শ্রেষ্ঠতা জানাইবার জন্য পুনরায় এইস্থানে কীর্ত্তিত হইল। এই প্রকারে ক্রমশঃ পৃথক ও সমষ্টিরূপে শরীর, ইন্দ্রিয় ও অন্তঃকরণ দ্বারা উপাসনা চতুঃষষ্টি প্রকার কথিত হইল।)

সেবাপরাধ।

যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্গৃহে।
দেবোৎসবাদ্যসেবা চ অপ্রণামস্তদগ্রতঃ।
উচ্ছিষ্টে বাথবাশৌচে ভগবদ্দর্শনাদিকং।
একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং।
পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনং।
শয়নং ভক্ষণং বাপি মিথ্যাভাষণমেব চ।
নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণং।
কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ।
অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ুবিমোক্ষণং।
শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণং।
তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং।
বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে।

পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনং।
গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা।
অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত আগমবচন।

দ্বাত্রিংশদপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে! ময়া।
বৈষ্ণবেন সদা তে তু বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ।
যে বৈ ন বর্জ্জয়ন্ত্যেতান্ অপরাধান্ ময়োদিতান্।
সর্ব্বধর্ম্মপরিভ্রষ্টাঃ পচ্যন্তে নরকে চিরং।
রাজান্নভক্ষণঞ্চৈকমাপদ্যপি ভয়াবহং।
ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ পরং সুকৃতনাশনঃ।
তথৈব বিধিমুল্লঙ্ঘ্য সহসা স্পর্শনং হরেঃ।
দ্বারোদ্ঘাটো বিনা বাদ্যং ক্রোড়মাংস-নি[illegible]নং।
পাদুকাভ্যাং তথা বিষ্ণোর্ম্মন্দিরায়োপসর্পণং।
কুক্কুরোচ্ছিষ্টকলনং মৌনভঙ্গোঽচ্যুতার্চ্চনে।
তথা পূজনকালে চ বিড়ুৎসর্গায় সর্পণং।
শ্রাদ্ধাদিকমকৃত্বা চ নবান্নস্য চ ভক্ষণং।
অদত্ত্বা গন্ধমাল্যাদি ধূপনং মধুঘাতিনঃ।
অকর্ম্মণ্য-প্রসূনেন পূজনঞ্চ হরেস্তথা।
অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা।
স্পৃষ্ট্বা রজস্বলাং দীপং তথা মৃতকমেব চ।
রক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটং।
পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতং।
ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণভুক্।
ভক্ষয়িত্বা ক্রোড়মাংসং পিণ্যাকং জালপাদকং।

তথা কুসুম্ভশাকঞ্চ তৈলাভ্যঙ্গং বিধায় চ।
হরেঃ স্পর্শঃ হরেঃ কর্ম্মকরণং পাতকাবহং ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত বরাহপুরাণবচন।

মম শাস্ত্রং বহিষ্কৃত্য অস্মাকং যঃ প্রপদ্যতে।
মুক্ত্বা চ মম শাস্ত্রাণি শাস্ত্রমন্যৎ প্রভাষতে।
মদ্যপস্তু সমাসাদ্য প্রবিশেত্তবনং মম।
যো মে কুসুম্ভশাকেন প্রাপণং কুরুতে নরঃ।
মম দৃষ্টেরভিমুখং তাম্বূলং চর্ব্বয়েত্তু যঃ।
কুরুবক-পলাশস্থৈঃ পুষ্পৈঃ কুর্য্যান্মমার্চ্চনং।
মমার্চ্চামাসুরে কালে যঃ করোতি বিমূঢ়ধীঃ।
পীঠাসনোপবিষ্টো যঃ পূজয়েদ্বা নিরাসনঃ।
বামহস্তেন [illegible] ধৃত্বা স্নাপয়েদ্বা বিমূঢ়ধীঃ।
পূজা পর্য্যুষিতৈঃ পুষ্পৈঃ ষ্ঠীবনং গর্ব্বকল্পনং।
তির্য্যক্‌পুণ্ড্রধরো ভূত্বা যঃ করোতি মমার্চ্চনং।
যাচিতৈঃ পত্রপুষ্পাদ্যৈর্যঃ করোতি মমার্চ্চনং।
অপ্রক্ষালিতপাদো যঃ প্রবিশেন্মম মন্দিরং।
অবৈষ্ণবস্য পক্কান্নং যো মহ্যং বিনিবেদয়েৎ।
অবৈষ্ণবেষু পশ্যৎসু মম পূজাং করোতি যঃ।
অপূজয়িত্বা বিঘ্নেশং সম্ভাষ্য চ কপালিনং।
নরঃ পূজাস্তু যঃ কুর্য্যাৎ স্নপনঞ্চ নখাম্ভসা।
অমৌনী ঘর্ম্মলিপ্তাঙ্গো মম পূজাং করোতি যঃ।
জ্ঞেয়াঃ পরেঽপি বহবোঽপরাধাঃ সদসম্মতৈঃ।
আচারৈঃ শাস্ত্রবিহিতনিষিদ্ধাতিক্রমাদিভিঃ।
তত্রাপি সর্ব্বথা কৃষ্ণনির্ম্মাল্যন্তু ন লঙ্ঘয়েৎ ॥ ৩ ॥

ঐ   বরাহপুরাণ।

সেবাপরাধ সর্ব্বথা বর্জ্জনীয়। সেবপরাধ যথাঃ—

(১) যানে আরোহণ করিয়া অথবা চরণে পাদুকা ধারণ পূর্ব্বক ভগবদালয়ে গমন। (২) দোলযাত্রা, জন্মাষ্টমী প্রভৃতি উৎসব সমূহের অনুষ্ঠান বা দর্শনাদি না করা। (৩) শ্রীভগবানের অগ্রে প্রণাম না করা (৪) উচ্ছিষ্ট বা অশৌচ অবস্থায় ভগবদ্দর্শনাদি। (৫) একহস্ত দ্বারা প্রণাম। শ্রীভগবানের সম্মুখে (৬) প্রদক্ষিণ, (৭) পাদ প্রসারণ, (৮) পর্য্যঙ্ক-বন্ধন অর্থাৎ বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন, (৯) শয়ন, (১০) ভোজন, (১১) মিথ্যা-কথন, (১২) উচ্চভাষণ, (১৩) পরস্পর কথোপকথন, (১৪) রোদন, (১৫) কলহ, (১৬) নিগ্রহ অর্থাৎ কাহাকেও পীড়নাদি করা, (১৭) কাহারও প্রতি অনুগ্রহ করা, (১৮) কাহারও প্রতি নি[illegible] বাক্য প্রয়োগ, (১৯) কম্বল দ্বারা গাত্র আচ্ছাদন, (২০) পরনিন্দা, (২[illegible] পরস্তুতি, (২২) অশ্লীল বাক্য কথন ও (২৩) অধোবায়ুত্যাগ। (২৪) শক্তি থাকিতে গৌণ অর্থাৎ সামান্য উপচার দ্বারা ভগবৎ-পূজন। (২৫) অনিবেদিত দ্রব্য ভোজন করা। (২৬) যে কালে যে ফলাদি হয়, সে কালে তাহা ভগবান্‌কে না দেওয়া। (২৭) দ্রব্যের অগ্রভাগ গ্রহণ করিয়া অবশিষ্ট অংশ ব্যঞ্জনাদিতে প্রদান করা। (২৮) ভগবানের দিকে পশ্চাৎ করিয়া উপবেশন করা। (২৯) ভগবানের সম্মুখে অপর কাহাকেও প্রণাম করা। (৩০) গুরুদেবের অগ্রে স্তবাদি না করা (৩১) নিজ মুখে নিজের প্রশংসা করা। (৩২) দেবতা-নিন্দন। বিষ্ণুর নিকট এই বত্রিশ প্রকার অপরাধ কীর্ত্তিত হইয়াছে ॥ ১ ॥

হে ধরণি! আমি যে বত্রিশ প্রকার অপরাধের কথা কার্ত্তন করিতেছি, বৈষ্ণবগণ যত্নপূর্ব্বক তৎসমুদায় বর্জ্জন করিবেন। যাহারা আমার কথিত এই সমস্ত অপরাধ বর্জ্জন না করে, তাহারা সর্ব্বধর্ম্মচ্যুত হইয়া চিরকাল নরকে বাস করে। (১) বিপদকালেও রাজান্ন ভক্ষণ করিলে একটী বিষম অপরাধ হয়। (২) অন্ধকার গৃহে হরিকে স্পর্শ করিলে পুণ্য নষ্ট হয়।

(৩) বিধি লঙ্ঘন করিয়া সহসা শ্রীহরিকে স্পর্শ করা। (৪) বাদ্য না করিয়া শ্রীমন্দিরের দ্বারোদ্ঘাটন। (৫) শূকরমাংস-নিবেদন। (৬) পাদুকা সহ ভগবন্মন্দিরে গমন। (৭) কুকুরের উচ্ছিষ্ট স্পর্শন। (৮) পূজাকালে মৌনভঙ্গ। (৯) পূজা করিতে করিতে মলত্যাগের জন্য গমন। (১০) শ্রাদ্ধাদি না করিয়া নবান্ন ভোজন। (১১) গন্ধমাল্যাদি ও ধূপ দান না করিয়া হরির পূজা করা। (১২) অযোগ্য পুষ্পে হরিপূজা করা। (১৩) দন্তধাবন না করিয়া ও (১৪) স্ত্রীসম্ভোগ করিয়া; (১৫) রজস্বলা নারী, (১৬) প্রদীপ, কিম্বা (১৭) মৃতদেহ স্পর্শ করিয়া; (১৮) রক্তবর্ণ বস্ত্র, (১৯) নীলবর্ণ বস্ত্র, (২০) অধৌত বস্ত্র, (২১) পরকীয় বস্ত্র, কিম্বা (২২) মলিন বস্ত্র পরিধান করিয়া; (২৩) শব দর্শন করিয়া; (২৪) অধোবায়ু ত্যাগ করিয়া; (২৫) ক্রোধ করিয়া; (২৬) শ্মশানে গিয়া; (২৭) ভুক্তদ্রব্য জীর্ণ হইতে না হইতে পুনরায় ভোজন করিয়া; (২৮) শূকর মাংস, (২৯) পিণ্যাক অর্থাৎ তিলের খলি, (৩০) হংস, কিম্বা (৩১) কুসুম্ভ শাক ভক্ষণ করিয়া; এবং (৩২) তৈল মর্দ্দন করিয়া শ্রীহরিকে স্পর্শ করা বা তাঁহার কার্য্য করা, এ সমস্তই অপরাধজনক ॥ ২ ॥

যে ব্যক্তি আমার কথিত পঞ্চরাত্রাদি শাস্ত্র অথবা ভক্তিপ্রধান গ্রন্থ অনাদর করিয়া আমার পূজা করে; আমার শাস্ত্র বর্জ্জন করিয়া অন্য শাস্ত্রের প্রশংসা করে; মদ্যপায়ীকে স্পর্শ করিয়া আমার মন্দিরে প্রবেশ করে, কুসুম্ভ শাক সহ আমাকে নৈবেদ্য অর্পণ করে; আমার দৃষ্টির সম্মুখে তাম্বূল চর্ব্বণ করে; কুরুবক (ঝাঁটীফুল) ও পলাশ পুষ্পে আমার পূজা করে; আসুরিক কালে আমার পূজা করে; পীঠ অর্থাৎ পিঁড়ী, চৌকী প্রভৃতি আসনে বসিয়া বা নিরাসনে অর্থাৎ ভূমিতে বসিয়া আমার পূজা করে; আমাকে বামহস্তে ধরিয়া স্নান করায়; পর্য্যুষিত অর্থাৎ বাসি পুষ্পে আমার পূজা করে; শ্রীমন্দিরে নিষ্ঠীবন ত্যাগ করে অর্থাৎ থুথু ফেলে ও গর্ব্ব

প্রকাশ করে; বক্রাকৃতি ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া আমার পূজা করে; শক্তি থাকিতে পত্রপুষ্পাদি অন্যের নিকট হইতে চাহিয়া লইয়া আমার পূজা করে; পদ প্রক্ষালন না করিয়া আমার মন্দিরে প্রবেশ করে; অবৈষ্ণবের পকান্ন আমাকে নিবেদন করে; অবৈষ্ণবের সম্মুখে আমার পূজা করে; গণেশের পূজা না করিয়া বা কপালীর (জাতিবিশেষ) সহিত সম্ভাষণ করিয়া আমার পূজা করে; নখস্পৃষ্ট জল দ্বারা আমাকে স্নান করায়; মৌনাবলম্বন না করিয়া বা ঘর্ম্মাক্ত-কলেবরে আমার পূজা করে, সে অপরাধী হয়। এতদ্ব্যতীত, সাধুগণের অসম্মত আচারের অনুষ্ঠান করিলে, কিম্বা শাস্ত্রবিহিত ও শাস্ত্রনিষিদ্ধ আচার সমূহ অতিক্রম করিলে অপরাধ হয়। শ্রীকৃষ্ণের নির্ম্মাল্যে কদাচ অশ্রদ্ধা করিবে না ॥ ৩ ॥

নামাপরাধ।

সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুতে।
যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগরিহাং।
শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদিসকলং।
ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ।
গুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্রনিন্দনং তথার্থবাদো হরিনাম্নি কল্পনং।
নাম্নো বলাদ্যস্য হি পাপবুদ্ধির্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ॥
ধর্ম্মব্রতাদিত্যাগহুতাদি-সর্ব্ব-শুভক্রিয়া-সাম্যমপি প্রমাদঃ।
অশ্রদ্দধানে বিমুখেঽপ্যশৃণ্বতি যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ॥
শ্রুতেঽপি নামমাহাত্ম্যে যঃ প্রীতিরহিতো নরঃ।
অহং-মমাদি-পরমো নাম্নি সোঽপ্যপরাধকৃৎ।

জাতে নামাপরাধেঽপি প্রমাদেন কথঞ্চন।
সদা সঙ্কীর্ত্তয়ন্নাম তদেকশরণো ভবেৎ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

নামাপরাধ সর্ব্বথা বর্জ্জনীয়। নামাপরাধ যথা :—

(১) সাধুদিগের নিন্দা করিলে নামের নিকট গুরুতর অপরাধ হয়, কারণ সাধুগণ কর্ত্তৃক প্রকটিত নাম সাধুনিন্দা কেন সহ্য করিবেন? (২) ইহলোকে যে ব্যক্তি শিব ও বিষ্ণুর নাম গুণাদি অন্তঃকরণে ভিন্নভাবে দর্শন করে, সে নিশ্চয় হরিনামের নিকট অপরাধী হয়। যে ব্যক্তি (৩) গুরুকে অবজ্ঞা করে; ৪) বেদাদি ধর্ম্মশাস্ত্রের নিন্দা করে; (৫) হরিনামে অর্থবাদ কল্পনা করে, অর্থাৎ এইরূপ মনে করে যে হরিনামের মাহাত্ম্য বর্ণন সমস্তই কেবল [illegible]বাদ মাত্র, কিম্বা নামের মাহাত্ম্যসূচক অর্থ পরিত্যাগ করিয়া অন্যরূপ বৃথা [illegible]কল্পনা করে; (৬) নামবলে পাপে প্রবৃত্ত হয় অর্থাৎ হরিনাম যখন সর্ব্বপাপ ধ্বংস করে, তখন নাম গ্রহণ করিলেই পাপ বিনষ্ট হইবে এইরূপ জ্ঞানে পাপাচরণে প্রবৃত্ত হয়, অথবা আমি এত হরিনাম করিতেছি, পাপে আর আমার কি করিবে এইরূপ জ্ঞানে পাপাচরণ করিতে থাকে, সে চিরকাল যম যাতনা ভোগ করিলেও তাহার শুদ্ধি হয় না। (৭) ধর্ম্ম, ব্রত, দান ও যজ্ঞাদি শুভ কর্ম্ম সমূহকে নামের সহিত সমান জ্ঞান করিলে অপরাধ হয়। (৮) শ্রদ্ধাবিহীন জনে ও শ্রবণ-বিমুখ জনে উপদেশ করিলে অপরাধ হয়। (৯) যে ব্যক্তি নাম-মাহাত্ম্য শ্রবণ করিয়াও শ্রদ্ধাভক্তি প্রদর্শন করে না, এবং (১০) যে ব্যক্তি 'আমি আমার" এই জ্ঞানে বিষয়-ভোগাদিতে তৎপর হইয়া থাকে, তাহারাও নামের নিকট অপরাধী। কোন প্রকার প্রমাদ বশতঃ নামাপরাধ ঘটিলে সর্ব্বদা নাম সঙ্কীর্ত্তন করতঃ একমাত্র নামেরই শরণাপন্ন হইবে।

বৈষ্ণবাপরাধ।

বৈষ্ণবের কাছে হয় ক্ষুদ্র অপরাধ।
মহা মহা ভজনেতে পড়ে যায় বাদ॥

মহাজনবাক্য।

সর্ব্বপ্রকার অপরাধই ভয়াবহ, কিন্তু বৈষ্ণবাপরাধ সর্ব্বাপেক্ষা অধিকতম ভয়াবহ। বৈষ্ণবের নিকট সামান্য অপরাধ হইলেও আর নিস্তার নাই। শ্রীভগবান্ সর্ব্ববিধ অপরাধ ক্ষমা করেন, কিন্তু বৈষ্ণবাপরাধ কদাচ ক্ষমা বা সহ্য করেন না। বৈষ্ণবাপরাধ সমুদায় কঠোর ভজনসাধনকেও সমূলে বিনষ্ট করে। অতএব বৈষ্ণবাপরাধ সম্বন্ধে বিশেষ সাবধান হওয়া অবশ্য কর্ত্তব্য।

সেবাপরাধ-ভঞ্জন।

সম্বৎসরস্য মধ্যে চ তীর্থে শৌকরকে মম।
কৃতোপবাসঃ স্নানেন গঙ্গায়াং শুদ্ধিমাপ্নুয়াৎ।
মথুরায়াং তথাপ্যেবং সাপরাধঃ শুচির্ভবেৎ।
অনয়োস্তীর্থয়োরক্ষে যঃ সেবেৎ সুকৃতী নরঃ।
সহস্রজন্মজনিতানপরাধান্ জহাতি সঃ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাস।

অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ন্তু সংপঠেৎ।
দ্বাত্রিংশদপরাধৈস্তু অহন্যহনি মুচ্যতে॥ ২॥
তুলস্যা কুরুতে যস্তু শালগ্রামশিলার্চ্চনং।
দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশবঃ॥ ৩॥
দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেৎ তুলসীস্তবং।
দ্বাত্রিংশদপরাধানি ক্ষমতে তস্য কেশবঃ॥ ৪॥

যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ।
অপরাধসহস্রাণি নিত্যং হরতি কেশবঃ ॥ ৫ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ।
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশনঃ।
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাত্তরত্যেব স নামতঃ।
নাম্নোঽপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ ॥ ৬ ॥

ঐ পদ্মপুরাণ।

সম্বৎসর মধ্যে শোকর তীর্থে উপবাসী থাকিয়া গঙ্গাস্নান করিলেই অপরাধী পবিত্র হয়। দু রাতেও উপবাস করিয়া যমুনাস্নান করিলে অপরাধী পবিত্র হয়। আব ঃ ই তথে াস করিয়া যে ব্যক্তি ভগবানের সেবা করেন, তাঁহার সহস্র জ ‌ তি অপরাধ সমূহ বিনষ্ট নয় ॥ ১ ॥

যিনি প্রত্যহ এক অধ্যায় করিয়া গীতা পাঠ করেন, তিনিই প্রত্যহই বত্রিশ প্রকার অপরাধ হইতে মুক্ত হন ॥ ২ ॥

যিনি তুলসীপত্র দ্বারা শালগ্রামশিলার পূজা করেন, কেশব তাঁহার বত্রিশ প্রকার অপরাধ ক্ষমা করেন ॥ ৩ ॥

দ্বাদশীতে বিষ্ণু সম্বন্ধীয় রাত্রিজাগরণে যিনি তুলসীস্তব পাঠ করেন, কেশব তাঁহার বত্রিশ প্রকার অপরাধ মার্জ্জনা করেন ॥ ৪ ॥

শ্রীকৃষ্ণের শস্ত্রাঙ্কিত অর্থাৎ শঙ্খচক্রাদি চিহ্নে বিভূষিত হইয়া যিনি শ্রীহরির পূজা করেন, কেশব প্রতিদিন তাঁহার সহস্র অপরাধ ক্ষমা করেন ॥ ৫ ॥

সর্ব্ব প্রকার পাপাচরণ করিয়া হরির শরণাগত হইলে মানব মুক্ত হইতে পারে। যে ব্যক্তি হরির নিকট অপরাধ অর্থাৎ পূর্ব্বোক্ত বত্রিশ প্রকার সেবাপরাধ করে, সে মনুষ্যের মধ্যে অধম; কিন্তু সে যদি নামের আশ্রয়

গ্রহণ করে অর্থাৎ নামকীর্ত্তনে তৎপর হয়, তাহা হইলে নামের প্রভাবে সেবাপরাধ হইতে মুক্ত হইয়া থাকে। পরন্তু নাম সকলেরই বন্ধু, নামের নিকট অপরাধ হইলে নিশ্চয় নরকে পতিত হইতে হয়॥ ৬॥

নামাপরাধ-ভঞ্জন।

নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘং।
অবিশ্রান্তপ্রযুক্তানি তান্যেবার্থকরাণি চ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

নামই নামাপরাধযুক্ত ব্যক্তিদিগের অপরাধ হরণ করেন; ঐ নাম অবিরত কীর্ত্তিত হইলে সর্ব্ব অভীষ্ট পূর্ণ করেন।

বৈষ্ণবাপরাধ-ভঞ্জন।

যে বৈষ্ণবের নিকট অপরাধ হইয়াছে, তদীয় শ্রীচরণে একান্তভাবে শরণাপন্ন হইয়া ক্ষমা ভিক্ষা করাই বৈষ্ণবাপরাধ-ভঞ্জনের একমাত্র উপায়। তিনি ভিন্ন অন্য কেহই ঐ অপরাধ ক্ষমা করিতে পারেন না। নিরন্তর বৈষ্ণববন্দনা, বৈষ্ণবগুণকীর্ত্তন ও বৈষ্ণবসেবাদি দ্বারা অজানিত বৈষ্ণবাপরাধ ভঞ্জন হইতে পারে।

যথাবিধি ভক্তিযাজন।

শ্রুতি-স্মৃতি-পুরাণাদি-পঞ্চরাত্র-বিধিং বিনা
ঐকান্তিকী হরের্ভক্তিরুৎপাতায় কল্পতে॥

শাস্ত্রোক্তি।

শ্রুতি অর্থাৎ বেদ, স্মৃতি (শ্রীহরিভক্তিবিলাসাদি স্মৃতিগ্রন্থসমূহ), পুরাণ (বৈষ্ণবধর্ম্মের পোষকতাকারী পুরাণগ্রন্থ সমূহ) ও নারদপঞ্চরাত্র প্রভৃতি

বৈষ্ণবশাস্ত্রগ্রন্থসমূহের বিধি সকল উল্লঙ্ঘন করিয়া শ্রীহরিপাদপদ্মে একান্ত ভক্তি করিলেও, উহা অনিষ্টেরই কারণ হইয়া থাকে।

গুরুভক্তি।

প্রথমঞ্চ গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনং।
কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্মৃতিমহার্ণববচন।

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥ ২॥

ঐ শ্রীমদ্ভাগবত।

রি[illegible] [illegible]ণ পশ্যেত রাজানং ভিষজং গুরুং॥ ৩॥

ঐ স্মৃতিমহার্ণব।

যত্র যত্র গুরুং পশ্যেৎ তত্র তত্র কৃতাঞ্জলিঃ।
প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ছিন্নমূল ইব দ্রুমঃ॥
গুরোর্বাক্যাসনং যানং পাদুকোপানহৌ তথা।
বস্ত্রচ্ছায়াং তথা শিষ্যো লঙ্ঘয়েন্ন কদাচন॥ ৪॥

ঐ শ্রীনারদোক্তি।

নোদাহরেৎ গুরোর্নাম পরোক্ষমপি কেবলং।
ন চৈবাস্যানুকুর্ব্বীত গতিভাষণচেষ্টিতং॥
গুরোর্গুরৌ সন্নিহিতে গুরুবদ্বৃত্তিমাচরেৎ।
ন চাবিসৃষ্টো গুরুণা স্বান গুরূনভিবাদয়েৎ॥ ৫॥

ঐ মনুস্মৃতি।

শ্রেয়স্সু গুরুবদ্বৃত্তিনিত্যমেব সমাচরেৎ।
গুরুপুত্রেষু দারেষু গুরোশ্চৈব স্ববন্ধুষু॥ ৬

ঐ কূর্ম্মপুরাণ।

আয়ান্তমগ্রতো গচ্ছেদ্গচ্ছন্তং তমনুব্রজেৎ।
আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ ॥ ৭ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত শাস্ত্রবাক্য।

জৃম্ভাহাস্যাদিকঞ্চৈব কণ্ঠপ্রাবরণং তথা।
বর্জ্জয়েৎ সন্নিধৌ নিত্যমথাস্ফোটনমেব চ ॥ ৮ ॥

ঐ কূর্ম্মপুরাণ।

গুরোর্যত্র পরীবাদঃ নিন্দা বাপি প্রকীর্ত্ত্যতে
কর্ণৌ তত্র পিধাতব্যৌ গন্তব্যং বা ততোঽন্যতঃ ॥ ৯ ॥

শাস্ত্রোক্তি।

ব্যত্যস্তপাণিনা কার্য্যমুপসংগ্রহণং গুরোঃ।
সব্যেন সব্যঃ প্রষ্টব্যঃ দক্ষিণেন তু দক্ষিণঃ।

শ্রীহরিভক্তিবিলাসধৃত কূর্ম্মপুরাণবচন।

শ্রীভগবান্ বলেন, অগ্রে গুরুর পূজা করিয়া পরে আমার পূজা করিলে সিদ্ধি লাভ হয়, নতুবা পূজা নিষ্ফল হয় ॥ ১ ॥

শ্রীভগবান্ বলেন, আমাকেই গুরু বলিয়া জানিবে; কদাচ গুরুর অবমাননা করিবে না; কদাচ মনুষ্যজ্ঞানে তৎপ্রতি অসূয়া প্রকাশ করিবে না; কারণ গুরুদেব সর্ব্বদেবময় ॥ ২ ॥

রিক্তহস্তে রাজা, গুরু ও চিকিৎসকের সহিত সাক্ষাৎ করিতে নাই ॥ ৩॥

যেখানে যেখানে গুরুদেবের সহিত সাক্ষাৎ হইবে, সেই সেই স্থানেই ছিন্নমূল তরুর ন্যায় ভূতলে দণ্ডবৎ প্রণত হইবে। গুরুদেবের আজ্ঞা, আসন, যান, কাষ্ঠ-পাদুকা, উপানহ (চর্ম্ম-পাদুকা), বসন ও ছায়া কদাচ লঙ্ঘন করিবে না ॥ ৪ ॥

পরোক্ষেও গুরুদেবের কেবলমাত্র নাম উচ্চারণ করিবে না ("ওঁ শ্রীঅমুক বিষ্ণুপাদ" বা "প্রভুপাদ শ্রীল অমুক গোস্বামী মহোদয়"

বলিতে হইবে), এবং তাঁহার গতি, স্বর ও চেষ্টার অনুকরণ করিবে না। গুরুদেবের গুরুদেব সমীপে থাকিলে তৎপ্রতি গুরুবৎ আচরণ করিবে; গুরুদেব কর্ত্তৃক আদিষ্ট না হইলে নিজ পিতামাতা প্রভৃতি গুরুজনকে প্রণাম করিবে না ॥ ৫ ॥

গুরুপুত্র, গুরুপত্নী এবং গুরুদেবের আত্মীয় স্বজন ও বন্ধুবান্ধবদিগের প্রতি গুরুবৎ হিত [illegible] করিবে ॥ ৬ ॥

গুরুদেবকে [illegible] করিতে দেখিলে তাঁহার সম্মুখে অগ্রসর হইবে, ও তিনি গমন ক[illegible]র অনুগমন করিবে। তদীয় সম্মুখে আসনে বা শয্যায় অবস্থান ক[illegible] ॥ ৭ ॥

গুরুদেবের স[illegible]ম্ভণ, হাস্য, উচ্চ বাক্যাদি প্রয়োগ, কণ্ঠ আচ্ছাদন, এবং অঙ্গুলির অ[illegible] সর্ব্বদা বর্জ্জন করিবে। ৮ ॥

যেখানে গুরুদে[illegible]দোষ-কীর্ত্তন বা নিন্দা হয়, সেখানে কর্ণ আচ্ছাদন করিবে বা তথা হইতে অন্যত্র প্রস্থান করিবে ॥ ৯।

ব্যত্যস্ত-হস্তে অর্থাৎ হস্তদ্বয় উল্টাপাল্টা করিয়া গুরুদেবের শ্রীচরণদ্বয় ধারণ করতঃ প্রণাম করিবে। স্বীয় বামহস্তে গুরুদেবের বামপদ এবং দক্ষিণহস্তে দক্ষিণ পদ ধারণ করিবে ॥ ১০ ॥

তুলসী-সেবা।

দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা শ্রুতা।
রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা ॥
নবধা তুলসীং নিত্যং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটীসহস্রাণি তে বসন্তি হরের্গৃহে ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

প্রত্যহ তুলসীর দর্শন, স্পর্শন, ধ্যান, গুণকীর্ত্তন, প্রণাম, গুণশ্রবণ, রোপণ, জলসেকাদি দ্বারা সেবন ও পূজা করিলে কল্যাণ লাভ হইয়া থাকে। যাঁহারা প্রতিদিন এই নয় প্রকারে তুলসীর ভজনা করেন, তাঁহারা সহস্রকোটী যুগ পর্য্যন্ত বিষ্ণুলোকে বসতি লাভ করেন।

বৈষ্ণব-সম্মান।

বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমে[illegible]
উভয়োরন্তরা বিষ্ণুঃ শঙ্খচক্রগদাধরঃ ॥[illegible]

শ্রীহরিভক্তিবিলাস[illegible] [illegible]পঞ্চরাত্রবচন।

সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়তনেষ্বপি[illegible]
পুণ্যক্ষেত্রে পুণ্যতীর্থে স্বাধ্যায়সময়ে [illegible]।
প্রত্যেকস্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ।

যো ন গৃহ্লাতি ভূপাল বৈষ্ণবং গৃহমাগতং।
তদ্গৃহং পিতৃভিস্ত্যক্তং শ্মশানমিব ভীষণং।
অথবাভ্যাগতং দূরাৎ যো নার্চ্চয়তি বৈষ্ণবং।
স্বশক্ত্যা নৃপশার্দ্দূল নান্যঃ পাপরতস্ততঃ ॥ ৩ ॥
পূর্ব্বং কৃত্বা তু সম্মানমবজ্ঞাং কুরুতে তু যঃ।
বৈষ্ণবানাং মহীপাল সান্বয়ো যাতি সংক্ষয়ং ॥ ৪ ॥

ঐ স্কন্দপুরাণ।

বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ।
প্রণয়াদরতো বিপ্র স নরো নরকাতিথিঃ ॥ ৫ ॥

ঐ পদ্মপুরাণ।

সম্মুখং ব্রজমানস্য বৈষ্ণবানাং নরাধিপ ! ।
পদে পদে যজ্ঞফলং প্রাহুঃ পৌরাণিকা দ্বিজাঃ ॥ ৬ ॥
প্রত্যক্ষং বা পরোক্ষং বা যে প্রশংসন্তি বৈষ্ণবং ।
প্রসাদাদ্বাসুদেবস্য তে তরন্তি ভবার্ণবং ॥ ৭ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন ।

আ নাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং ।
তস্ম রং দেবি তদীয়ানাং সমর্চ্চনং ॥ ৮ ॥

ঐ পদ্মপুরাণ ।

বি াণাস্তু শুশ্রূষাং কুর্ব্বতে হি যে ।
ষ্ণুভবনং ত্রিসপ্তপুরুষান্বিতাঃ ॥ ৯ ॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ ।

বৈষ্ণব বৈষ্ণবকে দ ন করিবামাত্র ভূতলে দণ্ডবৎ প্রণাম করিবেন, কেন না শঙ্খচক্রগদাপদ্মধারী শ্রীহরি দুই জনেরই অন্তরে অবস্থিত আছেন ॥ ১ ॥

(এ সম্বন্ধে বিশেষ বিশেষ বিধি এই, যথা :—)

সভাস্থলে, যজ্ঞস্থলে, দেবমন্দিরে, পুণ্যক্ষেত্রে, পুণ্যতীর্থে ও বেদপাঠ কালে প্রত্যেককে পৃথক্ পৃথক্ প্রণাম করিলে পূর্ব্বসঞ্চিত পুণ্যরাশি ধ্বংস প্রাপ্ত হয় ॥ ২ ॥

হে রাজন্ ! যে ব্যক্তি গৃহাগত বৈষ্ণবকে সাদরে গ্রহণ না করে, তদীয় পিতৃগণ তাহার শ্মশান সদৃশ ভীষণ গৃহ পরিত্যাগ করেন। হে নৃপ ! যে ব্যক্তি নিজ সামর্থ্যানুসারে দূরদেশাগত বৈষ্ণবের সেবা না করে, তদপেক্ষা পাপী আর কেহ নাই ॥ ৩ ॥

হে রাজন ! প্রথমে বৈষ্ণবের সম্মান করিয়া পরে তৎপ্রতি অবজ্ঞা প্রকাশ করিলে সবংশে বিনাশ প্রাপ্ত হইতে হয় ॥ ৪ ॥

বৈষ্ণবকে দর্শন করিয়া যে ব্যক্তি প্রীতি ও আদর পূর্ব্বক অভ্যুত্থান না করে, সে নরকের অতিথি হয় ॥ ৫ ॥

হে কৃষ্ণ! বৈষ্ণবের সম্মুখে গমন করিলে প্রতি পদে যজ্ঞফল লাভ হয় ॥ ৬ ॥

সাক্ষাতে বা অসাক্ষাতে বৈষ্ণবের প্রশংসা করি শ্রীকৃষ্ণের প্রসাদে ভবসাগর উত্তীর্ণ হওয়া যায় ॥ ৭ ॥

সমস্ত আরাধনার মধ্যে হরির আরাধনাই শ্রেষ্ঠ, বৈষ্ণবের পূজা তদপেক্ষাও শ্রেষ্ঠ ॥ ৮ ॥

হরিভক্তগণের সেবা করিলে একবিংশতি কুল বিষ্ণুলোকে গতি হয় ॥ ৯ ॥

বৈষ্ণবনিন্দা-বর্জ্জন।

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়াঃ বৈষ্ণবানাং মহাত্মনাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে ॥ ১ ॥
হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥ ২ ॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবাক্য।

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ ॥ ৩ ॥

ঐ শ্রীমদ্ভাগবত।

পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥ ৪ ॥

ঐ দ্বারকামাহাত্ম্য।

যে ব্যক্তি মহাত্মা বৈষ্ণবগণের নিন্দা করে, সে পিতৃগণ সহ মহারৌরব নরকে পতিত হয় ॥ ১ ॥

বৈষ্ণবগণকে প্রহার করা, তাঁহাদিগের নিন্দা করা, বা দ্বেষ করা, তাঁহাদিগকে আদর অভ্যর্থনা না করা, তাঁহাদিগের প্রতি ক্রোধ প্রকাশ করা বা তাঁহা[illegible]কে দেখিয়া হর্ষ প্রকাশ না করা—এই ছয় প্রকার আচরণ মানব[illegible] পাতিত করে ॥ ২ ॥

শ্রীভগবানে[illegible]বদ্ভক্তের নিন্দা শ্রবণ করিয়া তথা হইতে প্রস্থান না করিলে, পুণ্যভ্রষ্ট [illegible]রকে পতিত হইতে হয় ॥ ৩ ॥

শত শত [illegible]রিয়া পূজা করিলেও শ্রীভগবান্ বৈষ্ণবাপমানকারীর প্রতি প্রসন্ন [illegible]

বৈষ্ণবশাস্ত্র।

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি।
বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সর্ব্ববন্দিতাঃ।
সর্ব্বস্বেনাপি বিপ্রেন্দ্র! কর্ত্তব্যঃ শাস্ত্রসংগ্রহঃ।
বৈষ্ণবৈস্তু মহাভক্ত্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ।
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ!।
পৌরাণং বৈষ্ণবং শ্লোকং শ্লোকার্দ্ধমথবাপি চ।
শ্লোকপাদং পঠেদ্‌যস্তু গোসহস্রফলং লভেৎ।

দেবতানামৃষীণাঞ্চ যোগিনামপি দুর্ল্লভং।
বিপ্রেন্দ্র! বৈষ্ণবং শাস্ত্রং মনুষ্যাণাঞ্চ কা কথা॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত স্কন্দপুরাণবচন।

যাঁহারা বৈষ্ণবশাস্ত্র শ্রবণ ও পাঠ করেন, এ জগতে তাঁহারাই ধন্য; শ্রীকৃষ্ণ তাঁহাদিগের প্রতি প্রসন্ন হন। যাঁহারা গৃহে বৈষ্ণবশাস্ত্রের পূজা করেন, তাঁহারা সর্ব্ববিধ পাতক হইতে মুক্ত হইয়া স[illegible] বন্দনীয় হন। হে দ্বিজবর! শ্রীভগবানের প্রীতির নিমিত্ত বৈষ্ণ[illegible]স্ব দিয়াও পরম ভক্তিসহকারে বৈষ্ণবশাস্ত্র সংগ্রহ করিবেন। হে[illegible] বৈষ্ণব শাস্ত্র [illegible]খিত হইয়া যাঁহার গৃহে অধিষ্ঠিত থাকেন, ত[illegible]হে স্বয়ং নারায়ণ বিরাজ করেন। বিষ্ণুমাহাত্ম্য-প্রতিপাদক পৌরাণি[illegible]াক বা অর্দ্ধ শ্লোক বা পাদ শ্লোক যিনি পাঠ করেন, তিনি সহস্র[illegible]নের ফল প্রাপ্ত হন। হে দ্বিজোত্তম! মনুষ্যের কথা দূরে থাকুক, বৈষ্ণবশাস্ত্র দেবগণ, ঋষিগণ ও যোগিগণেরও দুর্ল্লভ।

সৎসঙ্গ।

যানি যানি দুরাপাণি বাঞ্ছিতানি মহীতলে।
প্রাপ্যন্তে তানি তান্যেব সাধূনামেব সঙ্গমাৎ॥ ১॥

শ্রীহরিভক্তিবিলাসধৃত পদ্মপুরাণবচন।

[illegible]রিভক্তিপরাণান্তু সঙ্গিনাং সঙ্গমাত্রতঃ
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো মহাপাতকবানপি॥
ভক্তিস্তু ভগবদ্ভক্তসঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ সুকৃতৈঃ পূর্ব্বসঞ্চিতৈঃ॥ ২॥

ঐ বৃহন্নারদীয়পুরাণ।